গল্পে গল্পে ইংরেজী শেখা

মোহীত উল আলম



প্রথম সংস্করণের ভূমিকা

কীভাবে **গল্পে গল্পে ইংরেজি শেখা** বইটির লেখায় হাত দিয়েছিলাম সেটা একটু বলা দরকার। শিশু মাসিক পত্রিকা *টইটম্বুর*-এর এখন খুব কাটতি। চার বছর আগে এর সবে শুরু। তখন এর সম্পাদক সেলিমা সবিহ্ (আমার ভাবি) বললেন, স্কুলছাত্রদের উপযোগী করে গল্পের ঢঙে ইংরেজি শেখানোর ওপর কোনো লেখা লিখতে পারি কি না। কথাটা আমার পছন্দ হয়, এবং *টইটম্বুর*-এর ৩য় সংখ্যা থেকে আজ অবধি লেখাটা "ভাষার যতো গোলকধাঁধা" শিরোনাম-সংবলিত বিভাগে বের হচ্ছে। কিন্তু, লেখাটা বের হয় আমার ছদ্মনাম "মোহন চন্দ" নামে।

কারণ কী?

আমাদের দেশে ইংরেজি ভাষার ভুল শুদ্ধ নিয়ে সর্বত্র বিতর্ক লেগে আছে। ইংরেজি জানা এবং না-জানা আমাদের সমাজে জ্ঞান পরীক্ষা করার যেন একটা মাপকাঠি। প্রভাতকুমার মুখোপাধ্যায়ের দুই পণ্ডিতের তর্কযুদ্ধের ওপর গল্পটা অনেকের পড়া আছে। প্রথম পণ্ডিতের সঙ্গে তর্কে না পেরে দ্বিতীয় পণ্ডিত শেষে মোক্ষম অস্ত্রটি ছাড়েন। বললেন, "I don't know মানে কী?" প্রথম পণ্ডিত তৎক্ষণাৎ সহাস্যে বললেন, "আমি জানি না।" সাথে সাথে দ্বিতীয় পণ্ডিতের পক্ষের গ্রামবাসীরা 'ওই ওই জানে না জানে না' বলে উল্লাস করতে করতে উৎসবে মেতে উঠে গ্রাম ছাড়ে, আর প্রথম পণ্ডিতের লোকেরা মুখ নিচু করে সভা থেকে চলে যায়। এ-গল্পটাতে যে-ছবি তা এখনও খুব বদলায়নি আমাদের দেশে। যারা ইংরেজি জানে তারা তো বটেই, যারা জানে না তারাও তর্ক জুড়তে ওস্তাদ। তর্ককে আমি ভয় পাই। সেজন্য, লেখাটি ধারাবাহিক লিখতে যেয়ে মাঝখানে বিতর্কে জড়িয়ে গিয়ে পাছে নিজের ওপর আত্মবিশ্বাস হারিয়ে ফেলি তাই নিজের নামটি লুকিয়ে রাখি। কারণ, একটা নামের সঙ্গে যাহোক পরিচয় থাকলে লোকেরা তর্কে যতোটা আগ্রহ বোধ করবে, একটা অপরিচিত নামের সঙ্গে তা করতে ততোটা আগ্রহ বোধ করবে না বলে আমার বিশ্বাস।

ইংরেজি ভাষা বর্তমান পৃথিবীর অন্যতম প্রধান ভাষা হলেও এ-ভাষার সবচেয়ে বড় কবি উইলিয়াম শেক্সপীয়ারের আমলে মাত্র কয়েক লক্ষ লোক

www.pathagar.com

ইংরেজি ব্যবহার করতো। সপ্তদশ শতাব্দীতে উত্তর আমেরিকায় ইংরেজদের বসতিস্থাপন, এবং উনিশ ও বিংশ শতাব্দীতে যুক্তরাষ্ট্রে পৃথিবীর নানা অঞ্চলের লোকের আগমনের ফলে, এবং ইংল্যান্ডের বাইরেও বহু দেশে ইংরেজি মাতৃভাষার মর্যাদা পাওয়ায় ইংরেজি এক নম্বর আন্তর্জাতিক ভাষায় পরিণত হয়।

বর্তমানে চীনের মান্দারিন ভাষায় কথা বলে ৭০ কোটি লোক, যাদের শতকরা ৭০ জন চীনেই বাস করে। ইংরেজি ভাষায় কথা বলে ৪০ কোটি লোক, কিন্তু পৃথিবী জুড়ে ইংরেজিভাষী লোকের বাস। পৃথিবীতে শতকরা ৭৫ ভাগ ডাক ও শতকরা ৬০ ভাগ টেলিফোন ইংরেজির মাধ্যমেই পরিচালিত হয়। ইংরেজদের সাম্রাজ্যবাদিতা যেমন একটি কারণ, তেমনি ইংরেজি ভাষায় নিহিত কিছু বৈশিষ্ট্যও এ-ভাষার বিকাশের অন্যতম সহায়ক হয়েছে। যেমন, ইংরেজি শব্দে inflection বা পরিবর্তন অন্যান্য ইউরোপীয় ভাষার চেয়ে কম। বিশেষণও প্রায়শই বিশেষ্যের সঙ্গে পরিবর্তন হয় না। আর, বহু শব্দ আছে যা একই বানান নিয়ে একাধারে বিশেষ্য ও ক্রিয়াপদের ভূমিকা পালন করে : যেমন swim, drink, walk, look এবং smile. ইংরেজিতে I need to drink **water** (বিশেষ্য) এবং He has gone **to water** (ক্রিয়াপদ) the flowers বলা হয়। বিশেষণও ক্রিয়াপদ পায় : যেমন The weather is **warm** (বিশেষণ) এবং We **warm** (ক্রিয়াপদ) our hands in front of a fire বলা যায়। আরেকটা কারণ হলো, ইংরেজি ভাষায় বিদেশী ভাষার সহজ আমন্ত্রণ রয়েছে, এবং সেগুলো যৌগিক ও ডিরিইভেটিভ-এ রূপ নিয়ে পুরোপুরি ইংরেজি শব্দ হিসাবে রূপ নিয়েছে। যেমন—Contribution, reverse, resistance ইত্যাদি।

সাধারণত তিনটি কারণে ইংরেজি ব্যবহার করতে হয়। এক, মাতৃভাষা ইংরেজি হলে ; দুই, কোনো সমাজে ইংরেজি দ্বিতীয় ভাষার মর্যাদায় থাকলে ; তিন, কোনো একটা বাস্তব কারণে কেউ ইংরেজি শিখতে বাধ্য হলে—যেমন প্রশাসনিক, পেশাগত ও শিক্ষাগত কারণ। পৃথিবীর প্রতি সাতজনের একজন লোক ওপরের তিনটি কারণের কোনো-না-কোনোটার সঙ্গে জড়িত। ভাষা-শিক্ষা দানের প্রচলিত গ্রামার ট্রান্সলেশন পদ্ধতি ছাত্রদের কাছে রসহীন প্রমাণিত হওয়ায়, আজকাল অডিও-ভিডিও, ইয়ার-ফোন বা হেড-ফোন দিয়ে আধুনিক উপায়ে যেমন ভাষা শিক্ষা দেওয়া হয়, তেমনি ওভার-হেড প্রজেক্টর বা ওয়াশেবল বোর্ড প্রচলিত চক-ব্ল্যাকবোর্ডের বিকল্প মাধ্যম হিসাবে ব্যবহার করা হয়। যদিও ভাষা-বিজ্ঞানীদের মতে, প্রচলিত চক-ব্ল্যাকবোর্ডের মাধ্যমটাই এখনও পর্যন্ত সবচেয়ে উৎকৃষ্ট। অন্যদিকে, ব্যাকরণ বইসহ অন্যান্য ভাষা-শিক্ষা-সহায়ক বইগুলোতে উপস্থাপন ও রচনারীতিতে আমূল পরিবর্তন সাধিত হয়েছে। ইংরেজি-ভাষা-শিক্ষা-সহায়ক ব্যাকরণ ও অন্যান্য গ্রন্থ যেমন হয়েছে সচিত্র, তেমনি চিত্তাকর্ষক ও কৌতূহলোদ্দীপক। সেজন্য ভাষা শিক্ষার্থীরা এসব বই না ভালোবেসে পারে না। আবার বর্তমানে প্রকাশিত ইংরেজি ভাষার অভিধানগুলোও বিশ্বব্যাপী ইংরেজি ভাষার ক্রমবর্ধমান চাহিদার সঙ্গে সংগতি

www.pathagar.com

রেখে অভিনব, সুপরিকল্পিত ও সুরচিত, এবং সুবিন্যস্তভাবে সচিত্র। এসব অভিধান আর আক্ষরিক অর্থে অভিধান নয়, বরঞ্চ অভিধান ও ব্যাকরণের সমন্বয়। গ্রন্থভুক্ত আলোচনায় আমি এরকম কতিপয় অভিধানের প্রতি পাঠকের দৃষ্টি আকর্ষণ করেছি।

এ-বইয়ের অন্তর্ভুক্ত রচনাগুলো আমি গল্পের ঢঙে সাজিয়েছি। অধ্যায়গুলোতে কিছু স্থায়ী চরিত্র ধারাবাহিকভাবে উপস্থিত—যাদের মধ্যমণি হচ্ছেন বোরহান স্যার, এবং চরিত্রগুলোর ক্ষুদ্র ক্ষুদ্র জীবনালেখ্য ও তাদের আশা-নিরাশার দোলাও লেখাগুলোতে কিছুটা ফুটে উঠেছে।

পদ্ধতির দিক থেকে আমি লক্ষ রেখেছি, গল্পের আবহ ও মেজাজ যেন ভাষা-শিক্ষার অপরিহার্য অঙ্গ—ব্যাকরণের নিয়মের বিশ্লেষণ দিয়ে অযথা কণ্টকিত না হয়। তবুও হয়তো হয়েছে—সেটি আমার সীমাবদ্ধতার কারণে। তবুও জায়গায় জায়গায় শব্দের উচ্চারণ, অর্থ, টীকা ও ব্যবহার বন্ধনীযুক্ত করে দিয়েছি, যাতে পাঠক ইচ্ছা করলে বন্ধনীযুক্ত লাইনগুলো বাদ দিয়েই বাক্য পড়তে পারেন। আবার, কোন রচিত বাক্যে কোন শব্দটি পরিহার করা সম্ভব তা বোঝাতেও বন্ধনী ব্যবহার করেছি। তবে বন্ধনীর ব্যবহার ঢিলেঢালাভাবে করা হয়েছে।

দ্বিতীয়ত, আমার আলোচনায় ঠিক যে ব্যাকরণের ধারা মেনে সহজ-থেকে-কঠিন নিয়মের প্রবর্তনা করেছি তা নয়, যদিও প্রচ্ছন্নভাবে তাই-ই করেছি; কিন্তু, যে-জিনিশটি করতে চেয়েছি, তা হচ্ছে ভাষাকে ব্যাকরণের আঁটসাঁট ছাঁটের মধ্যে রেখে আলোচনা না করে চরিত্রগুলোর চেতনায় আবির্ভূত ধারণা অর্থাৎ notions অনুযায়ী ইংরেজি ভাষা নিয়ে আমাদের সমস্যাগুলোর আলোচনার চেষ্টা করেছি। সেজন্য, একই অধ্যায়ে হয়তো এক বা একাধিক ব্যাকরণের নিয়মের আলোচনা সঙ্গত কারণেই এসে পড়েছে। অর্থাৎ, চরিত্রগুলোর স্বতঃস্ফূর্ত কথোপকথনের মেজাজ জিইয়ে রাখার জন্যই জোর করে ব্যাকরণের শৃঙ্খলা বলবৎ রাখি নি, যদিও কোনো কোনো অধ্যায় পাঠ করে পাঠকের মনে হতে পারে যে আমি রেখেছি।

ইংরেজি ভাষা-শিক্ষায় প্রচলিত নিয়মে আমাদের স্কুল-কলেজে লেখার দক্ষতা বাড়ানোর ওপর জোর দেওয়া হয়, অথচ কথ্য বা স্পোকেন ইংরেজি শেখাটাও দারুণ জরুরি। অধুনা এ-সচেতনতা আমাদের দেশে হয়েছে বইকী, যদিও তা খুবই অকিঞ্চিৎকর। এ-রচনায় আমি, আমার সামর্থ্য অনুযায়ী, ছাত্রদের ইংরেজির লিখিত এবং কথ্য দুটো দক্ষতাই বাড়ানোর চেষ্টা করেছি। আরেকটি দিক বোঝাতে চেষ্টা করেছি যে, ব্যাকরণ শিখে ভাষা শেখা যায় না, ভাষা শিখতে হয় সাহিত্য পাঠ করে, পত্র-পত্রিকার খবর ও গল্প পড়ে, টি.ভি.'র খবর ও ফিল্‌ম্ দেখে, চলচ্চিত্র দেখে, গান শুনে ও কথোপকথন চালিয়ে ; তবে এ-কথাও মনে রাখতে হবে যে নির্দিষ্ট কোনো অবস্থানে ব্যবহৃত ভাষা বা বাক্যের প্রাসঙ্গিক ব্যাকরণের নিয়মটি সম্পর্কে স্বচ্ছ ধারণা ভাষাজ্ঞানকে মজবুত

www.pathagar.com

করে। আর, ভালোভাবে ভাষা শিখতে হলে কল্পনাশক্তি বা ইমাজিনেশনেরও জোর থাকতে হয়।

ইংরেজি আমার কাছে একটি বিদেশী ভাষা। আমি ইংরেজি সাহিত্যের একজন ছাত্র মাত্র। যদিও অনেকদিন ধরে আমি ইংরেজি পড়ছি এবং পড়াচ্ছি, কিন্তু ইংরেজি ভাষা আমার কাছে এখনও একটি মহাসমুদ্রের মতো, যাকে আয়ত্তাধীন আনার প্রশ্ন তো আসেই না, বরঞ্চ যার মধ্যে সহজভাবে সাঁতরানোর উপায় বের করাই বহু পরিশ্রম, সাধনা ও মনসংযোগের ব্যাপার। তাই, বুদ্ধিমান পাঠকমাত্রই বুঝতে পারবেন যে, আলোচ্য অধ্যায়গুলোতে একদিকে যেমন ইংরেজি ভাষার প্রতি আমার মোহ ও আকর্ষণ প্রকাশ পেয়েছে, তেমনি অন্যদিকে প্রতিভাত হয়েছে এ-মোহকে বাস্তবায়নের জন্য আমার সাঁতরানোর বহু কষ্টকর প্রচেষ্টা, এবং সে-সঙ্গে স্পষ্ট হয়েছে ইংরেজি ভাষা সম্পর্কে আমার হাজারো সীমাবদ্ধতা। পাঠক যদি এসকল সীমাবদ্ধতা নিয়ে আমার সঙ্গে যোগাযোগ করেন, তা হলে অশেষ উপকৃত হবো।

এ-বইয়ের ইংরেজি বাক্যবিন্যাসে ও ব্যাকরণের আলোচনায় মূলত আমার ইংরেজি সাহিত্যপাঠের অভিজ্ঞতাকে কাজে লাগিয়েছি ; তবে, নিম্নলিখিত অভিধান ও ব্যাকরণ বইগুলোরও সরাসরি সাহায্য নিয়েছি :

1. Webster's New Collegiagte Dictionary
2. Oxford Advanced Learner's Dictionary of Current English– by A.S. Hornby
3. Dictionary of Contemporary English (Longman)
4. English Pronouncing Dictionary– by Daniel Jones
5. English Grammar in Use– by Raymond Murphy
6. A Practical English Garmmar– A.J. Thomson. A.V. Martinet
7. Cliff's Handbook on TOEFL.

এছাড়াও অন্যান্য বহু বই থেকে সাহায্য নেওয়া হয়েছে।

বলাবাহুল্য, স্কুল থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত আমার ছাত্রজীবনে আমি বহু শিক্ষকের কাছে ইংরেজি শেখার ব্যাপারে নানাভাবে ঋণী। এখানে তাঁদের কয়েকজনের মাত্র নাম উল্লেখ করে কৃতজ্ঞতা প্রকাশ করছি : মরহুম ছৈয়দ আহম্মদ, অ্যাসিট্যান্ট টিচার, চট্টগ্রাম কলেজিয়েট স্কুল ; জনাব ওহীদুল আলম, অ্যাসিট্যান্ট টিচার, চট্টগ্রাম কলেজিয়েট স্কুল (আমার চাচা ; ২৪ জানুয়ারি '৯৮ সালে প্রয়াত); প্রফেসর রঞ্জিত চক্রবর্তী, চট্টগ্রাম কলেজ; প্রফেসর সিরাজুল ইসলাম চৌধুরী, ইংরেজি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় (এবং পরবর্তীকালে আমার পিএইচ. ডি. থিসিসের সুপারভাইজার) এবং অতি অবশ্যই তিনি যাঁকে এ-বইটি উৎসর্গ করেছি।

www.pathagar.com

এ-বইয়ের অন্তর্ভুক্ত রচনাগুলো আমার বড় ভাই সবিহ্ উল আলমের—*টইটম্বুর* পত্রিকার যিনি প্রধান উপদেষ্টা—প্রত্যক্ষ অনুপ্রেরণায় লিখিত। আর, আমার অন্য বড় ভাই, সাংবাদিক মঈনুল আলম, যাঁর ইংরেজি ভাষায় সহজাত অধিকারের পরিচয় আমাকে বারবার বিস্মিত করে তাঁর কাছে আমি নানাভাবে কৃতজ্ঞ। তাঁদেরকেও ধন্যবাদ।

সবশেষে, আমার বন্ধু জনাব জাফর আলম বইটি প্রকাশের গুরু দায়িত্ব বহন করে আমাকে চিরজীবনের জন্য কৃতজ্ঞতাপাশে আবদ্ধ করলেন।

রচনাগুলো ধারাবাহিকভাবে প্রকাশের জন্যে *টইটম্বুর*কে ধন্যবাদ।

বইটি প্রকাশের জন্যে সার্বিক সহযোগিতা প্রদান করায় মউদুদুল আলমকে ধন্যবাদ।

এই বই-এর চমৎকার প্রচ্ছদ ও অলংকরণের জন্যে জাহিদ হোসেন বেনু ও সবিহ্ উল আলমকে আন্তরিক ধন্যবাদ।

এই বই-এর প্রুফ দেখে সাহায্য করেছেন আমার ছাত্র গোলামুর রহমান দুলু ও সৈয়দ মোহাম্মদ হাসান। তাদেরকে ধন্যবাদ।

এছাড়াও *টইটম্বুর*-এ লেখাগুলো ধারাবাহিক প্রকাশের সময় যাঁরা প্রশংসা ও উৎসাহ দিয়েছেন তাঁদের সবাইকে ধন্যবাদ।

২১শে ফেব্রুয়ারি, ১৯৯৬ **মোহীত উল আলম**
সহযোগী অধ্যাপক, ইংরেজি বিভাগ
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।

www.pathagar.com

www.pathagar.com

সূচিপত্র

হাবলু কলা খায়	১৭
অজিত টিভি দেখছে	২০
হু ইজ গোয়িং টু লার্ন ইংলিশ?	২৩
উইল আর শ্যাল	২৭
জন্মদিনের পরে	২৯
হাবলুর ডাইরিয়া	৩২
কে বড়? (১)	৩৬
কে বড় (২)	৪০
কে বড় (৩)	৪৪
ব্যাকরণ মানি না	৪৮
প্রিপজিশনের সঙ্গে কুস্তি (১)	৫৩
প্রিপজিশনের সঙ্গে কুস্তি (২)	৫৭
প্রিপজিশনের সঙ্গে কুস্তি (৩)	৬১
মেমসাহেবের সঙ্গে প্রিপজিশন	৬৫
আর য়ু কামিং ফর লাঞ্চ অর নট্	৬৯
প্রিপজিশন আরেক ঝুড়ি	৭৩
কংগ্রাচুলেশনস অন স্পীকিং ইন ইংলিশ	৭৭
আর্টিকেলস-এর জালে	৮১
হাবলু দ্য ওয়েন্ডারলাস্ট	৮৫
হাবলু ও রবিনসন ক্রুসো	৮৯
উড্ রাদার-এর কবলে	৯৪
অগ্রহায়ণের বিকেলে স্কুলের মাঠে	৯৮
ক্রিকেটোলজি	১০২
আমরা করবো জয়	১০৫
ড্যাফডিলময় স্বপ্ন	১১০
লুক আফটার ইওর ইংলিশ	১১৫
হরন্‌বি সাহেবের দোরগোড়ায়	১১৯
কাট্‌ডাউন কাট্‌আপ	১২৩

www.pathagar.com

নাইস টু মিট ইউ ১২৬
শোকাহত বোরহান স্যার ১৩০
হাবলুর উপন্যাস পড়া ১৩৫
হাবলুর সাহিত্যপাঠ ১৩৯
Preserve the Royal Bengal Tiger ১৪৩
And there rings the telephone ১৪৭
Is telephone a pest? ১৫১
গ্রামারের কূটতর্ক ১৫৫
হাবলুর 'নো সুনার' শেখা ১৫৯
এ জার্নি বাই বোট ১৬৩
The Rainbow is it ১৬৯
চন্দনের রাগ ১৭৩
Adventure on a Rainy Day ১৭৭
নাফ নদীর ডাকে ১৮১
Three Cheers For ১৮৫
বোরহান স্যারের বিদায় ১৮৯

www.pathagar.com

হাবলু কলা খায়

হাবলুকে বোধহয় তোমরা চেন না। ভীষণ দুষ্টু সে, কেবল খাই-খাই ভাব। পাউরুটি আর ঝোলা গুড় অবশ্য সে খুব বেশি খায় না, কিন্তু গপাগপ সে কলা গেলে। বোরহান স্যার, তাদের স্কুলের ইংরেজি শিক্ষক, তাই রাগ করে বলেন, Hablu only eats bananas and **does** nothing else. শুধু কলা খাওয়া আর কিছু না করা, ক্লাস এইটের ছেলের পক্ষে কি মানায়, বলো! অথচ তার বন্ধুরা— এই যেমন অজিত, কাজল, ডেভিড আর বিপুল কতো ভালো!

বোরহান স্যার অজিতের ওপর খুব খুশি। বলেন, Ajit **is** good, beacause he **comes** to school on time.

কাজলও ভালো। কিন্তু তার স্কুলে পৌঁছাতে প্রায় দেরি হয়।

বোরহান স্যার আবার বলেন, Kajal **is** also good but he often **gets** to school late. তো বিপুলের বড় বোনের বিয়েতে এই বোরহান স্যারের সঙ্গে কাজল, অজিত, ডেভিড আর আমাদের কলা-খোর হাবলুর দেখা। ডেভিড তো এদেশীয় খ্রিস্টান ছেলে, তার ইংরেজি উচ্চারণ ভালো হলেও সে ততোটা ইংরেজি বলতে পারে না। বোরহান স্যার তাকে দেখে ইংরেজিতে শুধালেন, Where **do** you **read,** David?

হাবলু পট্ করে বললো, সে কী স্যার, সে আমাদের স্কুলে পড়ে তো–We all **read** in the same school.

বোরহান স্যার তখন জিজ্ঞেস করলেন, When **does** your school **start**?

ডেভিড বললো (সংক্ষেপে), at 9. আবার ভদ্রতা করে পুরো বাক্য দিল, Our school **starts** at 9.

অজিত বললো, It **finishes** at 4.

কাজল বললো, We **take** our tiffin at 1 o'clock in the afternoon. Sometimes we **have** bananas as tiffin. তখন হাবলুর খুব মজা, he **goes** on eating bananas one after another.

www.pathagar.com

বোরহান স্যার অবাক হয়ে বললেন, **Does** he **take** banana everyday?

সবাই সমস্বরে উত্তর দিল, Yes, he **does.**

ডেভিড হঠাৎ বোরহান স্যারকে জিজ্ঞেস করলো, What **do** you **do,** Mr. Borhan?

বোরহান স্যার উত্তর দিলেন, **I'm** (I am-এর কথ্যরূপ) a teacher. I **teach** English at a high school.

ডেভিড বললো, **Do** you like your school?

বোরহান স্যার উত্তরে বললেন, Yes, I **do.**

হাবলু বললো, স্যার কখন আমরা **eats** বলি আর কখন **eat** বলি?

স্যার বললেন, যখন আমরা He বা She কোনো একটা নাম দিয়ে বাক্য তৈরি করি, তখন Simple Present Tense-এ main verb-এ -s বা -es দিই। দেখো—He **works** in a factory. She **lives** in a large house. Rahim **earns** a lot of money. প্রশ্ন করলে, দেখো, কী দাঁড়ায়—**Does** he **work** in a factory? **Does** she **live** in a large house? **Does** Rahim **earn** a lot of money? কিন্তু I, You, We, They এগুলোর সঙ্গে -s বা -es যায় না। দেখো, I **work** here. You **live** in London. We **like** books. They **earn** Tk. 1000 a month. প্রশ্ন করলে এসব বাক্য কী রকম হবে, কাজল?

কাজল খুব smartly বললো, **Do** I **work** here? **Do** you **live** in London? **Do** we **like** books? **Do** they **earn** Tk. 1000 a month?

বোরহান স্যার বললেন, Very good, Kajal.

বিপুল বললো, ওপরের সবগুলো বাক্যকে আমরা যদি না-বাচক করে ফেলি?

ডেভিড বললো, That's very simple. Follow me—Rahim **doesn't work** in a factory. You **don't live** in the house.

বোরহান স্যার সায় দিলেন। বললেন, হ্যাঁ, এরকমই। মনে রাখবে, কথা বলার সময় does not, do not না বলে **doesn't** (ডাজন্‌ট) এবং **don't** (ডোন্ট) বলতে হয়, আর দেখো often, always, never এ শব্দগুলো এ-ধরনের বাক্যে ব্যবহার করা সম্ভব। দেখো—She **never comes** late. Hablu **always eats** bananas. We **often come** early. আবার প্রশ্নোত্তরের বেলা দেখো, কীভাবে সংক্ষেপে বলতে হবে—**Do** you **live** here? এ-প্রশ্নের উত্তরে হয় বলবে, Yes, I **do.** অথবা No, I **don't.** ঠিক

www.pathagar.com

সেরকম **Does** he **know** English? এর উত্তরে বলবে Yes, he **does.** অথবা No, he **doesn't.** **Is** he a teacher? এর উত্তরে বলবে, Yes, he **is.** অথবা No, he **isn't.** তার পরে বোরহান স্যার বললেন নিচের ইংরেজি passage-টি লক্ষ করো—It **is** spring **now** and Hablu and his friends **get** up at six, when it **is** still dark. They **have** breakfast at six thirty. School **begins** at nine. Some of the students **read** in the library, where they can also **talk,** but Hablu often **plays** in the fields outside.

www.pathagar.com

অজিত টিভি দেখছে

অজিত একটু মুখচোরা। কিন্তু, বোরহান স্যারের অনুপ্রেরণায় সে ইংরেজি ভাষাটা ভালোভাবে শেখার চেষ্টা করছে। তবে, World Cup Cricket '92-এর ঝড়ে তার ইংরেজি-শিক্ষার প্রস্তুতি প্রায় উড়ে যাবার যোগাড়। সিডনিতে সেদিন ভারত-পাকিস্তান ম্যাচ। খেলা দেখার জন্য অজিতের অত্যন্ত ধনী বাবা ডিশ অ্যান্টেনা লাগালেন। আর কী, অজিতদের বাসায় সবাই হুমড়ি খেয়ে পড়লো। অজিতের কিন্তু খেলার চেয়েও খেলার কমেন্ট্রির (commentary) দিকে ঝোঁক বেশি। রিচি বেনো, আয়ান চ্যাপেল, গ্রেগ চ্যাপেল, ডেভিড গাওয়ার, বিল লরি আর টনি গ্রেইগ কী সুন্দর খেলার ধারা বিবরণী দিয়ে যাচ্ছে ইংরেজিতে। অজিতের কান যেন টিভি-র পর্দায় আঠার মতো সেঁটেই আছে। তার বাবা আদর করে বলেন, Hi son, you're glued to the T.V. screen (Hi [হাই]- সম্বোধনসূচক শব্দ–hello-এর পরিবর্তে; Glue-গ্লু-আঠা)। অজিতের কাছে গাভাসকারের ইংরেজি বলাও কম সুন্দর লাগে না। কাজল বললো, Look, Gavaskar **is speaking** English like an Englishman. তবে অজিত খেয়াল করলো, গাভাসকারের উচ্চারণ আর ইংরেজিভাষী ভাষ্যকারদের উচ্চারণ একইরকম নয়। আবার সে এটাও খেয়াল করলো, অস্ট্রেলিয়ার ভাষ্যকারেরা, যেমন রিচি বেনো, বিল লরি প্রমুখ, make tail gate এসব শব্দকে উচ্চারণ করছে mike tile gite— এ-রকম। বোরহান স্যার বললেন, The Australians pronounce (প্রনাউন্স-verb-উচ্চারণ করা, Pronunciation-noun— প্রনানসিয়েশন-উচ্চারণ) 'a' as 'ai', সেজন্য তারা baby-কে বাইবি, station-কে স্টাইশন বলে।

শুনে সবাই খুব মজা পেল।

বোরহান স্যার হঠাৎ অজিতকে জিজ্ঞেস করলেন, Ajit, **is** your English **getting** better?

অজিত আমতা আমতা করে বললো, Yes Sir, it **is**. তখন আজহারউদ্দিন সুন্দর একটা কভার বাউন্ডারি করলো। রিচি বেনোর উচ্ছ্বসিত

www.pathagar.com

প্রশংসা শোনা গেল, O, here's a class batsman well set for a great innings..... কিন্তু বাকিটা শোনাই গেল না এক নম্বরের ভারত-সমর্থক হাবলুর প্রচণ্ড হাততালিতে। অজিত ভদ্রভাবে বললো, Please, don't make so much noise. **I'm listening** to the commentary.

বোরহান স্যার বললেন, Good, Ajit, well said.

তিনি সবাইকে লক্ষ্য করে বললেন, দেখো, অজিত যদি I'm listening না বলে I listen বলতো তা হলে ভুল হতো। কারণ, কথা বলার সময় যে-কাজটি হয় সে-কাজ Present Continuous Tense দিয়ে বলতে হয়। যেমন ধরো, বিপুলকে এসে কেউ যদি জিজ্ঞেস করে Where is Ajit? উত্তরে সে বলবে **He's** (he is) **watching** T.V. এখানে He watches বললে হবে না।

ডেভিড বললো, তা হলে England **is doing** fine in this World Cup Cricket এটি বলতে হবে।

কাজল বললো, হ্যাঁ তাই তো। England does fine বললে বোঝাবে England আগেও ভালো করেছে, এখনও করছে, পরেও করবে।

বিপুল বললো, অর্থাৎ বর্তমানের যে-কোনো ক্ষণস্থায়ী কাজের বর্ণনা Present Continuous দিয়ে করা যায়—যেমন **I'm living** with my uncle until I find a seat in the hostel.

কাজল ফোড়ন কেটে বললো, যেমন, Ajit's English **is getting** better day by day.

অজিত তখন বললো, Actually I'm now understanding what Present Continuous is.

বোরহান স্যার জিব দিয়ে চুকচুক করে শব্দ করে বললেন, উঁহু অজিত, হলো না। I'm understanding না বলে বলো **I understand.** শোনো, কিছু verb আছে যেগুলো সচরাচর Continuous-এ ব্যবহার না করে Present Simple বা Indefinite-এ ব্যবহার করতে হয়।

What are these verbs, Sir? ডেভিড বললো।

বোরহান স্যার বললেন, যে-কয়টা মনে পড়ছে বলি : want, like, know, suppose, need, love, see, mean, prefer, hate, hear, believe, understand, seem, have আর think. তবে have আর think যথাক্রমে 'আছে' এবং 'বিশ্বাস' অর্থে-ing নেয় না।

তাই তো! অবাক মানে হাবলু। বলে, I love you, I know you, I want to learn English এসব বাক্যের Present Continuous অর্থাৎ I'm loving you কখনো শুনি না।

www.pathagar.com

বোরহান স্যার বললেন, এবার Present Continuous সংক্ষেপে বলার ধরনটা লক্ষ করো : **I am** (=**I'm**) (আইম) **learning** English ; সেরকম he/she/it/Rahim **is learning** English. He is এবং She is-এর স্পোকেন রূপ হিজ, সিজ হলো he's এবং she's।

We/they/you **are** (**we're, they're/your're**) **learning** English.

আর দেখো, Am is are-এর সঙ্গে main verb-এ -ing যোগ হচ্ছে।

কাজল বললো, প্রশ্ন করলে কি স্যার এরকম হবে : **Am** I **learning** English? **Is** Ajit **learning** English? Are they **learning** English?

বোরহান স্যার বললেন, Exactly so. এ-সময় ইমরান খান O রানে আউট হলে ইংরেজিচর্চা ভুলে গিয়ে সবাই টিভির দিকে ফিরে গেল।

বোরহান স্যার বললেন, Present Continuous-এর আরও আলোচনা পরে হবে।

www.pathagar.com

হু ইজ গোয়িং টু লার্ন ইংলিশ?

পাকিস্তান-ইংল্যান্ড ফাইনালটি দারুণ জমার পরের দিন ইংরেজি পত্রিকার খেলার পাতা উল্টে অজিত একটু উশখুশ করতে লাগলো। লিখেছে Pakistan is playing in England this summer. ইংলিশ সামার তো সেই জুনে অথচ এখন লিখছে is playing. কী করে সম্ভব?

বোরহান স্যারের কাছে ভয়ে ভয়ে কথাটা পাড়লো অজিত। স্যার বললেন, খুব সহজ ব্যাপারটা, Present Continuous-এর কিছু-কিছু বাক্যেও Future meaning থাকে, যেমন থাকে Simple Present-এরও। ধরো, তুমি কি আগামীকাল ফুটবল খেলছো? এ-প্রশ্নের স্বাভাবিক ইংরেজি হলো, **Are** you **playing** football **tomorrow**? যেমন ধরো, বিপুল তো কাল চট্টগ্রাম আসছে, তাই না? তো আমি ইংরেজিতে বলতে পারি, Bipul **is coming** to Chittagong **tomorrow,** isn't he?

বোরহান স্যার আর অজিতের কথার মাঝখানে কোত্থেকে ঊর্ধ্বশ্বাসে কাজল এসে হাজির। উৎসাহের চোটে তার চোখ রসগোল্লার মতো গোল গোল। বললো, Good news, Ajit, my father **is going to buy** a cricket bat for me.

বোরহান স্যার বললেন, When?

কাজল বললো, Just next week.

তখন বোরহান স্যার বললেন, অজিত দেখো, Future কাজের জন্য Present Continuous-এর আরেকটা ব্যবহার হচ্ছে **going to** দিয়ে। যেমন, কালকে বিপুল আসছে ঢাকা থেকে, তুমি তাকে স্টেশন থেকে উঠিয়ে আনতে যাচ্ছো কি না সেটি আমি দু'ভাবে জিজ্ঞেস করতে পারি। দেখো, **Are** you **meeting** Bipul at the station **tomorrow**? অথবা, **Are** you **going to meet** Bipul at the station **tomorrow**?

দুটো ব্যবহারের মধ্যে কোনো পার্থক্য আছে কি স্যার?

www.pathagar.com

হ্যাঁ, খুব সামান্য। অজিতের প্রশ্নের উত্তরে বোরহান স্যার বললেন। ভবিষ্যতে কোনো একটা কাজ করার স্থির পরিকল্পনা হয়ে থাকলে, অথবা নিশ্চিতভাবে কাজটি হবে এরকম ধারণা থাকলে, সাধারণত Verb Present Participle অর্থাৎ -ing form দিয়ে ভবিষ্যৎ কাল বর্ণনা করা হয়। যেমন, Tom যদি Sam-কে বলে Can you come on Monday evening? উত্তরে Sam বলবে, Sorry, I'd love to, but **I'm playing** football.

অর্থাৎ স্যাম স্থিরপ্রতিজ্ঞ যে সে সোমবারে ফুটবল খেলবে। নিশ্চয়তা সামান্য কম থাকলে going to ব্যবহৃত হয়, যদিও সাধারণভাবে দুটোর পার্থক্য ধরা পড়ে না। যেমন, How long **are** you **going to** stay here? **Is** Bipul **going to** come tomorrow? **What's** your father **going to** buy for you? Marshall **is** not **going to** play any more.

কাজল বললো, Why should we use "will" and "shall" for future action then?

বোরহান স্যার বললেন, আমরা will বা shall ব্যবহার করি, যদি কথা বলার সময় কোনো একটা কাজ করার সিদ্ধান্ত নিই। যেমন, নিচের কথোপকথনটি লক্ষ করো–

Harry : My bicycle has a flat tyre. Can you repair it for me?

Father : Okay, but I can't do it now. **I'll** (I will-এর সংক্ষেপ, উচ্চারণ-আইল) repair it tomorrow.

বাবা I'll (will বা shall) বলেছেন, কেননা তিনি হ্যারির টায়আ(র) ফেটে যাওয়ার কথা আগে জানতেন না, ফলে টায়আ(র) সারানোর চিন্তা তাকে এ-মুহূর্তে প্রথমবার করতে হলো।

এখন দেখো– Mother : Can you repair Harry's bicycle? It has a flat tyre.

Father : Yes, I know. He told me. **I'm going to** repair it **tomorrow.**

অর্থাৎ, এখানে **am going to** ব্যবহার করা হয়েছে, যেহেতু হ্যারির বাবা তাঁর স্ত্রীর সঙ্গে কথা বলার আগে থেকেই ঠিক করে রেখেছিলেন টায়আ(র) তিনি সারাবেন।

অজিত বললো, স্যার আবহওয়ার খবরে প্রায় going to-র ব্যবহার দেখি।

স্যার বললেন, ঠিকই ধরেছো। দেখো, **It's going to** rain soon. **It's going to** thunder **tomorrow**. The rain **is going to** stop in a minute.

www.pathagar.com

গল্পে গল্পে ইংরেজি শেখা

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃক
'একুশে পদক, ১৯৯৬' পুরস্কারপ্রাপ্ত গ্রন্থ

www.pathagar.com

www.pathagar.com

গল্পে গল্পে ইংরেজি শেখা

মোহীত উল আলম

মাওলা ব্রাদার্স

www.pathagar.com

প্রকাশনার সাত দশকে
মাওলা ব্রাদার্স

© লেখক
অষ্টম মুদ্রণ
অক্টোবর ২০১৫
প্রথম প্রকাশ
২১শে ফেব্রুয়ারি ১৯৯৬

প্রকাশক
আহমেদ মাহমুদুল হক
মাওলা ব্রাদার্স
৩৯/১ বাংলাবাজার, ঢাকা ১১০০
ফোন : ৯৫৮০৭৭১ ৯৫৬৮৭৭৩
ই-মেইল : mowlabrothers@gmail.com

প্রচ্ছদ ও অলঙ্করণ
জাহিদ হোসেন বেনু
সাবিহ্-উল আলম

কম্পোজ
উত্তরণ কম্পিউটার্স
২৮ টিপু সুলতান রোড
ঢাকা ১১০০

মুদ্রণ
ঢাকা প্রিন্টার্স
৩৬ শ্রীশ দাস লেন ঢাকা ১১০০

দাম
দুইশত টাকা মাত্র

অনলাইনে বই কিনুন
www.rokomari.com/mowlabrothers
www.porua.com.bd/mowlabrothers

ISBN 984 410 203 0

GOLPE GOLPE ENGREZEE SHEKHA (Learning English Through Fiction) by Muhit Ul Alam. Published by Ahmed Mahmudul Haque of Mowla Brothers 39/1 Banglabazar, Dhaka 1100. Price : Taka Two Hundred only.

www.pathagar.com

উৎসর্গ

আমার পরম শ্রদ্ধেয় শিক্ষক
প্রফেসর মোহাম্মদ আলী'কে

www.pathagar.com

Rightly to be great
Is not to stir without great argument,
But greatly to find quarrel in a straw
When honour's at the stake.

–From *Hamlet*
(Act IV, Sc. IV.)

www.pathagar.com

নতুন সংস্করণের ভূমিকা

সুপ্রতিষ্ঠিত প্রকাশনা সংস্থা মাওলা ব্রাদার্স আমার বই *গল্পে গল্পে ইংরেজি শেখা*'র নতুন সংস্করণ প্রকাশ করার উদ্যোগ নিয়ে আমাকে কৃতজ্ঞতাপাশে আবদ্ধ করেছেন। তাঁদেরকে আন্তরিক ধন্যবাদ।

গল্পে গল্পে ইংরেজি শেখা অপার প্রকাশনী, চট্টগ্রাম থেকে প্রথম প্রকাশিত হয় ১৯৯৬ সালের ২১শে ফেব্রুয়ারি। এর দ্বিতীয় মুদ্রণ হয় ১৯৯৭ সালের জুলাই মাসে।

এই বইটি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়কর্তৃক *'একুশে পদক, ১৯৯৬'* পুরস্কারপ্রাপ্ত।

বইটিতে অন্তর্ভুক্ত অধ্যায়গুলো টইটম্বুর শিশু-কিশোর পত্রিকায় মার্চ ১৯৯২ থেকে সেপ্টেম্বর ১৯৯৫ পর্যন্ত ধারাবাহিক প্রকাশিত হয়।

নুতন বানানরীতি অনুসারে "ইংরেজী"কে "ইংরেজি" লেখা হয়। সে জন্য বইটির প্রচ্ছদসহ সর্বত্র "ইংরেজী" বানানের বদলে "ইংরেজি" বানান করা হয়েছে।

নতুন সংস্করণের সময় মুদ্রণ-প্রমাদসহ অন্যান্য ভুলত্রুটি সংশোধনের আন্তরিক প্রচেষ্টা নেয়া হয়। তারপরও ভুল-ভ্রান্তি থাকলে বা অন্য কোনো পরামর্শ থাকলে, সহৃদয় পাঠক আমাদেরকে জানাবেন আশা করি।

মোহীত উল আলম
জুলাই ২৩, ২০০০
চট্টগ্রাম।

www.pathagar.com

www.pathagar.com

অজিত আবার বললো, স্যার, আপনি বলেছিলেন, Present Simple-এও Future meaning দেওয়া যায়। স্যার বললেন, হ্যাঁ, বিমান, রেল, অনুষ্ঠানাদি এসবের সময়সূচির বেলায় Present Simple আসে। দেখো— What time **does** the film **begin**? Mahanagar Prabhati **leaves** Chittagong at 6 : 40 and **arrives** in Dhaka at 13 : 40. Tomorrow **is** Saturday.

www.pathagar.com

উইল অর শ্যাল

শুক্রবার ছুটির দিন। ডেভিড এসেছিলো হাবলুর বাসায় সকালে খানিকটা গল্প করবে বলে। সে দেখে হাবলুর বাসায় আগে থেকে বিপুল হাজির। আর দু'জনে মিলে খুব তর্ক জুড়েছে—না, ক্রিকেটও নয়, ফুটবলও নয়—একেবারে shall আর will নিয়ে। বিপুল বারবার বলছিলো যে, I, We-এর সঙ্গে shall এবং You, They, He বা Rahim-এর সঙ্গে will যায় ; কিন্তু, প্রতিজ্ঞার বেলায়, জোর ইচ্ছা প্রকাশের বেলায়, এর ঠিক উল্টোটি হয়—I, We-এর সঙ্গে তখন will এবং You, They, He এর সঙ্গে shall. হাবলু কথাটি মানতে পারছিল না। ইদানীং সে ভিসিআর-এ Terminator-2 ফিল্মটি দেখেছে। নিজের কানে শুনেছে, I এবং We এর সঙ্গে হরদম will ব্যবহার হচ্ছে। ডেভিড খ্রিস্টান হলেও বাঙালি খ্রিস্টান। ইংরেজি যা-ও একটু বলতে পারে, কিন্তু এর কোনো ব্যাকরণ সে জানে না। কাজেই, বন্ধুদের তর্কের সে কোনো সদুত্তর দিতে পারলো না। একমাত্র ভরসা বোরহান স্যার। খুব সুন্দরভাবে বোঝালেন তিনি। বললেন, বিপুল যে-নিয়মের কথা বলেছে, তা ব্যাকরণ-শুদ্ধ বলে আগে মানা হতো খুব। কিন্তু এখন সচরাচর will ব্যবহার করাটাই নিয়মসিদ্ধ হয়ে দাঁড়িয়েছে—কথোপকথনের বেলায় তো বটেই। আর, কথোপকথনের বেলায় We shall বা We will-এর সংক্ষিপ্ত প্রকাশ I'll (উচ্চারণ-আইল) বা We'll (উচ্চারণ-ওয়েল) ব্যবহৃত হয়, সেজন্য পার্থক্যের কথা আর ওঠে না। আবার, না-বাচক বাক্যে, shall not সংক্ষিপ্ত হয়ে Shan't (উচ্চারণ, শ্যান্ট্), will not–won't (ওন্ট্ বা ওঞ্চ)-এ দাঁড়ায়। যেমন, I shan't (or won't) be here tomorrow. বোরহান স্যার আবার বোঝালেন, প্রত্যয়ের অর্থে You-এর সঙ্গে shall ব্যবহার করলেও he/she/it/they-এর সঙ্গে একেবারে ব্যবহার না করাই ভালো। অর্থাৎ, ব্যবহারের দিক থেকে will যতোটা স্বচ্ছন্দে ব্যবহার করা যায়, shall ততোটা নয়। তবে, উত্তম পুরুষে প্রশ্নে সব সময় shall

www.pathagar.com

আসে। দেখো : Shall I open the window? Shall we open the window? What shall I do? Where shall we go this evening? বোরহান স্যার এবার বললেন, will, shall-এর আরেক ধরনের ব্যবহার আছে : Sit down for a moment, **will you**? Wait here a minute, **will you**? Let's go, **shall we**?

এ-আলোচনার মধ্যে কখন যে কাজল এসে ঘরের এক কোনায় বসেছে কেউ বুঝতে পারেনি। তার চোহারা বিমর্ষ। ডেভিড জিজ্ঞেস করলো, Why do you look so sad?

কাজল বললো, My father says he **won't** (will not) buy me a bicycle if I don't study hard.

বাক্যটা কাজল বলতে-না-বলতেই যেন বোরহান স্যার তা শূন্যে লুফে নিলেন। খুশি হয়ে বললেন, Fantastic! Kajal, you've (you have) given us a new point to discuss. তিনি ডেভিডকে জিজ্ঞাসা করলেন, বলো তো, কাজল If-এর পরে verb-এর কোন্ রূপ ব্যবহার করেছে?

ডেভিড বললো, Simple Present Tense স্যার, যেমন, **don't.**

হ্যাঁ, বোরহান স্যার বললেন। মনে রাখবে, সাধারণভাবে, when এবং if-সম্বলিত বাক্যাংশে will আসে না। দেখো, **I'll** (I will) send you a postcard when **I'm** (I am) on holiday ; (not, when I will be). ঠিক সেরকম, When the rain **stops**, **we'll** go out ; (not, when the rain will stop), আরও কিছু শব্দ, যেমন while after before until/till as soon as-এর সঙ্গেও একই নিয়ম যায়। দেখো, Can you look after my bicycle **while** I am shopping? (will be shopping হবে না).

Before you **leave** (will leave হবে না), you must visit the museum. Wait here **until** I come back. (will come হবে না).

এর মধ্যে অজিত তার বন্ধুদের কাউকে খুঁজে না পেয়ে বোরহান স্যারের বাসায় এসে দেখলো ইংরেজি ভাষা নিয়ে জমজমাট আড্ডা চলছে। সম্ভবত তার ইংরেজি শেখার শখ সবচেয়ে বেশি। সে বললো, when আর if-এর মধ্যে পার্থক্য কী স্যার?

বোরহান স্যার বললেন, যখন কোনো কাজ নিশ্চিত হবে তখন when এবং কোনো কাজের অনিশ্চয়তা থাকলে if ব্যবহার করতে হয়। যেমন, I'm going shopping this afternoon. (খেয়াল করো, shopping-এর আগে to লাগে

www.pathagar.com

না।). **When** I go shopping, I'll buy some food (not, if I go). আবার দেখো, **If** it rains this evening, I won't go out. (not, when it rains). Don't worry **if** I'm late tonight. (not, when I'm late). **If** he doesn't (উচ্চারণ-ডাজন্‌ট) come soon, I'm not going to wait (not, when he doesn't come).

www.pathagar.com

জন্মদিনের পরে

কাজলের ছোট ভাগ্নীর জন্মদিন ছিলো। সে আর তার বন্ধুরা সারা সপ্তাহ ধরে কতো খাটাখাটুনি করলো— বেলুন কিনলো, কাগজ সাঁটলো, স্টিরিও সেটে সারা সন্ধ্যা ইংরেজি গান বাজালো ; আবার তারা নিজেরা মিলে একটা ব্যান্ডের মতো গ্রুপ করে গান গাইলো, নাচলো। অবধারিতভাবে বোরহান স্যারও উপস্থিত ছিলেন।

তার পরের দিন তিনি কাজলকে স্কুলে ডেকে বললেন, Thank you, Kajal, I **enjoyed** the party **last night** at your house. খানিকটা চিন্তা করে তারপর তিনি বললেন, সবাইকে তো দেখলাম, কিন্তু বিপুলের মা-বাবাকে দেখলাম না কেন?

কাজলের সমবয়সী তার এক মামাতো ভাই সম্প্রতি তিন মাস মার্কিন যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন ডি.সি.-তে তার এক বড় বোনের সঙ্গে থেকে এসেছে। সে কাজলকে বলেছে আমেরিকানরা কোনো একটা নেতিবাচক কথা বলার সময় ঘাড় ঝাঁকিয়ে কথা বলে। সে-ও ঐ স্টাইলে কাঁধ একটু shrug ('শ্রাগ' মানে কাঁধ ঝাঁকানো, এবং এই ইংরেজি শব্দটা কাজল শিখেছে সত্যজিৎ রায়ের ফেলুদার একটি গল্প থেকে) করে বললো, We **invited** them to the party, but they **didn't** come. এ-সময় হাবলু কমনরুমের দিকে যাচ্ছিলো। বারান্দায় বোরহান স্যার আর কাজলকে কথা বলতে দেখে সেও দাঁড়ালো। কাজল বিরাট একটা মজার কথা বললো— জানেন স্যার, Last night, what happened, Hablu alone **ate** a dozen bananas. All big-size bananas. (big-size বা big-sized দুটোই চলে।)

বোরহান স্যার কৌতুক করে বললেন, No, it's not true.

হাবলু তখন নিজেই স্বীকার করলো, Yes Sir, it's true. **I did.**

পরের দিন অজিতদের বাসায় কথাটা উঠলো। কোন কথাটা? কেন, হাবলুর কলা খাওয়ার গল্প। ডিশ অ্যান্টেনা লাগানোর পর অজিতদের বাসায় তাবৎ

www.pathagar.com

লোকের আড্ডা। বোরহান স্যারও ঘনঘন আসেন। হংকং-এর Star T.V.-র Prime Sports-এর প্রোগ্রাম তাঁর খুব প্রিয়। কিন্তু অজিতের পড়ার ঘরে সবাই গল্প করছিলো। কী একটা খুচরো গ্রামারের বিষয় নিয়ে ঝগড়া বেধে গেল বিপুল আর ডেভিডের মধ্যে। কাজলের বুদ্ধি বরাবরই সচল। সে পাশের ঘরে দৌড়ে গিয়ে বোরহান স্যারকে ডেকে আনলো—

Sir, we need you badly, right (at) this moment.

বোরহান স্যার চোখে কৃত্রিম ভ্রূকুটি হেনে বললেন, another special problem!

তর্কটা হলো খুব সামান্য একটা বিষয় নিয়ে। কাজলের ভাগ্নীর বার্থডে-তে কত খরচ পড়েছিলো একথা জিজ্ঞেস করাতে কাজল বলেছিল, it costed them ten thousand taka.

ডেভিড তখন বললো যে, costed হবে না, cost হবে, আর taka না, takas.

বিপুল তর্ক তুললো। বললো, enjoy enjoyed হলে cost costed হবে না কেন!

বোরহান স্যার সব শুনে বললেন, হ্যাঁ, ডেভিডের কথাই ঠিক। ইংরেজির প্রায় verb অতীতকালে -ed যোগ করে তৈরি হলেও cost hurt hit cut এ-জাতীয় কিছু verb-এর past tense ও past participle একই বানানে থাকে।

কাজল বললো, What about come-come-came, go-gone-went, Sir?

বোরহান স্যার বললেন, হ্যাঁ, এগুলো হচ্ছে irregular verbs. অর্থাৎ simple past এবং past participle-এ -ed যোগ না হয়ে এসব শব্দের বানান বদলে যায়, যেমন : give-given-gave, take-taken-took, run-run-ran, begin-begun-began ইত্যাদি। যে-কোনো ভালো গ্রামার বইয়ে তোমরা এ-সম্পর্কে বিশদ আলোচনা দেখতে পাবে।

কাজলই আবার বললো, Sir, I often hear, one uses the word **photostated** nowadays. Is that correct?

বোরহান স্যার বললেন, হ্যাঁ, আধুনিক যন্ত্রপাতি বা প্রক্রিয়ার সঙ্গে -ed লাগিয়ে simple past বা past participle তৈরি হতে দেখা যায়। যেমন, তুমি তো একটা বললে ; সেরকম আরও হচ্ছে, xerox থেকে xeroxed. x-ray থেকে x-rayed, telephone telephoned, acupuncture (অ্যাকুপাংকচার) acupunctured. আরও কিছু আগের pilot piloted, motor motored এ-ধারার শব্দ।

www.pathagar.com

ডেভিড বললো, It means, nouns now act as verbs.

বোরহান স্যার বললেন, Exactly so. তবে সব ক্ষেত্রে নয়—কেবল আধুনিক যন্ত্রপাতির বেলায়।

অজিত আস্তে করে বললো, স্যার, ডেভিড যে বললো, taka হবে না, takas হবে, আপনি বললেন, সেটি ঠিক।

যুক্তিটা এই, বললেন বোরহান স্যার : ব্রিটিশ pound মুদ্রা বহুবচনে হচ্ছে pounds, আমেরিকার dollar হচ্ছে dollars এবং ভারতীয় মুদ্রা rupee হচ্ছে rupees. সেই একই যুক্তিতে taka বহুবচনে হওয়া উচিত takas. তবে, দু'রকম ব্যবহারই আমাদের দেশে দেখা যায়।

কাজল বললো, One more thing Sir, five hundred বলবো, না five hundreds বলবো?

মৃদু হেসে বোরহান স্যার বললেন, hundred thousand million billion এগুলোর সঙ্গে বহুবচনে 's' যোগ করতে হয় না, কেননা এরা এমনিতেই বহুবচন। সেজন্য, one hundred, ten hundred ; one thousand, three thousand, 17 thousand; one million, four million etc. কিন্তু, আবার দেখো hundreds of people came/ thousands of people came to the meeting. তবে আমাদের অর্থনীতিতে lakh, lakhs, crore, crores দুটোই ব্যবহৃত হতে দেখা যায়, যেমন : Ten lakh, ten lakhs ; Six crore, six crores.

www.pathagar.com

হাবলুর ডাইরিয়া

হাবলুর কয়েকদিন থেকে ডাইরিয়া (diarrhoea) চলছে। তার খাটের নিচে তার মা তাদেরই নিজস্ব নারিকেল গাছ থেকে ডাব পেড়ে স্তূপ করে রেখেছেন, আর হাবলুর সমানে খাওয়া চলছে Orsaline. হাবলুর বাবা তোজাম্মেল সাহেব নির্বিকার। বলছেন, ছেলে যা খেতে চায় খা'ক। হাবলুর মা খুব বিচলিত। মা তো জানেন, খাওয়ার সময় ছেলের হুঁশ থাকে না। কোরবানির পর থেকে হাবলুর একটা দিনও গরুর গোশত বাদ পড়েনি। তিনিই শেষ পর্যন্ত ডাক্তার ডেকে আনলেন। পাড়ার ডাক্তার বাবর আলী। খুব হিউমার (humour-হাস্যকৌতুক) করতে পারেন। বললেন, ক্যাচ্ছেরিয়াস, অর্থাৎ case is serious. পরে মিষ্টিমিষ্টি হেসে বললেন, কোনো অষুধ লাগবে না। রাত পার হলে ভালো হয়ে যাবে। হাবলুর খাটের চার পাশে অজিত, বিপুল, ডেভিড, কাজল, চন্দন আর তাদের নতুন বন্ধু ইব্রাহীম বসে আছে। উদ্বিগ্ন তারা সবাই। ডাক্তারের মনে কৌতুক এলো। তিনি বললেন, ডাইরিয়া নিয়ে তোমাদের একটা জোক বলি, শোনো : বিলাতের এক মহিলার খুব পেটের অসুখ হলো। মিনিটে মিনিটে মেমসাহেবকে বাথরুমে যেতে হচ্ছিলো। শেষে উপায়ান্তর না দেখে মেমসাহেবের স্বামী বললো, তুমি বরঞ্চ বাথরুমেই থাকো, খাট ড্রেসিং-টেবিল সব আমি বাথরুমে পাঠিয়ে দিচ্ছি।

সবাই হাসলেও হাবলু হাসলো না। কারণ তখনই তার বাথরুম পেয়েছে—সেদিন এ নিয়ে দশবার। রাত দশটার দিকে এলেন বোরহান স্যার। আর, বাসা কাছে বলে বিপুল আর কাজল তখনও হাবলুর সঙ্গে ছিলো। বোরহান স্যার বললেন, Which medicine are you taking?

হাবলু বললো, Nothing, Sir.

কাজল বললো, The doctor **didn't** prescribe any.

বোরহান স্যার বললেন, What **did** you take for lunch, Hablu?

www.pathagar.com

কাজলই আবার বললো, He couldn't have taken anything, Sir, unless, I mean, he was all that greedy.

কাজলের স্পোকেন ইংলিশের দক্ষতা বরাবরই বোরহান স্যারকে প্রীত করে। মনে মনে খুব খুশি হলেন তিনি। বোরহান স্যার হাবলুকে বললেন, I know you've a strong digestive (উচ্চারণ-ডিজেস্টিভ, ডাইজেস্টিভ দুটোই হয়) power, তার পরও কী এমন খেলে যে পেটে অসুখ করলো?

হাবলু মৃদু হেসে বললো, We all **went** to a party last week.

বিপুল বললো, And Hablu **ate** voraciously (ভোরেইশাসলি-বেশি খাওয়া) there. হাবলুই স্বীকার করলো, Sir, I **had** even **eaten** four pieces of fried chicken before the dinner actually **began.**

I see that's the reason. বোরহান স্যার বললেন।

পরের সপ্তাহে ঠিক হলো, স্কুলের কালচারাল উইক হবে। সেজন্য একটা নাটক করার তোড়জোড় শুরু হলো। হাবলুও সেরে উঠে যোগ দিয়েছে। কিন্তু, শনিবার দিন টিফিন ছুটির মাথায় কাজল তার মাথাটা বিগড়ে দিল। বললো, You know what happened. I **went** to your house in the morning, and your father said **you'd** (you had) just left.

হাবলু বললো, বাজে বকিস না, I **had waited** for you until I **found** it was too late for school.

কাজল বললো, You're lying.

হাবলু খেপে বললো, No, you're lying. দু'জনে ঝগড়া বেধে যাবার উপক্রম। ঠিক সে সময় যেন বিচার করার জন্য উপস্থিত হলেন বোরহান স্যার। শান্ত গলায় বললেন, Boys, what're you quarreling about?

www.pathagar.com

অজিত ধারেকাছে ছিলো। ভীতু স্বভাবের ফলে সে বন্ধুদেরকে থামাতে পারছিলো না। কিন্তু সে বোরহান স্যারকে ঠিকই রিপোর্ট করলো, **After** Kajal **had said** something to Hablu, he **got** furious (রেগে ঘোস-খেপে যাওয়া)।

বোরহান স্যার কিন্তু অজিতের বিবরণ শোনার চেয়েও তার ইংরেজি বলার দিকে নজর রাখছিলেন। শুনে বললেন, Let's (let us) forget the quarrel, but I must say, Ajit has given a perfect sentence in Past Perfect Tense.

কীভাবে, কীভাবে স্যার, সমস্বরে সবাই বলে উঠলো।

বোরহান স্যার বললেন, এ-tense-টা had-এর সঙ্গে past participle দিয়ে বানাতে হয়। যেমন, I **had** (সংক্ষেপে I'd. উচ্চারণ-আইয়ড্) **worked : I had not** (সংক্ষেপে, hadn't, উচ্চারণ-হ্যাডনট্) **worked** ইত্যাদি।

ডেভিড যোগ করলো, I **had gone,** he **had gone** ; কাজল যোগ করলো Hablu **had lied** (হাবলু মিথ্যা কথা বলেছে) ইত্যাদি। আরেকবার ঝগড়া বাধার আগেই অজিত জিজ্ঞাসা করলো, স্যার আপনি যে আগে আমাদেরকে Present Peffect Tense শিখেয়েছিলেন, এটা তো দেখি সে-রকমই, কেবল has এবং have-এর জায়গায় had হচ্ছে।

বোরহান স্যার বললেন, হ্যাঁ তাই। দেখো— Present Perfect Tense-এর ব্যবহার Hablu isn't hungry. He **has** (he's) just **had** lunch.

Past Perfect Tense-এর ব্যবহার

Hablu wasn't hungry. He **had (he'd) just had** lunch.

কাজল পট করে বললো, স্যার দু'বার had বললেন যে?

বোরহান স্যার খুশি হয়ে বললেন, Very witty question. শোনো, ইংরেজিতে has-এর দুটো ব্যবহার। একটা 'has' main verb হিসেবে এবং আরেকটা verb auxiliary অর্থাৎ সাহায্যকারী হিসেবে। যেমন, He **has** gone. যা কিনা Past Perfect-এ he **had** gone, এখানে 'has' auxiliary verb. আবার has-এর principal verb হিসেবে অর্থ হচ্ছে-আছে, থাকা বা খাওয়া। দেখো— I **have** a car. She **has** a pen. Past tense-এ হচ্ছে, I **had** a car ; she **had** a pen ইত্যাদি। Go, come, call, take, walk ইত্যাদি principal verbs-এর participle হচ্ছে যথাক্রমে gone, come, called, taken, walked. কাজেই has বা have যখন main verbs হিসেবে ব্যবহৃত হয় তখন তাদের past participle কী হবে?

সবাই সমস্বরে বললো, had.

www.pathagar.com

বোরহান স্যার বললেন, Good. ডেভিড এবার write দিয়ে Past Perfect-এ একটা বাক্য দাও তো!

ডেভিড চটপট বললো, Karim had written.

তা হলে এবার have-কে main verb হিসেবে use করে একটা দাও।

ডেভিড বলার আগেই কাজল বলে ফেললো, Bablu **had had** eight bananas last night, before he went to bed. কাজলের বাক্য শুনে অজিত বললো, এবার বুঝলাম had কীভাবে দু'বার আসে।

বোরহান স্যার আবার বললেন, Present Perfect-এর সঙ্গে যেমন, তেমনি Past Perfect-এর সঙ্গে just, after, before, already এসব adverbs ব্যবহার করা হয়। দেখো, When I **arrived** at the party, Tom **had already gone** home.

হাবলু বললো, এ-tense-টা ব্যবহার করি কখন আমরা, স্যার?

বোরহান স্যার বললেন, অতীতকালে দুটো কাজ প্রায় কাছাকাছি সময়ে সমাপ্ত হয়ে থাকলে, আগের কাজে past perfect এবং পরের কাজে simple past ব্যবহার করতে হয় : She **had (She'd) already left** when he **phoned. The** patient **had died** before the doctor **came** ইত্যাদি।

www.pathagar.com

কে বড়? (১)

স্পেনের বার্সিলোনা শহর বড় না মাদ্রিদ শহর বড় এ নিয়ে ইব্রাহীম আর কাজলের মধ্যে যেন তর্ক শেষ হয় না। কাজল বললো, Madrid must be the **greater** city, since it's the capital.

এ-সময় হাবলু বললো, Not necessarily. All the papers have said that Barcelona is the **greater** of the two.

বাজে তর্ক রাখ তো! কে সবচেয়ে দ্রুত দৌড়ায় সেটি বল।

কাজল হাবলুর প্রশ্নটা লুফে নিয়ে বললো, Who runs the **fastest**? আবার নিজেই উত্তর দিল, It must be Nurul Ambia. (বাংলাদেশের একজন নামকরা দৌড়বিদ।)

কাজলের কৌতুক বুঝতে পেরে সবাই একচোট হেসে নিল।

অজিত যদিও অলিম্পিকের পুরো খবর রাখে, কিন্তু বন্ধুদের এসব তর্কের সময় সে কান পেতে তাদের ইংরেজি কথাবার্তা শুনছিলো। সে বিপুলকে কানে-কানে বললো, I think, Ben Johnson is much **faster than** Lynford Christy.

বিপুল কথাটা কানেই তুললো না। বললো, ঘোড়ার ডিম! এইমাত্র টিভি-তে খবর শুনেছি আমি। ১০০ মিঃ দৌড়ে প্রথম হয়েছে ক্রিস্টি।

অজিত বিপুলের আপত্তি তেমন গা করলো না। শুধু বললো, আমরা কিন্তু খুব তুলনা দিয়ে দিয়ে ইংরেজিতে কথা বলে যাচ্ছি।

হাবলু কোনায় বসেও বিপুল আর অজিতের ইংরেজি বাক্য নিয়ে কথোপকথন শুনতে পাচ্ছিলো। তার যা স্বভাব আর কি–জগাখিচুড়ি ইংরেজিতে বললো, Why, who is good than Ben Johnson?

কাজল সাথে সাথে বললো, good than নয়, বল better than.

www.pathagar.com

অজিত ব্যাখ্যাটা দিল। বললো, দুটি জিনিসের মধ্যে অসমান তুলনা করলে adjective-এর comparative degree আর তার আগে than দিতে হয়।

ডেভিড বললো, শুধু adjective নয়, adverb-এরও comparative degree আসতে পারে।

যেমন, হাবলু সোৎসাহে বললো। (একটা কথা গোপনে বলে রাখি, গত মাসে হাবলুর বিছিরি ডাইরিয়ার পর সে খাওয়ার প্রতি লোভ অনেক কমিয়ে দিয়েছে। বরং ইংরেজি শেখার প্রতি মনোযোগ দিয়েছে, যার ফলে কিনা সে এবার ষান্মাসিকে ইংরেজিতে দু'পেপারে মোট ১২০ পেয়েছে।)

ডেভিড বললো, Today is **hotter** (adj.) **than** yesterday.

কাজল বললো, Ajit speaks English **more fluently** (adv.) than I do.

হাবলু বললো, যদি বলি, America has got less golds than CIS, তা হলে হবে?

হবে না কেন, হবে, অজিত বললো।

ডেভিড বললো, না, হবে না।

কিন্তু কেন হবে না, সে-ব্যাখ্যা সে দিতে পারলো না।

www.pathagar.com

অগত্যা বোরহান স্যার ভরসা। অজিতের বাবা-মা'র ১৬তম বিবাহ বার্ষিকী উপলক্ষে বিরাট পার্টি হলো। অজিতের বাবা বিস্তর টাকার মানুষ, আগেই বলেছি। তাঁর বাসায় ডিশ অ্যান্টেনায় প্রাইম স্পোর্টসে রাতদিন Barcelona-য় অনুষ্ঠিত Olympics দেখানো হচ্ছে। টিভি-তে খেলা উপভোগ করার ব্যাপারে বোরহান স্যারের কোনো ক্লান্তি নেই। বস্তুত অজিতদের বাসায় (Dish Antennae) ডিশ অ্যান্টেনা আসার পর থেকে তাঁর এ-বাড়িতে যাতায়াতও বেড়ে গেছে। অজিতের ইংরেজিও তাই দ্রুত উন্নতি লাভ করছে। কাজেই রাত ১১টার দিকে যখন পার্টি ঝিমিয়ে পড়লো, তখন ইংরেজি-পাগল অষ্টম শ্রেণীর এসব ছাত্র বোরহান স্যারকে ঘিরে ধরলো।

টিভি-র সামনে বিরাট সোফার ওপর তারা গুটিয়ে বসলো। বোরহান স্যার কোলের ওপর যুৎ করে একটি বালিশ নিয়ে একলা একটা সোফার ওপর বসলেন। অজিতই জিজ্ঞেস করলো, কী স্যার, less golds এ-কথাটা হবে, না হবে না? বোরহান স্যার স্মিত হেসে বললেন, ভালো একটা প্রশ্ন জিজ্ঞেস করেছো। শোনো, gold স্বর্ণ অর্থে uncountable noun. কাজেই তুলনার সময় less হবে। যেমন, Bangladesh produces less tea than India. এখানে, tea যেমন uncountable, gold-ও তেমনি। যেমন, Venezuela has less gold than America. অর্থাৎ ঘুরিয়ে বললে, America has more gold than Venezuela. কিন্তু যদি অলিম্পিকের স্বর্ণের কথা বলো, তা হলে সেখানে gold বলতে gold medals বোঝাচ্ছে। তখন সেটি সংখ্যাবাচক বিশেষ্য বা countable noun. অর্থাৎ, one gold, two golds, three golds তখন বলা সম্ভব হবে। আর তখন less ব্যবহার করা যাবে না, করা যাবে fewer. যেমন, America has taken fewer golds than CIS. (এ-ফাঁকে CIS মানে যে Commonwealth Independent States, অর্থাৎ সোভিয়েত ইউনিয়নের নতুন নাম, সেটি জানিয়ে দিল ইব্রাহীম।) অর্থাৎ, বোরহান স্যার বললেন, uncountable এবং countable noun-এর অসমান তুলনার বেলায় বেশি বোঝাতে উভয় ক্ষেত্রেই more. কিন্তু কমের মধ্যে uncountable-এর বেলায় less ও countable এর বেলায় fewer ব্যবহার করতে হয়। দেখি বাক্য দাও তো তোমরা! কাজল সবচেয়ে চটপটে। সে-ই দ্রুত সবক'টি বাক্য বলে ফেললো। যেমন সে বললো, I eat **less rice than** Hablu : but I drink **more milk than** he does. আবার Hablu **eats more mangoes than** anybody else (does) here ; but Hablu **has fewer books than** I have. (কথ্য ইংরেজিতে than me-ও চালু আছে।)

বোরহান স্যার বললেন, very good. দেখো, rice, আর milk দুটোই uncountable—সেজন্য কাজল more আর less ব্যবহার করেছে, আর mangoes আর books দুটোই countable. সেজন্য কাজল more আর fewer ব্যবহার করেছে।

www.pathagar.com

অজিত বললো, স্যার আরও দু'একটা তুলনামূলক বাক্যের উদাহরণ দিলে ভালো হয়।

বোরহান স্যার বললেন, কেন, তোমরাই দাও।

তখন সবাই সমস্বরে বলতে লাগলো, Barcelona is **greater than** Madrid; China has sent **fewer** athelets to Barcelona **than** USA; Footbal is **more** exciting **than** hockey as a game.

তখন বোরহান স্যার বললেন, যাও এখন খেলা শুরু হয়েছে। এখন সবাই টিভি দেখি। আগামীতে comparative sentence নিয়ে বিস্তারিত আলাপ করবো।

www.pathagar.com

কে বড় (২)

বোরহান স্যারকে অজিত মনে-মনে দুটো প্রশ্ন করবে ঠিক করে রেখেছিলো। গত মাসে বোরহান স্যার তুলনামূলক বাক্যে বলেছিলেন, He speaks English more fluently than I do. অজিতের জিজ্ঞাস্য, I-এর পর auxiliary 'do' ব্যবহার করতে হবে কি না। আরেকটা প্রশ্ন তার মনে ঘুরঘুর করছিলো, যে than-এর পর I না বলে me বলা যাবে কি না।

অজিত ভালো বন্ধু পেয়েছে ইব্রাহীমকে। ইব্রাহীমের আর যতো দোষই থাক—লেখাপড়া না করে বন্ধুদের বাসায় ঘুরঘুর করা, অযথা উত্তেজিত হয়ে তর্ক করা, এসব আর কি–কিন্তু ইংরেজি শেখার ব্যাপারে তার আগ্রহ ও আন্তরিকতা প্রায় অজিতেরই সমান। স্কুলের টিফিন ছুটিতে কমনরুমে বসে অজিত ইব্রাহীমের সঙ্গে এক দান দাবা খেলছিলো। অজিত বললো, Sometimes your moves are quite sharp. (দাবা খেলার চালকে ইংরেজিতে move বা moves বলে।)

কাজল অনেকক্ষণ থেকে দু'বন্ধুর খেলা দেখছিলো। পট করে বললো, Ajit, your moves are **sharper than his.**

কাজলের সুন্দর ইংরেজি বলা অজিতকে আবার পাগল করে তুললো। ঈর্ষান্বিত হয়ে সে ভাবলো, সে কেন পারে না অমন করে বলতে। অজিতের প্রতিযোগী-মন তাই বলে বিষয়টিকে ফেলে রাখলো না। নিজের মনেই সে, দাবার চাল দেবার ফাঁকে ফাঁকে, বাক্যের পর বাক্য সাজাতে লাগলো। অজিত মনে-মনে এ-বাক্যগুলো বানালো, যেমন The Rook (দাবার নৌকা) covers **more distance than** the Knight (দাবার ঘোড়া) does. (এই শেষের 'does'-টা নিয়ে সে অবশ্য চিন্তা করলো, কেননা, বোরহান স্যারের উদাহরণে কোথাও শেষের auxiliaries-গুলো ব্যবহৃত হয়নি।) অজিত যে আর দুটো বাক্য বানালো সেগুলো হলো—Kajal's English is **better than mine** এবং Ibrahm is **keener** on learning English **than** any other friend of mine. সুন্দর ইংরেজি মনে-মনে বানানো এক কথা, আর ঠিক ঠিক

www.pathagar.com

তা মুখে বলা আরেক কথা। যাহোক, রাত্রে ১০টায় খবর শোনার জন্য বোরহান স্যার এলে, অজিত তার দুটো প্রশ্নই জিজ্ঞেস করলো। বোরহান স্যার বললেন, হ্যাঁ, যুক্তিসঙ্গত প্রশ্ন। ব্যাপার হলো, তুলনামূলক বাক্যে দ্বিতীয় দফা auxiliary 'do' 'does' 'am' 'is' 'are' এগুলোর ব্যবহার বক্তার ইচ্ছাধীন। যেমন, I know you **better than** he (does). He earns **more** money **than** his brother (does). They play **better** football **than** we (do). আর, তোমার দ্বিতীয় প্রশ্ন pronoun 'I' বসবে না 'me' বসবে সেটি নির্ভর করছে বাক্যের অর্থের ওপর। I-টা হলো subjective pronoun আর me-টা হলো objective pronoun. প্রথম বাক্যটাকেই আমরা ব্যাখ্যার জন্য নিই ; I **know** you **better than he** (does). বাক্যটাকে পুরো সাজালে হয় : I **know** you **better than he knows** you. বাংলা অর্থ হলো, সে তোমাকে

যতোটা চেনে আমি তার চেয়ে তোমাকে ভালো চিনি। অর্থাৎ, শেষের he-টা know ক্রিয়াপদের object নয়। বরঞ্চ, he-টা I-এর মতো subject. You হলো know ক্রিয়াপদের object. এখন বাক্যটাকে ঘুরিয়ে দিই : I **know** you **better than him.** অর্থাৎ I **know** you **better than** I **know him.** বাংলা অর্থ হলো, তাকে যতোটা চিনি তার চেয়ে আমি তোমাকে বেশি

www.pathagar.com

চিনি। অর্থাৎ, আমি তোমাকেও চিনি, তাকেও চিনি, কিন্তু তোমাকে বেশি চিনি। এখানে know ক্রিয়াপদের object দুটো, যথাক্রমে you এবং him. মনে রাখবে, know একটি transitive verb. কিন্তু, intransitive verb-এর বেলায় subjective pronoun না বসিয়ে objective pronoun বসানোর রীতি খুব চালু আছে, যেমন– He is **taller** than I am না বলে, he is taller than me বলা হয়। He can run **faster than** I can না বলে he can run **faster than me** বলা হয়। সম্ভবত বাক্য সঙ্কোচনের জন্য এ-ব্যবহার চালু হয়েছে। অজিত মৃদু ঘাড় নাড়লো। কেমন জলের মতো বোরহান স্যার সব বুঝিয়ে দেন।

সে বললো, স্যার Who is it? এর উত্তর কী বলা হবে?

বোরহান স্যার বললেন, it is me/it is him/it is her বলাই রীতি।

এবার অজিতদের স্কুলে নতুন আরেকজন শিক্ষক যোগ দিয়েছেন। জয়নাল স্যার। বয়সে একদম তরুণ, প্রায় অজিতদের বড় ভাইদের বয়সী। পড়ান বিজ্ঞান। কিন্তু ছেলেরা এর মধ্যে খবর নিয়েছে স্যার ভীষণ কবিতা-পাগল, নিজে নাকি কবিতা লেখেনও। কাজল ছাড়া আর সাহসী কে? জয়নাল স্যার হালকা পাতলা গড়নের– পরনে একটা বুশ শার্ট ও জিনসের প্যান্ট। শার্টের বুকের ওপরের বোতামটা খোলা। কাজল পাঁচ মিনিট যেতে-না-যেতেই স্যারের নাইট্রোজেন-চক্রের ওপর বক্তৃতা থামিয়ে দিয়ে বললো, Sir, excuse me, may I ask you a question? তরুণ শিক্ষক তো প্রথমে হতভম্ব। ক্লাস এইটের ছেলের মুখে এরকম বিশুদ্ধ ইংরেজি প্রশ্ন শুনে তিনি ভ্যাবাচ্যাকা খেয়ে গেলেন। তারপর ঢোক গিলে বললেন, Yes, you may.

কাজল বললো, Do you write poetry, Sir?

প্রশ্নটা শুনে স্যার একটু হাসলেন। লজ্জার রক্তিম আভায় তাঁর গাল লাল হয়ে উঠলো। বললেন, Yes, I do. Why do you ask?

স্যারের পাল্টা প্রশ্নে কাজলের মতো স্মার্ট ছেলেও থতমত খেয়ে গেল। তাই তো, প্রশ্নটা কেন করলো সে! হাবলুই বাঁচিয়ে দিল এ-যাত্রা। হাবলু যদিও এতক্ষণ টিফিন-ছুটির সময় নিজেরটা ছাড়া আর কার টিফিন কেড়ে খাবে এ প্ল্যান করছিলো, সে-ই বললো, You know Sir, Kajal is **more curious** (কিউরিয়াস-কৌতূহলী) **than** any of us here.

হাবলুর ইংরেজি শুনেও জয়নাল স্যার কম বিস্মিত হলেন না।

তিনি বললেন, তোমরা কবিতা পড়ো নাকি?

সবাই চুপ। তিনি আবার বললেন, তোমরা সব সময় ইংরেজিতে কথা বলো নাকি?

www.pathagar.com

ডেভিড বললো, We always try স্যার।

কাজলই আবার বললো, Our English now is **far better than** it was last year.

জয়নাল স্যার বললেন, Yes, I very well see that it is.

হাবলুর বোধহয় আজ মাথা ঠিক নেই, সে পেছন থেকে উঠে দাঁড়িয়ে বললো— Who do you think is a better poet, Rabindranath Thakur or Kazi Nazrul Islam?

জয়নাল স্যার বাংলায় আস্তে আস্তে বললেন, ওভাবে তুলনা টানা ঠিক নয়, হাবলু। সব বড় কবিরই নিজস্ব কিছু বৈশিষ্ট্য আছে, যার কারণে তাঁরা একজনের চেয়ে আরেকজন স্বতন্ত্র। আর Thakur-কে ইংরেজরা Tagore বলে, যদিও এখন Thakur বললেও অসুবিধা নেই।

টিফিন-ছুটির পর বোরহান স্যারের ইংরেজি ক্লাস। একটা গোপন কথা বলি, বোরহান স্যার খুব ভালো বোঝাতে পারলেও ক্লাস সব সময় মনোযোগ দিয়ে নেন না। গালগল্প, রসিকতা এসব নিয়েই সময় কাটান। ছাত্রদের মধ্যে গুজব আছে, তাঁর নাকি প্রমোশন আটকে আছে, সেজন্য তিনি আর ক্লাসে মন দেন না।

বিপুল আর অজিত ঠিক করে রেখেছিলো, স্যারকে তারা আজ far, much, many, little, few এসব শব্দ তুলনামূলক বাক্যে কীভাবে ব্যবহার করা হয় তা জেনে নেবে। তার আগে হাবলুই বাধালো গণ্ডগোল। সে পট করে দাঁড়িয়ে বললো, Sir, the science-teacher was so pleased with us for our English that our joy knows no bounds.

বোরহান স্যার খুব খুশি হয়ে বললেন, Was he, really!

সবাই একবাক্যে বললো, Yes Sir, he was.

তখন অজিত তার প্রশ্নটা রাখলো, স্যার far, much এগুলো কীভাবে use করবো?

বোরহান স্যার বললেন, অজিত, আজকে গ্রামার থাক— পরের ক্লাসে নেব। আজ বরং তোমাদেরকে একটা গল্প বলি।

www.pathagar.com

কে বড় (৩)

Far আর Much নিজেরা কোনো তুলনামূলক বাক্য তৈরি করতে পারে না, কিন্তু তুলনার তফাতকে ওরা বাড়াতে পারে, একথা বলে বোরহান স্যার সপ্রশ্নে ক্লাসের দিকে তাকালেন। কাজল শেষ বেঞ্চে বসা। সে বললো, A watermelon is **much sweeter than** a lemon.

বোরহান স্যার বললেন, ঠিক হয়েছে। দেখো, আমরা যদি বলি, America **is greater than** Bangladesh, তা হলে তুলনামূলক বাক্য ঠিক হলেও এটা সত্যিকার অর্থে কোনো তুলনা হলো না। কেননা, আমেরিকা তো বাংলাদেশের চেয়ে অনেক বড়। তাই বলতে হবে, America is **far greater than** Bangladesh. Far দিয়ে তফাতের ডিগ্রীটা বোঝানো হলো।

কাজল বললো, তা হলে আরেকটা বলি স্যার। He speaks English **much more rapidly than** he does Hindi.

বোরহান স্যার আবার বললেন, far-এরও comparative আর superlative degree আছে। দেখো : The university **is farther** from here **than** the market. Some say, Teknaf is the **farthest** town from Dhaka. এগুলি গেল দূরত্বের কথা। আবার দেখো, সময়ের অর্থে far কম্প্যারেটিভে হবে further, আর সুপারলেটিভে furthest. যেমন, We must get **further** information on this. **Further** the cause of peace. I'll offer you Taka. 50, and that's the **furthest** I can go.

অজিত তখন তার পুরনো প্রশ্নটি তুললো। স্যার, little, much, many, few নিয়ে বলবেন বলেছিলেন।

বোরহান স্যার বললেন, হ্যাঁ, little ব্যবহার হয় uncountable noun-এর সঙ্গে। যেমন, the child has drunk little milk. আর comparative-এ দেখো, the boy has drunk **less milk than** the girl. আর

www.pathagar.com

superlative-এ দেখো, There isn't **the least** wind today. অর্থাৎ, প্যাটার্নটা হলো, little-less-least.

কাজল ঝট করে দাঁড়িয়ে বললো, স্যার, যদি বলি, A has **little,** B has **less,** and C has **the least** তা হলে হবে?

বোরহান স্যার বললেন, বোঝানোর সুবিধার জন্য ঐভাবে বললে হয়। আর, more এবং most হয় বেশির অর্থে—countable and uncountable দুটোর জন্যই। যেমন, Kajal has **more books than** Ibrahim. Hablu has taken **more rice** than Ajit. এখানে 'book' countable noun, কিন্তু 'rice' uncountable noun.

আর 'most' দিয়ে বাকি বাক্যগুলো কাজলই দিয়ে দিলো, যেমন, CIS has won the **most medals** at Barcelona ; Those who have **the most money** are not always **the happiest.**

ডেভিড বললো, স্যার few-র ব্যবহারটা কীরকম?

বোরহান স্যার বললেন, few-fewer-fewest, এবং এ adjective-টা সব সময় countable noun-এর সঙ্গে যায়। দেখো—Only **few people** came to the meeting. **Fewer students** have come today **than** yesterday. Which of you made **the fewest** mistakes?

কাজল বললো, Little/a little, few/a few-র মধ্যে তফাত কী স্যার?

বোরহান স্যার বললেন, a না দিলে little আর few দিয়ে negative ধারণা দেওয়া হয়। যেমন, We've got **little time.** He has **few friends**. অর্থাৎ আমাদের সময়ও বেশি নেই, তার বন্ধুও বেশি নেই ; আর যদি বলি, We've got **a little** time. He has **a few friends**—তা হলে positive অর্থ নিয়ে হবে, আমাদের হাতে কিছু সময় আছে, তার কিছু বন্ধু আছে।

অজিত বললো, স্যার, আপনি বললেন little শুধু uncountable নাউন-এর ক্ষেত্রে ব্যবহার হয়। কিন্তু, a little child, a nice little song. এরকমও বলতে শুনি।

বোরহান স্যার বললেন, ঠিকই বলেছো অজিত। Child আর song দুটোই countable নাউন, কিন্তু little ব্যবহার হচ্ছে। অর্থাৎ, little সংখ্যাবাচক বিশেষ্যের সঙ্গেও যায়।

বোরহান স্যার আবার বললেন, আর কিছু তুলনামূলক বাক্য তৈরি হয় একটু অন্যভাবে যেগুলোকে আমরা সংখ্যাবাচক তুলনা-বাক্য বলতে পারি। যেমন ধরো, আসলাম সকালে ৬টা ডিম খায়, আর গোগা খায় ২টা। কীভাবে

www.pathagar.com

বলবো বাক্যটা? কাজল চেষ্টা করলো মনে-মনে, কিন্তু সাহস করে বললো না। অন্যরা চুপ মেরে গেল।

বোরহান স্যার বললেন, Aslam takes **three times as many eggs as** Goga.

কাজল বললো, যদি বলি, Aslam takes three times more eggs than Goga.

বোরহান স্যার বললেন, সেটি ঠিক হবে না, সংখ্যাবাচক তুলনায় more..... than ব্যবহার করা যায় না। (যদিও, এ প্যাটার্নটার চল আছে।) আরও দেখো, This dictionary **costs twice as much as** the other one. কাজল আর ডেভিড এর মধ্যে হাত তুলে ফেলেছে।

বোরহান স্যার বললেন, ঠিক আছে, তোমরাই বাক্য দাও।

কাজল বললো, I've **four times as many books as** Ajit ; China is **three times as big as** India.

ডেভিড বললো, A mango is **six times as costly as** a lemon; Bangladesh has **four times as many people as** Mayanmar.

অজিত বললো, স্যার, কোনো জিনিস কোনো জিনিসের অংশে প্রকাশ করলে কী ভাবে বাক্যগুলো হবে।

বোরহান স্যার বললেন, তুমি কি কোনটা কোনটার কতো অংশ সে অর্থে বলছো?

জি স্যার, অজিত বললো।

বোরহান স্যার বলবার আগেই কাজল হাত তুললো। বলো, বোরহান স্যার অনুমিত দিলেন।

India is **one-third** the size of China.

ডেভিড বললো, **Two-thirds** of the people of Bangladesh remain half-fed.

অজিত সাহস করে বললো, **Three-fourths** of the earth's surface is covered with water.

অজিতের সুন্দর বাক্য বলা দেখে বোরহান স্যার খুব খুশি হলেন। তিনি বললেন, মনে রেখো, one-third, one-ninth, one-hundredth. কিন্তু, two-thirds, four-ninths. অর্থাৎ লব যদি 'এক' এর বেশি হয়, হরগুলোর বহুবচন বসবে, তাই ninth না হয়ে ninths হবে। কিন্তু five hundredth.

www.pathagar.com

ডেভিড বললো, স্যার, China is **three times** the size of India এভাবে বলা যায় না?

বোরহান স্যার বললেন, হ্যাঁ, ঐভাবেও বলা যায়।

ইব্রাহীম নতুন ছেলে। এখনও স্যারকে ক্লাসে প্রশ্ন করার মতো সাহস তার হয়নি। তবুও কোনোমতে বললো, ডাবল কম্প্যারেটিভ কী স্যার?

বোরহান স্যার বললেন, চমৎকার প্রশ্ন। এ-ধরনের বাক্যে Comparative adjectives-এর সঙ্গে দু'বার 'the' ব্যবহার করতে হয়। দেখো, **The hotter** it is, **the lazier** you become. **The higher** we flew, **the worse** Rahim felt. **The more** he rowed the boat, **the farther** away he got. এ-ধরনের বাক্যে দু'বারই subject আসবে verb-এর আগে। যেমন, **The more you study, the smarter you will become.**

এখানে subject 'you' এসেছে যথাক্রমে verb 'study' এবং 'will become'-এর আগে।

No sooner-ও কি comparative স্যার? ইব্রাহীম এবার জিজ্ঞাস করলো।

হ্যাঁ, বোরহান স্যার বললেন। No sooner হচ্ছে একটি adverbial phrase এবং এটা দিয়ে বাক্য শুরু হলে, verb আসবে subject-এর আগে। আর, দ্বিতীয় অংশ 'than' দিয়ে শুরু করতে হবে। দেখো, **No sooner had we started** for Dhaka, **than** it **started** to rain. **No sooner will he** arrive, **than he will** want to leave. No sooner-এর সহজ অর্থ হলো, দুটো কাজ দ্রুত একটার পর আরেকটা অর্থাৎ প্রায় একই সঙ্গে ঘটে যাওয়া। যেমন, আমাদের স্টেশনে পৌঁছানোমাত্রই বৃষ্টি শুরু হলো। এখানে, স্টেশনে পৌঁছানোর কাজটা বৃষ্টি শুরু হবার কাজের সামান্য আগে ঘটে গেলেও, সময়ের ব্যবধান অনুল্লেখ্য। তাই বাক্যটা হবে **No sooner had we reached the station than the rain came.** এ-সময় ক্লাসের ঘণ্টা বাজলে, বোরহান স্যার ক্লাস শেষ করেন।

www.pathagar.com

ব্যাকরণ মানি না

সি এন এন (Cable News Network) প্রোগ্রাম গোগ্রাসে গিলে যাচ্ছিলো অজিত। স্কুল বসে তার ৮ : ১০ মিনিটে। তাতে অসুবিধা কী, ৭টা থেকে ৭ : ৩০ পর্যন্ত তো সে টি ভি দেখতে পারে, এবং তা-ই করছিলো সে। কিন্তু বাধ সাধলো বার্ষিক পরীক্ষা। ডেইট পড়েছে নভেম্বরের ২৫ তারিখে (১৯৯২)। এরপর ডিসেম্বর মাসের কোনো এক সময়ে বৃত্তি পরীক্ষা। অথচ, এদিকে সিএনএন-এ বুশ-ক্লিনটনের লড়াইও বেশ জমে উঠেছে। (১৯৯২ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন যথাক্রমে জর্জ বুশ, প্যারো ও বিল ক্লিনটন। ক্লিনটন জয়লাভ করেন।)

সিএনএন খবরের সব কথা তো অজিত বুঝতে পারে না, তবুও শুনতে যেন কেমন ভালো লাগে। সে লক্ষ করেছে, বুশের কথা যতোটা স্পষ্ট বোঝা যায়, ক্লিনটনের ততোটা না। আবার ক্লিনটনের চেহারা, চুলের পশমি রং অজিতের খুব ভালো লাগে। কাজলটা দুষ্টু হলেও সিএনএন-এর ইংরেজি প্রায় ৭০ ভাগ বুঝতে পারে। মনে-মনে অজিত কাজলের মেধার খুব সুনাম করে। সেদিন বিকেলে চা খেতে এসেছিলো কাজল। অজিত টের পেয়েছিলো, চতুর একটা বুদ্ধিও কাজল মাথায় করে এনেছে। ইংরেজিতে কাজল যতোটা না হরবোলা, অঙ্কে ঠিক ততোটা কাঁচা। মিশ্রণ, শতকরা, লাভ-ক্ষতি কিচ্ছুই সে ঠিকমতো মেলাতে পারে না। কাজলের উদ্দেশ্য অজিতের খাতা দেখে সে কয়েকটা অঙ্ক টুকে নেবে। সেয়ানে-সেয়ানে ব্যাপার। কিন্তু দু'জনই তো ভালো বন্ধু। বুদ্ধির ঠোকাঠুকি কতোক্ষণ চলবে! তাই মনের কথা বলা শুরু হলো। কাজল বললো, The American election is very clumsy. (Clumsy-ক্লামজি-অপরিচ্ছন্ন, বিশ্রী, এখানে অর্থ, গোলমেলে।) Clumsier than that of Bangladesh.

www.pathagar.com

অজিত মনে-মনে বন্ধুর ইংরেজি বলার ক্ষমতা দেখে একেবারে বিগলিত হয়ে পড়লো। কী সুন্দর বলছে, clumsy, clumsier. তাই তো বোরহান স্যার বারবার বলেন, Kajal is very much **at home** in English. পাছে অজিত বুঝতে না পারে, সেজন্য বোরহান স্যার বলেছিলেন, at home অর্থ এখানে 'বাড়িতে' নয়, এখানে হচ্ছে 'দক্ষ'।

কাজল তখন বললো, CNN দেখে আমার একটা জিনিস পরিষ্কার হয়েছে।

কী?

স্কুলে আমরা যেভাবে ইংরেজি শিখি তাতে কোনোদিন আসল ইংরেজি শেখা যাবে না।

অজিত বললো, বুঝতে পারলাম না তোর কথা। আসল ইংরেজি মানে আবার কী?

কাজল ব্যগ্র হয়ে বললো, শোন, তোকে বলি। ভাষার ব্যবহার কেন, যোগাযোগের জন্য তো? কিন্তু ব্যাকরণের নিয়ম শিখে আমরা পরীক্ষায় নম্বর বেশি পাই, তা হলেও লেখার সময়, বলার সময় আমরা পরপর দুটো বাক্য দিতে হাঁপিয়ে উঠি।

অজিত বললো, ইংরেজি তো বিদেশী ভাষা, ব্যাকরণের নিয়ম না জানলে শিখবো কী করে?

তোর সব ভুল ধারণা, ভাষার ব্যবহারটাই হচ্ছে ভাষা-শিক্ষা, নিয়ম জানাটা নয়। ধর, আমরা পরীক্ষার জন্য গাদাগাদা অ্যাপ্রোপ্রিয়েট প্রিপজিশন শিখি, শিখি ফ্রেজ, আরও কতো কী! অথচ, বলতে গেলে কেমন সব জগাখিচুড়ি হয়ে যায়, at হবে না in হবে, up হবে না on হবে, with হবে না by হবে, কিছুই ঠিক করতে পারি না।

অজিত বললো, আমার মনে হয়, ব্যাকরণের নিয়ম শেখার সঙ্গে এই বলতে না-পারার কোনো সম্পর্ক নেই। কথাটা হচ্ছে যে, ইংরেজি বলার বা লেখার ভালো সুযোগ আমাদের স্কুলে, বা পরিবারে, এমনকি আমাদের বন্ধুমহলেও বিশেষ নেই। সমাজেও হয়তো নেই।

কাজল অজিতের কথাটা মানলো। অজিতের এ-গুণটা সম্পর্কে সে সচেতন। কেমন ঠাণ্ডা মাথায় সব চিন্তা করতে পারে। তবুও সে অজিতের কাছে সে গল্পটা না করে পারলো না। এটা সে তার বাবার কাছে শুনেছে। তার বাবার অফিসে বিদেশী এক সাহেব এসেছেন ম্যানেজার হয়ে। ইয়া লম্বা এক আমেরিকান। বাবার বন্ধু মফজল সাহেব বললেন, I couldn't come

www.pathagar.com

because my grandmother had breathed her last. সাহেব বুঝতে না পেরে বললেন, I beg your pardon. (ইংরেজি কথোপকথনের সময় একজন আরেকজনের কথা শুনতে বা বুঝতে না পারলে I beg your pardon, pardon me বা sorry বলে। অথবা প্রশ্নটার কিছুটা পুনরুক্তি করে তারপর what বলতে হয়। যেমন, সাহেব এখানে মফজল সাহেবকে I beg your pardon না বলে your grandmother had ..... what? এভাবেও তাঁর বুঝতে না পারার কথা বলতে পারতেন।) মফজল সাহেব আবার অনড় হয়ে বললেন..... my grandmother had breathed her last (অর্থাৎ আমার দাদি শেষনিশ্বাস ত্যাগ করেছেন।) দ্বিতীয়বার বলার পরও সাহেব যখন বুঝলেন না, তখন আমার বাবা পাশ থেকে বললেন, He says that his grandmother is no more living (যদিও কাজলের বাবা বলতে পারতেন, no more alive)। সে যাহোক, সাহেব এতক্ষণে বুঝলেন। চোখ কপালে তুলে প্রচণ্ড হাসিতে ঘর ফাটিয়ে বললেন, Oh, I see. You mean, your grandmother has died. (এমনিতে, মারা যাবার তথ্যটা ইংরেজিতে এভাবে দেয়া হয়, Mr. Karim is dead. The president is dead.) গল্পটা বলা শেষ করে কাজল বললো, দেখলি তো breathed his last শেখার বিপদ। (Breath-ব্রেথ, নিশ্বাস, breathe-ব্রীদ, নিশ্বাস নেওয়া ; breathed-ব্রীদড্)

অজিত বললো, হ্যাঁ, আসলে আমাদের এমনভাবে শেখা উচিত যাতে আমরা ইংরেজিটা লিখতে, বলতে ও শুনে বুঝতে পারি। বোরহান স্যার বলেছিলেন না, যে-কোনো ভাষা শেখার চারটা দিক আছে, লেখা, বলা, শোনা, ও বোঝা। এ চারটা দিকই একই সঙ্গে চর্চা করতে হয়। তা না হলে died-এর জায়গায় breathed her last বলতে হবে, যেটার ব্যবহার স্বয়ং ইংরেজ আমেরিকানদেরও জানা নেই। (তবে, 'breathed her last' কথাটা obituary বা শোক-বিজ্ঞপ্তিতে দেয়া হয়।)

কাজল বললো, দেখ্-না, পরীক্ষার জন্য ভূরিভূরি প্রিপজিশন শিখছি, আর ভুলে যাচ্ছি। কী লাভ! তার চেয়ে যদি আমাদেরকে পরীক্ষার হলে প্রত্যেককে একটা একটা করে ছবি দিয়ে বলতো, ছবিটার বর্ণনা ইংরেজিতে দশ লাইনে লেখো। আর যদি, লিখিত পরীক্ষার পর দু'জন দু'জন করে ছাত্র ডেকে, একটা situation দিয়ে বলতো তোমরা এই situation-এর ওপর ইংরেজিতে দশ মিনিট কথা বলো আমরা শুনি, তা হলে আমাদের ইংরেজি ভাষা অনেক ভালো শেখা হতো।

অজিত বললো, তোর চিন্তা খুব ঠিক। দেখ্ না বোরহান স্যার যতো ভালো ইংরেজি জানেন, ততোটা কিন্তু বলতে পারেন না, লেখেনও না।

www.pathagar.com

কাজল বললো, ঐ যে ব্যাকরণ শেখার সঙ্গে সঙ্গে বলার এবং লেখার চর্চা করেননি, তাই।

অজিত, কাজল চলে গেলে, পড়ার টেবিলে খুব অন্যমনস্ক হয়ে বসে রইলো। আনমনে বিরাট ঢাউস গ্রামার বইটা টেনে নিলো। বিশ্রী! পরক্ষণেই বিরক্ত হয়ে সেটি রেখে দিলো। এবার ইংরেজি rapid reader-টা টেনে নিলো। চমৎকার চমৎকার গল্প আছে সেটিতে। অথচ, আশ্চর্য, বৃত্তির সিলেবাসে এ-র‍্যাপিড রিডার অন্তর্ভুক্ত নেই। কারা যে এসব সিলেবাস বানায়!

অজিত মুগ্ধ হয়ে পড়তে লাগলো, At last Jack reached the board and put one foot on it. His two hands held on to one of the bars above the board. He let go one hand but held on tightly with the other. Then he turned and put his other foot on the board. He took a quick look down and knew at once that his fears were real. He knew that he had no head for heights.

অজিত প্যাসেজটি নিয়ে একটু চিন্তা করলো। সে কি এখান থেকে প্রিপজিশন বের করতে পারে না? প্রিপজিশন তো সে জানে সাধারণত noun বা pronoun-এর আগে বসে। যেমন প্রথম বাক্যে আছে..... put one foot

www.pathagar.com

on it. 'It' pronoun-এর আগে 'on' preposition বসেছে। বাহ্ কী চমৎকার! দ্বিতীয় লাইনে আছে **above** the board. অর্থাৎ above (এবাভ) প্রিপজিশন। চমৎকার তো! সব জলের মতো পরিষ্কার হয়ে যাচ্ছে। ভূরিভূরি মুখস্থ করেও তো এমন বুঝতে পারতাম না। আসলে context বা বিষয়ের মধ্য দিয়েই তো ভাষা শিখতে হয়। চমৎকার একটা idea এলো তার মাথায়। এ প্যাসেজটিতে আর ক'টি প্রিপজিশন আছে সেটি কাজলকে দিয়ে বের করাই না কেন!

www.pathagar.com

প্রিপজিশনের সঙ্গে কুস্তি (১)

হ্যাঁ, বলেছিলাম যে কাজলের ইংরেজিজ্ঞান পরীক্ষা করতে অজিত প্রিপজিশন-ঠাসা একটি প্যাসেজ রেখে দিয়েছিলো। হয়েছে কী, কাজল ঠুশঠাশ ইংরেজি বলে ফেললেও গ্রামারের ব্যাপার-স্যাপার সে অনেক সময় ঠিক বুঝে উঠতে পারে না। অজিতের দেয়া প্যাসেজটি কিছুক্ষণ হাতের মধ্যে নাড়াচাড়া করে সে অনেকটা হতাশ হয়ে সেটি টেবিলে রেখে দিলো। তারপর বললো, চল্-না বোরহান স্যারের বাসায় যাই। প্রিপজিশন সম্পর্কে জ্ঞান নিই।

অজিত বললো, স্যারের বাসায় এখনও তো উৎসবের ধুম চলছে। বড় ছেলে ৭টা লেটার পেয়ে ম্যাট্রিক পাশ করেছিলো, এখন স্যারের আপন ভাই বি এ-তে প্রথম শ্রেণী পেয়েছে। কাজেই এলাহি ব্যাপার।

কাজল বললো, বিএ-তে প্রথম শ্রেণী যারা পায়, তারা champion hero. কী বলিস। আর জানিস, উনি নাকি অপশন্যাল ইংরেজিতেও পেয়েছেন ৭০। অর্থাৎ মোট ৪০ নম্বর তার অতিরিক্ত যোগ হয়েছে।

এসব আলাপ করতে করতে অজিত আর কাজল কিন্ত নিজেদের অজান্তেই বোরহান স্যারের বাসায় পৌঁছে গেলো। সেখানে গিয়ে দেখে, এর মধ্যেই ইব্রাহীম, ডেভিড, বিপুল আর হাবলু উপস্থিত। সবার হাতে বিরাট এক একটা স্পঞ্জ রসগোল্লা। তারা আরও দেখলো, বড় সোফার এক কোনায় ভদ্রভাবে বসে আছেন তাদের বিজ্ঞানের জয়নাল স্যার।

এর মধ্যে ভিতরের ঘর থেকে বোরহান স্যার এলে তাঁকে ঘিরে তক্ষুনি সবাই বসে গেল। অজিত বললো, স্যার, আজকে প্রিপজিশনের গল্প করেন।

বোরহান স্যার বললেন, আচ্ছা, তোমাদেরকে একটা মজার জিনিস বলি। like এবং as-এর ব্যবহার আমরা প্রায় গোলমাল করে ফেলি। অথচ like হচ্ছে প্রিপজিশন, যার পরে noun বা pronoun বসবে। আর, as হচ্ছে conjuction. দেখো, What a beautiful house! It's **like** a palace (not as a palace). অথচ, as-এর পর subject+verb হয়। দেখো, Don't

www.pathagar.com

move anything. Leave everything **as it is.** নিচের দু'টো বাক্যে like এবং as-এর তফাতটা দেখো—

—You should have done it **like** this. (like এখানে preposition)

—You should have done it **as I showed** you. (as+subject +verb) (as এখানে conjunction.)

বিজ্ঞানের জয়নাল স্যার খুব মনোযোগ দিয়ে বোরহান স্যারের আলোচনা শুনছিলেন। তিনি একটু ভেবে বললেন, কিন্তু এরকম একটা বাক্যে, A few years ago I worked as a bank clerk, এখানে তো as-এর পর নাউন আসছে। সেটি কী করে সম্ভব?

বোরহান স্যার মৃদু হেসে বললেন, খুব চমৎকার বলেছেন মাস্টার সাহবে! আসলে as-এর একটা প্রিপজিশন রূপও আছে, কিন্তু তখন তার অর্থ like-এর অর্থ নেয় না। দেখুন, Everyone is ill at home. Our house is **like** a hospital (যার অর্থ হচ্ছে আমাদের বাসা যদিও হাসপাতালের অবস্থায় আছে, আসলে হাসপাতাল নয়।) কিন্তু as-এর পর noun-এর ব্যবহার হয় যখন কারো পেশা বা কোনো ব্যবহার সম্পর্কে আমরা যথার্থ কথাটা বলি। দেখুন Sue has just found a job **as a shop assistant.** (অর্থাৎ সু সত্যিই শপ অ্যাসিসটেন্ট হিসেবে চাকরি পেয়েছে।)

বোরহান স্যারের ব্যাকরণের কচকচি শুনতে আসলে কারোরই ভালো লাগছিলো না। হাবলু তো এর মধ্যে কয়েকবার হাইও তুললো। সাহসী কাজল বললো, Sir, can't you discuss something more interesting?

ডেভিড আর আরও কয়েকজন চাপা স্বরে শ্ শ্ করে উঠলো। This is too much— কে যেন বললো।

www.pathagar.com

বোরহান স্যার মৃদু হেসে বললেন, না, ঐভাবে কথা বলাটা কাজলের কোনো দোষের হয়নি। কারণ, তোমাদের একটা ব্যাপার বুঝতে হবে, ভাষায়-ভাষায় আচার-আচরণের সংজ্ঞা বদলে যায়। কাজল যদি কথাটা বাংলায় বলতো, তা হলে অশ্রদ্ধা প্রকাশ হবার আশঙ্কা ছিলো। অর্থাৎ কিছু প্রকাশ আছে যা বাংলায় রূঢ় শোনায়, আবার কিছু প্রকাশ আছে যা ইংরেজিতে রূঢ় শোনায়। যেমন, আপনি মিথ্যেবাদী, এটার ইংরেজি you're a lier, যেটা তুলনায় বাংলার চেয়ে রূঢ়। সৈয়দ মুজতবা আলী একবার রস করে লিখেছিলেন, ইংরেজিতে কথায় কথায় damn you বলা যায় যার বাংলা অর্থ, 'তুই চুলোয় যা'— যে-বাক্য বাংলায় ব্যবহার করলে যে-কেউ রেগে যাবে।

ডেভিড খুব ভদ্রভাবে বললো, Sir, could you tell us something about 'at' 'on' and 'in'?

বোরহান স্যার বললেন very good question. শোনো, 'at' 'on' 'in' নিয়ে যে-কোনো গ্রামার বইয়ে ভূরিভূরি আলোচনা আছে। আজকে তোমাদেরকে সংক্ষেপে দুএকটা কথা বলবো। প্রথম কথা হলো, at/on/in দু'ভাবে ব্যবহার করা হয়— সময়ের জন্য অর্থাৎ time, এবং স্থানের জন্যে অর্থাৎ location. প্রথমে সময়ের ব্যাপারে at/on/in-এর ব্যবহার আলোচনা করা যাক।

হাবলু পট্ করে বললো, স্যার, আমি কয়েকটা উদাহরণ দিই। যেমন, **at** 4 o'clock, **at** 11.45, **at** midnight, **at** lunchtime.

বোরহান স্যার বললেন, বেশ ভালো। একটা অন্তত বাক্য দাও।

হাবলু বললো, My father usually leaves work **at** five o'clock.

ডেভিড বললো, Sir, more could be given, such as I am busy **at the moment.** He is busy **at present.**

তারপর ডেভিড বললো, Kajal and Ajit arrived **at the same time.**

Very good. বোরহান স্যার খুশি হয়ে বললেন।

হাবলু বললো, এবার 'on' দিয়ে দেবো, স্যার?

বোরহান স্যার বললেন, এবার অজিতই দিক, let everybody have a chance.

অজিত বলতে লাগলো, I usually go out **on Thursday evenings.** I was born **on 12 March.** (বলতে হবে 12th March).

হাবালু বললো, We have much pleasure **on Eid Day** (but 'at' Eid).

www.pathagar.com

বোরহান স্যার কিছু বলার আগেই ইব্রাহীম বললো, Sir, may I provide some sentences with 'in'?

ইব্রাহীম নতুন ছেলে। কিন্তু এর মধ্যে ইংরেজিতে ওর দখল নিয়ে ক্লাসে মোটামুটি আলোচনা শুরু হয়েছে। কিন্তু, বোরহান স্যার তার 'provide' শব্দটা পছন্দ করলেন না। বললেন, 'Give' না বলে 'Provide' বলার মধ্যে একটা পাণ্ডিত্য জাহির করার লক্ষণ আছে। কেন, এই সেদিন ঢাকার একটি কাগজে ডঃ নীলিমা ইব্রাহীমের একটি লেখায় পড়োনি, তাঁর ইংরেজি শিক্ষিত বাবা তাঁকে কী উপদেশ দিয়েছিলেন? তিনি বলেছিলেন, Never write 'appear' when you can write 'sit'. অর্থাৎ পরীক্ষা দেব, একথা বলতে আমরা সাধারণত বলি, I am appearing in the examination. কিন্তু ডঃ ইব্রাহীমের বাবা এ সঠিক উপদেশটি দিলেন যে, I am sitting for the examination বলাই ভালো। সেজন্য ইব্রাহীম তুমি give না বলে provide বলাটা স্বাভাবিক হলো না। যদিও অষ্টম শ্রেণীর ছাত্রের জন্য এটি একটি প্রশংসনীয় কাজ। এতে তোমার শব্দভাণ্ডার বা vocabulary (ভোকাবুলারি)-রও প্রমাণ হলো।

যাহোক, এবার প্রিপজিশনে আবার ফিরে আসি। একথা বলে কিন্তু বোরহান স্যারকে আর তাকাতে হলো না।

কাজলই বলে দিল : He'll be back **in a week.** The train will be leaving **in a few minutes.** Thy are getting married **in six months.** I learnt to drive **in four weeks.**

Good. বোরহান স্যার কাজলকে প্রশংসা করলেন। তারপর বললেন, এবার দেখো, on time এবং in time-এর তফাত। 'মহানগর প্রভাতী' ধরো ২:৪০ মিঃ চট্টগ্রাম পৌঁছার কথা। ঠিক ঐ সময়ে ট্রেন পৌঁছালে বলতে হবে, The train has arrived **on time.** আবার দেখো, ৭টার সময় টেলিভিশনে ফুটবল খেলা দেখানোর কথা। তুমি ৭টা বাজার ১০ বা ৫ মিনিট আগে বাসায় পৌঁছালে। তখন বলতে হবে, I got home **in time** to watch the football match on television. অর্থাৎ কোনো কাজ সঠিক সময়টিতে ঘটলে **on** বসবে, আর সময়ের আগে ঘটলে **in.** আবার, **at the end** এবং **in the end**-এর তফাত দেখো : কোনোকিছুর (of something) শেষে হলে at the end বলতে হয়। যেমন, I'm going away **at the end** of January. All the players shook hands **at the end** of the match. আর, in the end মানে হচ্ছে finally, অবশেষে। যেমন, He got more and more angry. **In the end** he just walked out of the room.

www.pathagar.com

প্রিপজিশনের সঙ্গে কুস্তি (২)

নতুন ছাত্র ইব্রাহীম এর মধ্যে তার একটা দোষের জন্য সবার কাছে পরিচিত হয়ে উঠেছে। সেটি হলো তার তর্ক করার স্বভাব। শান্ত ছেলে অজিতের পক্ষে ইব্রাহীমের এ তার্কিক স্বভাব সহ্য করা সম্ভব নয়। অথচ, দু'জনেই ঠিক বৃত্তি পরীক্ষার আগের দিন কোচিং থেকে ফেরার পথে লেগে গেল। ইব্রাহীমই বললো, বোরহান স্যার সেদিন প্রিপজিশন সম্পর্কে আলোচনায় as এবং because-এর তফাতটা দেখাননি কেন?

অজিত বললো, 'because' তো প্রিপজিশন নয়, তাই।

ইব্রাহীম বললো, হ্যাঁ, 'because' তো কনজান্কশন, এবং 'as' প্রিপজিশন ছাড়াও কনজান্কশন, কাজেই দু'টোর মধ্যে একটা আলোচনা তো হওয়া দরকার।

অজিত বললো, তুমি কি স্যারকে অভিযুক্ত করছো?

ইব্রাহীম শুধু তার্কিক নয়, চালাকও। সাথে সাথে জিভ কেটে বললো, ছি, ছি, স্যারের বিরুদ্ধে অভিযোগ আনা আমার সাজে নাকি!

ইব্রাহীমের কথার সুর অজিতের পছন্দ হয়নি। কেমন ছেলে, বোরহান স্যারের ইংরেজি সম্পর্কে প্রশ্ন তোলে?

কিন্তু কী আশ্চর্য, সেদিনই বিকেলবেলা স্কুলের মাঠে পায়চারিরত বোরহান স্যারের সঙ্গে তাদের সদলবলে দেখা। বোরহান স্যার প্রথমে অজিত, বিপুল, কাজল, চন্দন, ডেভিড, হাবলু আর ইব্রাহীমকে একসঙ্গে দেখে বলেই ফেল্লেন, থ্রী চিয়ারস।

কাজল বললো, হোয়াই স্যার?

বোরহান স্যার বললেন, For passing your final exams well.

কাজল বললো, But Sir, we expected higher marks in English.

www.pathagar.com

বোরহান স্যার মৃদু হেসে বললেন, Never mind. Marks don't matter.

অজিত বললো, স্যার, ইব্রাহীম নতুন এসেও ৫ম হয়ে গেছে। We're very happy.

বোরহান স্যার বললেন, Good, congratulations ইব্রাহীম। তোমরা সবাই যে খুব ভালো পাশ করে নবম শ্রেণীতে উঠেছো, সেজন্য আমি really happy.

স্যার, কাজল বললো, কালকে বৃত্তি পরীক্ষায় ইংরেজির প্রশ্ন কি স্কুলের ইংরেজি প্রশ্নের মতো হবে?

কাজলের সরাসরি প্রশ্ন করার স্বভাব সবার জানা। বোরহান স্যারও জানেন। তিনি আবার মৃদু হাসলেন। দুষ্টুমি ভরা। বললেন, Who knows?

হ্যাঁ, তখন অজিত ইব্রাহীমের সঙ্গে তর্কের বিষয়টা পাড়লো। সব শুনে বোরহান স্যার বললেন, হ্যাঁ, as এবং because কনজান্কশনের ব্যবহারে একই রীতি অনুসরণ করে। দেখো, He couldn`t come to school **as it was raining** heavily. ঠিক সেরকম He couldn`t come to school **because it was raining** heavily. প্রতিবারই, লক্ষ করলে, conjunction-এর পরে subject এবং verb এসেছে, অর্থাৎ clause বা বাক্যাংশ এসেছে। তবে, because-এর পর noun বা noun-clause এলে তখন কিন্তু because-এর পর of দিতে হয় এবং verb ব্যবহার করতে হয় না। দেখো, He couldn`t come to school **because of heavy rain** (noun phrase).

কাজল বললো, Sir, may I give two more examples showing the difference.

বোরহান স্যার খুশি হয়ে বললেন, O yes, go ahead.

কাজল বললো, My mark in English wasn't good enough **becaue I didn't take** good preparation for the exam. (subject + verb.) আবার My mark in English wasn't good enough **because of** my **bad preparation** (noun phrase).

কাজলের ইংরেজি শুনে সবাই খুশিতে হাততালি দিলো।

ডেভিড বললো, Sir, I don't understand why Kajal isn't as good in written English as (he is) in spoken English!

বোরহান স্যার বললেন, কেন, তোমাদেরকে আগে একদিন বলিনি যে, ভাষার চারটা skills (writing, speaking, reading এবং listening)-এর

www.pathagar.com

প্রত্যেকটিতে সমানভাবে মনোযোগ না দিলে, একটা skill আরেকটা skill-এর চেয়ে এগিয়ে যায় বা পিছিয়ে যায়। যেমন ধরো, বিমানবালা বা হোটেল রিসেপশনিস্ট যতো ভালো কথোপকথন ইংরেজি চালাতে পারে, ততো লিখতে পারে না। ব্যাপারটা হচ্ছে, কর্মক্ষেত্রে যে যে-স্কিলের সঙ্গে বেশি জড়িত সে সে স্কিলে ততো পারদর্শী হয়ে ওঠে।

ইদানীং বয়স হবার সাথে সাথে বোরহান স্যারের মধ্যে মতামত দেবার প্রবণতা তাঁর ছাত্ররাও লক্ষ করেছে। বিশেষ করে অজিত লক্ষ করেছে, স্যার ঝটপট উদাহরণ দেবার চাইতেও ভাষার সামাজিক ব্যবহার, মনস্তাত্ত্বিক উৎস এসব ব্যাপার আলোচনা করতে পছন্দ করেন। তাই, ছেলেদের অনেকেই বোরহান স্যারের তত্ত্ব আলোচনায় ধৈর্য রাখতে পারে না। যদিও, স্যারের প্রতি অজিতের দুর্বলতা ভীষণ।



পরের দিন, পরীক্ষা দিয়ে এসে, বোরহান স্যারের বাসায় সবাই জড়ো হলো। বৃত্তি পরীক্ষা দেবার মজাই আলাদা। পাশ-ফেলের কোনো প্রশ্ন নেই। পাশ তো সবাই করেই আছে। শুধু মনের আনন্দে লেখো বা না-লেখো। তা ছাড়া, সবাই এখন ক্লাস নাইনের ছাত্র—মনে-মনে সবার আত্মবিশ্বাস দু'ইঞ্চি বেড়েই আছে। সে-আত্মবিশ্বাস থেকেই হয়তো হাবলু ঝট্ করে বলে ফেললো, Sir, the English question was rather too easy. It just took one good minute for me to do all the five corrections.

Really! বোরহান স্যার অবাক হবার ভান করলেন। নিজের পাঞ্জাবির পকেট থেকে সেদিনের প্রশ্নটা বের করে বললেন, I fell asleep—the film. এ-বাক্যে তুমি গ্যাপের মধ্যে কী প্রিপজিশন বসিয়েছো?

www.pathagar.com

হাবলু সেই একই আত্মবিশ্বাস নিয়ে বললো, Why, at.

বোরহান স্যার বললেন, Very sorry, Hablu. You should have put 'during', not 'at'. কারণ during-এর সঙ্গে noun যোগ হলে বোঝায় 'কখন' কাজটা হচ্ছে, 'কোথায়' কাজটা নয়। দেখো, I'll phone you some time **during the afternoon.**

বোরহান স্যারের কথা শেষ হতে-না-হতেই ডেভিড বললো, Sir, I haven't forgotten the example you gave the other day. It was this : "The ground is wet. It must have rained **during the night.**"

Bravo, your memory— বোরহান স্যার হর্ষধ্বনি করে উঠলেন।

কী একটা মনে পড়তে বোরহান স্যার আবার বললেন, 'for'-এর সঙ্গে 'during'-এর তফাতটা দেখো। আমরা বলি, I've lived in this house **for six years.** We watched **television for two hours** last night. অর্থাৎ for+a period of time বলে দেয় একটা কাজ কতোক্ষণ ধরে চলেছে।

কাজল বললো, That's quite understood. আচ্ছা স্যার, during-এর সঙ্গে while-এর তফাতটা কী?

শোনো, বোরহান স্যার বললেন, তোমাদের প্রশ্নে বাক্যটা ছিলো, I fell asleep **during the film.** অর্থাৎ 'ছবি চলার সময় আমি ঘুমিয়ে পড়েছিলাম'। While দিলে বাক্যটা হবে, I fell asleep **while I was** watching a film on television. অর্থাৎ while-এর পর sub+verb আসে।

যেমন স্যার, কাজল বললো, Hablu was **eating bananas while we were discussing** grammar. হাবলু খেপে যেতো, কিন্তু সে আশাতিরিক্ত ভালো ফলাফল করেছে বলে বন্ধুদের বক্রোক্তি গায়ে মাখছিলো না।

তখন অজিত বললো, স্যার, while কি একটা প্রিপজিশন?

বোরহান স্যার বললেন, না। আসলে আলোচনার সূত্রে while এসে গেছে। শোনো, ভাষা শেখার সময় কোনো নির্দিষ্ট ছক মানার দরকার নেই। প্রসঙ্গক্রমে যাই-ই আসবে, তার ব্যবহার সম্পর্কে জানার চেষ্টা করবে। আচ্ছা বলি, while প্রধানত conjunction. তবে, এর বিশেষ্য রূপও আছে— যেমন, just wait (for) **a while** and then I'll help you. আরও মজার দেখো, while-এর ক্রিয়ারূপও আছে। He **whiled** away the hours of waiting by reading a book. অর্থাৎ সে অপেক্ষার সময়টুকু বই পড়ে কাটলো।

www.pathagar.com

প্রিপজিশনের সঙ্গে কুস্তি (৩)

হাবলু আর তার সকল সঙ্গী অষ্টম শ্রেণী থেকে নবম শ্রেণীতে উঠতে-না-উঠতেই এক ঝামেলায় পড়লো। এক এক করে তারা সবাই বসন্ত রোগে আক্রান্ত হলো। এমন হলো যে, এ সেরে উঠলো তো ও পড়লো। প্রথমে ধরা খেলো কাজল। ক'দিন থেকে তার ঢোক গিলতে কষ্ট হচ্ছিলো। জ্বর-জ্বর ভাব, সঙ্গে খাদ্যে অরুচি। আর বলা নেই কওয়া নেই—দুপুরে লেপমুড়ি দিয়ে ঘুম থেকে ওঠার পর দেখলো মুখের চারপাশে ক্ষুদ্র ক্ষুদ্র ব্রনের মতো বসন্তের গোটা ফুটে উঠেছে। সে-রাত্রেই কাজলের বাবা ডাক্তার ডেকে আনলেন। ডাক্তার বললেন, নো প্রব্লেম। শুধু ঘর থেকে বের হওয়া যাবে না দু'সপ্তাহ। গোটাগুলো আরও বের হবে, পাকবে, তারপর শুকিয়ে যাবে। অন্য কোনো অসুখে যাতে না গড়ায় সেজন্য আমি একটা অ্যান্টিবায়োটিক দিয়ে দিচ্ছি।

আর এর তিনদিন পরেই পড়লো হাবলু। জানুয়ারির মাঝামাঝি সময়। শুকনো শীতের দিন। চারদিকে আত্মীয়স্বজনের বাড়িতে, পাড়া-পড়শির ঘরে লেগেছে বিয়ের ধুম। আর চলছে নতুন চালের পিঠা-পুলির উৎসব। হাবলুর মা নিজেই এ-সময় প্রচুর পিঠা বানান। গনগনে আগুনের ভাপার মধ্যে যেমন জমান 'ধুই' পিঠা, তেমনি রস মাখিয়ে তৈরি করেন চাঁদের মতো গোল চিতই পিঠা। হাবলু কি আর বসন্তের গোটা-ফোটা মানে! সমানে খেয়ে যাচ্ছে। কারণ, ডাক্তারও বলেছে, এ-অসুখে খেতে কোনো নিষেধ নেই। হাবলুর দুঃখ অবশ্য তাতে কিছু কমলোও না। ওই যে বিয়েগুলো বাদ যাচ্ছে, তাতে তার খুব আফসোস।

এর মধ্যে একে একে যখন আর সবাই অসুখে পড়লো, বোরহান স্যারের মনটাও উতলা হয়ে উঠলো। তাঁর এতগুলো প্রিয় ছাত্র এতদিন ধরে নতুন ক্লাসে উপস্থিত নেই। কাছেই হাবলুর বাসা। তিনি প্রথমেই সেখানে গেলেন। হাবলুর মা তাঁকে এক জোড়া 'ধুই' পিঠা রস দিয়ে খেতে দিলেন। হাবলুর বসার ঘরে আসা নিষেধ। বোরহান স্যারই তার রুমে গেলেন, বললেন, This disease is very painful because of the eruptions (ইরাপশনস অর্থ উদ্গিরণ,

www.pathagar.com

যেমন, ভূমিকম্পের উদ্গিরণ, volcanic eruptions. তবে এখানে বসন্তের গোটা বের হওয়া অর্থে).

হাবলু সারা মুখে গোটার বাহার নিয়ে ম্লান হাসলো, বললো, Yes Sir, it is.

বোরহান স্যারের একটু অস্বস্তি হচ্ছিলো। কারণ, এ-রোগটা খুব ছোঁয়াচে। হাবলু স্যারের অস্বস্তির কথা টের পেয়ে বললো, Sir, you mustn't stay here long. This disease is very contagious (কন্টেইজাস-ছোঁয়াচে).

বোরহান স্যার আন্তরিকভাবে You don't worry বললেও পরক্ষণেই কিন্তু উঠে গেলেন।

যাহোক, ফেব্রুয়ারির প্রথম সপ্তাহেই কিন্তু সবাই আস্তে আস্তে ক্লাসে আসতে শুরু করলো। দ্বিতীয় পিরিয়ডে সোমবারে বোরহান স্যারের গ্রামার অ্যান্ড কম্পোজিশন ক্লাস। ক্লাসে ঢুকেই তাঁর হঠাৎ একটু হাসি পেল। ক্লাসভর্তি প্রায় অর্ধেক ছেলেরই মুখে বসন্তের খুদ বা কণা। যেন, একটা ইংরেজি কমেডি ছবির দৃশ্য। স্যারের মজা পাওয়ার অনুভূতি কিশোর-বয়সের এসব ছেলের মধ্যেও সঞ্চারিত হলো। তারা সবাই একসঙ্গে হেসে দিল। কাজলই বললো, Sir, isn't it interesting that you see so many freckled faces in just one class!

বোরহান স্যার হাসতে হাসতে বললেন, Indeed, it is! তারপর বললেন, কাজল, তমি বসন্ত-ক্ষত মুখের ইংরেজি freckled (ফ্রেকলড) faces বলেছো, সেটি যথার্থ হয়েছে। যদিও freckled faces সাধারণত রৌদ্রদগ্ধতার কারণে চামড়ায় যে দাগ হয় তাকে বোঝায়।

ডেভিড চট করে বললো, Sir, can we also say spotted faces?

বোরহান স্যার বললেন, Sure, you can.

অজিত বললো, Sir, why is it called chicken pox? Has it got anything to do with the chicken?

বোরহান স্যার বললেন, I don't know for sure. Probably it has. However, I'll ask a doctor friend of mine about it.

ইব্রাহীম বললো, Sir, the other day I was reading a story from Don Quixote (উচ্চারণ : ডন কুইহোটি। স্প্যানিশ লেখক সারভেনটিজ-এর বিখ্যাত উপন্যাস). There, one of the characters said, **pox on you.** What could it mean?

বোরহান স্যার বললেন, Excellent reference! Thank you Ibrahim for such an apt example. **Pox on you** আসলে একটা ইংরেজি গালি,

www.pathagar.com

যার অর্থ হচ্ছে, তোমাকে অভিশাপ দিচ্ছি বা তোমার ওপর শয়তান ভর করুক, এরকম। এবং phrase-টারও নিশ্চয় এই রোগ-সম্পর্কিত সূত্র থেকে উৎপত্তি। এরপর বোরহান স্যার বললেন, If you're in the right mood, I can start my discussion on preposition.

সমস্বরে সবাই বললো, Please, you do, Sir.

বোরহান স্যার বললেন, আজকে in/at/on এ-তিনটা প্রিপজিশনের location নিয়ে আলোচনা করবো। তবে, মনে রাখবে, অবস্থান বিশেষে এগুলোর ব্যবহার খুব ঢিলেঢালাভাবে করা যায়। তোমরা তো জানোই, যে-কোনো ভাষায় ব্যবহার যতোটা ব্যাকরণভিত্তিক, তার চেয়ে বেশি notion বা sense বা ধারণাভিত্তিক। সেজন্য, অনেক সময় ব্যাকরণসম্মত বাক্য ধারণাগতভাবে শুদ্ধ হয় না। সে যাহোক, সে অন্য কথা।

শোনো, 'in' বলতে আমরা কামরার মধ্যে, পুকুরের মধ্যে, বা সারির মধ্যে বোঝাই। যেমন, in a room/in a building/ in a garden/in a park/ in

www.pathagar.com

a town/ in a country/ in the water/ in the sea/ in a river/ in a row/ in a line/ in a queue. (উচ্চারণ-কিউ)।

You want examples, Sir? হাত তুললো কাজল।

Yes.

There's no one **in the room.** Kabir lives **in a small village in** Chittagong. What have you got **in your mouth?** When I go to the cinema I prefer to sit **in the back row.** Have you read this article **in the newspaper?**

Very good, বোরহান স্যার বললেন।

May I give further examples? এবার হাত তুললো ইব্রাহীম।

Sure, why not? বোরহান স্যার বললেন।

I met Kajal **in the street.** Who's the woman **in that photograph?** There wasn't a cloud **in the sky.** Don't sit **in that armchair,** it's broken.

বোরহান স্যার বললেন, The time is almost up today. 'At' and 'On' will be discussed next week. তবে, in সম্পর্কে আরও কয়েকটা কথা জেনে রাখো। কোনো শহরে বা দেশে পৌঁছানোর সময় 'in' ব্যবহৃত হয়। যেমন, When did he arrive **in Britain/in Lodnon?**

আর, ব্যাকরণে তোমরা prepositional phrase নামে একটা জিনিস পাও। সেটা বোঝা কঠিন কিছু নয়। প্রিপজিশন দিয়ে কোনো বাক্যাংশ বা ফ্রেস শুরু হলেই এবং তার মধ্যে যদি কোনো noun থাকে সেটি তখন prepositional phrase নামে অভিহিত হয়। ওপরে তোমাদের বাক্যগুলোতে মোটা হরফের অংশগুলো prepositional phrase.

www.pathagar.com

মেমসাহেবের সঙ্গে প্রিপজিশন

এবারের ঈদ বোরহান স্যারের খুব চমৎকার কেটেছে বলা যায়। রোজার মধ্যেই ম্যাট্রিক পরীক্ষার ইংরেজি খাতার চেক বোর্ড কর্তৃপক্ষ পাঠিয়ে দিয়েছিলেন। মোটা অঙ্কের টাকা। ঈদের কেনাকাটায় খুব সুবিধা হলো। তাঁর অনেক ইংরেজি-বাংলা বই জমে গিয়েছিল, যেগুলো ভালো শেলফের অভাবে নষ্ট হয়ে যাচ্ছিলো। টাকা পেয়েই স্ত্রী-পুত্রের বায়না মেটানোর আগেই তিনি ড্যানিশ ফার্নিশার্স-এ গিয়ে সেগুনের একটি তিন তাক-অলা কাঁচওয়ালা শেলফ অর্ডার দিলেন। বাসার ড্রয়িংরুমেই শেলফটি পাতলেন, কাঁচের পেছনে বইগুলোকে ঝকঝকে মনে হচ্ছিলো।

তবে বোরহান স্যারের খুশির কারণ কেবল এটা নয়। তাঁর ছোট ভাই, বহুবছর ধরে বিদেশী স্ত্রী নিয়ে প্রবাসে থাকে। তাদের ছোট কুতকুতে দু'টো বাচ্চা। এবারের ঈদে সে-ভাই হঠাৎ করে সপরিবারে সুদূর কানেকটিকাট (Connecticut–যুক্তরাষ্ট্রের ৫০টি স্টেট বা অঙ্গরাজ্যের একটি। উচ্চারণ-কানেটিকাট) থেকে উড়ে এসে গেল। বললো, বড়দা আস্‌লাম, এবার ঈদ তোমাদের সঙ্গে। বউটা পাক্কা মেম। রাশিয়ান-বর্ণ অ্যামেরিকান, অর্থাৎ রাশিয়ায় জন্ম কিন্তু অ্যামেরিকার নাগরিক। বোরহান স্যারের স্ত্রী যাকে বলে একেবারে বাঙালি। ভয়ে-লজ্জায় প্রথম ক'দিন জড়োসড়ো হয়ে রইলেন। যতোটা না দেবরের কাছে, তার চেয়েও বেশি দেবরের বউ মেমসাহেবের কাছে। কী লম্বা-চওড়া, কী গায়ের রং, হাসলে একেবারে সারা শরীর নেচে ওঠে। আর খালি কথায়-কথায় বলে, O how sweet is everything about Bangladesh! প্রথম প্রথম বোরহান স্যার সন্দেহ করছিলেন, বানিয়ে বলছে না তো! পরে বুঝলেন, না, এরা আসলে বানিয়ে বলতে জানে না।

সবার ওপরে বাচ্চা দুটো সবার মন জয় করে নিল।

কাজল তো বলেই ফেললো, Exactly like Humpty and Dumpty.

উঁহু, অজিত ওস্তাদির ভঙ্গিতে বললো। হলো না, কাজল, Humpty-Dumpty আসলে একজনই লোক, যদিও সবাই ভাবে দু'জন।

www.pathagar.com

How funny, কাজল বললো, I always thought they were two.

বলা বাহুল্য, বাচ্চা দুটোর ঠুশ-ঠাশ ইংরেজি বলা দেখে কাজল একেবারে হাবা বনে গেল। অবাক আর অবাক সে। ইংরেজিটা যেন কতো সহজ জলের মতো। শুধু কাজল কেন, অজিত, বিপুল, ইব্রাহীম, ডেভিড আর হাবলু পিলপিল করে প্রতিদিন কেবল বোরহান স্যারের বাসায় আসে—বাচ্চাদের আর মেমসাহেবের মুখে ইংরেজি শোনার লোভে। তবে, হাবলুর লোভ কোথায় সে তো সবাই জানে। প্রথম দিনেই সে টফির বাক্সটা হাতিয়ে নিয়েছিলো। যে-সে কোম্পানির টফি নয় সেগুলো, কানাডার Laura Secord কোম্পানির। মুখে পুরলেই দুধের মতো গলে যায়। প্রথমদিন হাবলু অবশ্য রোজা রাখার নাম করে কিছু মুখে দেয়নি। মেমসাহেব তো অবাক, What! So small and you're fasting! হাবলু রাঙামুলো হয়ে কেবল মুখটা নাড়লো। মুখ দিয়ে তার কোনো ইংরেজি বের হলো না। তার পরদিন থেকে অবশ্য রোজা একদিকে আর হাবলু অন্যদিকে। আর, কাজল মেমসাহেবের মুখ নাড়ায় খুব প্রখর হয়ে লক্ষ করলো তিনি কোন শব্দটা কীভাবে উচ্চারণ করেন। কাজল দুটো জিনিস এর মধ্যে লক্ষ করেছে। যেমন, fill, feel ; slip, sleep ; ship, sheep এসব শব্দ উচ্চারণের বেলায় মেমসাহেবের মুখে পার্থক্যটা স্পষ্ট ধরা পড়ে। 'আই'-সংবলিত বানানে উচ্চারণের সময় খুব কম সময় ব্যয় করেন তিনি, কিন্তু ডাবল 'ই'র বানানের সময় একটু বেশি সময় নেন। বাংলায় "ি" আর "ী"-র যে তফাত, খানিকটা তা-ই। কাজল আরও লক্ষ করলো, মেমসাহেব প্রতিটা শব্দের ক্ষেত্রে জোর দেন প্রায় শব্দের প্রথমেই। মেমন, Britain, airport, Clinton এসব শব্দ উচ্চারণের সময় মেমসাহেব জোর দিচ্ছিলেন Bri, air ও Clin-এর ওপর। কাজল এটাও হিসাব করলো যে, প্রিপজিশন্যাল শব্দগুলো, যেমন– in, on, at, for বা আর্টিকেল, যেমন—the, a, an এসব ছোট শব্দ খুব নরমভাবে উচ্চারিত হয়।

কাজলের তো এ-কাজ। অন্যদিকে অজিত খেয়াল করছিলো, তার শেখা ব্যাকরণের সঙ্গে মেমসাহেবের ইংরেজি কথার তলায় ব্যাকরণের প্যাটার্ন মিলছিলো কি না। সে অবাক হয়ে লক্ষ করলো, আসলেই মিলছিলো। যেমন, প্রেজেন্ট টেন্সে সিংগুলার থার্ড পার্সনে এস বা ই এস যোগ করা, পারফেক্ট টেন্সে ভার্বের পাস্ট পার্টিসিপল ব্যবহার করা, কন্ডিশন্যাল সেনটেন্সে ইফ-এর সঙ্গে টু বি ভার্বে were ব্যবহার করা—এ-ধারার সব নিয়ম যখন মিলে গেল, অজিত নিজের শেখা ইংরেজির ওপর প্রচণ্ড আত্মবিশ্বাস ফিরে পেল। তবে সে এটাও বুঝলো যে, ইংরেজি জানা এক জিনিস, আর বলতে পারা অন্য এক জিনিস। সে আবার অকারণেই কাজলের প্রতি ঈর্ষান্বিত হয়ে পড়লো।

কাজল এর মধ্যেই মেমসাহেবের সঙ্গে আলাপ জুড়ে দিয়েছে। So, auntie, you came all the way from Connecticut by plane?

www.pathagar.com

মেমসাহেব ঘাড়টা একটু shrug করে বললেন, not really, we first **drove up to** New York. (অজিত এখানে হিসাব রাখলো যে, কোনো যানবাহনে চড়ার ক্ষেত্রে প্রিপজিশন by হয়, এবং কোনো জায়গায় যাবার ক্ষেত্রে to বা up to হয়। মেমসাহেব তার ধারণা মোতাবেক ইংরেজি বলছিলেন দেখে সে খুব খুশি হয়ে উঠছিলো।)

অজিত ভয়ে ভয়ে বললো, Your Highness, what's the capital of Connecticut?

অজিতের প্রশ্ন শুনে মেমসাহেব তো তড়াক করে লাভ দিয়ে উঠলেন। হো হো করে হাসতে হাসতে পাশের ঘর থেকে বোরহান স্যারকে ডেকে বললেন, Boorhaan, Boorhaan, listen, how this student of yours addresses me! O my God, he calls me your highness! (এখানে বলে রাখি, ব্যক্তিগত আলাপচারিতায় সাধারণ ইংরেজরা কখনো Your Highness, his highness, your majesty এসব ব্যবহার করে না। রাজন্যবর্গ, সমাজের উচ্চস্তরের লোক বা মন্ত্রীদের উদ্দেশ করে এসম্বোধন করতে হয়। যেমন, ব্রিটেনের রানীকে Her Majesty ছাড়া সম্বোধন করা যায় না। অবশ্য, অজিতের দোষ নেই। বেচারা অ্যামেরিকান মেমসাহেবকে সম্মান দেখাতে চেয়েছিলো। এদিকে, আরেকটা মজার ব্যাপার হয়েছে : ছোট ভাইয়ের বউ ভাশুরকে নাম ধরে ডাকবে—বুরহান বুরহান করবে, এটা বোরহান স্যারের স্ত্রীর একেবারে অপছন্দ। বোরহান স্যার তাঁকে বোঝালেন, আরে, ওদের কালচারে এটাই সহবত।)

যা হোক, সবাই একচোট হেসে নিলে, মেমসাহেব বললেন, Hartford is the capital of Connecticut. You see, Connecticut is a very small state. So all of us go **down to** New York for work. Even,

www.pathagar.com

we use the apirports in New York **for** journeys **inside** and outside **America.**

New York is then very **near to** Hartford. জড়তাবিহীনভাবে কাজল বললো।

O, yes, মেম সাহেব বললেন। Actually New York and Connecticut are two adjacent states.

(অজিত মনে-মনে পরখ করে নিলো যে, সে adjacent শব্দের অর্থ জানে কি না। সে জানে— অ্যাডজ্যাসেন্ট অর্থ সংলগ্ন বা পাশাপাশি।)

কাজল বললো, Auntie, which journey do you prefer the most— **by** road, **by** air or **by** sea?

মেমসাহেব বললেন, **By** road, particularly, **by** train. The journey **by** train is so poetic. And in America the railways are so good that you can go **across** the whole big country by train.

Do you travel **by** First Class? কাজলের প্রশ্ন।

No, no, we travel **by** Second Class. First Class is very expensive (ইকসপেনসিভ-ব্যয়সাপেক্ষ) in America. And all the more reason is that we're not that rich. মেমসাহেব বললেন।

www.pathagar.com

আর য়ু কামিং ফর লাঞ্চ অর নট্

অজিত বললো, স্যার, প্রিপজিশন on নিয়ে তেমন একটা আলোচনা হয়নি।

বোরহান স্যার ওয়ার্লড ইয়ুথ কাপের ব্রাজিল-ঘানার ফাইন্যাল ম্যাচটির রেকর্ডকৃত অনুষ্ঠান দেখছিলেন ভিসিআর-এ, অজিতদের বাসায়। কাজল, ডেভিড, ইব্রাহীম, বিপুল আর হাবলু অর্থাৎ অজিতের সব বন্ধুই উপস্থিত।

অজিতের প্রশ্ন শুনে বোরহান স্যার বললেন, কমেন্ট্রি খেয়াল করো, কী বলছে : Coming down **on** the right is Brazilian striker Adriano, and **on** his left, supporting him, is Gian, Anything might happen now. O, Adriano has pushed the ball **up into** the D. Box, and Gian comes running, the defender cannot intercept, and he (Gian) has received the ball **on** his left foot. The Ghanaian goalkeeper is pacing forwad too, trying to block Gian's angle. O, Gian has shot a low but powerful drive, and the goalie is helpless and the ball is into the net. Brazil has won the final 2-1. What a memorable match!

বোরহান স্যার বললেন, কমেন্ট্রির মধ্যেই খেয়াল করলে, on the right, on the left, on foot বলা হচ্ছে। In এবং at-এর যেমন বহুরকম ব্যবহার আছে, তেমনি on-এর ব্যবহারও ব্যাপক। কাজেই তেমন কোনো নিয়মের সূত্র না জেনে আমরা কিছু বাক্য ব্যবহার করেই বুঝতে পারবো, কীভাবে on কাজ করে।

সাথে সাথে কাজল হাত তুললো।

কাজল বললো, There is an ant **on your nose**/There's a nice painting **on the wall**/We're now sitting **on the second floor**/There`s a report of the football match **on page** 7 of the newspaper/We stopped at a good restaurant **on the way** to

www.pathagar.com

Dhaka. Cox`s Bazar is **on the east coast** of Bangladesh/**On a small Island** like Char Jobbar nobody likes to stay/Chittagong is **on the river Karnaphully.**

বোরহান স্যার খুব খুশি হয়ে বললেন, We're all very satisfied with your examples, Kajal.

তিনি আরও বললেন, যে-কোনো ভালো ইংলিশ টু ইংলিশ ডিকশনারিতে তোমরা দেখবে on, in, at প্রিপজিশনের বহুরকমের ব্যবহার দেখানো হয়েছে।

ডেভিড বললো, Sir, do you have any dictionaries in mind to recommend (রেকমেন্ড-সুপারিশ করা)?

বোরহান স্যার বললেন, তোমাদের কাছে তো অবশ্যই প্রফেসর হরন্‌বি'র বিখ্যাত অভিধান Oxford Advanced Learner's Dictionary of Current English আছে। এ ছাড়া, তোমরা Longman প্রকাশিত Dictionary of Contemporary English-ও কিনতে পারো।

অজিত বললো, স্যার, রেডিও টিভির বেলায় দেখি on ব্যবহার করা হয়।

হ্যাঁ, বোরহান স্যার বললেন, তবে খেয়াল রাখবে **on the radio,** কিন্তু **on T.V.**

যেমন, কাজল বললো, I have seen the film **on T.V./**I've heard the news **on the radio.**

হাবলু বললো, স্যার, T.V. on করা বা off করা, এগুলোও কি প্রিপজিশন?

বোরহান স্যার বললেন, না, তখন on হচ্ছে Adverb। যেমন, put the T.V. on-এ বাক্যে 'put' verb-কে কোয়ালিফাই করছে on, সেজন্যে on এখানে adverb। কিন্তু Is the T.V. on? এ-প্রশ্নে on বিশেষণ, কেননা T.V.-র একটা অবস্থান জিজ্ঞেস করা হচ্ছে এ-বাক্যে।

বোরহান স্যার আবার বললেন, খেয়াল করে দেখছো, ক্রিকেটে লেগ সাইডকে বলা হয় on side। এখানেও on বিশেষণ।

কাজল বললো, স্যার, কখন in the corner হয়, আর কখন on the corner হয়?

বোরহান স্যার বললেন, কিছু বাক্য দিচ্ছি, লক্ষ করো : The television is **in the corner** of the room. There is a telephone box **at/ on the cornr** of the street.

www.pathagar.com

বোরহান স্যার আবার বললেন, কারও সঙ্গে দেখা হবার বেলায় কিন্তু in the street বলতে হয়। যেমন, Where did you meet David? এ-প্রশ্নের উত্তরে বলতে হবে : I've met David **in the street.**

এর মধ্যে হাবলু একটু উশখুশ করতে লাগলো। বোরহান স্যার সেটি লক্ষ করলেন। বললেন, Are you hungry or what?

হাবলু স্মার্টলি বললো, Nothing like that Sir, I was only wondering whether I could ask you a question.

হাবলুর নিখুঁত ইংরেজি বলা দেখে, বোরহান স্যারসহ সবাই একেবারে স্তম্ভিত। রহস্যটা হলো, হাবলু লক্ষ করেছিলো, বোরহান স্যারের ভাইয়ের বৌ, আমেরিকান মেমসাহেবকে, প্রায় I was wondering এ-উপবাক্যটি ব্যবহার করতে। (I was wonerdering-এর সরল অর্থ, আমি ভাবছিলাম।)

যাহোক, বোরহান স্যার বললেন, What is it, Hablu?



The other day my father bought me a book named Himu by Humayun Ahmed. সেখানে তিনি একটা শব্দ ব্যবহার করেছেন পেলেটেবল, এটার অর্থ কী স্যার?

বোরহান স্যার বললেন, I must thank you first for saying 'by Humayun Ahmed'। মনে রাখবে, লেখক, শিল্পীর আগে by প্রিপজিশন বসে। যেমন *War and Peace* is a famous novel **by** Count Leo Tolstoy/*Guernica* is a famous painting **by** Picasso.

www.pathagar.com

আর, পেলেটেবল অর্থ?

হ্যাঁ, প্যালেটেবল বা Palatable অর্থ হলো যা সুস্বাদু, প্রীতিকর, সুপাঠ্য বা সুগ্রাহ্য। যেমন, We ate a palatable meal বা She didn't find my suggestion at all palatable. বিপরীত শব্দ হচ্ছে, unpalatable. আর palatable unpalatable দুটোই Adjective.

Thank you, Sir, হাবলু বললো।

এ-সময় হঠাৎ করে অজিতের বাবা ঘরে ঢুকলেন। ভদ্রলোকের নাম নিখিলেশ রায়। তাঁর আন্তর্জাতিক ব্যবসার কারণে থাকতে হয় তাঁকে বরাবর সিঙ্গাপুর, হংকং, টোকিও। ছেলের পড়াশুনার দিকেও তেমন নজর রাখতে পারেন না। কাজেই বোরহান স্যার যে বাসায় এসে ছেলেদের সঙ্গে বসেন, এতে তিনি মনে-মনে স্যারের প্রতি খুব কৃতজ্ঞ।

বললেন, আস্‌সালামু আলায়কুম, Sir, lunch is ready, please come.

বোরহান স্যার বললেন, Thank you, Mr. Roy, but you see, I'll rather go home for lunch than eat here, because my wife is waiting.

নিখিলেশ বাবু একটু হালকা স্বরে বললেন, আরে একদিন ভাবিকে ছেড়ে খাবেন আর কি, what's the big deal.

জবাবে বোরহান স্যার মৃদু হাসলেন। কিন্তু রাজি হলেন না। বললেন, You better call the boys for lunch, not me.

নিখিলেশ বাবু মুখের হাসি বজায় রেখেই বললেন, It's good that you care so much for your wife. Anyway, I'll not hold you back. Okay boys you all better come **over to** the dining table.

বোরহান স্যার ঘরে ফিরতে ফিরতে ভাবলেন, নিখিলেশ বাবু লোকটা খুব straightforward তো!

www.pathagar.com

প্রিপজিশন আরেক ঝুড়ি

হাবলুকে এক নতুন নেশায় পেয়েছে। সেটি হচ্ছে, নিজে নিজে টেস্ট ম্যাচ খেলা।

পাকিস্তান আর ওয়েস্ট ইন্ডিজ—এ দু'দলের নাম কাগজে সে লিখবে। তারপর কাগজে শূন্য থেকে ছয় পর্যন্ত ছক কাটবে। চোখ বন্ধ করে লুডুর ছক্কা ঐ ছকের ওপর ফেলবে। যে-ঘরে পড়লো সে-ঘরের রান পেল কোনো একজন ব্যাটসম্যান। আবার, বিভিন্ন রকম আউটেরও ঘর কাটা আছে। ছক্কা যদি কোনো একটা আউটের ঘরে পড়লো তো ব্যাটসম্যান ঐভাবেই আউট হলো। দারুন নেশা। প্রথমে হাবলু পড়ার ফাঁকে ফাঁকে খেলতো, এখন পড়াকে একদিকে ঠেলে সে রীতিমতো টেস্ট ম্যাচ খেলতে লাগলো। তবে, লুডুর ছক্কার সব উল্টা-পাল্টা ব্যবহার। বাস্তবে, ওয়াকার ইউনুসের সর্ব্বোচ্চ টেস্ট রান ২৯। আর, হাবলুর টেস্ট সিরিজে এই ওয়াকার ইউনুসই এক ইনিংসে ২১১ করে ফেললো, অথচ ওদিকে ব্রায়ান লারা ২০-এর ওপরে যেতে পারে না। ছক্কার এ-রকম ব্যবহারে হাবলু যখন একটু মনঃক্ষুণ্ন, তখন একটি ইংরেজি বাক্য তাকে ভাবিয়ে তুললো। পত্রিকায় সে শিরোনাম দেখেছে, West Indies Have Routed Pakistan Again. দ্বিতীয় টেস্টের ফলাফল এটা। Routed মানে সে দেখেছে, চূড়ান্ত পরাজিত হওয়া। কিন্তু West Indies-এর verb 'have' হলো কেন? West Indies তো একটি দেশের নাম, Has তো হওয়া উচিত।

বোরহান স্যার বললেন, না, তা নয়। দেশ নয়, এখানে West Indies বলতে তাদের ক্রিকেট টীমকেই বোঝাচ্ছে। খেলার টীম-এর সঙ্গে ইংরেজিতে verb বহুবচন ব্যবহার করা হয়। যেমন Abahoni are playing well today.

কাজল বললো, স্যার, আমি একটা বলি : Scotland are playing France in a football match next week.

Excellent!

www.pathagar.com

কিন্তু, অজিত! সে তো green-eyed monster (সবুজ-চোখা দানব ; এ উক্তি ঈর্ষার অর্থে ইংরেজিতে ব্যবহার করা হয়। শেক্সপীয়ার *Othello* নাটকে ভিলেন ইয়াগোকে অনুরূপভাবে বর্ণনা করেন।) আবার, এভাবেও বলা যায় : Ajit is green with envy (এনভি–ঈর্ষা) at Kajal's performance in spoken English. তার মনে হলো, স্যার যদি এই সকালবেলায় is/are নিয়ে লাগেন তা হলে প্রিপজিশনের বড় লিস্ট শেষ হবে কবে! আসলে, অজিত হচ্ছে তেমন ছেলে, যে খুব শৃঙ্খলা ভালোবাসে। যে মনে করে, সবকিছু শূন্য থেকে শিখতে হয়। অর্থাৎ, সে মনে করে সবকিছু চর্চা ও অধ্যবসায় দিয়ে আয়ত্ত করতে হয়। সেজন্য সে তার বন্ধুদের মাঝে সবচেয়ে পঠনশীল, পড়ুয়া। তার ধ্যানজ্ঞান, কীভাবে ইংরেজিকে সবদিক থেকে আয়ত্তে আনা যায়। তার ইংরেজি লিখন বেশ ভালো। গ্রামারও খুব ভালো আয়ত্তে। কিন্তু, স্পোকেন-এ কাজল যেমন তড়বড় করে বাক্য বলে ফেলে, অজিত তা একেবারে পারে না বলে হীনম্মন্যতায় ভোগে। তার ইংরেজি নিয়ে সমস্ত প্রস্তুতি কাজলের এক-একটি ইংরেজি বাক্যে, বানের-জলে-চালাঘর-ভাসার মতো, ভেসে যায়। সে-জন্য সে একটি green-eyed monster.

বোরহান স্যার অনেকদিন ধরে তাঁর ছাত্রদের সঙ্গে মিশছেন। ছাত্রদের ব্যাপারে তাঁর মনের মধ্যে একটা রিকটার স্কেল আছে। কোথাও গণ্ডগোল হলে তিনি টের পান। তাই বললেন, Ajit, what's wrong with you? Are you bored with something? Is something bothering you?

Not really, Sir. Nothing is ailing me. **I was just wondering** if I could ask you a question! (বলা বাহুল্য, এ expression-টি অজিত হাবলুর কাছ থেকে শিখেছে।)

www.pathagar.com

Sure, you can.

Why is it so that preposition is given so much importance in learning English?

Good question. বোরহান স্যার বললেন। Actually, you see, prepostion is not the only item, but all parts of speech are equally important in learning correct communicative English. কিন্তু, আমাদের ভুল শিক্ষাপদ্ধতির কারণে আমরা ভাবি, বুঝি শুধু প্রিপজিশন শিখলেই ইংরেজি শেখা হয়ে গেল। অথচ দেখো, article-ই কি কম প্রব্লেম্যাটিক? (Problem সমস্যা ; Problematic–সমস্যাসংকুল।)

Why don`t you discuss articles today, Sir? কাজল বললো।

বোরহান স্যার বললেন, No, I'll take up articles another day. Let's rather continue with prepositions.

অজিত বললো, স্যার, ক্লাস এইটে থাকার সময় একবার আপনি বলেছিলেন প্রিপজিশন একটা sense of direction দেয়।

যেমন?

যেমন, আপনি বলেছিলেন The cat is sitting—the table এ-বাক্যে শূনস্থানে on প্রিপজিশন দিলে বুঝবো বিড়ালটা টেবিলের ওপর, আর under প্রিপজিশন দিলে বুঝবো বিড়ালটা টেবিলের নিচে।

হ্যাঁ, হ্যাঁ, আমি এরকম বলেছিলাম। বোরহান স্যার আরও বললেন, যেমন, The fox jumped **over** the wall. এ-বাক্যে over প্রিপজিশন না দিলে wall-এর সঙ্গে fox এর সম্পর্কই বোঝা যায় না।

কাজল বললো, We're glad to have learnt from you, Sir.

কাজল হয়তো আরও বলতো, কিন্তু বাধা দিল হাবলু। বললো, Sir, you never say a word **on** politics ; why?

Thank you for your very straight question, বোরহান স্যার বললেন। As you see, I don't care much **about** politics. Though I **care for** my country, politics as such is not the thing I would like to **go in for.**

Have you **given up** your hope for this country, Sir? কাজলই বললো।

No, never. No patriotic person can do that. What I mean is that politics has **taken on** such a direction now I think one had better not show any interest in politics.

www.pathagar.com

স্যারের এ বক্তৃতার মাঝখান থেকে অজিত যদিও টুকটাক করে প্রিপজিশনগুলো টুকে নিচ্ছিলো, সে এটাও লক্ষ করলো যে, স্যারের ফর্সা মুখ একেবারে লাল হয়ে আছে। স্যার কি red-faced (লজ্জিত?), না red-hot (উত্তেজিত?), অজিত ঠিক ধরতে পারলো না। (বোরহান স্যারের বক্তব্যে care about, care for, take on, go in for, এবং give up ইত্যাদি verb + preposition হয়ে phrase হয়েছে। Go in for অর্থ পছন্দ, কিন্তু go for মানে আঘাত করা, আক্রমণ করা। Go ক্রিয়াপদের সকল ব্যবহার ভালো আলোচিত হয়েছে লংম্যানের অভিধানে, পৃষ্ঠা ৪৪৩।) কাজল একটু মুচকি হেসে বললো, Sir, may I remind you of the party at Bipul's house tomorrow afternoon?

www.pathagar.com

কংগ্রাচুলেশনস অন স্পীকিং ইন ইংলিশ

এবারের কুরবানি নিয়ে কাজলদের বাসায় এক তেলেসমাতি কাণ্ড হয়ে গেল। কাজলের ভাষায়, simply bizarre (উচ্চারণ, বিজার, অর্থ–অভাবিত, অদ্ভুত)। কাজলের এক চাচা আছেন, এমনিতে খুব অলস, lazy like a sloth. (শ্লথ—অস্ট্রেলিয়ার এক অদ্ভুত আকৃতির প্রাণী। ধীরগতির জন্য পরিচিত।) কিন্তু, কুরবানি আসতে থাকলে, কাজলের ভাষায়, he gets so excited **about** purchasing a big cow, that he often is cheated. এ হেন চাচা, এবার সত্যি সত্যি অল্প দামে (only Tk. 9000/-) একটি বিরাট ষাঁড় (bull) কিনে ফেললেন। বাহারি শিং horns small but pointed. ইয়া বড় কুঁজ (hump), আর ধূসর ও বাদামি রঙে মেশানো (mixed in grey and brown patches)। গরুটা বাড়িতে আসার পর সবচেয়ে কিন্তু যার ব্যস্ততা বেড়ে গেল, সে বাড়ির কুকুর টাইগার। তার হাঁক-ডাক, ঘেউ-ঘেউয়ানিতে বাড়ির লোক তো বটেই, পাড়ার লোকসুদ্ধ ভিরমি খেয়ে গেল। গরু দেখার জন্য গেইটের বাইরে পথ-চলতি কেউ হঠাৎ দাঁড়িয়ে পড়লেই হলো আর কি, টাইগার অমনি হুং করে ধেয়ে যাবে তার দিকে। আর, এ-ব্যাপারে টাইগারের সাগরেদ তারই ব্যাটা কেলো। কাজল বন্ধুদের কাছে গল্প করতে লাগলো, The matter went so far that on Eid day in the morning Tiger wouldn't allow nobody (কাজল কথ্য ইংরেজি ব্যবহার করছে। তা না হলে, তার বলা উচিত ছিলো, wouldn't allow anybody) to enter the premise, not even the priest, let alone the butcher.

হুজুর আর কসাই গেইটের বাইরেই দাঁড়িয়ে থাকলো, আর অমিত তেজে টাইগার আর কেলো রইলো গেইট পাহারায়। কাজলের বড় বোন নাজমা আপা জাত শিক্ষয়িত্রী। প্রথম বাচ্চা হবে বলে বাপের বাড়িতে এসেছেন। দোতালায় দাঁড়িয়ে তিনি কাজলকে ঠাণ্ডা গলায় বললেন, গরুটাকে টাইগার তার মনিবের একান্ত সম্পত্তি হিসেবে ধরে নিয়েছে। কাজেই সে গরুর গায়ে কাউকে হাত তুলতে দেবে না।

হাবলু ফোঁড়ন কেটে বললো, তোদের এত ভয় পাবার কী ছিল, a barking dog hardly bites.

www.pathagar.com

কাজল বললো, If you saw what Tiger did, you would feel the same way as I did. (এটা কনডিশন্যাল বাক্য। আলোচনা পরে আছে।)

অজিত বললো, যাক, শেষ পর্যন্ত when did you slaughter (স্লটার— বধ, হত্যা) the cow? (Cow এখানে কমন নাউন।)

কাজল বললো, Just after half an hour when Tiger **gave in.** (give in— পরাজয়, বা বশ্যতা স্বীকার করা।)

It must have been a great excitement for you. ডেভিড বললো।

Yes it had, কাজল বললো।

এর মধ্যে, একদিন নিউ মার্কেটে হাবলুর বাবার সঙ্গে বোরহান স্যারের দেখা। বোরহান স্যার হাবলুর কথা জিজ্ঞেস করতেই, তার বাবা ধরা গলায় বললেন, He hasn't been studying recently. I'm worried about him.

বোরহান স্যার বললেন, Yes he's a little on the careless side. But otherwise he's a nice boy.

হাবলুর বাবা বললেন, তাই তো সবাই বলে। কিন্তু, ছেলের বাবা হিসেবে আমি তো দেখি যে, he's not showing any promise.

হবে হবে, অনেকের দেরিতে বুদ্ধি খোলে। আর হাবলু তো পড়ালেখাতেই যা একটু ধীর, অন্য সব বিষয়ে তো সে অসম্ভব চটপটে। I think he's by far one of the best in his class. বোরহান স্যার বোঝালেন।

বাসায় ফেরার সময় বোরহান স্যারের মনটা খানিকটা খারাপ হয়ে গেল। হাবলুর বাবা কী চাপাচাপি করছেন ছেলের ওপর! লেখাপড়ার ওপর জোরাজুরি করলেই তার ফল উল্টো হতে বাধ্য। Spare the cane, spare the child— অর্থাৎ বেত না কষালে ছাত্র পড়া শিখবে না, একথা এখন কেউ মানে না। এ দিক থেকে অজিতের বাবাই ঠিক কাজ করছেন। পড়ালেখার সরঞ্জামাদি ছাড়াও, সময় কাটানোর নানা উপকরণ তিনি ছেলেকে যোগাড় করে দিয়েছেন, নিজে থাকেন দূরে। ফলে, অজিতের শেখাটাও স্বাধীন, কিন্তু শৃঙ্খলামণ্ডিত। মনে-মনে বোরহান স্যার স্বীকার করলেন, Ajit is different **from** other boys. ঈদের পর প্রথম যেদিন সবাই স্কুলে গেল, সেদিন তারা দেখলো বোর্ডে একটা নোটিস ঝুলছে : Interested students are kindly asked to see me during the tiffin period regarding holding a cultural show.

নিচের সই জয়নাল স্যারের। তিনিই বিজ্ঞানের শিক্ষক। কালচারাল শো-টা হবে ক্লাস টেনের ছাত্রদের বিদায়-সম্বর্ধনা উপলক্ষে।

স্কুলে সাজ-সাজ রব। জয়নাল স্যারের অফুরন্ত কাজ— untiring horse স্যার একেবারে, বলল কাজল।

www.pathagar.com

অজিত বললো, He has listened to so many complaints alredy, I hope, he doesn't **bump** (bump বাম্প শব্দটি অজিত *Reader's Digest* থেকে নিয়েছে, যার অর্থ হলো ধাক্কা খাওয়া) **into** further problems.

It depends on how much he still has to do on his own. অজিত ধীরে ধীরে শুদ্ধভাবে ইংরেজি বলার চেষ্টা করলো।

কাজল বললো, David you're **on** the cultural sub-committee, aren't you? Do you have any idea how many sections the programme will consist of? (কেউ কোনো কমিটির সদস্য হলে **on** the committee হয়।)

Not exactly, ডেভিড বললো, I hope there will be three : speeches, prize-giving, and the actual cultural show.

I hope, your're right, অজিত বললো।

হাবলু বললো, আমাদের স্কুল এত দেরিতে ফাংশান করছে কেন, এসএসসি পরীক্ষা তো সেই কবেই শেষ!

অজিত বললো, Maybe, our sirs thought it wise to hold it later than earlier in order to give our elder brothers uninterrupted (আনইন্টারাপটিড-নিরবচ্ছিন্ন।) time to prepare for their examination.

কাজল ভয়ানক উশখুশ করে উঠলো। ব্যাপারখানা কী! দুনিয়ার সব ইংরেজি কি অজিত একলাই বলে যাবে?

ফাংশানের দিন খুব মজা হলো। বিশেষ করে কাজল আর অজিতের ইংরেজি স্পীচের সুনাম প্রধান অতিথি হিসেবে আগত এম.পি. সাহেব পর্যন্ত করলেন।

সবকিছু শেষ হবার পর স্কুলের হেডমাস্টার জুনায়েদ সাহেব বোরহান স্যার আর জয়নাল স্যারকে ডেকে বললেন, I'm very satisfied with the boys' performance, and so were our guests. I think, I can rely on them as speakers for the National Student Debate in English.

Yes, you can, বোরহান স্যার আর জয়নাল স্যার যুগপৎ বললেন।

Farewell-এর পরের দিন স্কুল ছুটি রইলো। এর পরদিন ক্লাসে ঢুকেই বোরহান স্যার বললেন, Congratulations. You boys of Class IX, I congratulate you on the grand speeches you made the day before yesterday, I heartily congratulate Kajal and Ajit in particular on speaking so well in English.

www.pathagar.com

বোরহান স্যারের কথা শেষ হতে-না-হতেই, পুরো ক্লাসই দাঁড়িয়ে applaud (অ্যাপ্লড— clap বা হাততালি দেয়া) করলো অজিত আর কাজলকে। কাজলই প্রত্যুত্তরে বললো, We're also thankful to you for having patiently listened to us. And, we express our grateful thanks to our respected teacher, Mr Borhan Ali, for all his English lessons, without which we couldn't have given our speeches in English.

www.pathagar.com

আর্টিকেলস্-এর জালে

টিভিতে ফুটবল খেলা দেখার নেশার যেন আর শেষ নেই। প্রতি সোমবার বিকেলে ইতালির লীগ দেখানো হয়। সোমবারের এ মুহূর্তের জন্য বোরহান স্যার সারাদিন উন্মুখ থাকেন। As a thirsty bird waits for the first drop of rain, so does he wait for the football programme throughout the week. বোরহান স্যারের বাসার দিকে আসতে আসতে কাজল একথা বোঝাচ্ছিলো অজিত আর ইব্রাহীমকে। এসময় স্যারকে ডিসটার্ব করা কি ঠিক হবে? তিন বন্ধু এসমস্যাও বিবেচনায় আনলো। But the bad news must be given to him. অজিতের একথায় তার দু'বন্ধুও সায় দিল। খবরটা হলো, বিপুল ঢাকায় তাদের বাসার সামনে রোলার স্কেটিং করার সময় পিছলা খেয়ে কোমরে ব্যথা পেয়েছে। সার্জারি করে তার পিঠ খুলে মেরুদণ্ডের একটা জোড়ায় একটি পেরেক বসানো হয়েছে। ইব্রাহীম আশ্চর্য হয়ে বললো, And that's an artificial (কৃত্রিম) nail, I tell you.

বোরহান স্যার শিক্ষকসুলভ ভঙ্গিমায় বললেন, ভালোভাবে রপ্ত না করলে কারও রাস্তায় রোলার স্কেটিং করা উচিত নয়।

Then, how will one learn, Sir? কাজল বরাবরই সাহসী প্রশ্ন করার বেলায়। বোরহান স্যার মৃদু হাসলেন। অর্থাৎ ছাত্রদেরকে বুঝতে দিলেন যে, তিনি ঠিক চিন্তা করেননি।

অজিত পকেটে করে রিডার্স ডাইজেস্টের নতুন ইস্যুটা নিয়ে এসেছিলো। সে রিডার্স ডাইজেস্টের লেখাগুলো পড়ে কেবল ছিটেফোঁটা বোঝে, বেশিরভাগই বোঝে না। তার বেশিরভাগ বন্ধুরই ঐ একই অবস্থা। It Enriches Your Word-Power নামে একটি বিভাগ থাকে, যাতে ২০টা শব্দের সঠিক অর্থ বের করার জন্য বলা হয়। অজিত খেয়াল করে দেখেছে, সে তার মধ্যে দুটো কি তিনটি শব্দের বেশি অর্থ বলতে পারে না। আরও সমস্যা হচ্ছে, সে যতোই শব্দ মনে রাখার চেষ্টা করে, ততোই ভুলে যায়।

বোরহান স্যার বললেন, হ্যাঁ, শব্দসম্ভার বা vocabulary শেখার বড় উপায় হলো, শব্দটা দিয়ে দুটো বা তিনটি বাক্য তৎক্ষণাৎ তৈরি করার চেষ্টা করা। তা

www.pathagar.com

হলে শব্দের প্রয়োগ সম্পর্কে পরিষ্কার ধারণা হবে। আর প্রয়োগ মনে থাকলে অর্থও আপনিতে মনে আসবে।

কেমন করে স্যার? ইব্রাহীম জিজ্ঞেস করলো।

যেমন ধরো, বোরহান স্যার বললেন, accommodation (অ্যাকোমোডেশন) শব্দটা। শব্দটা নাউন, এর অর্থ হলো, জায়গা বা পরিসর। এখন যদি তুমি শব্দটার অর্থটা লিখে রাখো, তা হলে দু'দিন পরে শব্দটা মনে না-ও থাকতে পারে। কিন্তু যদি I'm looking for accommodation— এভাবে বাক্য বানিয়ে মনে রাখার চেষ্টা করো, তোমরা অনেক বেশি শব্দ মনে রাখতে পারবে।

কাজল বললো, বুঝলাম স্যার। আচ্ছা স্যার, আপনি অ্যাকোমোডেশনের আগে 'an' বললেন না কেন? অর্থাৎ আর্টিকেল দিলেন না কেন?

বোরহান স্যার বললেন, কারণ, accommodation is an uncountable noun.

অজিত বললো, স্যার, ইংরেজিতে news, information, work— এগুলো uncountable noun. সেজন্য এগুলোর আগে a বা an বসে না, কিন্তু স্যার, বাংলায় তো এগুলোর বহুবচন হয়।

www.pathagar.com

বোরহান স্যার বললেন, হ্যাঁ, ঠিকই বলেছো। সেজন্য আমরা, বাংলায় 'আপনার একটা ভালো খবর আছে'—এ-ধরনের বলতে পারি, যার ইংরেজি হবে–I have got some good news for you.

কাজল বললো, Articles create a lot of problems for us. কোথায় যে বসবে, কোথায় যে বসবে না, কিছুতেই বুঝতে পারি না।

কাজলের কথা শেষ হবার আগেই ইব্রাহীম বললো, We're not sure when to use 'a' or 'an' and when to use 'the'.

বোরহান স্যার বললেন, হ্যাঁ, আমিও তোমাদের সঙ্গে একমত। আসলে বিদেশীদের পক্ষে ইংরেজি শেখার বেলায় যে-কয়টা সমস্যা আছে, articles তাদের মধ্যে অন্যতম। অথচ, আমরা এ-ব্যাপারে খুব সচেতন বলে মনে হয় না।

অজিত বললো, আমার স্যার প্রায় a news আর informations বলার প্রবণতা।

বোরহান স্যার ঠাণ্ডা গলায় বললেন, তুমি সচেতন থাকলে এ-ভুলটা হবে না।

এ সময় কামরায় ঢুকলেন বোরহান স্যারের স্ত্রী। হাতে একটা থালায় ফজলি আমের কাটা ফালা, দু'টা আঁটিসহ।

ছাত্ররা সবাই উঠে দাঁড়িয়ে তাঁকে সালাম করলো। চকিতে তিনি সবাইকে দেখে নিয়ে বললেন, হাবলু যে নেই, এত আম কার জন্য তা হলে!

কাজল বললো, ভাবি, হাবলুকে আপনি আরও আম খাওয়াবেন, তা হলে হয়েছে আর কি! সে তো দিন-রাত সমানে আম খেয়ে খেয়ে এখন বিছানায় পড়ে আছে। একেবারে ডায়রিয়া।

বোরহান স্যার হেসে ফেললেন কাজলের বলার ভঙ্গি দেখে। তার পরও বললেন, আম খেলে ডায়রিয়া হয়, এটা সত্য নয়। সে নিশ্চয় আরও কিছু বদহজমি খেয়েছে।

কাজল বললো, যাহোক হাবলু না থাকলেও We will finish this up.

তখন বোরহান স্যার বললেন, এই যে কাজল তুমি বললে finish this. এখানে this—যা কিনা একটা demonstrative pronoun—তুমি ব্যবহার করেছো কোনো একটি জিনিসের জন্য। যেমন, আমরা বলি this news, this boy. এখানে যদিও তুমি জানো বেশ ক'টি আম রয়েছে, কিন্তু this বলার অর্থ হলো, তুমি আমগুলিকে খাদ্য বা food হিসেবে চিহ্নিত করেছো। Food ইংরেজিতে সচরাচর uncountable noun. অর্থাৎ এর সঙ্গে 'a' article যেতে পারবে না।

www.pathagar.com

অজিত বিনয়ের সঙ্গে বললো, আরেকটু যদি পরিষ্কার করে বলেন, স্যার।

বোরহান স্যার বলেন, 'হ্যাঁ, ভালোভাবে article বুঝতে হলে আগে বুঝতে হবে নাউনটি কি countable না uncountable. Countable noun হলে এর singular, plural থাকবে এবং এদের সঙ্গে articles a/an বা the এবং নির্দেশসূচক সর্বনাম (বা বিশেষণ) যাবে : this বা these বা those. যেমন— **a** boy/**the** boy/**these** boys/**that** boy/**this** boy/**those** boys. আর uncountable-এর সঙ্গে a/an/these যেতে পারবে না। যেমন— water/**the water/this water** কিন্তু a water/these water নয়। অর্থাৎ uncountable noun-এর plural হয় না। তারপর তিনি একটু থেমে বললেন, যাহোক, আজকে তোমরা আম খাও, অন্যদিন বিস্তারিত আলোচনা হবে।

www.pathagar.com

হাবলু দ্য ওয়েন্ডারলাস্ট

এবার মিড-টার্ম পরীক্ষার ফলাফলে সবাই আশ্চর্য হলো। বিজ্ঞান বিভাগের সবাই প্রথম বিভাগে পাশ করলো। এমনকি পড়াশোনায় অমনোযোগী হাবলু পর্যন্ত ইংরেজি দু'পেপারে ৬২, ৬২ করে মোট ১২৪ পেল। কাজল প্রথম হলো ৮০০ পেয়ে, অজিত তারপর ৩ নম্বর পিছিয়ে, ইব্রাহীম আরও ১০ নম্বর পিছিয়ে ৩য়। কাজলের চেয়ে অজিত ইংরেজিতে অবশ্য অনেক বেশি নম্বর পেল, ১৭৫। কাজল, ১৫০। বোরহান স্যার রেজাল্ট দেখে বললেন, ব্র্যাভো! Go ahead.

কাজলের মন খুঁতখুঁত করছিলো। ভাবছিলো, ইংরেজি বিষয়ে লেখার সঙ্গে স্পোকেন ইংরেজির ওপর যদি কোনো টেস্ট থাকতো, সে নিশ্চয় অজিতকে ছাড়িয়ে যেতো। তার খুঁতখুঁত করার আরেকটা কারণ আছে। তার সেই যে অলস চাচা, যিনি ৯০০০ টাকা দিয়ে একটা ষাঁড় কিনেছিলেন, তিনি কাজলের রেজাল্ট দেখে বললেন, ফুঃ, এখন এরকম অবজেকটিভ সিস্টেমে ৮০০-৯০০ পাওয়া কিছুই না। কাজল রাগ করে বলেছিলো, কেন, লিখিত ভাগেও আমি ৭৫% নম্বর পেয়েছি। কাজলের চাচা দমেন না। বললেন, ঐ একই কথা হলো, এরকম পরীক্ষার কোনো মানে হয় না।

কাজলের এ-চাচাটা এক অদ্ভুত লোক। A strange fellow (লোক) so to say, কাজল বলে বেড়ায়। বিয়ে-থা করেননি। কাজলের বাবার সবচেয়ে ছোট ভাই। ভাই-ভাবির সংসারে পড়ে আছে। বাজার করে, ঘর-বাড়ি দেখে, গ্যাস-বিদ্যুৎ-পানির বিল জমা দেয়। টেলিফোনের বিলে ভুয়া 'ডাক' উঠলে টেলিফোন অফিসে ধরনা দিয়ে কেমন করে বিল নামিয়ে আনেন। কাজল তার মা'কে বলতে শুনেছে, কলেজ জীবনে না কি কোনো এক মেয়ের প্রেমে ব্যর্থ হয়ে আর বিয়ে করবেন না বলে প্রতিজ্ঞা করেছেন। Otherwise, he was a brilliant student. কাজল তার বন্ধুদের কাছে গল্প করে। এ-চাচার গল্প করতে কাজলের কেমন যেন ভালো লাগে। Listen, the other day he, my uncle, asked me if I knew the meaning of the word,

www.pathagar.com

'wanderer'. I said no, I didn't. He said 'wanderer' meant a traveller without a fixed place to go.

অজিত তার বন্ধুর চাচার গল্প শোনার চেয়েও তার বন্ধুর ইংরেজিতে কান ডুবিয়ে দিয়েছিলো। বন্ধুর প্রতি গাঢ় শ্রদ্ধা জমা ওঠে। সত্যি, কী সুন্দর কাজলের ইংরেজি বলা!

হাবলুর কিন্তু ঐ ইংরেজি বলার কায়দায় অত মনোযোগ নেই। Wanderer শব্দটা তার মনে দারুণ দোল খেলো। হ্যাঁ, সেদিনই তো তার বাবা ভিসিআর-এ **1492** (কলম্বাসের আমেরিকা আবিষ্কারের বছর) নামে সিনেমাটা দেখাচ্ছিলো। বোরহান স্যার সঙ্গে ছিলেন, বলেছিলেন, wanderer-এর সমার্থক ইংরেজি শব্দ হচ্ছে, traveller, voyager, explorer ইত্যাদি।

শব্দটার অর্থ জানার পর I told him that Marco Polo, Columbus, Vasco da Gama were all great wanderers.

হাবলু বললো, খুব মাস্টারি দেখাচ্ছিস, বল তো দেখি যাদের ভ্রমণ করার ইচ্ছা বেশি, তাদের কী বলা হয়?

কাজল পারলো না। গম্ভীর হয়ে গেল।

অজিতই বললো, Wanderlust.

www.pathagar.com

হাবলু বললো, Yes, correct.

অজিতদের ঘরেই কথা হচ্ছিলো। বিপুল, ইব্রাহীম, ডেভিড, আর সদ্য পাবলিক স্কুল থেকে আসা চন্দন এক কোনায় মনোপলি খেলছিলো। অজিতের বাবার যে ছেলের মন রাখতে কতোরকমের আয়োজন! নিজেও কিছুটা ফুর্তিবাজ। অজিতদের আলোচনা ঘরের বাইরে দিয়ে যাওয়ার সময় তিনিও শুনেছিলেন। দরোজা দিয়ে উঁকি মেরে বললেন, Hi boys, tomorrow I'll take you to a chinese। (চাইনীজ-চাইনীজ রেস্তোরাঁ।)

ছেলেরা সবাই আনন্দে চিৎকার দিয়ে উঠলো, হিপ, হিপ হুররে।

হাবলু কিন্তু রাত্রে ঘরে ফিরে অস্থির হয়ে রইলো। তার মন থেকে কিছুতেই wander শব্দটি সরে যাচ্ছিলো না।

তার পরদিন সে কাজলদের বাসায় গেল। কাজল articles-এর ওপর বোরহান স্যারের এক্সারসাইজগুলো তৈরি করছিলো। বোরহান স্যার বলেছিলেন, যে-জিনিসটা সম্পর্কে ধারণা থাকে না তার আগে a বা an বসে, আর ধারণা হয়ে গেলে the বসে।

হাবলুকে পেয়েই সে জিজ্ঞেস করলো, বল তো হাঁদা, a/an এবং the-র পার্থক্য কীভাবে দেখাবি?

হাবলু বললো, I saw **a cat** in the street. Suddenly **a lorry** came and ran over (চাপা দেওয়া) **the cat.** হাবলুই বললো, প্রথমে **a cat** বলেছি, কারণ সেটা পরিচিত কোনো বিড়াল নয় বলে, কিন্তু পরে **the cat** বললাম, কারণ গাড়ি চাপা পড়েছে সেই বিড়ালটা, যেটা রাস্তা দিয়ে হাঁটছিলো।

অর্থাৎ, কাজল বললো, তুই বলতে চাস—you saw **the cat** which was run over by **a lorry.**

Exactly. হাবলু বললো।

কাজল আবার বললো, অর্থাৎ যে-জিনিস সম্পর্কে আমাদের ধারণা পরিষ্কার, সেগুলোর আগে the বসে, তা-ই না? যেমন দেখো, the window, the floor, the chair, the river, the teacher ইত্যাদি।

হাবলু বললো, আমি এখন articles নিয়ে ব্যস্ত হতে আসিনি। আমি এসেছিলাম, তোর চাচার কাছে অভিযাত্রিকদের ওপর কোনো বই আছে কি না সেটা জানতে।

দাঁড়া। কাজল বললো, তোকে আমার চাচার রুমেই নিয়ে যাবো, তার আগে বল, কখন শুধু water আর কখন the water হয়?

হাবলু বললো, দ্যাখ, যদি বলি, পানি আমাদের জন্য অতি প্রয়োজনীয়, তা হলে ইংরেজিতে বলবো Water is very essential for our health. এখানে

www.pathagar.com

water বলতে যে-কোনো অঞ্চলের যে-কোনো পানিকেই বোঝাচ্ছি। কিন্তু যদি বলি, শুধু এ-জগের পানিটা খারাপ, তা হলে বলবো, **The water** of this jug is bad. অর্থাৎ শুধু এ-জগের পানিই খারাপ, অন্য পানিগুলো ভালো।

কাজল খুশি হয়ে বললো, You stupid (হাঁদা) fellow you're damn (চমৎকার) good in English now, (Damn—ড্যাম, অর্থ নষ্ট হওয়া, গোল্লায় চাওয়া, চুলায় যাওয়া, তবে, এখানে স্নেহার্থে, চমৎকার।)

হাবলু হেসে বললো, পাশ যখন করেছি, এবার তোর চাচার ঘরে নিয়ে যা।

হাবলু কাজলের চাচার কামরায় ঢুকে সত্যই অবাক হয়ে গেল। ময়লা বিছানা, বিছানার ওপর ব্যবহৃত কাপড় ডাঁই করা ; বিছানার অর্ধেক জুড়ে ওলট-পালট হয়ে কিছু বই পড়ে আছে। একটা বাইন্ডিং করা সাদা খাতা, ভেতরে কলম ঢোকানো। দেয়ালের গায়ে মাঝারি একটা শেলফে বই ঠাসা। পুরনো, নতুন। সবচেয়ে প্রথমে চোখে পড়ে, এক বর্গহাত চৌকোনা একটি টুলের ওপর বিরাট একটা গ্লোব দাঁড় করানো। এত বড় গ্লোব হাবলু তাদের স্কুলের লাইব্রেরিতেও দেখেনি। শেলফের কিছু-কিছু বইয়ের নাম সে পড়লো। ইংরেজি বই—*The Greatest Wanderers ; Colombus—The Great Discoverer ; Journey to the Centre of the Earth ; The Count of Monti Cristo* ইত্যাদি। কাজল হাবলুর চোখ অনুসরণ করে বললো, দেখলি তো আর্টিকেলের ব্যবহার?

হাবলুর কাজলের কথায় মন নেই। সে অনেকটা অভিভূত হয়ে বললো, You know, friend, I want to be a sailor.

www.pathagar.com

হাবলু ও রবিনসন ক্রুসো

অল্প ক'দিনের মধ্যে বোঝা গেল, পাবলিক স্কুল থেকে আসা নতুন ছেলেটি, চন্দন যার নাম—হাবলুর মতোই লেখাপড়ায় উদাসীন। সে স্কুলে এক বাক্য লিখলো, The Bangladesh is a nice country. বোরহান স্যার তাকে ভালো করে বোঝালেন, Proper Noun-এর আগে সাধারণত The বসে না। যেমন Japan, India, Rahim, Geography (বিষয়ের নাম অর্থে) এসবের আগে The বসবে না। তিনি আরও বললেন, নামের অর্থ থাকলে অবশ্য The বসে। যেমন, The United Kingdom (U.K.), the Philippines ইত্যাদি।

অল্প ক'দিন পরেই পুজোর ছুটি শুরু হবে। পাঁচ-সাত দিনের বন্ধ। বোরহান স্যারের ক্লাসে কারোর মন বসছিলো না।

হাবলুর তো নয়ই। এর মধ্যে কাজলের চাচার সঙ্গে তার বেশ ভাব জমে গেছে। সে-সূত্রে রবিনসন ক্রুসো নামক বইটা হাতিয়ে নিয়েছে। লেখক Daniel Defoe. সে-বই পড়তে তার খুব কষ্ট হচ্ছিলো। কিন্তু সে লক্ষ করেছে, বইটাতে to sea আছে to the sea নেই, to school আছে to the school নেই। সে তাই দাঁড়িয়ে বোরহান স্যারকে জিজ্ঞেস করলো—এর ব্যাখ্যা কী?

বোরহান স্যার বললেন, যে-জিনিস যে কাজের জন্য চিহ্নিত, সে-কাজ করার বেলায় The বসবে না। যেমন, Karim, a student of class VIII, goes to school (to the school নয়) ; A criminal goes to prison (to the prison নয়) ; এবং college, university, church—এ-ধরনের ইনস্টিটিউটের বেলায়ও তা প্রযোজ্য। কিন্তু The guardian went to the school; The Minister visited the church—এ-সব বাক্যে The বসবে।

www.pathagar.com

অবশ্য, বোরহান স্যার আরও বললেন, অ্যামেরিকানরা কিন্তু এ-নিয়ম মানে না। তারা বলে, Karim has gone to the school.

বোরহান স্যারের দীর্ঘ বক্তৃতায় কেউ কোনো আরাম পাচ্ছিলো না। সবাই ছুটে ক্লাস থেকে বের হতে পারলে যেন বাঁচে। এর মধ্যে কাজল আবার বাগড়া দিল। বললো, Sir, could the same rule apply to such words as **bed, work** and **home**? বোরহান স্যার বললেন, Yes, they say—It's time to go **to bed** now ; Why isn't Any **at work** today? তিনি আবার বললেন, You must be careful with the word, 'home', because it takes no prepostion in the expressions such as I go/come/get/arrive home, and never use 'to' before home. কিন্তু, I am going **to my home.** He turned his face **to his home** শুদ্ধ।

ক্লাস শেষ হলে, সবাই দেখলো গেইটের বাইরে অজিতের বাবার Nissan Patrol জীপটা দাঁড়িয়ে আছে। গাড়ির ভিতরে অবশ্য অজিতের বাবা নেই। তিনি ড্রাইভারকে পাঠিয়ে দিয়েছেন। অজিত বললো, Get in everybody, quick.

হাবলু বললো, না, আমি কাজলদের বাসায় যাবো এখন। চল, কাজল।

অজিত বললো, আরে ওঠনা! তোকে নাহয় কাজলদের বাসায় নামিয়ে দেবো।

কাজলের চাচা দুপুরের ভারী ঘুমের পর একটা মোটা বই হাতে নিয়ে তাঁর রুমের সামনে ছোট্ট বারান্দাটায় বসে ছিলেন। হাবলুকে দেখে বললেন, Yes, young man, any news?

হাবলু বললো, হ্যাঁ, *Robinson Crusoe* বইটা খুব কঠিন লাগছে। মোটেও বুঝতে পারছি না। তিন লাইন পড়লেই ঘুম চলে আসে। বোরহান স্যার বলেছেন, প্রতিটি অর্থের জন্য ডিকশনারি না দেখতে, এতে নাকি পড়ার আগ্রহ কমে যায়।

হাবলুর কথা শুনে কাজলের চাচা বললেন, ফুঃ, কী যে লেখাপড়া হয় আজকাল স্কুলগুলিতে বুঝি না! যে-বইটা তোমাকে দিয়েছি, সেটি Daniel Defoe-র মূল ইংরেজি নয়, স্কুলের ছাত্রদের জন্য সুপাঠ্য করে সহজ ইংরেজিতে লেখা হয়েছে, আর ক্লাস নাইনের ছাত্র হয়ে সে-ইংরেজিই তুমি বুঝতে পারছো না! ফুঃ!

www.pathagar.com

হাবলুর খুব মন-খারাপ হয়ে গেল। সে তো ইংরেজি ভাষা শেখার জন্য *Robinson Crusoe* পড়তে চায়নি, সে *Robinson Crusoe*-র ভ্রমণবৃত্তান্ত সম্পর্কে জানতে চেয়েছিলো। তার নিজের যে খুব সমুদ্রভ্রমণের ইচ্ছা।

কাজলের চাচা বললেন, তুমি ক্যাপ্টেন জেমস কুক সম্পর্কে পড়বে? আমার কাছে ওঁর ওপর এ-বইটা আছে, নাও। এই বলে তিনি শেলফের সবচেয়ে উঁচু তাকের বইয়ের ভিড় থেকে একটা ঢাউস বই টেনে নামালেন। বইটির নাম, ***Cook—the Explorer.*** কাজলের চাচা বললেন, এটার ইংরেজি তোমার কাছে খানিকটা সহজ বোধ হতে পারে।

হাবলু বইটা খুলে দেখলো বইটার পাতায়-পাতায় রঙিন ছবি। এতে তার মনও নেচে উঠলো। বিভিন্ন ভৌগোলিক নামও চোখে পড়লো : New Zealand, the Bahamas, Tasmania, Honolulu এসব। তার মনে পড়লো, বোরহান স্যার বলেছিলেন, সমুদ্র, সাগর, নদী এবং খালের আগে The বসে। যেমন The Atlantic, The Panama Canal, the Nile, the Mediterranean Sea.

www.pathagar.com

বইটা বগলদাবা করে কাজলের ঘরে ঢুকলো সে। কাজল তখন স্কুলের কাপড় পাল্টে ফুটবল খেলার প্যান্ট-গেঞ্জি-জুতো এসব পরছিলো। তার মুখে জ্যাকস বেকারির একটা বড়সড় বেলা-বিস্কুট, অর্ধেক ভিতরে অর্ধেক বাইরে। ইঙ্গিতে সে হাবলুকে বসতে বললো।

হাবলু বললো, আজকে খেলতে যাবি, আজ না বোরহান স্যারের বাসায় যাবার কথা!

কাজল মুখ থেকে বিস্কুটের অর্ধেক টুকরো বের করে বললো, I **would rather go** to play **than meet** Borhan Sir. We've had enough of articles already. Don't you think so?

হাবলু বললো, Yes, I do, but he would expect us.

কাজল বললো, Don't you worry, he might think that we've forgotten.

হাবলু বললো, Actually I **would prefer to read** this book this evening **rather than do** anything else. This happens to be a very good book on sea adventures.

কাজল ঠাট্টার সুরে বললো, বই পড়ে নাবিক হওয়া যায় নাকি, বরঞ্চ জাহাজে চাকরি নে।

হাবলুর মাথায় কাজলের কথা ঠকাস করে যেন একটা বাড়ি দিল। তা-ই তো! বই পড়ে কি নাবিক হওয়া যায় নাকি!

হাবলু নিজের ঘরে ফিরে সন্ধ্যার খানিক পরে পড়া তৈরি করতে বসলো। কিছুক্ষণ পরে বিদ্যুৎ চলে গেল হঠাৎ। হাবলু অন্ধকারের মধ্যে চেয়ারে গোঁজ হয়ে বসে রইলো। মোমবাতি চাইতে রান্নাঘরে মায়ের কাছে গেল না। বাইরে উঠোনে একটি নারিকেল গাছ ও একটি আমগাছের ডালপালার ফাঁক দিয়ে চাঁদের আলো তার পড়ার ঘরের সামনের বারান্দায় আঁকিবুকি কাটছিলো। হাবলুর কাজলের চাচার ঘরে দেখা বিরাট গ্লোবটার কথা মনে পড়লো। কেন যেন কলম্বাস, ড্রেক, কুক, ম্যাগিলান, ভাস্কো ডা গামা এসব পৃথিবীবিখ্যাত নাবিকদের কথা সে ভাবতে শুরু করলো। পতেঙ্গায় দেখা সমুদ্র যেন বিশাল বিশাল জোয়ার হয়ে তার মনের দরোজায় আছড়ে পড়তে লাগলো। এমন সময় বিদ্যুৎ ফিরে এলে, সে পড়ালেখা একদিকে সরিয়ে *Robinson Crusoe* বইটা পড়তে শুরু করলো :

www.pathagar.com

On the first of September, 1651, I went on board a ship bound for Lisbon. The ship was no sooner gotten out of the Humber, but the wind began to blow, and the waves to rise in a most frightful manner : and as I had never been at sea before, I was most horribly sick in body, and terrified in mind. I began to reflect upon what I had done, and whether I was right in leaving my father's house.

[*Robinson Crusoe* থেকে নেয়া, বহুল পরিবর্তিত]

www.pathagar.com

উড় রাদার-এর কবলে

রবিনসন ক্রুসো বইটার সঙ্গে হাবলুর রীতিমতো tug-of-war (দড়ি টানাটানি) শুরু হলো। বইটার এক লাইন পড়ে সে বোঝে তো দু'লাইন বোঝে না। বোরহান স্যার ডিকশনারি বারবার দেখতে মানা করেছিলেন। কিন্তু, ডিকশনারি না দেখে বেশি দূর পড়লে না বুঝতে না বুঝতে এক সময় বই থেকে মন উঠে যায়। তার পরও বইটা হাবলু ছাড়ে না, বইটা তাকে টানতে থাকে। নিশি-পাওয়া লোক যেমন নিশির ডাকে বারবার ঘর থেকে বের হয়ে যায়, হাবলুও বারবার *রবিনসন ক্রুসো* বইটা শেলফ থেকে নামিয়ে পড়ে। হাবলু অবাক হয়ে নিজেকে আবিষ্কার করে এক খুব গোঁয়ার ছেলে হিসেবে। বইটা সে শেষ করবেই। বোরহান স্যার না বলেছিলেন, Where there is a will, there is a way (ইচ্ছা থাকিলে উপায় হয়!).

কাজল বললো, এ তোর কী গোঁয়ার্তুমি! Leave aside *Robinson Crusoe*. Read something easy, read ***The Daily Star.*** You'll see your English improving like anything.

অজিত যেমন কাজলের স্পোকেন ইংলিশের তোড়ে ভেসে যায়, হাবলু তেমনটি না। সে ঠোঁট বাঁকিয়ে বললো, **I'd rather not. I'd rather** complete it **than** read anything else.

অজিতের খুঁটিনাটি সব মনে থাকে। বললো, তোরা দু'জনে দেখি খুব would rather দিয়ে কথা বলছিস, কিন্তু স্যার তো এখনও এ প্যাটার্নটা শেখাননি আমাদের।

কাজল আর হাবলু অজিতের কথা শুনে একেবারে খেপে উঠলো। কাজল বললো, তুই একেবারে A-1 student. কেন, সবকিছু স্যারকেই শেখাতে হবে নাকি? দু'একটা কি আমরা নিজেরা শিখতে পারি না! অজিত কাজলের কথায় তেমন গা করলো না। হাবলুকেই জিজ্ঞেস করলো, আসলে would rather-এর ব্যবহারটা কী?

www.pathagar.com

হাবলু বললো, How can I tell you, I don't even know it myself. 'Would rather' just comes to me like that.

অজিতের বাসায় বোরহান স্যার ব্রাজিল-উরুগুয়ের ধারণকৃত ম্যাচটি দেখতে এসেছিলেন। তাঁর মনে খুব দুঃখ। যদিও তিনি ব্রাজিলের এক নম্বর সমর্থক, কিন্তু উরুগুয়ের ফ্রান্সিসকলি ও রুবেন সোসা তাঁর প্রিয় ফুটবল খেলোয়াড়। অথচ, আজকের খেলার সম্ভাব্য ফলাফল এমন হতে পারে যে, যে-কোনো একটি দল বাদ পড়ে যেতে পারে।

অজিতের খেলাধুলা তেমন ভালো লাগে না। সে চায় শুধু মন দিয়ে লেখাপড়া করতে। সে খেয়াল করলো, স্যার যেন একটু আগেই এসে পড়েছেন। বোরহান স্যার সোফার পিলো (pillow বালিশ) একটা কোলের মধ্যে গুঁজে তাকে জিজ্ঞেস করলেন, Who do you think will win?

এক মুহূর্তও না ভেবে অজিত বললো, ব্রাজিল স্যার।

বোরহান স্যার বললেন, Yes, they're the greats.

অজিত বললো, স্যার, কাজলের চাচা বলেছেন, গ্রামার শিখে নাকি কিচ্ছু ইংরেজি শেখা যাবে না, এজন্য নাকি ইংরেজি বই পড়তে হবে—গল্প, উপন্যাস।

বোরহান স্যার অজিতকে আশাহত করে বললেন, উনি ঠিকই বলেছেন। দেখছো না হাবলুটা কি তাড়াতাড়ি ইমপ্রুভ করছে। কারণ, *রবিনসন ক্রুসোর* মতো একটা মজার উপন্যাস পড়তে যেয়ে সে ক্রমশ ইংরেজি ভাষার স্বতঃস্ফূর্ততার সঙ্গে একাত্ম হয়ে যাচ্ছে। ফলে, ব্যাকরণের নিয়ম না জানলেও তার মধ্যে ইংরেজি ভাষাটা আপনা-আপনি জায়গা করে নিচ্ছে।

অজিত উদ্বিগ্ন হয়ে বললো, তা হলে গ্রামার শেখার কি দরকার নেই, স্যার?

বোরহান স্যার হেসে বললেন, Not that, কিন্তু গ্রামার শেখার পাশাপাশি ইংরেজি গল্পের বই, উপন্যাস, পত্রিকা ও ম্যাগাজিন পড়তে হবে। টি.ভি.-তে ইংরেজি প্রোগ্রাম ও ছবি দেখতে হবে।

এ-সময় হুড়মুড় করে কোত্থেকে কাজল, হাবলু, পটল, ডেভিড, ইব্রাহীম ও নতুন ছেলে চন্দন এসে হাজির। অজিত বললো, কী রে, তোরাও খেলা দেখবি নাকি?

বোরহান স্যারকে সালাম দিয়ে সবাই আদবের সঙ্গে সোফায় বসলো। ডিশ অ্যান্টেনার বদৌলতে অজিতের প্রতিপত্তি বন্ধুদের মাঝখানে অনেক বেড়ে গেছে। এমনিতেই সে ভালো ছাত্র। তাই সে যখন প্রস্তাব করলো যে, খেলা শুরু হতে যখন আরও খানিকটা বাকি আছে, তখন তারা বোরহান স্যারের কাছে কিছু শিখে নিক-না কেন। একমাত্র চন্দন ছাড়া সবাই তা চুপচাপ মেনে নিল।

www.pathagar.com

চন্দন এ-প্রস্তাবের কোনো মাথামুণ্ড খুঁজে পেল না। বাসা থেকে পড়ার ভয়ে বাপকে এড়িয়ে এসে এখানে আবার পড়াশুনা করতে হবে কেন?

যা হোক, অজিত বললো, When do we use the expession 'would rather', Sir?

বোরহান স্যার একটা হাই তুলতে তুলতে বললেন, আসলে would rather আর prefer প্রায় একই কাজ করে। একটা জিনিসের চেয়ে আরেকটা জিনিস পছন্দ করার বেলায় ইংরেজিতে সাধারণত এ-প্যাটার্নগুলো আসে।

কাজল সাথে সাথে হাত তুললো। কাজলের readiness of mind বোরহান স্যারকে পর্যন্ত মাঝে মাঝে অবাক করে দেয়। তিনি বলেন, Yes, Kajal, examples.

কাজল পটাপট বলে গেল, I don't like to write. I **prefer** to speak. I **prefer** Nissan Patrol **to** Pajero Jeep. Hablu **prefers** reading **to** travelling.

বোরহান স্যার বললেন, Excellent! Thank you, Kajal. দেখো, কাজলের উদাহরণগুলোতে একটা পছন্দের চেয়ে আরেকটা পছন্দের কথাই ফুটে উঠেছে। আর লক্ষ করো, prefer-এর সঙ্গে to + Infinitive-এর ব্যবহারই বেশি প্রচলিত। যেমন—I **prefer to watch** movies. যদিও I **prefer watching movies**-ও বলা যায়।

www.pathagar.com

বোরহান স্যার আবার বললেন, এখন দেখো rather than কেন আসছে। যদি আমি বলি, আমি বই পড়ার চেয়ে ছবি দেখতে পছন্দ করি, তখন আমি বলবো না, I prefer to watch movies to read books ; বরঞ্চ, তখন বলবো, I **prefer to watch** movies **rather than read** books.

কাজল বললো, পরের verb-এর সঙ্গে কি 'to' বসবে না?

বোরহান স্যার বললেন, No. দেখো আবার, I **prefer to live** in the city **rather than (live)** in the village.

কাজল খুঁচিয়ে দিল হাবলুকে। বললো, Hablu **prefers to read** *Robinson Crusoe* **rather than eat** any bananas.

হাবলু রাগতে পারলো না। কারণ, বোরহান স্যারসহ সবাই একসঙ্গে হেসে দিলেন। আর এদিকে Prime Sports চ্যানেলে Brian Langley ব্রাজিল আর উরুগুয়ের ওপর একটা তুলনামূলক আলোচনা শুরু করে দিয়েছেন। বোরহান স্যার বললেন, Boys, no more grammer today. We **would prefer to watch** the match **rather than discuss** grammar now. So, wait until next time.

www.pathagar.com

অগ্রহায়ণের বিকেলে স্কুলের মাঠে

কাজলের চাচার ইদানীং রাতে ঘুম হয় না। তাই সারাদিন শরীরটা কেমন অলস হয়ে থাকে। দুপুরে ভাত খেতে-না-খেতেই তার শরীরটা বিছানা খোঁজে। শোয়ামাত্রই চোখ বুজে আসে। নাকে তেল দিয়ে ঘুমোনো'র ইংরেজি করেছে কাজল–Sleeping by rubbing oil on the nose.

হাবলু বলে, Why do you think him so lazy. I respect him for his knowledge. And I like his library—so many books (are) in there!

কাজল ঝট করে রেগে গেল। তার ফর্সা চোখ-মুখে রক্তের ঝলকা। ঘাড় ঈষৎ বাঁকিয়ে বললো, I **would rather that he didn't sleep** during the day.

অজিত দু'বন্ধুর তর্কের মধ্যে গেল না। চোখ টিপে হাসলো। বললো, Kajal you've **conned** (মুখস্থ করা, to commit to memory) all the rules of 'would rather'; that's very smart of you. I've tried but found them too difficult to learn.

হাবলু কাজলের চাচাকে defend করা বাদ দিয়ে বন্ধুদের আলোচনায় ঢুকে গেল। বললো, Everything is quite simple. Look : যদি ঘটনার বিপরীতে কোনো ইচ্ছা প্রকাশ করা হয় তখন Would rather-এর সঙ্গে that দিয়ে verb বা ক্রিয়াপদকে past tense-এ নিয়ে যেতে হয়।

হাবলুর ব্যাখ্যা শুনে দু'বন্ধু—কাজল আর অজিত—হতবাক। কাজল বললো, Look, how closely he imitates Borhan Sir.

হাবলু বললো, কথা পরে বলিস, আগে Example নে। তারপর সে বললো, I **would rather that** Chandan **paid** attention to his English lessons. এ-বাক্যের অর্থ হচ্ছে, চন্দন ইংরেজি পড়ায় মনোযোগ দেয় না, যদিও আমি চাই যে সে দিক।

www.pathagar.com

কাজল বললো, That's quite good, but what should be the pattern like if I express a contrary-to-fact action in the past tense?

অজিত বললো, ওটা আমার মনে পড়ছে। দাঁড়া। তখন verb-এ past tense-এর জায়গায় past perfect হবে। যেমন, I **would rather that** Chandan **had paid attention** to his English lessons.

তিন বন্ধু হঠাৎ নিজেদের পারঙ্গমতায় আহ্লাদিত হয়ে ওয়েস্ট ইন্ডিয়ান ক্রিকেটাররা যেমন পরস্পরের হাতে হাত ঠেকিয়ে তালি বাজিয়ে উল্লাস (হাই ফাইভ) প্রকাশ করে, সেভাবে তালি ঠুকলো। তখন অজিত বললো, জানিস ঐদিন বাবা আর মা খুব ঝগড়া করলো ডিশ অ্যান্টেনা নিয়ে।

কাজল বললো, What happened?

হাবলু বললো, What went wrong?

অজিত বললো, Nothing serious. বাবা কাতারে অনুষ্ঠিত সৌদি আরব আর ইরাকের খেলা দেখবেন। কিন্তু, মা চান *The Sword of Tipu Sultan* দেখতে। কী যে যুক্তি বাবা আর মা'র! বাবা বললেন, লাইভ (Live) প্রোগ্রামই যদি দেখতে না পাই, তা হলে ডিশ কিনলাম কেন? মা বললেন, বা, তাই বলে কি দেশের টিভিতে ভালো প্রোগ্রাম হলে দেখবো না? বাবা বললেন, ঐ *টিপু সুলতান* আর কী দেখবে! সবই ইতিহাস, বস্তাপচা। মা বললেন, বা, ইতিহাস না জানলে বর্তমানকে বুঝবো কীভাবে! আর টিপু সুলতান ইতিহাস নয়, ঐতিহাসিক নাটক—অর্থাৎ একটা শিল্পকর্ম। বাবা বললেন, হুঁ, তুমি যে অধ্যাপকের মেয়ে সেটা প্রমাণ করে ছাড়বে।

দু'বন্ধু অজিতের কথা শুনে আগ্রহের স্বরে একত্রে বললো, Then wh'at happened? অজিত বললো, Half-half. Fifty-fifty. Prime Sports-এর ads-এর সময় মা *টিপু সুলতান* দেখলেন।

কাজল বললো, Your father **had rather buy** another T.V. set for local viewing. (Should-এর বদলে 'had rather' ব্যবহার করা যায়).

হাবলু বললো, তুই ইংরেজি বুলি ঝাড়া বাদ দে তো! সাহেবের বাচ্চা হয়ে যাবি নাকি?

কাজল বললো, English is the number one International Language, you know that, don't you? (you know that, don't you এরকম আরও প্রকাশ হলো, He plays cricket, doesn't he? I don't play cricket, do I? যে-কোনো গ্রামার বইয়ে tags-এর বহুবিধ উদাহরণ দেয়া আছে)

www.pathagar.com

হাবলু বললো, তা মানি। তবে, তুই এত ঘনঘন কঠিন ইংরেজিতে কথা বলিস, মাথা ঘুরে ওঠে।

কাজল বললো, I **would rather** that you **take** it lightly.

অজিত বললো, এখানে verb-এর past tense দিলি না যে!

কাজল বললো, No need, because I mean that he does something that I wish him to do.

অজিতের মনে পড়লো। বললো, ও আচ্ছা, তুই Subjunctive মুড-এর কথা বলছিস। যখন একজন আরেকজনকে কিছু করার জন্য আদেশ, অনুরোধ ইত্যাদি করে, সেখানে command, request, suggest, order ইত্যাদি verb-এর পরের verb সব সময় present simple হয়।

কাজল বললো, Exactly, see now : We **would rather that** Chandan **pay** (pays বা paid নয়) more attention to his English. The teacher **demanded that** the student **raise** (raises বা raised নয়) his right hand. Mr. Clinton **suggested that** Bangladesh **normalize** (স্বাভাবিক করে নেওয়া, normializes বা normalized নয়) its relation with neighbouring countries as soon as possible.

www.pathagar.com

The shopkeeper **requests that** each buyer **choose** one thing at a time.

হাবলু বললো, থাম তো, বহুত English হুয়া। এবার তোর চাচার কথায় ফিরে আসি।

কাজল বললো, I don't understand why you find him so interesting!

অজিত বললো, জানিস না, তোর চাচার বই-এর শেলফ অর্ধেক খালি করে দিচ্ছে না হাবলু!

হাবলু বললো, যা, সব মিথ্যা কথা! কেবল *Hidden Wonders* নামক একটা গল্পের বই এনেছি।

More stories on sea-life, I believe, কাজল বললো।

না তা নয়, হাবলু বললো, তবে, ক্লাস সেভেনে বাংলায় জ্যাক আর তার সীম গাছ-এর গল্প পড়েছিলাম না। সেটাই মূল ইংরেজিতে পড়লাম Jack and the Beanstalk নামে। কী যে মজার ভাষা! সঙ্গে পাতায়-পাতায় ছবি।

হাবলুর এ-পড়ার মজাটা তার দু'বন্ধু ঠিক ধরতে পারলো না বলে সে কথা বলার বিষয় পাল্টালো। বললো, কাজল বল তো, Under নিচে has আছে—কথাটার অর্থ কী?

কাজল বললো, সঙ্গে সঙ্গে উত্তর দিলে আমি বলবো কী?

অজিত বললো, If যদি is হয়, but কিন্তু what কি—একথার মানে বল তো!

কাজল আর হাবলু হাসতে হাসতে বললো, গাধার মতো প্রশ্ন করলে আমরা বলবো কী?

তিন বন্ধু খুব মজা পেয়ে আবার ওয়েস্ট ইন্ডিয়ানদের মতো হাই ফাইভ করলো।

তারা এতক্ষণ স্কুলের মাঠে বসে কথা বলছিলো। অগ্রহায়ণ মাসের বিকেল খুব তাড়াতাড়ি ফুরিয়ে যাচ্ছিলো। রোদ যেন এক টান দিয়ে স্কুলের পেছন দিকে অদৃশ্য হয়ে গেল। তাদের খানিকটা শীত করতে লাগলো। একটা ছুঁচো স্কুলের বারান্দার নিচে সরু নালাটার ওপরে উঠে ক্রিকেট আম্পায়ারের মতো তাদেরকে একবার পরখ করলো। পরক্ষণেই সেটা আবার নালায় নেমে গেল। অজিত মনে-মনে ভাবতে লাগলো, ছুঁচোর ইংরেজিটা কী হবে। এটাও সে ভাবলো, 'শীতের বিকেলটা তাড়াতাড়ি ফুরিয়ে গেল', তারই-বা ইংরেজি কী হবে?

[ছুঁচো'র ইংরেজি mole (মৌল) বা musk-rat. The winter afternoon had receded fast. Recede অর্থ ফুরিয়ে যাওয়া, পেছনে চলে যাওয়া, ক্ষয়ে যাওয়া ইত্যাদি।]

www.pathagar.com

ক্রিকেটোলজি

পুরো ডিসেম্বর মাসটা গেল কয়েকটা উত্তেজনার মধ্যে। কাজল ক্রিকেটের ব্যাট নিয়ে কয়েকবার আজহারউদ্দিনের লেগ গ্ল্যান্স মক্‌শ করতে করতে সেকথাটাই বোঝাচ্ছিলো বন্ধুদের : Oh, December was completely hilarious. উপস্থিত সবাই একমত হলো। কাজল বলে চললো, First, we had our examination, then our results, we all passed. Then the prizes came, and how beautiful were they, and then arrived our American aunite. Then this cricket match today.

চন্দন কাজলের সঙ্গে ইনিংস ওপেন করবে। সে একটু থলথলে শরীরের, অনেকটা আবাহনীর আকরাম খানের মতো। সে এখন নিজের প্যাডের ওপর হাঁটুর কাছটায় ব্যাট দিয়ে দুটো বাড়ি দিলো। তারপর বললো, কাজল, আসল মজাটি গেছে কিন্তু হিরো কাপ দেখার সময়। ওঃ একদিকে পরীক্ষা, অন্যদিকে ক্রিকেট! কী না গেল অজিতদের বাসায়! ভাগ্যিস অজিত, তোর বাবা এ-সময় সিঙ্গাপুর ছিলেন। তোর মায়ের বারণ তো আমরা শুনিইনি।

ডেভিড ফিল্ডিং দলের আজ মুখ্য বোলার। লাল চকচকে M.C.C. মার্কা ছাপানো বলটা সে এইমাত্র পাতলা সেলোফিনের প্যাকেট থেকে বের করেছে। সাদা ট্রাউজারের বেল্টের নিচের জায়গাটিতে সে এর মধ্যে বল দিয়ে ঘষতে শুরু করেছে। প্যান্টের সাদা রং খানিকটা লালচে হয়ে উঠেছে। বেশ জোরে বল করে সে। ইনসুয়িং আউটসুয়িং দুটোই। বোরহান স্যার তাকে ডাকেন অ্যালান ডোনাল্ড। ডেভিড মনে-মনে খুব খুশি। সে আরও খুশি হবে যদি আজকে সে কাজলকে ওপেনিং ওভারে বোল্ড করতে পারে। যদিও সে খ্রিস্টান ছেলে, কিন্তু কাজলের মতো অত ইংরেজি সে বলতে পারে না। ভিতরে ভিতরে তার জ্বলে। I'll bust his middle stump মনে-মনে সে বলে। এর মধ্যে মাথায় মেক্সিকান সমব্রেরো (Sombrero হচ্ছে মেক্সিকোর লোকদের একধরনের বিশেষ টুপি, যার চওড়া ঘের সহজে চোখে পড়ে। বোরহান স্যারের ভাইয়ের আমেরিকান বৌ তাঁর জন্য gift এনেছেন এটি) পরে আম্পায়ার বোরহান স্যার

www.pathagar.com

মাঠের দিকে এগোতে থাকলেন। ডেভিড হঠাৎ বলে উঠলো, দ্যাখ কাজল, বোরহান স্যারকে কী impressive দেখাচ্ছে।

কাজল আজহারউদ্দিনের মতো লেগের দিকে আরেকটা সুইপ শটের ভঙ্গি করলো। ডেভিডের কথামতো বোরহান স্যারের দিকে তাকিয়ে বললো, Yes, you're right. He also looks very imposing (সম্ভ্রম জাগানোর অর্থে)।

অজিত দামি একটা ফ্ল্যানেলের ট্রাউজার পরেছে। ওপরে একটা গ্রীন বর্ডার দেওয়া সাদা জাম্পার। অজিতের চেহারার পড়ুয়া ভাবটি তার পরও সম্পূর্ণ কেটে গেল না। অনেক প্রতিদ্বন্দ্বিতার পর সে শেষ পর্যন্ত ক্লাস নাইনে ফার্স্ট হয়ে ক্লাস টেনে উঠেছে। গড়ে পেয়েছে ৮৭% নম্বর। ইংরেজিতে দু'পেপারে ৮২ আর ৮৩। কাজল সেকথা মনে করেই যেন বললো, Ajit, you're the odd (খাপছাড়া) man out amongst us. The cricket ball will scare (স্কেয়ার— ভয় ; ভয় দেখানো) you.



বোরহান স্যার এর মধ্যে মাঠের মাঝখানে উইকেট ঠিকমতো পোঁতা হয়েছে কি না দেখলেন। ক্লাস টেনের দুটো দলের মধ্যে ম্যাচ। হেডমাস্টার আর অ্যাসিট্যান্ট হেডমাস্টারের নামে দুটো দল গঠন করা হয়েছে। তিনি আর বিজ্ঞানের জয়নাল সাহেব আম্পায়ার থাকবেন। বোরহান স্যারের ভাই তাঁর বৌকে নিয়ে গতবারের মতো এবারের শীতেও বেড়াতে এসেছেন। আমেরিকান

www.pathagar.com

মহিলা এর মধ্যে ভাশুরকে নাম ধরে ডেকে প্রচুর কৌতুকের খোরাক যোগাচ্ছেন। গত বছর বোরহান স্যারের স্ত্রী কিছুটা চটে গিয়েছিলেন। কিন্তু, এবার তিনি শুরু থেকেই মেনে নিয়েছেন। তাই, অ্যামেরিকান মহিলা Boorhan Boorhan করে কথা বললে তিনি কেবল মুখ টিপে হাসেন। আজকে এ মহিলার খেলা দেখতে আসার কথা। হেডমাস্টার আর অ্যাসিট্যান্ট হেডমাস্টারের সামনে তাঁকে নাম ধরে ডাকাডাকি করলে কী যে হাসির হুল্লোড় পড়বে, কে জানে! বোরহান স্যার এসব ভাবতে ভাবতে আবার ক্রিকেটের মধ্যে ফিরে এলেন। নিজেকে প্রশ্ন করলেন, Did I learn the rules well? তিনি ক্রিকেটের ওপর একখানা বই স্কুল লাইব্রেরি থেকে ধার নিয়ে আম্পায়ারিং-এর কিছু নিয়ম-কানুন শিখে নিয়েছেন। এখন তাঁর মনে হচ্ছে, Teaching English is far easier than umpiring in cricket.



স্কুলের রৌদ্রকরোজ্জল মাঠে সত্যিই ক্রিকেটের এক বিশাল আয়োজন অল্পক্ষণের মধ্যে জমে উঠলো। ফিল্ডিং সাইড অর্থাৎ হেডমাস্টারের দল-এর ক্যাপ্টেন অজিত। আর ব্যাটিং সাইড অর্থাৎ অ্যাসিট্যান্ট হেডমাস্টার-এর দলের ক্যাপ্টেন কাজল। অজিত ডেভিডের হাতে, যেভাবে আজহারউদ্দিন প্রভাকরের হাতে বল তুলে দেয়, সেভাবে তুলে দিল লাল চকচকে M.C.C. মার্কা-ছাপা বলটি। ডেভিট উইকেট থেকে পা দিয়ে মেপে মেপে অ্যালান ডোনাল্ডের মতো তার স্টার্টিং পয়েন্ট ঠিক করলো। মনে-মনে বললো, I'll bust his middle stump, that big mouthed (মাউদ্‌ড) fellow (Big-mouth যারা বেশি কথা বলে : যেমন কাজল)। কাজল স্ট্যান্ড নেয়। আম্পায়ার বোরহান স্যারকে তার আর বোরহান স্যার মনে হয় না। আজকে তার অধিকার প্রাধান্য পাবে। সে কুচ-পরোয়া-নেই ভঙ্গিতে বোরহান স্যারের দিকে হাত নেড়ে তার মিডল স্টাম্প বরাবর ব্যাট বসেছে কি না সে-নির্দেশ দিতে বললো। বোরহান স্যারও কেমন বংশবদ বালকের মতো তার নির্দেশ মান্য করে মাথা ঝুঁকিয়ে তাকে হাতের ব্যাটটাকে আরেকটু মাঝখানে বসাতে বললেন।

www.pathagar.com

প্রথম বল। ডেভিড গায়ে আগুনের হলকা লাগিয়ে অ্যালান ডোনাল্ড হয়ে তেড়ে আসছে আর মনে-মনে বলছে I'll bust him, I'll bust him. (আমি তাকে ধ্বংস করবো।) একটা ঝকঝকে লাল গোলার মতো বলটা পিচের ওপর লাফ দিলো। একদিকে শিশিরমাখা পিচ, আরেকদিকে নতুন বল। সত্যিই ডোনাল্ডের বলের মতো স্পীড ছিলো ডেভিডের ডেলিভারিতে। কাজল তেমন কিছু মনে করলো না। তার মনে হলো বলটা একটু শর্ট পীচট। আজহারউদ্দিনের favourite বল এগুলো। কাজল বাম পা একটু এগিয়ে ভাঁজ করে ব্যাট ঘোরালো অনের দিকে। ঠিক আজহারউদ্দিনের মতো leg glance হলো না, কিন্তু বল ব্যাটের মুখে পড়া মাত্রই শাঁই শাঁই করে দ্বিগুণ গতিতে মাঠ ঘেঁষে ছুটে গেল স্কোয়ার লেগে দাঁড়ানো অজিতের দিকে। অজিত মনে-মনে বললো, এই সেরেছে! বলে হাত দেবে কি দেবে না— সে কিছুই ভাবতে পারলো না। নিজেকে প্রশ্ন করলো, Am I scared (আমি কি ভীত)? কে যেন তার ভিতর থেকে তৎক্ষণাৎ বললো, You're the first boy of the class, why should you be scared? সে চোখ বুজে বলের লাইনে হাত দিলো, আর কী আশ্চর্য, বলটা একটা হালকা পায়রা-পাখি হয়ে তার হাতের ভিতরে বন্দি হয়ে গেল। এর মধ্যে কাজল আর চন্দন প্রান্ত বদল করে এক রান নিয়ে নিল। হাবলু তাঁবুর নিচে বসা আমেরিকান আন্টিকে বোঝালো, তাদের দলের এক রান হয়েছে। মহিলা হেসে বললেন, It's like our base-ball game.

ডেভিডের দ্বিতীয় বল। বল নীচু হয়ে এসে চন্দনকে প্যাডের ওপর এমন জোরে আঘাত করলো যে, সে হাত থেকে ব্যাট ছেড়ে দিয়ে পা ধরে ব্যথায় কঁকিয়ে উঠলো। এদিকে ডেভিডসহ ফিল্ডাররা এল. বি. ডব্লিউ.-র আবেদন করলো। বোরহান আম্পায়ার মনে করার চেষ্টা করলেন, এল. বি. ডব্লিউ কী কী পজিশনে দেওয়া যেতে পারে। বল কোথায় ছিল, চন্দনের পা কোথায় ছিলো, তিনি কিছুই মনে করতে পারলেন না। ইশ, যদি থার্ড আম্পায়ারের মত নেওয়া যেত! তিনি ভাবলেন, Did I see him **move off** the line of the ball? আবার ভাবলেন, Did I see his left foot sticking out of the popping crease? Shouldn't I give him the benefit of doubt when I'm not sure! তিনি আকাশে দু'আঙুল তুললেন। অর্থাৎ, চন্দন নট্ আউট। ডেভিড, ওয়েস্ট ইন্ডিজের অ্যামব্রোসের মতো এমন মুখের ভাব করলো যেন জীবনে সে এর চেয়ে মিথ্যা আর কিছুই দেখেনি।

অ্যামেরিকান আন্টি হাবলুকে জিজ্ঞেস করলো, Why did they shout?
হাবলু বললো, They were appealing for out.
আন্টি বললেন, But the stumps were not hit.
হাবলু ভুল ইংরেজিতে বললো, Leg hit, may be out.
আন্টি হেসে বললেন, Funny game!

www.pathagar.com

আমরা করবো জয়

হাবলু ক্লাসের এক কোনায় বসে আনমনে গালে হাত দিয়ে ভাবছিলো। কাজলের সেদিকে চোখ পড়লে বললো, Hi sailor, what are you so deeply meditating? [অ্যামেরিকানরা একে অপরকে সাধারণ সম্বোধন করতে Hi (হাই) বলে। Hi, Hello-র ভিন্নরূপ। কাজল হাবলুর নাবিক হবার বাসনার কথা জানে। তাই, মজা করার জন্য তাকে sailor ডাকে। আর meditate (ধ্যান করা) শব্দটা বোরহান স্যার ক্লাসে গত সপ্তাহে ব্যবহার করেছিলেন।]

হাবলু বললো, Nothing much. আবার বললো, But I'm a little confused abut this 21st February.

Why, কাজল বললো, What's so confusing about it?

হাবলু বললো, বাংলা ভাষার জন্য সবচেয়ে গৌরবের দিন এটি। অথচ, দিনটা পালিত হয় ইংরেজি ক্যালেন্ডার অনুসারে।

কাজল মৃদু হেসে বললো, Sailor (উচ্চারণ, সেইলর), you're (you are) forgetting what Borhan Sir told us about it.

হাবলু বললো, What did he tell us?

কাজল কিন্ত কিছুতেই গুছিয়ে আনতে পারছিলো না, বোরহান স্যার কী বুঝিয়েছিলেন। তখন তারা ঠিক করলো অজিত বুককিপিং-এর ক্লাস করে ফিরে এলে তাকে বলবে টেপ থেকে বাজিয়ে শোনাতে বোরহান স্যারের লেকচারটা। (অজিতের বাবা সিঙ্গাপুর থেকে পকেট সাইজের একটা ক্যাসেট-রেকর্ডার এনেছেন অজিত ক্লাসে ফার্স্ট হবার সুবাদে। অজিত সেটি পকেটে রেখে গোপনে বোরহান স্যারের লেকচার রেকর্ড করেছে। জয়নাল স্যারেরও করেছে। কিন্তু, অন্য কোনো স্যারের বক্তৃতা তোলা হয়নি। ভয়ে, ধরা পড়লে যদি মারে!) টিফিন-ছুটিতে স্কুলের পেছনে আমগাছের বেড়ি দেওয়া পুকুরটার পাড়ে তারা গিয়ে বসলো। অজিত পকেট থেকে ক্যাসেট-রেডিওটা বের করলো। অন করা মাত্রই বোরহান স্যারের ইলেকট্রোনিক গলা শোনা যেতে থাকলো—

www.pathagar.com

The calendar which we know as the English calendar is actually a calendar of the Christian world. But it was, and still is, so closely followed in our country that we fix all our important national dates according to this calendar. As you see, not only the 21st February but all other important dates like the 16th December, the 26th March are also observed in accordance with this calendar. There's no harm in appointing a historical date according to a foreign calendar as long as the spirit and significance of the day is properly observed. (Spirit এবং significance দুটো একই idea উৎসারিত ভেবে 'is' ব্যবহার করেছেন।)

এর পরে কী একটা যান্ত্রিক গোলযোগের জন্য আর টেপ করা হয়নি। পুকুরপাড় থেকে ফিরে আসার সময় হাবলু বললো, spirit, significance—এ শব্দগুলোর অর্থ কী?

বলা বাহুল্য, অজিত বা কাজল কেউ-ই এ-ব্যাপারে হাবলুকে আলোকিত করতে পারলো না।

অজিতের মনে এলো—একুশের চেতনা, মুক্তিযুদ্ধের চেতনা—এসব কথা সব সময় শোনা যায়, কিন্তু এ-চেতনার অর্থ তার কাছে পরিষ্কার নয়।

কাজল বললো, I think, **spirit** means **the courage** to sacrifice one's life for one's country.

অজিত বললো, Like Titumeer, Surya Sen and Khudiram, like the valiant martyrs (martyr/martyrs—মার্টার্স, তবে রেফকে বাদ দিয়ে উচ্চারণের চেষ্টা করতে হবে। শব্দটার অর্থ হচ্ছে, শহীদ) of the 1971 liberaton war.

Yes, কাজল বললো।

হাবলু বললো, But, what about us who have not sacrificed our lives as the valiant martyrs had. What should we understand by this spirit?

অজিত বললো, I think, for us it means, if need be (যদি প্রয়োজন হয়), to remain ready to die for the country.

কাজল বললো, Maybe (may be-র অর্থ 'হতে পারে' কিন্তু এক সঙ্গে লিখলে অর্থ হয়, 'সম্ভবত' বা probably) it (the spirit) should also mean the unwillingness (অনিচ্ছা) to compromise (আপোস করা)। (বাক্যটার অর্থ—আপোস না করার ইচ্ছা।)

www.pathagar.com

হাবলু বললো, রাষ্ট্র এবং সমাজের সর্বাঙ্গীণ অগ্রগতিও মনে হয় এ-চেতনার সঙ্গে জড়িত।

অজিত বললো, আমারও তা-ই মনে হয়। আমেরিকার এক মন্ত্রী নাকি একবার বাংলাদেশকে bottomless basket (তলাবিহীন ঝুড়ি) বলেছিলেন। বাংলাদেশকে খাদ্যে, বাসস্থানে, শিক্ষা-দীক্ষায়, শিল্প-বাণিজ্যে পৃথিবীর উন্নত রাষ্ট্রগুলোর সমপর্যায়ে নিয়ে যেতে হলে যেসব আদর্শ এবং কর্মসূচি বাস্তবায়ন করতে হবে, সে সবগুলোর মূল অনুপ্রেরণাই আসবে মনে হয় একুশের চেতনা থেকে।

www.pathagar.com

কাজল বললো, Yes, very well explained. Actually the spirit of Ekushey lies in the courage (সাহস অর্থে) to say 'no'.

হাবলু বললো, Yes, to say 'no' against the old, for the New.

অজিত বললো, Change (পরিবর্তন) is the main thing. Rebellion (বিদ্রোহ) and then revolt (বিপ্লব) **bring about** all the changes in society. Look at America, and at France, Russia and China—all these countries had had great revolutions in the past.

হাবলু বললো, এবার ফেব্রুয়ারির দিন আমরা কী করবো, কিছু তো ঠিক করিনি। দুর, ঐদিন আরও স্কুলটা বন্ধ দিয়ে সব ফাঁসিয়ে দিল।

কাজল বললো, আচ্ছা, We've (we have) never been to any Prabhat Feri (প্রভাতফেরি) before. Why don't we join a precession from our neighbourhood (এলাকা) this time!

হাবলু আর অজিত একত্রে বললো, It's a very good proposal, let's do it. কাজল আবার বললো, What a sad thing it is that the person, Altaf Mahmud, who gave tune to the song আমার ভাইয়ের রক্ত রাঙানো, was brutally (নৃশংসভাবে) killed by the collaborators (দালাল) and occupying (দখলবাজ) forces in 1971!

হাবলু বললো, 1971 is a great year in our history.

কাজল বললো, I only wish, I **were** born then and **fought** against the enemies.

হাবলু বললো, Yes, enemies are still around and they are to be **fought** against. [fight against/fight with দুটোই শুদ্ধ]

স্কুলের বারান্দায় পা দেবার সময় তিন বন্ধুকে কেমন দৃঢ় প্রত্যয়ী (firmly determined) মনে হচ্ছিলো।

(Wish-এর পরে বাস্তবের বিপরীতে বক্তব্য এলে to be verb-এ were হয়। যেমন I **wish** he **were** there.)

www.pathagar.com

ড্যাফডিলময় স্বপ্ন

কাজলের চাচা বলা নেই কওয়া নেই হুট করে এক বন্ধুর বিয়েতে দশ দিন সুনামগঞ্জে কাটিয়ে এলেন। আসার পথে শ্রীমঙ্গল চা-বাগানে দু'দিন কাটিয়ে এলেন। এ-ক'দিন কাজলদের বাসায় বাজার নিয়ে খুব কষ্ট গেল। অফিস সামলে বাজার করতে কাজলের বাবা গলদঘর্ম। কাজলকে তার মা বাজারে পাঠান না। তাঁর ধারণা : ছেলে আগে লেখাপড়া শেষ করুক, তারপর।

কাজলের বাবা বললেন, See, how much is your uncle useful to us!

কাজলের মা বললেন, ওহ, চাল-চুলাহীন লোকটা যে কোথায় চলে গেল, এখন এলেই বাঁচি।

কাজল বিজ্ঞ দার্শনিকের মতো বললো, Yes, nobody is a throw-away (ফেলে দেওয়া) in this world.

কাজলের বাবা মনে-মনে ছেলের ইংরেজির প্রশংসা করলেন। আকাশের দিকে চশমাটাকে তুলে তিনি একটু পরখ করলেন। কাঁচ পরিষ্কার নয়, তেলের ছোপ না আঙুলের দাগ কী একটা দৃষ্টিকে আটকাচ্ছে। কিন্তু, তাঁর চশমাহীন চোখেও ফাল্গুনের দীপ্র আকাশটা ঝলমল করে উঠলো। কাজলকে নিয়ে একটা স্বপ্ন উড়তে উড়তে আকাশের গায়ে গিয়ে ঠেকলো। ছেলে ইংরেজিটা ভালো মতো শিখলে, কতো বড়ো যে চাকরি পাবে! ছেলেকে দোয়া করে তিনি একটা সুরা নিভৃতে আওড়ালেন। বুকের মধ্যে খুশি নিশপিশ করতে লাগলো। তিনি নিজেকে নিজে বললেন, I'm in ecstasy (এক্স্ট্যাসি–অতিশয় আনন্দবোধ, তীব্র আবেগ, তীব্র অস্থিরতা ইত্যাদি), I'm **beside myself with** joy, I'm hopeful about my son.

অনেকদিন আগে স্কুলে পড়া ওয়ার্ডসওয়ার্থের একটা কবিতার কথা তাঁর মনে পড়লো : I wandered lonely as a cloud/That floats on high o'er vales and hills/A host of golden daffodils. তিনি সবগুলো লাইন

www.pathagar.com

ঠিকমতো মনে আনতে পারলেন না, কিন্তু তিনি কি ছেলের মধ্যে সোনালি ড্যাফডিল ফুলের সমারোহ দেখলেন! [ড্যাফডিল ইংল্যান্ডের অতিপরিচিত একটি হলুদ রঙের ফুল।]

বুঝলে হাবলু, কাজলের চাচা বলতে লাগলেন, শ্রীমঙ্গলের কাছে একটা বন আছে, নাম লাওয়াছড়া বন। জীপে করে সেখানে গেলাম আমার চা-বাগানের ম্যানেজার বন্ধুর সঙ্গে। রাস্তার পাশেই একটি বিরাট গাছের কাছে গাড়ি থামলো। গাড়ি থেকে নেমে দেখলাম, একটা প্রকাণ্ড গাছের নিচে আমরা দাঁড়িয়ে আছি। গাছটা ডালপালাবিহীন ১৫০—২০০ ফুট পর্যন্ত মাটি থেকে সটান উঠে গেছে। একেবারে আগায় হাতে গোনা কয়েকটা ডাল মাত্র বেরিয়েছে। সে-ডালগুলো থেকে যে-পাতাগুলো বেরিয়েছে সেগুলো থরেথরে এমন সুন্দর সাজানো, যেন কোনো শিল্পী আকাশের গায়ে পাতার ট্যাপেস্ট্রি এঁকেছে। (Tapestry— একধরনের শিল্পকর্ম।)

Such a huge (হিউজ—বড়) tree! What is its name? হাবলু জিজ্ঞেস করলো। কাজলের চাচা বললেন, ক্লোরোফর্ম (Chloroform) গাছ। মজার কথা কি জানো, this is the only tree of its kind in Bangladesh. বন- বিজ্ঞানীরা বহু চেষ্টা করেছেন এর একটা চারা ফলাতে, কিন্তু পারছেন না।

হাবলু বললো, This must be a very exceptional (ইক্সেপশনাল—ব্যতিক্রমি) tree then.

কাজলের চাচা বললেন, Yes, it is.

এরপর কাজলের চাচা হাবলুকে একটু কোনায় নিয়ে গেলেন। বললেন, দ্যাখ, কী এনেছি। চা-বাগানের এক ম্যানেজার ভূরিভূরি পত্র-পত্রিকা কেনেন। সবই বিদেশী। আমি বেছে বেছে পাঁচখানা National Geographic নিয়ে এসেছি। তুমি একটা বেছে নিয়ে যাও, পড়তে পারো কি না দেখো।

বস্তুত National Geographic ম্যাগাজিনের সঙ্গে হাবলুর এই প্রথম সাক্ষাৎ। সে বাসায় এসে ম্যাগাজিনটা উল্টেপাল্টে দেখে তো অবাক! এত আশ্চর্য সুন্দর ছবিওয়ালা ম্যাগাজিন যে পৃথিবীতে আছে, সে জানতো না। তার নাবিক হবার বাসনা আবার, কাজলের ভাষায় ten times (দশ গুণ), উদ্দীপ্ত হয়ে উঠলো। বোরহান স্যার একবার বলেছিলেন, সমুদ্রযাত্রার ওপর একটা রোমহর্ষক ইংরেজি কবিতা নাকি আছে—The Rime of the Ancient Mariner নামে। সে বড় হলে পড়বে।

এখন সে National Geographic থেকে একটা লেখা পড়তে শুরু করলো—The see **crashing on** the beach woke me at 4 : 30 am. **During** the night a storm had **moved in** from the

www.pathagar.com

Mediterranean. I **looked out** my window to see five-foot waves rolling onto the beach near our dormitory (ডর্মিটরি— আশ্রয়স্থল) at Kibbutz Sedo Yam on the Israeli coast between Haifa and Tel Aviv. I looked at the waves. After a few hours as soon as the **seas abated** (প্রশমিত) enough I took out my barge (বার্জ— লঞ্চ) out of the fishing harbour.

তার পরের দিন অজিত, কাজল, ডেভিড, আর ইব্রাহীম হাবলুর বাসায় এলে হাবলু তাদেরকে National Geographic-টা দেখালো। অজিত হাবলুর পড়া লেখাটায় এসে বললো, এগুলি কেন দাগিয়েছিস?

হাবলু বললো, ব্যাকরণের প্যাটার্নটা বুঝতে চেষ্টা করছি।

কাজল কটাক্ষ করে বললো, Our sailor is turning into a grammarian then.

অজিত বললো, Sea crashing on the beach মানে তীরে ঢেউ ভেঙে পড়া।

www.pathagar.com

হাবলু বললো, সেটা নয়, Crashing-এর সঙ্গে যে কোনো auxiliary নেই।

অজিত বললো, কেন, relative phrase লোপ করার একটা উদাহরণ এটা। লিখতে পারতো, sea (which was) crashing on the beach, কিন্তু 'which' relative word আর to be verb 'was' বাদ দিয়ে শুধু continuous verb বা present participle 'crashing'-টা রাখা হয়েছে।

কাজল বললো, Yes, Ajit's explanation is really brilliant, যেমন : The girl who is running down the street might be in trouble-কে The girl running down the street might be in trouble-ও বলা যায়, এবং পরেরটা বলাই সঙ্গত।

ইব্রাহীম বললো, Pals (বন্ধুরা) see, there's (there is) another example like that below. লিখেছে waves rolling—যা কিনা waves (which were) rolling-এর সংক্ষেপ।

অজিত বললো, During একটা বিশুদ্ধ প্রিপজিশন যা নাউনের আগে বসেছে, আর move in, look out এগুলোর প্যাটার্ন হচ্ছে verb+prepositon, যার অন্য নাম phrasal verb.

হাবলু বললো, five-foot wave কেন হলো, five-feet wave না হয়ে?

অজিত বললো, ইংরেজিতে সাধারণত adjectives-এর plural হয় না। Foot মাপের একক হিসেবে নাউন। তাই এর প্লুরাল feet. যেমন : one foot, five feet. কিন্তু five-foot waves বাক্যাংশে waves-ই নাউন, foot চলে গেল five-এর সঙ্গে compound adjective-রূপে। Adjective যেহেতু সবসময় বচনবিহীন, সেজন্য foot হবে। কেননা, সেটা এখানে adjective.

দাঁড়া, wait, কাজল বললো, Let me come up with more examples : number 1. This book has **200 pages**—তার অর্থ this is a 200-**page** (pages নয়) book : number 2. This house has **10 rooms**—this is a **ten-room** house : smimilarly, these waves are **five feet** high—these are **five-foot** high waves.

Exactly, সবাই সমস্বরে বললো।

অজিত বললো, a few expression-টা সবসময় plural countable noun-এর সঙ্গে যায়। যেমন : **A few students** have come to the class./At high noon, we saw only **a few birds** in the sky.

আর কাজল বললো, seas বহুবচন করা হয়েছে বিস্তীর্ণ জলরাশি বোঝাতে, সমুদ্র বোঝাতে নয়। যেমন : একই অর্থে water না লিখে waters লিখতে হয়—The **waters** of the lake flow out over a large waterfall.

www.pathagar.com

অজিত বললো, abate একটা ক্রিয়াপদ, transitive এবং intransitive উভয়ত। যেমন—The ship sailed when the storm **abated.** (intransitive). We must abate (transitive) the smoke nuisance (নুইসেন্স—ঝামেলা) in our big cities.

www.pathagar.com

লুক আফটার ইওর ইংলিশ

হাবলুর ব্যাপারটা হচ্ছে এমন যে কিছু একটা তার মাথায় ঢুকলে সেটি নিয়ে সে পড়ে থাকে দিনের পর দিন। সেই যে কাজলের চাচা তাকে এক National Geographic দিলেন, সে খুব কষ্ট করে এক মাসের মধ্যে পড়ে সেটি শেষ করলো। মজার একটা ব্যাপার আবিষ্কারও করলো সে। বছর দুয়েক আগে সে টিভিতে 'লাইফ অন আর্থ' নামক একটা বিজ্ঞান-বিষয়ক সিরিজ দেখেছিল। এখন সে দেখতে পেল, National Geographic-এ সে-ছবির ওপর একটা article (আর্টিকেল— তথ্যমূলক প্রবন্ধ) আছে।

সে পড়লো, David Attenborough is a naturalist. He has produced a lot of television documentaries that have been shown in 37 countries. David Attenborough knows the world better than most people. He's (he has) spent much of the last seven years globe-trotting [বিশ্বভ্রমণ] for his hugely successful television programmes : Life on Earth and the Living Planet. But his next series might well be named The End of Life on the Dying Planet. David Attenborough is very gloomy (বিষণ্ন) about much of what he's seen.

এতটুকু পড়ার পর হাবলুকে ম্যাগাজিনটা বন্ধ করতে হলো। কারণ, আজকে তাদের বিরাট প্রোগ্রাম। অজিতদের বাসায় তারা সবাই যাবে ইফতারির পর। তারা সবাই বলতে শুধু যে কাজল, ইব্রাহীম, ডেভিড, চন্দন আর বিপুল (বিপুল অবশ্য এখন ঢাকায় থাকে, কিন্তু এবার ঈদের ছুটিতে বেড়াতে এসেছে চট্টগ্রাম, থাকে কাজলের সঙ্গে।) তা নয়, বোরহান স্যারও দাওয়াত পেয়েছেন। অজিতদের ডিশ অ্যান্টেনায় পাকিস্তান আর নিউজিল্যান্ডের একদিনের ক্রিকেট সিরিজগুলো দেখাচ্ছে ভোর তিনটা থেকে। সবাই তোড়জোড় করে অজিতদের বাসায় রাতে থেকে প্রথম ম্যাচটা দেখার পরিকল্পনা নিয়েছে। তারা ভেবেছিলো বোরহান স্যার প্রথমে রাজি হবেন না। কিন্তু, খেলা-পাগল এই ইংরেজি-শিক্ষকের খেলা দেখার সুযোগের কাছে আর সব বিবেচনাই তুচ্ছ। তিনি শুধু

www.pathagar.com

সেহেরি গ্রহণের ব্যাপারে একটু ইতস্তত করছিলেন ; পরে ভাবলেন, অসুবিধা কী অজিতদের বাসায় সেহেরি খেলে! সে-বিবেচনায় তিনি রাজি হলেন।

ছাত্ররা স্যারকে অনেকদিন পরে তাদের মাঝখানে পেয়ে খুশিতে গদগদ। বিশেষ করে অজিতের মনে ইংরেজি ভাষার নানা দরজা-জানালা, অলি-গলি বহু প্রশ্নের জন্ম দেয়। কাজল যেমন so what বলে কোনো একটা সমস্যাকে উড়িয়ে দেয়, অজিত তা পারে না।

তাই, রাত্রে খাওয়াদাওয়ার পর অজিতদের বিরাট ড্রইংরুমে যখন সবাই জাঁকিয়ে বসলো, আর বোরহান স্যার যখন তার স্বভাবসুলভ ভঙ্গিতে কোলের ওপর সোফার পিলো নিয়ে পা তুলে বসলেন, বোঝা গেল স্যার আজকে আলাপের মুডে আছেন।

কাজলের নেতা-নেতা ভাবটা এসব সময়ে সবচেয়ে বেশি কাজ করে। সে বললো, Sir, Hablu has gone mad about the National Geographic. He has always been telling us stories from that magazine. And now he's saying that it has an article on one David Attenborough, the maker of the T.V. documentary Life on Earth. Have you ever heard of him, Sir?

বোরহান স্যার বললেন, Yes, I have. He is a famous naturalist, (নেচারালিস্ট, প্রকৃতিপ্রেমিক, প্রকৃতি-বিজ্ঞানী) but to me Lorne Greene, the other equally famous naturalist, is dearer (অধিকতর প্রিয়).

Why, Sir? কাজল জিজ্ঞেস করলো।

বোরহান স্যার কী একটা বলতে যাচ্ছিলেন। কিন্তু অজিত বললো, স্যার, একটু phrasal verb-টা ক্লিয়ার করে দিলে হয় না?

ঠিক আছে, তা-ই হোক, বোরহান স্যার বললেন। তাঁর আজকে সত্যিই কথা বলার ঝোঁক।

দেখো, তোমাদেরকে প্রথমে তিনটি বাক্য দিই : The rocket **left** the ground smoothly. The astronaut (অ্যাস্ট্রোনট—নভোচারী বা মহাশূন্যচারী) **moved** the switch on his radio. He is **trying to find** minearls on the Moon.

ওপরের এ-তিনটি বাক্যে phrasal verb নেই। কেননা, phrasal verb গঠন করা হয় verb-এর সঙ্গে preposition অথবা adverb দিয়ে। এখন আমি উপরোক্ত বাক্য তিনটিকে phrasal verb দিয়েও বর্ণনা করতে পারি। লক্ষ করো, The rocket **took off** smoothly—অর্থাৎ রকেটটি নির্বিঘ্নে মাটি ছেড়ে উড়লো। The astronaut **turned** the switch **on.** এবং He is

www.pathagar.com

looking for minerals on the Moon. অর্থাৎ চন্দ্রপৃষ্ঠে সে খনিজপদার্থ খোঁজার চেষ্টা করছে।

এখানে Took off, turn on, looking for হচ্ছে phrasal verbs, কারণ, verb-এর সঙ্গে preposition off, on, for যোগ হয়ে একটা অর্থ প্রকাশ করছে। Took off-এর present tense হচ্ছে take off. আর looking for-এর present simple হচ্ছে look for.

কাজলের নেতৃত্ব মাথাচাড়া দিয়ে উঠলো। সে বললো, Sir, may I give you some more examples?

বোরহান স্যার বললেন, Yes, sure.

কাজল বললো, The plane **took of** despite the fog. (অর্থাৎ, কুয়াশা থাকা সত্ত্বেও বিমানটি ছাড়লো।) **Turn** the radio **on.** Are you still **looking for** a job (অর্থাৎ, তুমি কি এখনও চাকরি খুঁজে বেড়াচ্ছো)?



Very good, Kajal, বোরহান স্যার বললেন। শোনো, তিনি বলতে লাগলেন, অনেক phrasal verb ইংরেজিতে আছে যেমন blow up, carry (something) on, come round, fall through, look after, make up, pull down, put off, take after ইত্যাদি। যে-কোনো ভালো গ্রামার বইয়ে তোমরা তো এসবের আলোচনা পাবেই, তবে A. S. Hornby-র বিখ্যাত অভিধান, যে-বইটির কথা আগেও তোমাদেরকে বলেছি, Oxford Advanced

www.pathagar.com

Learner's Dictionary of Current English এক্ষেত্রে সবচেয়ে ভালো। Longman-এর ডিকশনারিটাও ভালো।

অজিত বললো, স্যার, এক-একটি phrasal verb-এর কি সবসময় একই অর্থ হয়? বোরহান স্যার বললেন, মোটেও তা নয়। উদাহরণস্বরূপ আমরা **Bring up** phrasal verb-টা বিবেচনায় আনতে পারি। এর অন্তত ৬টি ভিন্ন অর্থ আছে। দেখো :

(ক) প্রতিপালন করা, শিক্ষা দেওয়া—She has **brought up** five children./If children are badly **brought up** they behave badly.

(খ) বমি করা—Yesterday, she **brought up** everything she ate at the dinner.

(গ) অভিযোগ আনা—These are facts that can always be **brought up** against you.

(ঘ) সামরিক অর্থ—We need to **bring up** more tanks.

(ঙ) বিচারাধীন হওয়া—He was **brought up** on a charge of drunken driving (অর্থাৎ মাতাল অবস্থায় গাড়ি চালনার জন্য তাকে অভিযুক্ত করা হয়)। এবং

(চ) হঠাৎ থেমে যেতে বাধ্য করা—His remarks **brought** me **up** short with a jerk (অর্থাৎ, তার এ-ধরনের কথা শুনে আমি হকচকিয়ে গেলাম)।

বোরহান স্যার এবার বললেন, তোমরা নিচের দুটো বাক্যকে phrasal verb দিয়ে পুনর্বিন্যাস করো তো দেখি : He's like his father in many ways. Taking care of children can be a demanding job.

আর কে, কাজলই বললো, He **takes after** his father. They're both gentle, soft-spoken men./এবং **Looking after** children can be a demandng job.

এভাবে ইংরেজি নিয়ে আলোচনা চলতে লাগলো গভীর রাত অবধি।

www.pathagar.com

হরন্‌বি সাহেবের দোরগোড়ায়

হাবলুর ইংরেজি শেখার আগ্রহ দশগুণ বেড়ে গেল হাস্যকর এক ঘটনার মধ্য দিয়ে। সে গেছিলো ঢাকায় বিপুলের বড় ভাইয়ের বিয়েতে। অজিত আর কাজলেরও যাবার কথা ছিল, কিন্তু কাজলকে জাতীয় বিতর্ক প্রতিযোগিতায় যোগ দেবার জন্য স্কুল থেকে বাছাই করার কারণে চট্টগ্রামে থেকে যেতে হয় বোরহান স্যারের কাছে বিতর্ক প্র্যাকটিস করতে। আর অজিত যেতে পারেনি, কারণ কলকাতায় তার এক মেসো খুব অসুস্থ থাকাতে তার বাবা-মা তাকে বাসায় রেখে কলকাতায় চলে যান।

হাবলু বিপুলদের বাসায় এসে প্রথমে একেবারে দমে গেল। বিয়েবাড়িতে হৈচৈ হয়, কিন্তু এত লোকের দঙ্গল দঙ্গল আসা-যাওয়া সে আর কোনো বিয়েতে দেখেনি। সে ক্রমশ নিজের মধ্যে সঙ্কুচিত হয়ে পড়লো এজন্য যে, সে যেমন কাউকে চিনতে পারছিলো না, তেমনি তাকেও কেউ চিনতে পারছিলো না। সে নিজের মনে-মনে নতুন পড়া Sydney Sheldon-এর একটি উপন্যাসের নায়কের মতো বললো, I am being cornered, I am feeling like hell. I wish I were not here.

সে যখন এ রকম চিন্তা করছিলো, বিপুল এসে বললো, কী রে sailor, (কাজলের দেয়া নামে এখন হাবলুকে সবাই ডাকতে শুরু করেছে।) তোর কি মা-বাবার জন্য মন-খারাপ করছে?

হাবলু বুঝলো যে বন্ধু তাকে ঠাট্টা করছে। Don't tease me, I'm not a child.

বিপুল বললো, শোন, ঢাকায় আমার এক জার্মান বন্ধু যোগাড় হয়েছে, বিকেলে ভাইয়ার গায়ে-হলুদের সময় আসবে। এখানে জার্মান কালচারাল সেন্টারে চাকরি করে। কিন্তু, আমি তো ইংরেজি একেবারে বলতে পারি না। তোর সঙ্গে পরিচয় করিয়ে দেব, তুই কথাবার্তা চালাস।

www.pathagar.com

হাবলু কাজলের ঢঙে বললো (এখানে বলে রাখি, হাবলু ইদানীং কাজলের মতো ইংরেজি বলার কায়দা রপ্ত করছে), What's the big deal. I'll do it right away. But how come (ইংরেজিতে কোনো একটা অসম্ভব ব্যাপার কী করে সম্ভব হয়েছে বোঝাতে how come ফ্রেজ্‌টা ব্যবহার করা হয়।) your German friend speaks in English!

বিপুল বললো, বাধ্য হয়ে। এখানে কেউ তো তার সঙ্গে আর জার্মান ভাষায় কথা বলতে পারে না।

বিকেলবেলায় বিপুল বললো, চল দোস্ত আমার জার্মান বন্ধুটা এসেছে, তোকে পরিচয় করিয়ে দিই।

ড্রয়িংরুমে হাবলু ঢুকে দেখলো এক কোণে একটা সোফায় জড়োসড়ো হয়ে ইয়া লম্বা এক ঢ্যাঙা ছেলে বসে আছে।

প্রথমে চোখে পড়ে ছেলেটার গায়ের রং। ফর্সা তো বটেই, বরঞ্চ মনে হয় রক্তশূন্য এবং হাড়সর্বস্ব। [হাবলু জানে না কিন্তু কাজল হলে জানতো যে রক্তশূন্য মৃতের মতো ফ্যাকাশে রংকে ইংরেজিতে emaciated (ইমেই-শিয়েইটিড) বলে। তবে আরও যথার্থ হয় cadaverous (ক্যাড্যাভেরাস) বললে।] হাবলু লক্ষ করলো, ছেলেটির পা এত লম্বা যে, তার দুটো হাঁটু সোফা থেকে প্রায় দুফুট দূরে রাখা টিপয়ের সঙ্গে লেগে আছে। বেঢপ একটা লোক, strange looking guy হাবলু মনে-মনে আওড়ালো। এ-কথাটা মনে আসতেই হাবলুর কেন যেন নিজেকে ফেলুদা ফেলুদা ভাবতে ইচ্ছে করলো। ফেলুদা-ই তো সবকিছু ভালো করে লক্ষ করে।

যাহোক, লোকটাকে পর্যবেক্ষণ সেরে হাবলু হাত বাড়িয়ে বোরহান স্যারের শেখানো ইংরেজিতে বললো, হ্যালো, হাউ ডু ইয়ু ডু!

লোকটা হাবলুর কথা যেন বুঝতে পারলো না এভাবে থতমত খেয়ে দাঁড়িয়ে গেল। এক মুহূর্ত হাবলুর দিকে ফ্যালফ্যাল করে তাকিয়ে থেকে বললো, জি, কী বলছেন?

জার্মান ভদ্রলোকের মুখে বিশুদ্ধ বাংলা উচ্চারণ শুনে এবার হাবলুর থতমত খাবার পালা। তখন সে আবিষ্কার করলো, দরোজার ওপাশে দাঁড়িয়ে মুখ টিপে হাসছে বিপুল, আর তার সামনে দাঁড়ানো লোকটা জার্মান তো নয়ই, বিদেশীও নয় ; আসলে সে একজন শ্বেতিরোগী। শ্বেত রোগ হলে মানুষের চামড়া ও চুলের রং শাদা হয়ে যায়, চোখ হয় কটা বা গোলাপি। ইংরেজিতে এ-রোগে আক্রান্ত লোককে albino (অ্যালবিনো) বলা হয়।

বিপুল বন্ধুমানুষ হাজার হলেও। হাবলুও বেশিক্ষণ রেগে থাকতে পারে না, শুধু বললো, It was a little too much. (মশকরাটা একটু বেশি হয়ে গেছে)।

www.pathagar.com

বিপুলের বিবাহোদ্যোগী বড় ভাই এ-সময় হঠাৎ ছোট ভাই-এর ঘরে ঢুকলো। বড় ভাই ছোট ভাই-এর মাঝখানে প্রায় বছর দশেকের ব্যবধান। মাঝখানে দুটো বোন, যারা বিয়ের পরে শ্বশুরবাড়িতে থাকে। বিপুলের বড় ভাই সমীরণ যাকে বলে সুযোগ্য ছেলে। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ বুয়েটে ফার্স্ট ক্লাস ফার্স্ট হয়ে আমেরিকার একটি ইউনিভার্সিটিতে অ্যাডমিশন নিয়েছে। নাম কেন্টাকি স্টেইট ইউনিভার্সিটি। হাবলু কেন্টাকি চিকেন [মুরগির টিক্কা, ফাস্ট ফুড (Fast food) হিসেবে আমেরিকানদের খুব প্রিয় snack (স্ন্যাক–হালকা খাদ্য, তবে, প্লুরাল snacks শব্দটিই চালু)]-এর নাম শুনেছে। এখন বুঝলো কেন্টাকি আসলে আমেরিকার ৫০টি অঙ্গরাজ্যের একটির নাম। যাহোক, বিপুলের বড় ভাই সমীরণ দু'বন্ধুকে একসঙ্গে দেখে বললো, Hi kids, I've got some gifts for you. এর পর সে দু'বন্ধুকে দুটো মোটা মোটা ইংরেজি ডিকশনারি উপহার দিল। নাম দেখে দু'বন্ধু যেমন খুব চমকে উঠলো, তেমনি খুব খুশিও হলো। কারণ, এ-ডিকশনারির কথাই তো বোরহান স্যার বারবার বলেছিলেন। নাম : Advanced Learner's Dictionary of Current English. এই ডিকশনারির রচয়িতা A.S. Hornby একজন বিখ্যাত ভাষাবিদ।

চট্টগ্রামে ফিরে এসে হাবলু যেন ডিকশনারিটার প্রেমে পড়ে গেল। ওর স্বভাব তো এর মধ্যেই সবাই জানে, সে যে-কোনো একটা কাজ নিয়ে পড়লে সেটি আর ছাড়ে না।

যেমন সে এর আগে *Treasure Island* বইটা নিয় বুঁদ হয়ে ছিলো, এখন Hornby-র ডিকশনারিটাও তাকে সেরকম নেশায় ফেললো। একটা একটা পাতায় যেন এক-একটা জগৎ খুলে পড়ছিলো। হাবলু আরও আবিষ্কার করলো যে, প্রত্যেকটা ইংরেজি শব্দের ইংরেজিতে অর্থ তো আছেই, সেটি দিয়ে বাক্যও

www.pathagar.com

গঠন করা হয়েছে, এমনকি ব্যাকরণগত ব্যবহারসহ বাগ্‌ধারার ব্যবহারও দেয়া আছে।

একদিন এ-ডিকশনারিতে হাবলু "head" শব্দটা সম্পর্কে গল্পের মতো পড়তে লাগলো : head/hed/n l (a) (c) part of the body containing the eyes, nose, mouth and brain : **He fell and hit his head.** এভাবে প্রায় দু'পৃষ্ঠাব্যাপী বর্ণনা। বোরহান স্যার তাকে বোঝালেন, প্রথম শব্দটা হচ্ছে বানান, দ্বিতীয় শব্দ (hed) হচ্ছে উচ্চারণের বানান, যার ইংরেজি হলো phonetics (ফনেটিক্স) n হচ্ছে (noun) ; অর্থাৎ head শব্দটার part of speech হচ্ছে noun ; I (a) মানে হচ্ছে ১ নম্বরের (ক) অর্থ (অর্থাৎ (b) (c) বা খ, গ এভাবে আরও অর্থ আছে), আর (c) মানে হচ্ছে head শব্দটা একটা Countable noun. তারপর শব্দটির অর্থ এবং সবশেষে যে-বাক্য দেয়া হয়েছে, তাতে শব্দটির ব্যবহার দেখানো হয়েছে।

বোরহান স্যার বললেন, আরো দেখো, কতো বাক্‌রীতি দেখানো হয়েছে : 4. (idm) (অর্থাৎ idiomatic expression—বাক্‌রীতি) **above/over** one's **head :** too difficult to understand : The lecture was/went **above** my **head** (অর্থাৎ বক্তৃতাটা আমি কিছুই বুঝতে পারিনি/ বক্তৃতাটা আমার মাথার ওপর দিয়ে গেছে); **head over heels :** (a) rolling the body over in a forward direction, (b) completely : She's **head over heels** in love.

বোরহান স্যার আরও বললেন, হাবলু, এরকম একটা ভালো ডিকশনারি তোমার ইংরেজিকে বহুগুণ উন্নত করবে।

www.pathagar.com

কাট্‌ডাউন কাট্‌আপ

অজিতদের বাসায় তুমুল উত্তেজনা। সারজাহ। অস্ট্রেলেশিয়া কাপ '৯৪-এর সেমিফাইন্যাল চলছে, ভারত বনাম অস্ট্রেলিয়া (এপ্রিল ১৯/১৯৯৪)। অস্ট্রেলিয়ার ২৪৪ রানের জবাবে ভারত তখন এক উইকেট হারিয়ে ১৩১। আজহারউদ্দিন একটা সুইপ শট করলো। অস্ট্রেলিয়ার বেভান বলে হাত দিয়েও তা ঠেকাতে পারলো না। সেটি চলে গেল বাউন্ডারিতে। Commentator (ধারাভাষ্যকার) হেনরি ব্লোফিল্ড বললেন, Azhar has struck again. Bevan cannot **cut** it **off.**

অজিতের কান খাড়া। Cut off কি phrasal verb? হ্যাঁ তা-ই। বোরহান স্যার বলেছিলেন, শব্দের অর্থ দিয়ে সরাসরি ক্রিয়া বোঝা গেলে যেটা হয়, সেটাকে বলে idiom। কিন্তু, এখানে, cut off বলতে বলের গতি থামিয়ে দেওয়া বা কেটে দেওয়াই বোঝাচ্ছে। অর্থাৎ যখন verb + preposition বা verb + adverb দিয়ে নতুন কোনো অর্থ বের হয়, তখনই phrasal verb তৈরি হয়। অজিত খেলার ওপর চোখ স্থির রেখেও বোরহান স্যারের ব্যাখ্যা নিজের মনের ক্যাসেটে চালিয়ে যেতে পারলো। বোরহান স্যার বলেছিলেন, যেমন 'run'-এর সঙ্গে 'off' adverb জুড়ে দিয়ে বাক্য করা যায়– He **ran** (v) **off** (ad) when we saw him. আবার preposition দিয়েও করা যায়, He **ran** (v) **down** (prep) the street কিন্তু, যদি বলা হয় He **ran** (v) **down** (prep) the government তখন বোঝাবে সে সরকারকে সমালোচনা (run down– to criticize) করছে। এখানে দু'টি বাক্যে run off এবং run down যথাক্রমে idiom. এবং শেষ বাক্যটিতে run down হলো phrasal verb। অর্থাৎ, verb+adverb এবং verb+preposition যদি আক্ষরিক অর্থ প্রকাশ করে, সেটি হলো idiom, কিন্তু verb+adverb এবং verb+preposition যদি আক্ষরিক অর্থ প্রকাশ না করে সেটি হবে phrasal verb. Cut off-এর প্রসঙ্গে অজিতের বোরহান স্যারের সে-ক্লাসটির কথা মনে

www.pathagar.com

পড়লো, যে-ক্লাসে স্যার ইংরেজি ভাষা শেখা নিয়ে একটা মজার গল্প বলেছিলেন।

এক ফরাসি একজন ইংরেজকে অনুযোগ করে বলছিলো, তোমাদের ভাষার মাথামুণ্ড বুঝি না। যেমন ধরো 'up' শব্দটা। কতোরকম যে এর ব্যবহার! আমি বুঝি কেন blow up, build up এবং climb up হবে, কিন্তু eat up, close up, ring up, lock up ইত্যাদি হবে কেন? এসব শব্দের সঙ্গে ঊর্ধ্বগামী গতি (upward movement)-র কী সম্পর্ক?

ইংরেজ লোকটা রসিক। সে বললো, শোনো, তোমাকে একটা গল্প বলি। এক ভদ্রলোক তার এক প্রতিবেশীর ছেলেকে জিজ্ঞেস করছে, What does your father do for a living, sonny? (তোমার বাবা কী করে জীবিকা চালান, বৎস?) ছেলেটি উত্তর দিল : He **cuts down** trees. (তিনি কাঠুরিয়া। গাছ কাটেন।) ভদ্রলোক আবার জিজ্ঞেস করলেন, And what does he do when he's **cut** them **down**? (তিনি গাছ কাটার পর কী করেন?)

ছেলেটি উত্তরে বললো, He **cuts** them **up.** (তিনি কাটা গাছকে চেরাই করেন।)

বোরহান স্যার আরও বলেছিলেন, বুঝতেই পারছো গল্পটার রস কোথায়— যে-গাছকে কেটে down করলে, সেটাকেই আবার কেটে up করলে। সমস্ত ক্লাসে সবাই হোহো করে হেসে উঠেছিলো।

অজিত অপাঙ্গে বোরহান স্যারের দিকে তাকালো একবার। স্যারের জন্য গভীর শ্রদ্ধা আর মমতায় তার মন ভিজে উঠলো। সোফার ওপর পা তুলে পেটের খাঁজে সোফার বালিশ গুঁজে সেই চিরাচরিত ভঙ্গিতে বসেছেন। চোখ আমের আঁটির ওপর মাছি যেভাবে বসে, সেভাবে টিভি'র পর্দায় লেগে আছে। আশ্চর্য খেলাপাগল লোক! অজিতের বাবা একবার বলেছিলেন, Your teacher is a man of varied (ভ্যারিড— বহুরকম) interests (ঝোঁক)।

বোরহান স্যার কিছু একটা লক্ষ করে অজিতকে বললেন, Hi Ajit, aren't you **enjoying watching** cricket?

চন্দন বললো, Sir, he enjoys to listen to the commentary more.

বোরহান স্যার মৃদু, হেসে চন্দনকে বললেন, না হলো না, চন্দন। Enjoy-এর পর 'to' আসে না, 'ing' আসে।

কাজল চট্ করে বললো, **enjoys listening** to the commentary হবে, তাই না স্যার?

www.pathagar.com

O, yes, বোরহান স্যার বললেন।

এর মধ্যে দপ্ করে হঠাৎ বিদ্যুৎ চলে গেলে খেলা দেখার বারোটা বাজলো। অজিত এবং তার বন্ধুরা সমস্বরে হায় হায় করে উঠলো।

কে যেন দীর্ঘশ্বাস ছেড়ে বললো, Oh my God, the power is gone!

কাজলের অসহিষ্ণু গলা শোনা গেল, I curse (কার্স—অভিশাপ দেওয়া) the PDB (Power Development Board বা বিদ্যুৎ উন্নয়ন বোর্ড). They always do this when something interesting is going on T.V.

হাবলু বললো, They're the Mr. Killjoys. (বলা বাহুল্য, killjoy অর্থ যে আনন্দকে মাটি করে দেয়। হাবলু একটা ইংরেজি উপন্যাসে এ-শব্দটা পেয়েছে।)

অজিত সবাইকে হতাশ করে দিয়ে প্রশ্ন রাখলো, স্যার up, out, in, down, over, away, off এগুলো কখন adverb, আর কখন preposition হয় কীভাবে বুঝবো ?

বোরহান স্যার বললেন, এটার তো বিস্তৃত ব্যাখ্যা দিতে হবে। এক্ষুনি যদি বিদ্যুৎ চলে আসে তো খেলাই দেখবো। সংক্ষেপে বলি, adverb ক্রিয়াপদের দিক্‌নির্দেশ জোর ও গুরুত্ব বাড়ায়। যেমন—Drink your milk, এ বাক্যে যদি 'up' adverb হিসাবে দাও, তাহলে আদেশের জোর বাড়ে—**Drink up** your milk. সেরকম hold your hand—**hold out** your hand, cut that tree—**cut down** that tree অর্থাৎ adverb ব্যবহার না করেও বাক্যের অর্থ পরিষ্কার করা যায়। কিন্তু, preposition যেহেতু কর্তার সঙ্গে ক্রিয়াপদের সম্পর্ক নির্ধারণ করে, সেজন্য preposition-এর উল্টোপাল্টা ব্যবহার হয় না, হলে উল্টে যাবে অর্থ। যেমন, The cat is **sitting on** (prep) the table বলতে The cat is **sitting under** (prep) the table বললে হবে না। উপরন্তু 'on' এবং 'under'-এ দুটো শব্দ বাক্য দুটোতে অবশ্যই প্রয়োজনীয়। তবে, প্রচলিত ব্যাকরণ বইয়ে সাধারণত up, out, in, down, ইত্যাদি ছোট শব্দগুলোর শুধু Preposition-এর রূপটাই স্বীকার করা হয়, Adverb-এর আলোচনা থাকে গৌণ।

www.pathagar.com

নাইস টু মিট ইউ

কোরবানি এলে কাজলের চাচার উত্তেজনার আর শেষ থাকে না। এবার হাটে কাজলের বাবা অসুস্থতার অজুহাতে গেলেন না। চাচাই গেলেন, সঙ্গে কাজল আর তাদের বাসার কাজের ছেলেটা। হাটে গিয়ে কাজলের চোখ পিং পং বলের মতো গোল হয়ে উঠলো। এত বড় বড় গরু একসঙ্গে সে জীবনে দেখেনি। Not Cow. They're elephants—সে মনে-মনে বললো। চাচা-ভাইপো মিলে দরদাম করে ১০,০০০ টাকা দিয়ে খুব সুন্দর ঘন-বাদামি রঙের এক বিরাট ষাঁড় কিনলো। হাট থেকে ফিরতে ফিরতে কাজলের চাচা কাজলকে বললেন, Deep brown hide makes very good shoes. (পশুর চামড়া—skin পণ্য হিসেবে বাজারজাত হলে hide বলে) পথে এত লোক গরুর দাম জিজ্ঞেস করছিলো যে, কাজলের চাচা বিরক্ত হয়ে বললেন, We should have better written the price on the cow's body, so that we didn't have to tell the price every time people asked.

Yes, uncle, that's true! কাজল বিনয়ের সঙ্গে বললো। কাজলের বড় বোনের বছর বছর বাচ্চা হবার একটা বাতিক দেখা যাচ্ছে। সে-উপলক্ষে তিনি বাপের বাড়িতে নাইয়র করছেন। কাজলের খুব ফূর্তি। আগের দুই ভাগ্নের প্রিয় খেলনা ভিডিও গেমস এখন বাসায় কাজলের পূর্ণ দখলে। Of all my relatives, I like my sister the best. কাজল বন্ধু অজিতকে কথাচ্ছলে বোঝাচ্ছিলো। অজিত ফোড়ন কেটে বললো, Because you've the **joysticks** (ভিডিও গেমসের handle) in your hand, that's why you like her the best.

তারপর শোন-না ঘটনা, কাজল তড়বড়িয়ে বলে : Just on the Eid Day my sister delivered her third baby. It is again another son. But they had very much wished (for) a daughter. Man Proposes, God disposes (মানুষ ইচ্ছা পোষণ করে, সৃষ্টিকর্তা তাঁর নিয়মে কাজ করে যান)।

www.pathagar.com

অজিত হেসে বললো, Let her continue, may be after seven sons, she'll (she will) have her Cinderalla. (বিখ্যাত রূপকথা 'সিন্ডেরেলা' গল্পের সাত ভাই ও এক বোন।)

কাজল yeo yeo-র লাল চাকতিটা হাতে নাচাতে নাচাতে বললো, যা, ফাজলামো করিস না।

অজিত বললো, I withdraw my joke (আমি আমার কৌতুকটা তুলে নিলাম), after all she is our elder sister.

কোরবানির চারদিন পরের কথা। হাবলুর বাসায় সব বন্ধুর দাওয়াত। দুপুর। অজিত আর চন্দনের জন্য খাসির গোস্তের বন্দোবস্ত হয়েছে।

কাজল বললো, No **preferential treatment** (বিশেষ ব্যবস্থা), we'll all eat the same thing.

অজিত বললো, You want us to convert (ধর্মান্তর) to Islam!

কাজল বললো, That's not the question. তোমাদের ধর্মে কোথাও লেখা আছে নাকি যে, গরুর গোস্ত খেতে নেই?

হাবলু যুক্তি দিলো, It might not be written down in their religious book, but by tradition the Hindus don't eat beef. And I think we should respect their tradition.

ডেভিড বললো, আমি তো খ্রিস্টান। But I don't know anything about Christianity. I just go by my family tradition, which is a Christian family.

চন্দন বললো, ন্যায্য কথা। We cannot ignore (ইগনোর—উপেক্ষা করা) our tradition.

অজিত বললো, Let's not talk about religion, becuase it always leads to bitter quarrels.

Well said, কাজল বললো। তারপর হাবলুর দিকে তাকিয়ে বললো, Sailor, why don't you serve us dinner (বড় খাওয়া হলে, দিনের বেলার লাঞ্চ—lunch-কেও ডিনার বলা হয়) right now, we're hungry like wolves.

হাবলু বললো, I'm just waiting for Borhan Sir to come.

সবাই সমস্বরে খুশিতে গদগদ হয়ে বললো, O, have you also invited him? How nice of you!

www.pathagar.com

প্রায় ৩টার দিকে এলেন বোরহান স্যার। গায়ের পাঞ্জাবিটা ঘামে ভিজে জবজব করছে। হাবলু তাড়াতাড়ি একটা তোয়ালে এনে দিলো। কাজল উদ্বেগের সঙ্গে জিজ্ঞেস করলো, Sir, are you okey?

বোরহান স্যার বললেন, I feel unwell today, so I took a little rest before coming here. The days are so hot.

হাবলুর বাবা হাসিখুশি দিলখোলা টাইপের মানুষ। বোরহান স্যারের গলার আওয়াজ পেয়ে ভিতরের ঘর থেকে বের হয়ে এলেন। দু'জনে সালাম ও কোলাকুলি বিনিময় করে একপাশে দেয়ালের কোনায় সোফায় গিয়ে বসলেন।



হাবলুর বাবা বললেন, স্যার, মনে-মনে আপনাকে একটু খুঁজছিলাম, একটা কথা জিজ্ঞেস করবো বলে।

বোরহান স্যার ভদ্রভাবে বললেন, বলুন-না!

www.pathagar.com

আমরা অফিসে, পার্টিতে বা হোটেলে কেউ কারও সঙ্গে পরিচিত হলে পরিচয়পর্বের এক পর্যায়ে বলি, Nice to meeting you বা glad to meeting you. এ-প্রকাশটা কি ঠিক?

বোরহান স্যার বললেন, না, ভুল। হবে, **nice to meet you** বা **glad to meet you**। সঠিক কথা সম্পূর্ণ করলে এরকম—**It was nice to meet you** অথবা **I was glad to meet you.** আপনি ইংরেজি ছবিতে দেখবেন, ওরা কখনো nice to meeting বলে না, বলে nice to meet. এবং ব্যাকরণগতভাবে সেটিই ঠিক।

বোরহান স্যারের ব্যাখ্যা শুনে হাবলুর আব্বা খুব খুশি হলেন। স্যারকে ছেলেদের মাঝখানে ছেড়ে দিয়ে তিনি ভিতরের ঘরে চলে গেলেন।

বোরহান স্যার তখন ছেলেদেরকে বললেন, শোনো, তোমাদেরও এটা জানা দরকার। কারও সঙ্গে পরিচয়পর্ব সারার পরে বলতে হয় **nice to meet you ;** nice to meeting you নয়।

What's the explanation, Sir? কাজলই জিজ্ঞেস করলো।

বোরহান স্যার বললেন, to+infinitive এবং gerund-এর বহু আলোচনা আমরা আগে করেছি। সে-আলোচনাগুলো দেখে নিও। আজকে শুধু বলছি এ কথা যে nice glad good interesting এগুলো adjective এবং এদের পর verb এলে তখন সেই verb 'to' সহযোগে infinitive-এর রূপ নিয়ে আসে। যেমন, It is **interesting** (adj) **to see** (verb) how a movie is made. তবে with a view to, looking forward to এবং accustomed to-এর পর infinitive না হয়ে gerund বসে সবসময়। যেমন, He rushed to the airport **with a view to meeting** his friend from France./I'm not **accustomed to wearing** punjabi.

www.pathagar.com

শোকাহত বোরহান স্যার

জুলাই মাসের শুরু থেকে বোরহান স্যারের জন্য•যুগপৎ সুখ এবং দুঃখের সময় শুরু হলো। ইংরেজ লেখক চার্লস ডিকেন্স যেমন তাঁর বিখ্যাত উপন্যাস *A Tale of Two Cities* শুরু করেছিলেন It was the best of times. It was the worst of times দিয়ে, বোরহান স্যারও ভাবলেন Maradona's fall from grace (ম্যারাডোনার পতন— ১৯৯৪ বিশ্বকাপ ফুটবলে ম্যারাডোনার মাদকদ্রব্য গ্রহণের ফলে খেলা থেকে বাদ পড়ার কথা বলা হচ্ছে এখানে) যেমন তাঁকে দুঃখে ভারাক্রান্ত করলো, তেমনি উল্টোদিকে তাঁর নিজের (বোরহান স্যারের) বাসা-বদলও তাঁর জন্য এক অত্যাশ্চর্য সুখের ঘটনার অবতারণা করলো।

সবাই জানে বোরহান স্যার কীরকম খেলাপাগল, বিশেষ করে ফুটবলের। কাজল ঘাড়টা শ্রাগ (shrug) করে বন্ধুদেরকে এর মধ্যে বলেছে, addict ; yes, our Sir is addict. (অ্যাডিক্ট— নেশাগ্রস্ত)। সেই বোরহান স্যার যখন World Cup আসার আগে জল্পনা-কল্পনা করে নিজের মনে-মনে অস্থির হয়ে উঠছিলেন, তখনই এক অদ্ভুত জ্বরে পড়লেন তিনি। হাত-পা মুখ শরীরের এই তিন অংশে যেন আগুন লেগেছে, থার্মোমিটার জিভের তলায় দিয়ে দেখলেন ১০৪ ডিগ্রী। ভীষণ ভড়কে গেলেন তিনি। তিন দিনের মাথায় ডাক্তার রক্তের রিপোর্ট দেখে বললেন, প্যারা-টাইফয়েড (para-typhoid).

স্যারের জ্বর নিয়ে ছাত্রদের মধ্যে সে কী অস্থিরতা, নিজেদের মধ্যে কনফারেন্সের পর কনফারেন্স। শেষে ইব্রাহীম বাঁ হাতের তালুতে ডান হাতের ঘুসি মেরে বললো, পেয়েছি, I've got it.

কাজল, অজিত, চন্দন, হাবলু, ডেভিড আর বিপুল আগ্রহে চোখ বড় বড় করলো। কাজল বললো, Yes, what!

ইব্রাহীম বললো, He must change his residence.

www.pathagar.com

ডেভিড বললো, Yes, that's the point. The area he lives in is no more liveable; so crowded, so nasty (উচ্চারণ, নাষ্টি) it is.

ডেভিডের বিশুদ্ধ খ্রিস্টান উচ্চারণে অজিত বুঝলো, ডেভিড আস্তে আস্তে ঠিক accent (অ্যাকসেন্ট—ইংরেজি উচ্চারণ—উচ্চারণ ভঙ্গিমা) রপ্ত করছে। তবে সে যুক্তি দেখালো, Why would he leave his house, it's his own. If he chooses to rent a house, then he will lose (লুজ—খোয়ানো) his independence.

কাজল যুক্তি দেখালো পাল্টা : Ajit, your argument is suspect—(অর্থাৎ তোমার যুক্তি সুদৃঢ় নয় ; সাসপেক্ট—সন্দেহযুক্ত)। নিজের বাড়ি বলে নোংরা, অস্বাস্থ্যকর পরিবেশে থেকে অসুখ-বিসুখে ভুগতে হবে, I don't appreciate that kind of sentiment.

বিপুল আর চন্দনেরও কথাটা প্রায় একসঙ্গেই মনে এলো। তবে বিপুলই যোগ করলো, কাজল, তোর কথাটা মানলে তো 'বাবুই পাখিরে ডাকি বলিছে চড়াই, কুঁড়েঘরে থেকে করো শিল্পের বড়াই' কবিতার মর্মার্থ না-মানা হলো।

কাজল কিঞ্চিৎ arrogance (অ্যারোগ্যান্স—গর্বিত ভাব) নিয়ে বললো, তা তো বটেই, that poem is rather dated (অর্থাৎ ঐ কবিতার ভাবার্থ এখন যুগোপযোগী নয়), good for its sentiment, but not for anything else.

অজিত বরাবরই কাজলের ইংরেজি বলার ক্ষমতা দেখে যেমন মুগ্ধ, তেমনি ঈর্ষান্বিত। সে একটু তেতে বললো, Holy ghost (ইংরেজি কথোপকথনের সময় কোনো একটা যুক্তি কেউ মানতে না চাইলে হোলি গোস্ট, হোলি গড, বা মাই গুড গড এরকম বলা হয়), you don't seem to have respect for a major moral poem in Bangla.

অজিত জানে, সে বহু পরিশ্রম করে ভালো ইংরেজি শিখলেও,কাজলের বলার মধ্যে যেমন একটা স্বাচ্ছন্দ্য ফুটে ওঠে, সেটি তার বেলায় হয় না।

তবুও সে কাজলকে ভালোবাসে। বললো, কাজল, তোর যুক্তিটাই ঠিক, Let's all agree with Ibrahim, and give a drive to look for a nice house for Borhan Sir.

ছাত্ররা স্যারের জন্য আন্তরিকভাবে চাইলে একটা কাজ কি আর না হয়ে থাকে? ঠিকই সপ্তাহখানেকের মাথায় নাসিরাবাদ আবাসিক এলাকায় পাঁচতলা বাড়ির একটা ফ্ল্যাটে তারা বোরহান স্যারকে ঢুকিয়ে দিল। ভাড়ার তুলনায়

www.pathagar.com

বাসাটা এতই চমৎকার যে, বোরহান স্যার একেবারে আনন্দে আত্মহারা। ছাত্রদেরকে অশেষ স্নেহ জানিয়ে তিনি বললেন, I never imagined that you would find out such a fantastic house for me. পূর্ব দিকের বারান্দায় দাঁড়িয়ে পড়ন্ত বিকেলে তিনি দিগন্তের দিকে চোখ রাখলেন। আষাঢ়ের মেঘভারাবনত আকাশের সঙ্গে প্রকৃতির বৃক্ষলতাদির ঘন সবুজের রং-তুলির যেন এক আশ্চর্য খেলা চলছিলো। পাশে দাঁড়ানো ছাত্রদেরকে উদ্দেশ করে বললেন, Look, how beautiful nature is!

অজিত বললো, স্যার, poet Wordsworth used to love nature very much. He wrote, "My heat leaps up when I behold a rainbow in the sky."

চন্দন বললো, Lovely feeling, that is, isn't that!

কাজল সব সময় বন্ধুদের ওপর এক ডিগ্রী এগিয়ে থাকে। বললো, Sir, is nature as exciting as Maradona's game? (কাজল বলতে চেয়েছে,

www.pathagar.com

প্রকৃতির সৌন্দর্য কি ম্যারাডোনার ক্রীড়াশৈলীর মতোই মনোমুগ্ধকর। বাক্যটা তার ঠিক আছে। তবে সে এভাবে বললে হয়তো আরও পরিষ্কার হতো : Sir, is nature as enchanting (ইনচান্টিং—মনোহারী fascinating—ফ্যাসিনেটিং) as Maradona`s game? বা skills?)

কাজলের প্রশ্নে বোরহান স্যারের পুরোনো ক্ষতটা জেগে উঠলো। অসুখ থেকে ফেরার পর, তিনি জীবনের অর্থ খুঁজে পাচ্ছিলেন ম্যারাডোনার পুনরায় বীরদর্পে ফুটবলে ফিরে আসার ঘটনায়। ফার্স্ট রাউন্ডে বুলেগেরিয়া-আর্জেন্টিনা খেলার আগের দিন, ম্যারাডোনাকে নিয়ে তিনি কতো উচ্চ স্বপ্ন দেখছিলেন। যে, ম্যারাডোনার বদৌলতে বুলগেরিয়াকে হারিয়ে আর্জেন্টিনা গ্রুপ চ্যাম্পিয়ন হবে, এবং দ্বিতীয় রাউন্ডে পড়বে অপেক্ষাকৃত একটা দুর্বল দলের সঙ্গে। তখন আর্জেন্টিনার ফাইন্যালে ওঠা ঠেকায় কে? কিন্তু, কিছুই হলো না, যে-ম্যারাডোনা বোরহান স্যারের কাছে Poetry in motion সে কিনা এরকম একটা কাজ করে তার কোটি কোটি ভক্তকে সমুদ্রে ভাসিয়ে দিল।

বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের মৃত্যুর পর বোরহান স্যার এত বড় আঘাত আর পাননি। মানসিকভাবে এত বিপর্যস্ত ছিলেন যে, ছাত্রদেরকে ক্লাসে বললেন, তোমরা ম্যারাডোনাকে যতই দোষারোপ করো, his very genius in football is his defense.

অজিতের খেলাধুলায় আকর্ষণ কম। ম্যারাডোনার পতনকে কেন fall from grace বলা হয় (grace-এর সাধারণ অর্থ আশীর্বাদ, কিন্তু উপরোক্ত কথাটি আসছে বাইবেল থেকে। ঈশ্বরের অনুগ্রহ থেকে বঞ্চিত হন আদম নিষিদ্ধ ফল খাওয়ার অপরাধে। আদমকে শাস্তিস্বরূপ পৃথিবীতে পাঠানো হয়। এটিকেই fall from grace বলা হয়), সেটি যেমন তার জানার ইচ্ছা, তেমনি জানার ইচ্ছা পত্রিকায় কেন শিরোনাম লেখা হয় Maradona out of World Cup বা Maradona banned from World Cup বা Maradona to continue no more. অজিতের প্রশ্ন, শিরোনামগুলিতে verb 'is'-এর ব্যবহার নেই কেন?

বোরহান স্যার বললেন, পত্রিকার হেডিং-এ দুটো জিনিস থাকে। এক, সব হেডিং হয় প্রেজেন্ট টেন্স বা প্রেজেন্ট পারফেক্ট বা সিম্পল প্যাসিভ ফর্মে। দুই, হেডিং-এ auxiliary verb পরিসরের অভাবে বাদ দেওয়া হয়। যেমন, Maradona is out of World Cup থেকে "is" বাদ পড়ে গেল, ইত্যাদি।

কাজল চট্ করে বললো, Sir, we don't see articles in newspaper headings either.

www.pathagar.com

বোরহান স্যার বললেন, That's very correct.

তারপর দিগন্ত থেকে মুখ ফিরিয়ে তিনি ছাত্রদের দিকে তাকিয়ে মিটিমিটি হেসে বললেন, Don't be disheartened (ডিসহার্টেনড—হতাশ হওয়া) boys.We should be pleased with the fact that we've had such a nice player in Maradona in our time. We should feel proud of him as a player.

www.pathagar.com

হাবলুর উপন্যাস পড়া

অজিত আর হাবলুর মধ্যে এক প্রচণ্ড ঝগড়া হয়ে গেল। ঝগড়াটা হলো ব্রিটিশ কাউন্সিল থেকে আনা একটি বই নিয়ে। অজিত, কাজল, হাবলু, ডেভিড ওরা সবাই ক্লাস টেনের ছাত্র হবার পর থেকে বোরহান স্যারের উপদেশ মোতাবেক ব্রিটিশ কাউন্সিলের মেম্বার হয়ে যায়। অজিত একটা বই আনলো, নাম English Grammar in use. বইটা খুব চমৎকার। এক পৃষ্ঠায় গ্রামারের নিয়ম-কানুনের ব্যাখ্যা, আর মুখোমুখি পৃষ্ঠায় ছাত্ররা নিজেরা করার জন্য এক্সারসাইজ। প্রায় তিনশো পৃষ্ঠার বই। অজিতের উচ্চাকাঙ্ক্ষা আর তার পরিশ্রম করার ক্ষমতার কথা সবাই জানে। সে মাসখানেকের মধ্যে চোস্ত গ্রামার শিখে এক্সারসাইজগুলো করে ফেললো। এমনিতে অজিত খুব bookish (বইপোকা) ছেলে। এখন সে ইংরেজির articles থেকে শুরু করে participles, conditionals সব ভালো করে শিখে ফেললো। কাজল তার স্বভাবসুলভ স্মার্ট ভঙ্গিতে ঝরঝরে ইংরেজিতে বললো, You have really gained an impressive command of English (তুমি ইংরেজির ওপর ভালো দক্ষতা অর্জন করেছো)।

অজিত মৃদু হাসলো। কারণ, সে জানে, যতো নিয়মই শিখুক সে, কাজলের সহজাত ইংরেজি-জ্ঞান তার নেই। সে কেবল একটা দীর্ঘশ্বাস ফেললো মাত্র, অমনি হাবলু বলে উঠলো, গ্রামার শিখে কোনোদিন ভাষা শেখা যাবে না (এ-কথাটা হাবলু বছরখানেক আগে কাজলের চাচার কাছে শুনে মনে রেখে দিয়েছিল)।

হাবলুর কথা শেষ হতে-না-হতেই কাজল বললো, I also think so.

কিন্তু, অজিত তো আর কাজলের সাথে ঝগড়া করবে না, বরঞ্চ সে হাবলুর ওপর খাপ্পা হয়ে উঠলো। বললো, অনেকটা রেগেই বললো, Tell me, how else can you learn English? অজিত স্বাভাবিক সময়ে খুব একটা ইংরেজি বলতে পারে না। তবে রেগে গেলে সে বেশ fluent (ফ্লুয়েন্ট—স্বচ্ছন্দ) ইংরেজি বলে। আর, তার হাবলুর ওপর রাগার আরেকটা কারণ হলো, কী

www.pathagar.com

কতোগুলো ইংরেজি নভেল-টবেল পড়ে হাবলুও ইংরেজিতে যথেষ্ট ভালো বলে বোরহান স্যারের স্বীকৃতি পেয়েছে।

হাবলু না রেগে বললো, তুই অত রেগে যাচ্ছিস কেন, আমি বলতে চাচ্ছি, ব্যাকরণ না পড়ে বরং সাহিত্য পড়লে ভাষার ওপর দখল আসে বেশি।

অজিত বললো (এখনও রেগে) : I would beg to **differ with** you (তোর সাথে আমি দ্বিমত পোষণ করছি)। (ইংরেজিতে মতের ভিন্নতা অর্থে differ with হয়, আর একটি জিনিসের চেয়ে আরেকটি জিনিসের পার্থক্য অর্থে differ from, different from হয়। যেমন : Bangladesh **differs from** India in many respects. Bangladesh is **different from** India in many respects।)।

হাবলু বললো, যেমন ধর, আমি এবার ব্রিটিশ কাউন্সিল থেকে এনেছি P.G. Wodehouse নামক একজন ব্রিটিশ লেখকের একটি উপন্যাস *Mike and Psmith* (উচ্চারণ—স্মিথ) নামে। বইটির প্রথম বাক্যই একটা চমৎকার Past conditional-এর উদাহরণ। আমরা এ-প্যাটার্নটি বোরহান স্যারের তাগিদে কতোবার মুখস্থ করেছি, তারপরও কেঁচেগণ্ডূষ হয়ে যায়। অথচ, বইটা পড়ে আমার খুব ক্লিয়ার হয়ে গেছে Past conditional কীভাবে করতে হয়।

অজিত বললো, Tell me the line.

হাবলু অবাক হয়ে বললো, My god, how can I quote (কোট—উদ্ধৃত করা) the line, it is such a difficult line. But I've (I have) carried the book in my pocket. I can show it to you.

অজিত আর কাজল যুগপৎ খুশি হয়ে বললো, We want to see. Show us the book.

হাবলু, যাদুকর জুয়েল আইচ ম্যাজিক দেখানোর জন্য যেভাবে পকেট থেকে একটা-কিছু বের করেন, ঠিক সেভাবে প্যান্টের ডান পকেট থেকে একটা Penguin (পেঙ্গুইন একটা বিখ্যাত জনপ্রিয় আন্তর্জাতিক প্রকাশনা সংস্থার নাম) পকেট-বই বের করে খুললো। তিন বন্ধু একত্রে পড়লো : **If** Mike **had been** in time for breakfast that fatal Easter morning he **might have gathered** from the expression on his father's face, as Mr. Jackson opened the envelope containing his school report and read the contents, that the document in question was not exactly a paean (পিয়ান—প্রশংসাসূচক গান) of praise from beginning to end.

অজিতের Past Conditional-এর নিয়মটা মনে পড়লো। সে ঝগড়া ভুলে সবিস্ময়ে বললো, আরে তা-ই তো, বোরহান স্যার বুঝিয়েছিলেন না,

www.pathagar.com

Past Conditional-এ **if** clause-এর সঙ্গে Past perfect এবং main clause-এর সঙ্গে modal perfect যথা— 'might have gathered' যাবে (might একটি modal verb)।

কাজল কিন্তু গ্রামারের খুঁটিনাটির মধ্যে গেল না। বরং অবাক হয়ে হাবলুকে বললো, তুই তো দেখি কঠিন কঠিন বই পড়া শুরু করেছিস। ইংরেজিতে অনার্স পড়বি নাকি?

হাবলু বললো, আরে ঐটা চিন্তা করার সময় এখন এসেছে নাকি!

কাজল shrug করে বললো, I really have full admiration for you as you are trying to read such difficult texts!

অজিত এতক্ষণে তার গ্রামার বইটা খুঁজে পেল। একটা নির্দিষ্ট পাতায় গিয়ে বললো, দ্যাখ, কী সুন্দর লিখেছে : Past Conditional sentences express imaginary situations about the past (অতীত সম্পর্কে কল্পিত ঘটনা), Like 'wish' they are contrary to the facts.

যেমন? হাবলু বললো।

যেমন, অজিত শুরু করলো, Fact যদি হয় যে I didn't work hard. I failed the exam. তখন Past Conditional-এ এটার বিপরীত বলতে হবে **If** I **had** (past Perfect) **worked hard,** I **would have passed** (modal perfect) the exam.

www.pathagar.com

কাজল ছটফট করে উঠলো। বন্ধুদের বললো, Wait, let me give you more examples. If Borhan Sir **had not taught** (Past Perfect) us the rules about the Past Conditional, we **would** never **have learnt** (modal perfect) the pattern. If Ajit **had read** (Past Perfect—উচ্চারণ, এখানে 'রেড') novels in English, his command of English **would** probably **have been** (modal perfect) better. **If** Romario **had scored** the goal which he missed, Brazil **would have won** the final in the regular time. (১৯৯৪ বিশ্বকাপ ফুটবলের ব্রাজিল-ইতালির ফাইনালের কথা বলা হচ্ছে।)

হাবলু বাসায় ফিরলো উশখুশ মন নিয়ে। গ্রামারের শুকনো কাটা-কাটা নিয়ম নিয়ে তার কোনো উৎসাহ নেই। অথচ, অজিত এত ভালো ছাত্র হয়েও মনে করছে নিয়ম না জানলে ভাষা শেখা যাবে না। হাবলুর ইচ্ছা কাজলের চাচার শেলফভর্তি যতো ইংরেজি উপন্যাস আছে সব পড়ে ফেলতে, তখন কি গ্রামারের জ্ঞান এমনিতে এসে যাবে না ?

হাবলুর স্বভাব হচ্ছে প্রত্যয়ী। সে আবার Wodehouse-এর উপন্যাস পড়তে শুরু করলো.....Mike put on his coat, and walked back to the house. He was conscious of a perplexing whirl (হোর্য়াল—দ্রুত পাক, ঘূর্ণি) of new and strange emotions (একধরনের বিচিত্র অনুভূতি), chief among which was a curious feeling that he rather liked Adair.

www.pathagar.com

হাবলুর সাহিত্যপাঠ

হাবলুর ইংরেজি বই পড়ার নেশা কমে না। স্কুলে প্রি-টেস্ট শেষ হলো মাত্র। রেজাল্টে দেখা গেল হাবলুর ইংরেজি মার্কস অজিত ও কাজলের চেয়ে খুব পিছিয়ে নেই।

কাজল কাঁধ জার্ক (Jerk– shrug বা ঝাঁকানো) করে বললো, My good God, you're coming up in English without knowing any grammar.

হাবলু amused (অ্যামিউজড– আনন্দিত) হয়ে বলে, I don't need to. My guide is the English Literature itself.

হাবলুর এতো আত্মবিশ্বাসের কারণ হলো, গতকালই মাত্র সে Somerset Maugham (সমারসেট মম্)-এর The Lotus Eater নামক একটা গল্প পড়ে শেষ করেছে। গল্পটা টমাস উইলসন নামক এক লোককে নিয়ে, যে গ্রীস দেশের একটা দ্বীপে নির্জন বসবাস করতে শুরু করে। দ্বীপটার নাম Capri. (Lotus হচ্ছে পদ্মজাতীয় একধরনের উদ্ভিদের ফল। গ্রীক পুরাণে আছে, এর ফল খাবার পর মানুষের সব স্মৃতি লোপ পায়, এবং মানুষ তখন আনন্দঘন অবসাদের মধ্যে জীবন কাটায়। কবি টেনিসনের The Lotus-Eaters নামক চমৎকার একটি কবিতা আছে।)

সে যাহোক, হাবলুর পঠিত গল্পটির শুরু এরকম :

Though his teeth were not very **good** his smile was **attractive.** It was **gentle** and **kindly.** He was dressed in a **blue cotton** shirt and a pair of **grey** trousers, much **creased** and none too **clean,** of a **thin** canvas, and on his feet he wore a pair of very **old** espadrilles (এসপ্যাড্রিলস– একধরনের নরম ফ্ল্যাট স্যান্ডেল, কারুকাজবিশিষ্ট). The get-up was **picturesque,** and very **suitable** to the place and the weather, but it did not at all go with his

www.pathagar.com

face. It was a **lined, long** face, deeply **sunburned, thin-lipped,** with **small grey** eyes rather **close** together and **tight, neat** features. The **grey** hair was carefully brushed. It was not a **plain** face, indeed in his youth Wilson might have been **good-looking.** He wore the **blue** shirt, **open** at the neck, and the **grey canvas** trousers (মোটা সুতি কাপড়ের প্যান্ট), not as though they belonged to him, but as though, **shipwrecked** (শিপরেকট্—দুর্ঘটনায় পতিত-জাহাজ) in his pyjamas, he had been fitted out with **odd** garments by **compassionate** strangers. Notwithstanding this **careless** attire he looked like the manager of a **branch** office in an **insurance** company, who should by rights be wearing a **black** coat with **pepper-and-salt** trousers, a **white** collar and an **unobjectionable** tie.

এতটুকু পড়ার পর দু'হাতের মধ্যে মাথা গুঁজে হাবলু ভাবিত হয়ে পড়লো। তার মনে হলো লেখক সমারসেট মম্ চমৎকারভাবে উইলসনের পোশাক আর চেহারার বর্ণনা দিয়েছেন। তার বোরহান স্যারের কথা মনে পড়লো। তিনি বলেছিলেন adjective হলো বর্ণনাকারী শব্দ। সে মনে-মনে সাজাতে লাগলো কীভাবে বর্ণনাটা দাঁড়ালো। প্রথমে দাঁতের বর্ণনা—his teeth were not very good. তখন তার মনে পড়লো, বোরহান স্যার একবার ক্লাসে বুঝিয়েছিলেন যে, ইংরেজরা নেতিবাচক দিক বর্ণনার সময় negative adjective পরিহার করে not very + the opposite adjective ব্যবহার করে। এতে বলার কায়দা প্রকাশ পায়। যেমন, কোনো লোক খাটো একথা বোঝাতে তারা He's short না বলে বলবে, he's not very tall, বা কোনো লোক কর্কশ আচরণ করলে সেক্ষেত্রে he's rude না বলে বলবে he's not very kind.

হাবলু উইলসনের হাসির বর্ণনাটা আবার পড়লো—his smile was **attractive** (আকর্ষণীয়)..... **gentle** and **kindly.** আচ্ছা, হাবলু ভাবলো, আমার নিজের দাদির চেহারাটা আমি বর্ণনা করার চেষ্টা করি না কেন? হাবলু মনে-মনে বানালো, My grand-mother's teeth are not very good. তখন সে ভাবলো, আমার দাদির যে শুধু দাঁত খারাপ তা তো নয়, সামনের দু'একটা দাঁতই যে নেই, সেটি ইংরেজিতে কীভাবে বলবো? ইংরেজিতে gap মানে ফাঁক, tooth মানে দাঁত, ফোকলা-দাঁত তা হলে gap-tooth. হাবলু ভাবলো, My grand-mother has gap-tooth. কিন্তু, বাক্যটা বানিয়ে তার খুব সুবিধার মনে হলো না। সে আবার বানালো, My grand-mother **is a gap-toothed** (গ্যাপ-টুথ্ট) woman. তাঁর হাসি : হ্যাঁ, She has **a lovely smile—gentle** and **kindly.** হাবলু নিজেই আবার বানালো, when she is angry, she looks very ugly. হাবলু তার নিত্যনতুন বাক্য বানানোর

www.pathagar.com

ক্ষমতায় উৎসাহিত হয়ে আবার মমের উইলসনের বর্ণনার দিকে নজর দিল। এবার পোশাকের কথা : He was dressed in a **blue cotton** shirt and a pair of **grey** trousers, much **creased** and none too **clean,** of a **thin** canvas..... হাবলু দেখলো was dressed দিয়ে Passive করা হয়েছে, সে active বানালো– he **wore** (wear-worn-wore) a **blue**

cotton shirt and a pair of trousers (trousers সবসময় বহুবচন, এজন্য নির্দিষ্ট করতে a pair of trousers বলতে হয়).... of a **thin** canvas. হাবলুর মনে এলো তার দাদি সবসময় শাদা সুতির শাড়ি পরেন। তাই সে বানালো, She is always dressed in a **white cotton** sari of **pure** Tangail (টাঙ্গাইলের সুতি)। সে আবার active-এ আনলো, She always wears a **pure white Tangail cotton** sari. সে নিজের পোশাকের দিকে তাকালো, What am I wearing now? তারপর নিজেকে নিজেই বললো, I am wearing a **striped blue** T-shirt now. তারপর সে আবার যোগ করলো But in school I always wear a **white half-**shirt. উইলসনের trousers-এর বর্ণনায় এসে হাবলু much creased কথাটায় এসে থেমে গেল। much creased (ক্রীজড অর্থাৎ ইস্তিরিকৃত) অর্থাৎ ironed (ইস্তিরির ইংরেজি iron করা, একথা হাবলু অনেকদিন আগে কাজলের কাছে শিখেছিলো। একদিন আলমারির মধ্যে ইঁদুর-প্রবেশের কথা বলতে গিয়ে কাজল বলেছিলো, I saw a rat in the pile of my **ironed shirts.**) উইলসনের

www.pathagar.com

মুখের বর্ণনাটা এরকম : It was not a **plain** face, indeed in his youth Wilson might have been **good-looking.** হাবলু নিজের দাদিকে নিয়ে আবার চিন্তা করলো, My grand-mother doesn't have a plain face either, she has so many lines (রেখা, বলিরেখা ; creases) on her forehead (কপাল), though probably she might have been **pretty** (good-looking) in her youth. Good-looking-এ compound adjective-টা হাবলুর মনোযোগ কাড়লো। সে তার বাবার কথা মনে করলো, বাবা সবসময় ক্লীন শেইভ করেন এবং ভালো পোশাক পরেন। তা হলে সেটি কী হবে—My father is always **clean-shaved** and **well-dressed.** আবার সে তার বন্ধুদেরকে নিয়ে বাক্য বানালো : Ajit is **well-behaved** but **self-centered,** while Kajal is **easy-going,** though sometimes he is **bad-tempered.** হাবলু বুঝতে পারলো, মানুষের চরিত্র বর্ণনা করতে গেলে তার character, clothes, face এবং body-র বর্ণনা করলে চলে। সে তাদের পাঠ্য ইংরেজি বই খুললো। সেখানে কীভাবে বাক্য তৈরি করতে হয় তার নির্দেশ আছে। সূত্র : A lady was sitting in her garden/grey haired/shawl around her shoulders/she watched the sun/the sun was setting.

হাবলু বানালো : A grey-haired lady, with a shawl around her shoulders, was sitting in her garden watching the setting sun.

নিজের ইংরেজি বাক্য বানানোর ক্ষমতায় হাবলু তন্ময় হয়ে বসে রইলো।

www.pathagar.com

Preserve the Royal Bengal Tiger

He who loves the animal, worships God. বাংলায় কী হবে বল তো কথাটা? কাজল হাতের তালুতে ইয়ো ইয়ো বলটা চাপড়াতে চাপড়াতে বলে।

হাবলু বললো, জানতাম। But I've forgotten it.

কাজল বললো, Sailor, you forget things so much. কেন, জীবে দয়া করে যেই জন, সেই জন সেবিছে ঈশ্বর।

হ্যাঁ হ্যাঁ, মনে পড়েছে—অর্থাৎ যে প্রাণীকে আদর করে সে সৃষ্টিকর্তাকেই ভালোবাসে। কিন্তু, worship শব্দটার অর্থ পূজা করা নয় কি? আর উচ্চারণ 'ওরশীপ', তা-ই নয় কি? হাবলু বললো।

কাজল বললো, না, 'ওরশিপ' বলা উচিত। সে ইয়ো ইয়ো বলটা দ্রুত নাচাতে নাচাতে বললো, আবার দেখেছিস তোর বাক্যটা এভাবে বলা যায়—Whoever loves the animal is a worshipper of God. এবং দ্যাখ, **whoever** সর্বনামের সঙ্গে singular verb **loves** বসেছে। তেমনি **whichever** দিয়েও একই নিয়ম দাঁড়াচ্ছে। দ্যাখ, **Whichever** team **scores** more goals **wins.**

হাবলু আজকাল কাজলকে সহজে ছেড়ে দেয় না। ইংরেজিতে দু'চারটা উপন্যাস পড়ার পর তার আত্মবিশ্বাস বেড়ে গেছে। তাই সে বললো, Whoever দিয়ে বাক্যটা এভাবে বলা যায়—**whoever** loves the animal **worships** God. আর দেখ, আমার বাক্যটাতে whoever-এর সঙ্গে বহুবচনও যেতে পারে। দ্যাখ—**whoever** it is, I don't want to see **them/him.** হাবলু এবার ফিচেল হেসে বললো, আর whichever-এর উচ্চারণ কিন্তু উইচএভার। Whoever অবশ্য হুএভার।

কাজল একটু পরাজয়ের মনোভাব নিয়ে বললো, কী পড়ছিস আজকাল?

হাবলু বললো, হান্স ক্রিশ্চিয়ান অ্যান্ডারসনের রূপকথা। ইংরেজিতে।

সে কী, পেলি কোত্থেকে!

www.pathagar.com

কে আবার, তোর চাচার শেলফ থেকে—নাম, *Hans Andersen's Fairy Tale*—পাতায় পাতায় ছবি। যা মজার না! বলতে বলতে হাবলুর চোখে-মুখে একটা অদ্ভুত আবেশ ফুটে ওঠে। হাবলুর দিকে তাকিয়ে কাজলও একটু অবাক হয়। সে ধীরে, প্রায় mumbling (মাম্বলিং—অস্ফুট, বা অস্পষ্ট স্বরে কথা বলা) করে বললো—Literature has really **caught** you **up** (তোকে সাহিত্যে পেয়েছে)।

এর মধ্যে অজিত, ইব্রাহীম, চন্দন, ডেভিড এবং ঢাকা থেকে আগত বিপুল এসে হাজির। আসলে শুক্রবার বিকেলে হাবলুর বাসায় কীভাবে টেস্ট পরীক্ষায় ভালো করা যায়, এ-বিষয়ে একটা সভা হবার কথা ছিলো। বুদ্ধিটা অজিতের। সে বলেছিলো যে, সবাই মিলে একজোট হয়ে পড়াশুনা করলে, নিশ্চয়ই সবারই পরীক্ষার ফল ভালো হবে। প্রস্তাবটা শুনে কাজল বলেছিলো, United we stand, divided we fall. তারপর তার স্বভাবসিদ্ধ ইংরেজির flair (ফ্লেয়ার—সহজাত দক্ষতা) নিয়ে বলেছিলো, Yes, Ajit's idea seems brilliant. I'm convinced that if we work out his idea, we'll surely succeed.

অজিতই তখন প্রশ্নটা তুলেছিলো, Idea—work out এটা কেমন হলো!

পরে বোরহান স্যার তাদের বুঝিয়ে দিয়েছিলেন, work out বলে কাজল কোনো দোষ করেনি। যদিও সে execute, realize বা fulfil এরকম কিছুও বলতে পারতো।

সভা শুরু হলে বিপুল বললো, আমাদের ঢাকায় খুব intensive coaching হয়। স্কুলের ক্লাসে আর কোনো লেখাপড়াই হয় না। স্যারেরা সবাই বাসায় ব্যাচের পর ব্যাচ পড়ান। যেসব ছাত্র স্ট্যান্ড করে তাদের প্রায় সবারই চার-পাঁচজন করে শিক্ষক থাকেন।

অজিত বিপুলের কথাটা টেনে নিয়ে বললো, চট্টগ্রামেও তা-ই চলছে। Though our Borhan Sir is an exception (ইক্সেপশন—ব্যতিক্রম). He always asks us to write free-hand English. He says that (অজিত এ-পর্যায়ে ভুলে গেলো বোরহান স্যার ঠিক কী বলেছিলেন).....O yes, what did he say?

কাজল তাকে উদ্ধার করলো। বললো : What he said was that writing is the only alternative (অল্টারনেইটিভ—বিকল্প) to writing.

হাবলু বললো, হ্যাঁ তা-ই। লেখার একমাত্র বিকল্প লেখাই। স্যার একথা বলেছিলেন—There is no alternative to writing, but writing.

ডেভিড বললো, What an excellent idea! আচ্ছা, Why don't we choose [(চূজ), (chose) চোজ, chosen (চোজেন)। বিশেষ্য—choice-চয়েস।] a topic and discuss our ideas in English.

www.pathagar.com

That's a terrific idea, কাজল বললো। (চমৎকার অর্থে terrific. উচ্চারণ– টেরিফিক। খুব খারাপ অর্থে terrible. উচ্চারণ– টেরবল।)

হাবলু বললো, আসলে nothing can be better than to decide to write in our own English.

অজিত জুড়ে দিলো, Of course, taking a few tips from the text.

তা তো অবশ্যই, সবাই একবাক্যে বললো।

কাজল বললো, That's for sure.

ডেভিডের গলা শোনা গেলো, How about choosing a topic like Loving the Animals!

সবাই একবাক্যে বললো, Great idea.

কাজল বললো, Who will give the first sentence?

সবাই বললো, You yourself do. (অর্থাৎ, তুমিই আগে দাও।)

Okay, কাজল বললো। **Whoever** loves the animal **worships** God. The proverb (প্রোভার্ব–প্রবচন) means that if we pity (দয়া করি) the animals, God will be pleased with us.

অজিত বললো, Animals বলতে তো সব প্রাণীকেই বোঝাচ্ছো, তা-ই না?

হ্যাঁ, হাবলু বললো, animals বলতে কাজল এখানে all creatures (ক্রিয়েচারস–প্রাণী)কে বোঝাচ্ছে।

ডেভিড বললো, species (স্পীসিজ) একটা শব্দ আছে না, সেটা কি creatures-এর synonym (সিনোনিম–সমার্থক শব্দ, যেমন, good এবং kind)?

কাজল বললো, I don't think so. Species (singular এবং plural-এ একই বানান) stands for some kind of animals which have common attributes (অ্যাট্রিবিউটস–গুণাবলী)।

হাবলু বললো, I'm now glad to recall what I read in *The National Geographic* the other day. I read that the Royal Bengal Tiger has become an **endangered species.**

Endangered species! ডেভিড বললো, What in the world does it mean?

(What in the world একটা বিস্ময়সূচক প্রতিক্রিয়া। বাংলা করলে দাঁড়ায়, বিশ্বব্রহ্মাণ্ডে এর কী অর্থ হতে পারে! বা, মাথামুণ্ড কিছুই বুঝতে পারছি না।)

www.pathagar.com

হাবলু বললো, কেন, danger মানে বিপদ, endangered মানে বিপদগ্রস্ত।

তখন কাজল হাবলুর কথা কেড়ে নিয়ে বললো, It means the Royal Bengal Tiger is in danger of becoming extinct (এক্সটিনকট– লোপ পাওয়া)।

অজিত বললো, Since it (the Royal Bengal Tiger) is the pride of our country, shouldn't the authority (অথরিটি– কর্তৃপক্ষ) do something to preserve them. (এখানে অজিত নিজের অবচেতন মনে বহুবচন সর্বনাম ব্যবহার করেছে এবং এটিই যথার্থ। যদিও সে it-ও বলতে পারতো। them বলতে বাঘগুলোকে ; আর it বলতে রয়েল বেঙ্গল টাইগারের প্রজাতিকে বোঝাচ্ছে।)

কাজল বললো, Actually, the preservation (সংরক্ষণ) of the wildlife (বন্যজন্তু বা জগৎ) should be our slogan.

www.pathagar.com

And there rings the telephone

অজিতদের ঘরে টেলিফোন-ফ্যাক্স আগে থেকেই আছে। কাজল, হাবলু, ডেভিড, চন্দন এদের কারোর বাসায় টেলিফোন ছিল না। ইব্রাহীম-এর বাসায় টেলিফোন থাকলেও বাবার কড়া শাসনের জন্য বেচারা কোনোদিন টেলিফোন ব্যবহার করতে পারে না। তার বাবা, খাতুনগঞ্জের বিরাট আড়তদার, টেলিফোনের মুখে একটা বিরাট তালা ঝুলিয়ে দিয়েছেন।

কাজল ইব্রাহীমের উপস্থিতিতেই একদিন শ্রাগ করে বললো, Look, what kind of a man he is!

হাবলু মাথা দুলিয়ে তার সাহিত্য পড়ার অভিজ্ঞতা নিয়ে বললো, He is a miser like Shylock. (শাইলক, শেক্সপীয়ারের *দ্য মার্চেন্ট অব ভেনিস* নাটকের অন্যতম চরিত্র। সে জাতিতে ইহুদি এবং কৃপণ বলে বিখ্যাত।)

কাজল আবার শ্রাগ করে বললো, **We're** (we are) **going** to get our telephone soon.

হাবলু আর চন্দন ঝট্ করে বললো, **So're we.**

বাস্তবেও হলো তা-ই। শুধু যে এক মাসের মধ্যে হাবলু, চন্দন, কাজলের বাসায় টেলিফোন এসে গেল তা নয়, ডেভিডের বাসায়ও এলো। ব্যস, এরপর শুরু হলো টেলিফোন যোগাযোগ : Tele-communications.

সারাদিন তো স্কুলেই পরস্পরের মধ্যে দেখা হয়, কথাবার্তা হয়, কিন্তু তার পরও যেন তাদের কী কথা থেকে যায়, বাসায় এসে টেলিফোনের মাধ্যমে যা না বললে নয়। অজিতের বাবা অবশ্য তেমন কোনোকিছুতে ছেলেকে বাধা দেন না। শুধু বললেন, Son, don't let your friends disturb you in your studies. অজিত খুব আত্মসচেতন (self-conscious) ও আত্মমর্যাদা (self-respect)-সম্পন্ন ছেলে। বাপকে ঠাণ্ডা গলায় (in a cold voice) বললো, Dad, I won't (will not) **abuse** (অপব্যবহার) the telephone. (অর্থাৎ

www.pathagar.com

টেলিফোনের অপব্যবহার আমি করবো না।) অজিতের বাবা বললেন, That's okay, Son. I just thought I might tell you.

কিন্তু, কাজলের বাবা! তিনি কাজলের মা'কে বললেন, এ কী ব্যামো! টেলিফোন কি আমি ছেলের আড্ডার জন্য এনেছি নাকি!

ছেলেকে অবশ্য সামনাসামনি কিছু বললেন না। কিন্তু কাজলের টেলিফোন এলো কি কাজল কাউকে টেলিফোন করলো, তিনি সে-সময় টেলিফোনের সামনে ঘোরাঘুরি করতে থাকেন। কাজল অবশ্য বক্সিং গ্লাভস (gloves) হাতে মক্‌শ (practice) করতে করতে হাবলু আর অজিতকে বললো, Father was not like this before. But after my elder brother's failure in business, he's (he has) become rather over-cautious (অতিসতর্ক) about me. He's (he is) serious about what I do or say. I'm (I am) a little annoyed (অ্যানয়েড-বিরক্ত হওয়া) with him.

হাবলু *Sportsweek*-এর centre-fold (সেন্টারফোল্‌ড - ম্যাগাজিনের মাঝখানে দ'পৃষ্ঠা জুড়ে যে রঙিন পোস্টারটি থাকে।)-এ ৪৫ বছর বয়স্ক মুষ্টিযোদ্ধা জর্জ ফোরম্যানের ছবিটি দেখতে দেখতে বললো, Your father is now behaving like Ibrahim's father. Both of them are very strict. তারপর সে প্রসঙ্গ পাল্টে বললো, Look at this man (Foreman). **He's come back** to the ring (বক্সিং-এর রিং) again, and **won** the championship. [লক্ষ করো : he has come back and he has won কে, হাবলু বলছে he's come back and won (won=win, won, won), অর্থাৎ দ্বিতীয়বার verb-এর সঙ্গে auxiliary ব্যবহার না করলেও চলে।] This is an example of absolute (অ্যাবসলিউট—চূড়ান্ত) determination (ডিটারমিনেইশান—সংকল্প).

Yes, অজিত সায় দিলো। He has firm (ফার্ম—দৃঢ়) determination and strong will-power (ইচ্ছাশক্তি). As the proverb goes, where there is a will, there is a way.

কাজল এ-সময় বন্ধুদেরকে দুষ্টুমি করে দু'একটা এলোপাথাড়ি jab (জ্যাব—বক্সিংয়ের সময় তীব্র ঘুসি) দিল, আর সঙ্গে সঙ্গে মুখে বলতে লাগলো : I'm like him, **strong, quick** and **powerful.** (সবগুলোই adjectives.)

কিন্তু হলো কী, তার ঘুসি খেয়ে হাবলুর কিছু না হলেও, অজিত একেবারে বিছানায় শুয়ে পড়লো। বললো, Oh, Kajal, I received a hard punch on the nose, but it will be alright in a minute.

www.pathagar.com

হাবলু বললো, Kajal, I'm a little concerned (উদ্বিগ্ন). Though he's not bleeding, his eyes are filled with water. He looks badly **beaten**.

অজিত সাথে সাথে শোওয়া থেকে উঠে গেল। বললো, Don't (উচ্চারণ ডোন্ট) worry, I'm hurt, but not that badly.

Sorry, friend. কাজল দুঃখিত স্বরে (in an apologetic tone. Apology– অ্যাপলজি– ক্ষমা, apologize– অ্যাপোলোজাইজ– ক্ষমা চাওয়া) বললো, I wasn't just **careful.** সে এবার গ্লাভসজোড়া খুলতে খুলতে বললো, I think Hablu's father is the **best** among all our fathers. He is **liberal, soft-spoken, humorous** (হিউমারাস– কৌতুকপ্রবণ, and never **angry.** (সবগুলো adjective).

কাজল সায় দিলো, The best father is Hablu's father.

অজিত বললো, I've (I have) also noticed that. One day I rang up Hablu but it was his father who picked up the receiver. When I said that I wanted to talk to Hablu, he gently asked my name, and as I gave my name, he wished me good health, and then called up Hablu. (Call-এর পর বিভিন্ন preposition বসে বিভিন্ন অর্থ হয়। Hornby-র ডিকশনারি দেখে নিও।)

কাজল বললো, This is the right picture of a gentleman. He's also very **good-looking,** with a **pointed-nose** (ছুঁচালো নাক),

www.pathagar.com

wide-forehead (প্রশস্ত কপাল), and a **tall-figure.** (adj + noun, মানুষের আকৃতি-বর্ণনায় কার্যকর)।

অজিত বললো, The **thick-framed** glass (মোটা ফ্রেমের চশমা) he wears also makes him **attractive.** I also like the way he puffs at his cigarette. (Puff– ফোঁকা). I also like the way he keeps the cigarette dangling from his lips (তিনি যেভাবে ঠোঁট থেকে সিগারেট ঝুলিয়ে দেন, আমার দেখতে ভালো লাগে).

কাজল বললো, Yes he's so excellent both in **appearance** and **character** that I consider him a model example of a father. [কাজলের ব্যবহৃত শব্দ দুটো– appearance (চেহারা বা শারীরিক বৈশিষ্ট্য) ও character (চরিত্র, ব্যবহার ইত্যাদি) মানুষের চরিত্রের বর্ণনায় বিশেষভাবে মনোযোগের দাবি রাখে : যেমন, হাবলুর বাবার বর্ণনায় আমরা এ-দুটো প্রশ্নের উত্তর পাই- What is he like? (তিনি লোক হিসেবে কেমন?) আর What does he look like? (তিনি দেখতে কেমন?) এর পাশাপাশি আর দুটো প্রশ্নের উত্তর দিলে একটা লোকের চরিত্র পুরোপুরি ফুটিয়ে তোলা যায়। সে-প্রশ্ন দুটো হচ্ছে : What does he like? (তিনি কী পছন্দ করেন?) এবং How is he? (তিনি লোক কেমন এবং তিনি কেমন আছেন?)]

হাবলু বললো, I'm so **flattered.** (আমি এতই উল্লসিত। Flatter অর্থ কৃত্রিম প্রশংসা। কিন্তু, passive-এ ব্যবহার করলে এর অর্থ হবে, কেউ যখন অযাচিত প্রশংসায় আপ্লুত হয়।)

তারপর সে বললো, Actually my father is a fan of Burt Lancaster (বার্ট ল্যাঙ্কারস্টার– সম্প্রতি প্রয়াত জনপ্রিয় হলিউড তারকা। তাঁর অভিনীত *The Train* বাংলাদেশে এসেছিলো। *Elmer Gantry* ছবিতে অভিনয়ের জন্য তিনি Oscar পান।) And, I think, he tries to imitate (অনুকরণ করেন) him when he dangles a cigarette from his lips.

অজিত আর কাজল সমস্বরে বললো, That's fine.

www.pathagar.com

Is telephone a pest?

কাজলদের টেস্ট পরীক্ষা চলছে। আর, কাজলের বাবা নিজের মনে বিস্ময় মানেন, surprise, surprise. নাটক চরমে উঠলো অঙ্ক পরীক্ষার আগের দিন সন্ধ্যায়। কাজল পাঁচটা মিনিট পড়ার টেবিলে বসতে পারে না। অমনি টেলিফোন, বন্ধুদের। ফাঁকে ফাঁকে কাজলও বন্ধুদের ডাকতে লাগলো টেলিফোনে।

কাজল হাবলুকে চাপাস্বরে বললো, Ay, cut off now, I'll call you later, Father is watching me.

কাজল পড়ার টেবিলে পুনরায় ফিরে এলে, তার বাবা আস্তে আস্তে তার পড়ার ঘরে ঢুকলেন।

বললেন, Who called?

কাজল বললো, It was Hablu, he asked me about some difficult sums.

তার বাবা আশ্চর্য হয়ে বললেন, কালকে পরীক্ষা আর এখন তোমরা একজন আরেকজনকে অঙ্ক জিজ্ঞেস করছো, তাও টেলিফোনে!

কাজল চুপ করে রইলো। মনে-মনে বললো, How can I **make my father understand** that nothing can be more helpful than a telephone in taking preparation for examination. (লক্ষ করো, make ক্রিয়াপদ দিয়ে একজন আরেকজনকে কিছু একটা করতে বাধ্য করা বোঝায়। যেমন, Father has **made me take** engineering. এবং make ও তার পরবর্তী verb-এর মাঝখানে to বসবে না। যেমন I'll **make him go,** শুদ্ধ, আর I'll make him to go অশুদ্ধ। এরকম আরও দুটো verb আছে Have এবং Get. Have-এর পরে to বসে না, কিন্তু Get-এর পরে বসে। যেমন I'll **have him go,** কিন্তু **I'll get him to go.** Let কিছুটা অন্য ধারার verb হলেও, কাজ কিন্তু Make এবং Have-এর মতো, অর্থাৎ

www.pathagar.com

Let-এর পরেও to বসে না। যেমন **I'll let him go.** I'll let him to go নয়।)

পরের দিন স্কুলে অঙ্ক পরীক্ষা সবার খুব ভালো হলো। টেলিফোনে আলাপ-সালাপ করে তারা যে অঙ্কগুলোকে ইম্পটন্ট ভেবেছিলো সে-অঙ্কগুলোই প্রায় এলো। কাজল শ্রাগ করে বন্ধুদের বললো, Father won't understand. He thinks telephone is a pest. (Pest-এর অর্থ ছোট পতঙ্গ বা জন্তু যারা খুব উপদ্রব করে। যেমন, Rabbits are great pests to farmers. কোনো বিরক্তিকর মানুষ বা জিনিসকে তাই pest বলা যায়। যেমন, That child is a real pest ; he's continually asking questions. সে-রকম কাজলের বাবার কাছে telephone-টা একটা উপদ্রবকারী বস্তু অর্থাৎ pest।)

হবে না কেন? গত শুক্রবারে সালেহা ফার্মেসিতে জসীম ডাক্তারের চেম্বারে বোরহান স্যারের সঙ্গে কাজলের বাবার দেখা। বোরহান স্যারের শীত আসার সঙ্গে সঙ্গে কাশি ধরেছে, যাচ্ছে না। কাজলের বাবার ডান চোখটা ঘনঘন লাল হয়। পানি পড়ে। যদিও জসীম ডাক্তর মূলত কম্পাউন্ডার, কিন্তু এলাকার মধ্যে ডাক্তার হিসেবেই তাঁর খ্যাতি। অষুধও যা দেন, কার্যকরি। কাজল একদিন অজিতকে বলেছিলো, That doctor Jashim is a magician. He cures (কিউর— রোগ সারানো) people's diseases like anything, better than many qualified doctors do.

যাহোক, কাজলের বাবা বোরহান স্যারকে বললেন, বোরহান সাহেব I'm **shocked.** My son has become a telephone-addict. সেদিন তাকে বললাম যে যোগাযোগের সুবিধার জন্য সে যেন আমাদের আত্মীয়স্বজন, পরিচিত লোক, বন্ধুবান্ধবদের টেলিফোন নম্বর একটা কাগজে টুকে রাখে। সে করেছে কী জানেন, এক পৃষ্ঠায় আমাদের আত্মীয়স্বজনদের নম্বর, আরেক পৃষ্ঠায় আমার বন্ধুবান্ধব, পরিচিত লোক, অফিসের সহকর্মীদের নম্বর, আর তিনটি পৃষ্ঠা জুড়ে শুধু টুকেছে তার বন্ধুদের টেলিফোন নম্বর। শুনে বোরহান স্যার হেসে দিয়েছিলেন। বলেছিলেন, Don't get **concerned** (কনসার্নড— উদ্বিগ্ন হওয়া।) He'll soon become **sick** of telephone. (অচিরেই টেলিফোনের প্রতি তার অরুচি ধরবে।)

কাজল shrug করে বন্ধুদেরকে আবার বললো, I'm so **shocked** at my father's rude behaviour! What's more **shocking,** you know, he wouldn't even talk to me for hours if I received too many calls.

www.pathagar.com

(লক্ষ করো, কাজল একবার shocked বলেছে আবার shocking বলেছে। দুটোই বিশেষণ পদ। কিন্তু কখন -ed হবে, আর কখন -ing হবে, সেটি বোঝার জন্য বোরহান স্যারের কাছে যেতে হবে।)

অজিতের বাবা বললেন, Son, since you've done well in the test, let's have a party.

বোরহান স্যারও এলেন। ডি ডি ৭-এ সেদিন ওয়েস্ট ইন্ডিজ আর ভারতের খেলা দেখাচ্ছিলো। বোরহান স্যার বলেই বসলেন, Brian Lara in cricket is what Maradona was in football. (অর্থাৎ ব্রায়ান লারার ক্রিকেট-প্রতিভার তুলনা একমাত্র ম্যারাডোনার ফুটবল-প্রতিভা।)

কিন্তু, সে-লারাই যখন প্রভাকরের বলে বোল্ড হয়ে গেল হাঁস রানে—অর্থাৎ শূন্য রানে (ইংরেজিতে শূন্য zero বা duck, মানে হাঁস। তাই, কেউ শূন্য রানে আউট হলে, টিভি'র পর্দায় হাঁসের কার্টুন দেখানো হয়।), তখন কাজল বললো, Holy ghost, I was not prepared for it.

ডেভিড বললো, I'm terribly **shocked** (আমি ভীষণ মর্মাহত).

তখন অজিতের মনে পড়লো প্রশ্নটা। লাঞ্চের সময় সে জিজ্ঞেস করলো, Sir, what's the difference between **shocking** and **shocked**?

বোরহান স্যার বললেন, মূলত পার্থক্যটা active এবং passive voice-এর। তবে, তার চেয়ে সহজ হলো, কর্তা যখন তার মনোভাব প্রকাশ করবে, তখন passive বা -ed বিশেষণ হবে, এবং যখন কর্ম প্রকাশ পাবে তখন

www.pathagar.com

active বা -ing হবে। যেমন..... কিন্তু বোরহান স্যারের উদাহরণ দিতে হলো না। ছেলেরাই পটাপট বাক্য দিতে লাগলো।

কাজলই বললো, Lara's performance is very **disappointing** (হতাশাব্যঞ্জক) today.

অজিত বললো, Yes, disappointing.

ডেভিড : It looks like he's not anymore **interested** in cricket.

ইব্রাহীম : On the other hand Tendulkar's batting is so **interesting** that I'd (I would) rather rate him a better player than Lara.

চন্দন : This comparison is very **annoying** (এ-তুলনাটা খুব বিরক্তিকর— চন্দন অবশ্য বলতে পারতো disturbing).

বিপুল (ঢাকায় টেস্ট পরীক্ষা সেরে চট্টগ্রামে বেড়াতে এসেছে) : But everybody becomes **annoyed** when a star batsman fails.

হাবলু : I'm rather **amused** (মজা পাচ্ছি) and **surprised** that all of you have forgotten the match itself. It's **resumed**.

বোরহান স্যার বললেন, It's not **surprising.** Let's go back to the match.

www.pathagar.com

গ্রামারের কূটতর্ক

এক হৈহৈ কাণ্ড রৈরৈ ব্যাপার। কাজলের খুশি আর ধরে না। হাত মুঠো করে স্লোগানের ভঙ্গিতে হাত ওপরে তুলে চ্যাঁচাতে লাগলো—Three cheers for our Uncle, hip hip hurray.

বন্ধুরা জানতে চাইলো, What's the matter, why're you so excited?

কাজল বললো, Great news, our old veteran Uncle is going to marry. (veteran—ভ্যাটার্ন—অভিজ্ঞ।)

বন্ধুরা সবিনয়ে বললো, How come, so late in life! (How come—বিস্ময়সূচক প্রকাশ।)

কাজলের চাচার একান্ত ভক্ত হাবলু বললো, What's the harm in it, anybody can marry at any time. Better late than never (একেবারে না করার চেয়ে দেরি করে করাই ভালো).

বন্ধুরা একযোগে বললো, Yeah, we agree. But this is the funniest news that we have ever heard. (Yeah–ইয়াহ, Yes শব্দেরই প্রকারভেদ।)

হাবলুর জেদ চাপলো। কাজলকে বললো, Tell us the whole story.

You know কাজল বলতে লাগলো, my Uncle was always decided that he wouldn't get married. Since he's now 38, he's (he has) as good as given up any thoughts of marriage. Then he found this girl in New Market while he was loafing around. The moment he saw her he said to himself, ah-ha it's her I have been looking for all my life. (Give up অর্থ, ত্যাগ করা। as good as

www.pathagar.com

given up অর্থ, আশা প্রায় ছেড়ে দেওয়া। Loafing around অর্থ, খামোকা ঘুরে বেড়ানো।)

কাজলের বর্ণনা শুনে অজিতই বললো, This is called love at the first sight. প্রথম দেখাতেই প্রেম।

Exactly so, কাজল বললো।

হাবলু একটু অনুশোচনা করলো, If your Uncle gets married who will I borrow books from? (who না বলে whom বলার কথা ছিল। কিন্তু কথ্য ইংরেজিতে relative objective pronoun 'whom' না বলে relative subjective pronoun 'who' ব্যবহার করার রীতি।)

অজিত হেসে বললো, You're very wrong my friend. After marriage he won't need books any more, he'll probably **give away** all his books to you. (Give away—কোনোকিছু দেয়া। যেমন, The principal has given away the prizes.)

হাবলু বললো, That might happen too. I'll be the happiest boy if that happens. (happen—ঘটা।)

অজিত গম্ভীর হয়ে প্রশ্ন করলো, Why does he need a wife at this age?

অজিতের নিজের যেমন, বন্ধুদের কারোরই প্রশ্নটার উত্তর জানা ছিলো না। তারা পরস্পরের মুখ-চাওয়াচাওয়ি করতে লাগলো। দুষ্টুবুদ্ধির চন্দন বললো, Probably to give him hot water for baths.

চন্দনের কথা শুনে সব বন্ধু হোহো করে হেসে উঠলো।

বিয়ের দিন বরের বেশে কিন্তু কাজলের চাচাকে খুব চমৎকার মানালো। কলপ দিয়ে চুলের রং যেমন ফেরানো হলো ঘন কালোতে, তেমনি চোখের বাদামি চশমার ফ্রেম বদলে একটা কালো ফ্রেমের চশমা নাকের ওপর আঁটা হলো। এমনিতে উগ্র ফর্সা রং কাজলের চাচার, তার ওপর কালো চশমার ফ্রেম contrast করে রঙের আরও খোলতাই হলো। মেয়ের পক্ষ দেখে খুব খুশি। পুরোনো দিনের ঢঙে কাজলের চাচা নাকের ওপর একটা রুমাল চেপে রাখলেন। তাঁর বিশেষ বন্ধু কেউ নেই। সারাজীবনই একটা ছোট্ট ঘরে বই পড়ে কাটিয়েছেন। হাবলু তাঁর অন্যতম ভক্ত। সে বন্ধুদেরকে বললো, Let's go onto the stage to give him company.

হাবলুসহ কাজলের সব বন্ধু স্টেজে গিয়ে উঠলো, যদিও কাজল লজ্জাবশত উঠলো না। সে আস্তে করে অজিতকে বললো, Uncle will feel shy if I sit over there on the stage. He already looks **bewildered.**

www.pathagar.com

অজিতের bewildered (বিউইলডারড) শব্দটার অর্থ জানা ছিলো না। সে তাই জিজ্ঞাসু হয়ে বললো– bewildered?

কাজল বললো, I mean **puzzled**– my Uncle looks **puzzled.** (bewildered বা puzzled-এর অর্থ, হতবুদ্ধি।)

অজিত আশ্বস্ত হয়ে বললো, ওঃ তুই -ed-যুক্ত শব্দের বিশেষণ ব্যবহার করছিস। গত মাসে না আমাদের বাসায় টেস্ট-পরীক্ষা-পরবর্তী পার্টির সময় আমি বোরহান স্যারের ব্যাখ্যা ভালো বুঝতে পারিনি। উনি -ed এবং –ing-যুক্ত শব্দকে বিশেষণ বলেছেন, যা কিনা আমরা past participle এবং present participle verbs হিসেবে জানি। তাই আমি Lara has terribly **disappointed** us বাক্যটিতে disappointed ক্রিয়াপদরূপেই ব্যবহার করি।

কাজল বললো, হ্যাঁ আমার মনে পড়ছে। তোর ঐ বাক্য অর্থের দিক থেকে ঠিক থাকলেও, আমরা যেখানে –ed-যুক্ত শব্দকে বিশেষণ হিসেবে ব্যবহার করে উদাহরণ দিচ্ছিলাম সেখানে তুই –ed-যুক্ত শব্দকে verb হিসেবেই ব্যবহার করেছিলি।

অজিত বললো, হ্যাঁ, কখন -ed এবং -ing-যুক্ত শব্দগুলো verbs এবং কখন বিশেষণ সেটি কীভাবে বুঝবো ?

কাজল বললো, শোন, Listen to me. কয়েকটা আগে বাক্য দে, যেখানে adjectives খুব Simple.

www.pathagar.com

অজিত বললো, It is **good** to see your Uncle **married** at long last/Bangladesh is **beautiful**. Sometimes my friend Kajal is too **talkative.**

কাজল বললো, থাম। খেয়াল কর। adjectives আসে am is are/was were এসব to be ক্রিয়াপদের পরে ; অথবা article-এর পরে, তখন অবশ্য বাক্যের শেষে noun দিতে হয়—যেমন, Bangladesh is a **beautiful** country. বিশেষণপদ has এবং main verbs-এর পরে বসে না।

অজিত বললো, আরে তাই তো! দ্যাখ আমিই দিচ্ছি তোকে উদাহরণ। I **am shocked/I was amused /I will be interested** এ-ধরনের বাক্যে to be verb-এর পরে -ed-যুক্ত শব্দগুলো সব adjectives. আবার এগুলোকে verb-এ রূপান্তরিত করা যায়, যেমন— I **have shocked** you/ He **amused us** all/ He **interested me** not at all. তেমনি -ing বিশেষণ দ্যাখ, It **is interesting** to see so many people eating together/It **was an amusing** story/It **will be shocking** for all of us if your Uncle doesn't become happy by this marriage. এবার -ing-যুক্ত শব্দ দিয়ে verbs নে : He **is** gradually **interesting me/**The child **is amusing us** all এখানে me এবং us যথাক্রমে interesting এবং amusing-এর personal objects. এবং interesting, amusing সেখানে transitive verbs. তারপর, আর একটা কথা খেয়াল কর -ed, -ing-যুক্ত শব্দ সবগুলোই যে adjectives বা verbs হিসেবে অহরহ অদল-বদল হবে তা নয়। একটু খেয়াল করে ইংরেজি পড়লেই এই রকমফেরটা ধরা পড়বে।

কাজল বললো, -en-যুক্ত শব্দের বেলায়ও একই কথা। যেমন It is **broken** (adj) ; it's a **broken** (adj) umbrella. কিন্তু he has **broken** (verb) my umbrella. এ-সময় দু'জনই দেখলো, বিয়ের আসরের দিকে বোরহান স্যার এগিয়ে আসছেন। তখন তারা দু'জনেই চুপ করে গেল।

www.pathagar.com

হাবলুর 'নো সুনার' শেখা

হাবলুর মনটা যারপরনাই খারাপ। *Uncle Tom's Cabin* উপন্যাসটা তার বুঝি আর পড়া হলো না। এক, কাজলের চাচা বিয়ের পর ঘর-সংসার নিয়ে এমন মেতেছেন, তাঁর কাছে ভেড়াই মুশকিল ; দুই, আজকে ফেব্রুয়ারির ৪ তারিখ, অথচ এপ্রিলেই এস. এস. সি. পরীক্ষা। সে একবার ভাবলো, ইশ্, বিয়ের আগেই কাজলের চাচার শেলফ থেকে বইটা উঠিয়ে নিলে হতো। আবার ভাবলো, নাহ্, না এনে ভালোই করেছি ; এস. এস. সি.-র জন্য তো ঘোরতর পড়তে হবে।

হাবলু তার ইংরেজিবিষয়ক সিলেবাসটা উল্টেপাল্টে দেখে। তার কেমন যেন সব ড্রাই মনে হয়। নৈর্ব্যক্তিক প্রশ্নের গ্রামারের সিলেবাস কম বড় নয়। গ্রামার দেখলেই তার কেন যেন বোরহান স্যারের শুষ্ক, বিরস, জুলজুল চোখে কালো ফ্রেমের চশমা-পরা ফর্সা মুখটার কথা মনে হয়। আশ্চর্য, আগে তার বোরহান স্যারকে দেখলেই দেবতা মনে হতো, এখন বরঞ্চ তার ভাবনা হয়, কেন যে স্যার গ্রামার নিয়ে এত কচ্‌কচান। অবশ্য, স্যার তাদেরকে সবসময় সাবধান করে দিয়ে বলেছেন, দ্যাখো, গ্রামার শিখে কখনো ভাষা শেখা যায় না। ভাষা যোগাযোগের মাধ্যম। যোগাযোগের এ-স্রোতটা ধরতে পারলেই ভাষা শেখা সম্ভব। কাজলের চাচাও হাবলুকে একবার বলেছিলেন, তুমি যে ইংরেজি বই-টই পড়ো এতে দেখবে তোমার ইংরেজির মান একদিন তোমার বন্ধুদের মানের চেয়ে ভালো হবে।

কিন্তু, হাবলু আজ ঢাউস টেস্ট পেপারটা সামনে খুলে বসে যেন কোনো ভরসা পায় না। ইংরেজি নিয়ে নানা জটিল প্রশ্ন তার মনে মাছের মতো ঘাই মারে। সে দেখে সব বোর্ডের প্রশ্নের মধ্যে ৫ নম্বরের যে ট্রান্সলেশন আছে, তাতে একটা বাক্য প্রায় 'কমন' থাকছে—ডাক্তার পৌঁছানোমাত্রই রোগী মারা গেল। হাবলুর টেবিলে J.C. Nesfied-এর গ্রামার বইটা আছে। কিন্তু তার আলস্য হলো, বইটি সে খুললো না। বরঞ্চ, নিজেই বাক্য বানালো, **No sooner had** the doctor arrived, **than** the patient died. আবার

www.pathagar.com

বানালো, **No sooner had** Rahim reached home, **than** the rain started. হাবলু ভাবলো, No sooner দিয়ে বাক্যটা শুরু হলে, had (বা যে-কোনো auxiliary) subject-এর আগে বসবে এবং দ্বিতীয় ক্লজ (clause) 'than' দিয়ে শুরু হবে। (হাবলু কিন্তু ভুলে গেছে, বোরহান স্যার এর আগেও No sooner-এর ব্যবহার শিখিয়েছিলেন।) হাবলু আবার ভাবলো, বাক্যটা যদি subject দিয়ে শুরু হয় তা হলে কেমন দাঁড়ায় : Rahim had no sooner reached home than the rain started. না, এটা তো হবে না। No sooner তো negative adverb, auxiliary verb-টা যাবে subject-এর আগে। তাই sentence-টা করত হবে As soon as দিয়ে। যেমন, As soon as Rahim reached home, the rain started. হাবলু আরও ভাবলো : 'soon' আদতে একটা adverb, এবং এর comparative form হচ্ছে sooner। সেজন্য 'than' আসছে। অর্থাৎ দুটো কাজ পিঠাপিঠি হয়ে থাকলে Sooner.....than ব্যবহার করা যায়। তার অর্থ— হাবলু নিজে নিজে আবিষ্কার করে— after, before, hardly, scarcely, when, as এসব সময়সূচক শব্দ বা adverbs দিয়েও বাক্য বানানো যায়, যা হবে 'no sooner..... than'-এর বিকল্প। সে লিখতে লাগলো : The patient had died just before the doctor came. অথবা, The doctor came just after the patient had died. হাবলু লক্ষ করলো, এ দু'বাক্যেই 'just' adverb দিয়ে দুটো কাজের পিঠাপিঠি সম্পর্কটা বোঝানো হয়েছে। সে এবার scarcely দিয়ে লিখলো, **Scarcely had** the doctor arrived when the patient died. আবার সে hardly দিয়ে নির্মাণ করলো এ-বাক্যটি, Hardly had the doctor arrived when the patient died. হাবলু সিদ্ধান্তে এলো, No sooner.....than, just after/before, এবং scarcely/ hardly.....when দিয়ে একই ধরনের বাক্য তৈরি করা যায়; যদিও No sooner.....than-এর ব্যবহারই অধিক।

হাবলুর ভীষণ জোরে একটা হাই উঠলো। সে সম্প্রতি-পড়া Alistair Maclean-এর বিখ্যাত থ্রিলার (thriller— উত্তেজনাপূর্ণ ঘটনাবহুল ডিটেকটিভ উপন্যাস) *The Guns of Navarone*-এর নায়কের মতো ডায়গল ছেড়ে বললো, My God, I'm yawning like hell. (Yawn— হাই তোলা)।

সে দেয়ালঘড়ি দেখলো। ৯:৩০। আশ্চর্য, কখন যে সময় গেল, সে বুঝতেও পারেনি। ভরপেট এতো ইফতারি খেল, অথচ সে একটুও ঢেকুর তুললো না। গ্রামার পড়তেও তার কেমন যেন মজা লাগলো! বাহ্, তা হলে কি গ্রামার আর সাহিত্য অন্তরঙ্গ বন্ধু! Yes, they're close allies. আবার *গানস অব ন্যাভারন*-এর লাইন তার মনে এলো। (ally— বন্ধু, সহযোগী। উচ্চারণ— অ্যালাই। allies— অ্যালাইজ। allied— অ্যালাইড [verb এবং adjective])।

www.pathagar.com

হাবলু পড়া বন্ধ করে ভিতরে মায়ের কাছে গেল। বললো : মা, ভাত দাও।

মা তার খুব স্নেহময়ী মহিলা (কাজলের ভাষায় an infinitely kind woman)। সহাস্যে বললেন, সে কীরে, তুই না আজকে সেহ্‌রিতে উঠবি বলেছিলি! এখন খেলে, আবার সেহেরিতে খেতে পারবি? বলতে বলতে অবশ্য তিনি ছেলের জন্য খাবার আনতে রান্নাঘরে ঢুকলেন।

হাবলু, তার মায়ের গমনের দিকে তাকিয়ে বললো, I don't care, Sehri or no Sehri, I must eat now. I'm hungry like the giant (জায়ান্ট—দৈত্য) in the Arabian Nights.

এ-সময় টেলিফোনটা বেজে উঠলো। হাবলু দৌড়ে যেতে যেতে বললো, It must be either Kajal or Ajit.



আসলে কিন্তু টেলিফোনটা বিপুলের। ঢাকা থেকে। বিপুল বললো, হাবলু Listen. I'm going to celebrate Eid at Chittagong. Father has allowed me only two days' holiday. তোদের বাসায় জায়গা হবে?

হাবলু কপট গলায় বললো, না রে, হবে না. We live in a pigeonhole. ব্যাটা, খচ্চর, দুষ্টুমি করিস, না? শোন, আসবি কিন্তু Green Line-এ করে। খুব চমৎকার। Comfort, safety and punctuality are confirmed. (are-এর জায়গায় 'is'-ও বসানো যায়, যদি আমরা comfort, safety এবং punctuality-কে একই রকমের বৈশিষ্ট্য মনে করি। যেমন, bacon and cheese is [are নয়] his breakfast. হাবলুর ব্যবহৃত pigeonhole-এর আভিধানিক অর্থ 'কবুতরের খোপ' কিম্বা কোনো একটা ছোট প্রকোষ্ঠ। ডেস্কে চিঠি বা দলিল রাখার জায়গাকেও 'পিজনহোল' বলা হয়।

www.pathagar.com

আবার, জটিল অর্থে, কোনো মতামতকে গুরুত্ব না দেওয়াও বোঝায়। যেমন : his words were pigeonholed.)

হাবলু মা'কে বললো, মা, এবার ঈদে বিপুল আসবে চাটগাঁয়। থাকবে আমাদের সঙ্গে। হাবলুর মা বললেন, কোন্ বিপুল রে, যার বোনের বিয়েতে তুই ঢাকায় গিয়েছিলি?

হাবলু বললো, হ্যাঁ, সে বিপুল। সে মাঝে মাঝে খুব দুষ্টুমি করে। আমাকে যে বোকা বানিয়েছিলো!

হাবলুর মা আবার ছেলের পড়াশোনার কথা চিন্তা করে বললেন, ক'দিন থাকবে রে?

দূর মা, তুমি খালি চিন্তা করো। দু'দিন মাত্র থাকবে সে।

রাত্রে শোবার আগে সে অজিত আর কাজলকে টেলিফোনে জানিয়ে দিলো, Bipul is coming on Eid.

www.pathagar.com

এ জার্নি বাই বোট

এস.এস.সি. পরীক্ষার প্রস্তুতি। পুরোদমে কোচিং চলছে স্কুলে। বোরহান স্যার ছেলেদেরকে ইংরেজি রচনা শেখার কৌশল ও পদ্ধতি সম্পর্কে শেষবারের মতো ধারণা দিয়ে দিলেন। এবার বললেন, তোমরাই এবার মুখে-মুখে বাক্য বলো।

কাজল বললো, What's the topic, Sir?

বোরহান স্যার বললেন, A Journey by Boat.

হাবলু বললো, স্যার, May I give the first sentence?

কাজল আর অজিত ঘাড় ফিরিয়ে একবার হাবলুর দিকে তাকালো। কিন্তু হাবলু ঘাবড়ে না গিয়ে বললো, For a city-boy like me, to travel by boat is a rare occasion.

বোরহান স্যার বললেন, Wonderful. Listen boys, Hablu could also say 'travelling' in place of 'to travel' যেমন, 'travelling by boat is a rare occasion', আবার rare occasion (অক্যাঝন—উপলক্ষ, মুহূর্ত) না বলে সে rare opportunity (অপরটুনটি—সুযোগ) বলতে পারতো। আরেকটা উদাহরণ দ্যাখো, To teach English is difficult, কিন্তু teaching English is difficult. আর rare (রেয়া(র)) মানে দুর্লভ। যেমন, rare book, rare animal ইত্যাদি।

হাবলু আবার বললো, Still, such an opportunity came to me last year.

বোরহান স্যার জিজ্ঞেস করলেন, How?

হাবলু বললো, My elder brother decided to visit his friend Rumi, who lived in a village called Mariamnagar on the other side of Karnaphuli.

www.pathagar.com

কাজল বললো, Sir, can't we connect the two sentences by saying.....to me last year **when** my elder brother decided to.....

Very nice, বোরহান স্যার গাঢ় স্বরে বললেন।

ইব্রাহীম বললো, স্যার, সাধারণত কোনো ভ্রমণের আগের রাতে ঘুম হয় না। সেকথা লেখা যাবে?

বোরহান স্যার বললেন, নিশ্চয়। শোনো, যে-কোনো লেখাতেই একটু ব্যক্তিগত ছোঁয়া থাকলে লেখাটার উৎকর্ষ বৃদ্ধি পায়।

ডেভিড বললো, তা হলে বলি স্যার : In excitement (এক্সাইটমেন্ট—উত্তেজনা) I couldn't sleep the whole night, and it was actually very late when I woke up in the morning.

চন্দন মুচকি হেসে বললো, I packed my travel-bag and **breakfasted** in no time.

বোরহান স্যার বললেন, দ্যাখো, চন্দন কেমন সুন্দরভাবে breakfast শব্দটাকে বিশেষ্য থেকে ক্রিয়াপদে এনে ব্যবহার করলো। ইংরেজি ভাষায় noun-কে verb-এ রূপান্তরিত করার প্রবণতা খুব বেশি। আচ্ছা, অজিত, in no time-এর পরিবর্তে আর কী ব্যবহার করা যায়?

অজিত চট করে বললো, Hurriedly, Sir.

Good. বোরহান স্যার বললেন।

স্যার, আমরা কোত্থেকে নৌকায় উঠবো?

বোরহান স্যারের বলার আগেই কাজল বললো, Sadarghat.

Okay, Now give a little description of the place, বোরহান স্যার বললেন।

Okay, Sir, কাজল বললো। It (Sadarghat) looked busily crowded with people and boats.

বোরহান স্যার বললেন, Good. আর দ্যাখো Looked-এর জায়গায় was-ও বলা যেতো। Crowded মানে ভিড়—জনতার ভিড়, নৌকার ভিড় ইত্যাদি।

ইব্রাহীম ফিরিঙ্গি বাজারে থাকে, সদরঘাটের সঙ্গে তার পরিচয় আছে। তাই সে বললো, The boats carried Ilish fish in large numbers caught in the sea during the night, and they were transported to the lorries waiting outside on the road in big wicker baskets.

www.pathagar.com

(Ilish— ইলিশ বলাই ভালো। Hilsha-ও বলা হয়। কিন্তু, এর সমর্থন কোনো ভালো অভিধানে নেই। আধুনিক ইংরেজি অন্যান্য সংস্কৃতির ভাষা গ্রহণ করতে আগ্রহী, তাই, Ilish গ্রহণযোগ্য। তবে পাশ্চাত্যে ইলিশের কাছাকাছি মাছটি হলো salmon (উচ্চারণ, স্যামন)। Wicker— বেত, কঞ্চি বা এমন কোনো আঁশ যা দিয়ে ঝুড়ি বা আসন তৈরি হয়।)

বোরহান স্যার ইব্রাহীমের চমৎকার ইংরেজি শুনে বললেন, ইব্রাহীমের বর্ণনায় দুটো জিনিস লক্ষ করো। সে রচনার মধ্যে অর্থনৈতিক জীবনের সামান্য ছবিও ফুটিয়ে তুলেছে— যেমন, মাছ ধরা, কেনা-বেচা ইত্যাদি। আরেকটা জিনিস হলো, সে ঝুড়ি বা ঝাঁকার কথা বলাতে বর্ণনায় বাস্তবতার ছোঁয়াও এসেছে। তবে, একটা সূক্ষ্ম জিনিস বাদ পড়েছে, কী সেটা?

কাজল বললো, The colour of the fish, Sir.

Excellent, বোরহান স্যার বললেন।

The fish were silvery (রুপোলি), কাজল বললো। (fish-singular/plural. Plural-এ fishes-ও হয়।)

চমৎকার, চমৎকার, বোরহান স্যার বললেন। আবার বললেন, এবার নৌকায় ওঠো।

এবার অজিত দাঁড়ালো। আস্তে আস্তে বললো, Sir I've the whole thing in my mind, but let me try to speak it out.....Okay.....here

www.pathagar.com

I am : We took a Sampan, (which was) shaped like a duck, that the boatman (মাঝি) said would take five hours upstream to reach our destination (ডেস্টিনেশইন—গন্তব্য)। (চট্টগ্রামে যাত্রীবাহী নৌকা প্রধানত সাম্পান। upstream—উজান)।

ডেভিড বললো, Sir, what about the passengers!

অজিত ত্বরিতগতিতে বললো, There were seven more passengers in the boat going obviously (অব্‌ভিয়াসলি—স্পষ্টতই) to different places (বিভিন্ন জায়গায়)। (Different-এর পর plural noun হয়। যেমন, different places ; different ideas ইত্যাদি।)

কাজল বললো, Sir, shouldn't the boatman be described briefly?

O yes. বোরহান স্যার বললেন। দ্যাখো, এটা খুবই গুরুত্বপূর্ণ point. প্রয়োজনমতো বর্ণনায় তোমরা মানুষের চেহারা-আদল এবং ব্যবহার সম্পর্কে লিখবে। এতে লিখিত রচনা প্রাণ পায়।

কাজল অধীর আগ্রহে বললো, স্যার, আমারটা শোনেন।

The boatman was middle-aged (মধ্যবয়স্ক। উচ্চারণ—মিডল এজিড্। Age—[এইজ] বয়স [বিশেষ্য], বয়স হওয়া [ক্রিয়াপদ] ; Aged [এজিড্] বিশেষণ—aged man. Aged [এজড্]—ক্রিয়াপদের অতীতে) with a gruff (গ্রাফ—কর্কশ, অপ্রীতিকর) voice. He had hardly any hair on his chest. He looked tired as if he had not slept the night before.

কাজলের বুকের লোমহীন মাঝির বর্ণনা শুনে সবাই খুব মজা পেল। বোরহান স্যার বললেন, নদীর কথা, আবহাওয়ার কথা কিছুই তো বললে না।

হাবলু বললো, As I recall, the day was sometime in February, and the morning weather was cold. The sky was birght-blue with the sun warming up, and the sunlight danced on the dark and oily water of the river.

Why oily! বোরহান স্যার আশ্চর্য হয়ে জিজ্ঞেস করলেন।

Because there are many oil-tankers anchored at the mouth of Karnaphuli. Besides, there are many factories and industries on both sides of the river, the waste of which runs into the river and pollutes its water. (anchored—অ্যাঙ্করড—নোঙ্গররত ; pollutes পল্যুটস্—দূষিত করা।)

www.pathagar.com

Very precise observation (খুব সূক্ষ্ম পর্যবেক্ষণ), বোরহান স্যার বললেন। তারপর বললেন, এবার নৌকার যাত্রাটা একটু বর্ণনা করো।

অজিত বললো, The river was so busy with traffic of all sorts that our way ahead (সামনে) was sometimes blocked (ব্লকড—গতিরোধ) by a barge or a big-boat. Soon after, we came clear and were sailing under the new bridge, and a little later (আর কিছুক্ষণ পরে) we crossed the century-old (শত বছরের পুরোনো) Kalurghat Bridge on which at the time a big train rolled past rattling and booming out metalic sounds.

হাবলু বললো, Sir, I have other ideas in mind.

বোরহান স্যার বললেন, Go ahead. (বলে যাও।)

হাবলু বললো, As the river took a sharp turn we approached a village which probably (প্রব্যাব্‌লি—সম্ভবত) grew all sorts of vegetables, and we saw people carrying carrots and cauliflowers in large sacks down to the river and loading them in the boats bound for the city. (approached—নিকটবর্তী হওয়া। উচ্চারণ, অ্যাপ্রোচট) (bound for the city—শহর অভিমুখে।)

চন্দনটা দুষ্টু। বললো, Some dare-devil (ডেয়ার-ডেভিল—দুঃসাহসী।) boys were seen diving all naked (পুরোপুরি নগ্ন) into the river from a high ledge (লেজ—প্রান্ত) of the land, while some dogs were baying (কুকুর যখন প্রাণান্ত ডাকে) at them as if warning them not to continue their risky game.

চন্দনও, যে নাকি পড়াশোনার প্রতি বরাবর উদাসীন, এত ইংরেজি পারলো, বোরহান স্যার খুশিতে আত্মহারা। তিনি ক্লাস ছুটি দিতে যাচ্ছিলেন, কিন্তু কাজল দাঁড়ালো। বললো, স্যার, একটু নাটকীয়তা আনা যায় না?

অবশ্যই যায়। তবে, খেয়াল রেখো, পরীক্ষায় রচনাতে মাত্র ১৫ নম্বর। বেশি লম্বা লিখলে, আবার অন্যগুলো লেখার সময় পাবে না। তবুও, তুমি বলো, কী বলতে চাও।

কাজল বললো, ঘটনাটা আমি এভাবে জমাতে চাই স্যার। Soon my attention was drawn to an altercation (অল্টারকেশন—ঝগড়া, quarrel) that arose (arise, arisen, arose—জেগে উঠলো) between the boatman and one of the passengers over the fare. Both of them seemed uncompromising (আপোসহীন মনে হচ্ছিলো) and were about to fight out (ঝগড়া বা মারামারির মাধ্যমে নিষ্পত্তি করা) the

www.pathagar.com

issue (ব্যাপার) even at the cost of others' lives (অন্যদের জীবনের ঝুঁকি থাকা সত্ত্বেও). My brother, who has the rare quality of always being able to appease (শান্ত করা) a situation now rose to the occasion (to rise to the occasion—যখন যা দরকার তা করতে পারার মনোবল বা সক্ষমতা), and interfered (ইন্টারফেয়ারড্—হস্তক্ষেপ করা), and said to both of them that whatever differences (মতভেদ) they had they should sort them out (মীমাংসা করা) on the land and not in the middle of the river where everybody's life was at stake (বিপদগ্রস্ত). Both the quarrelling men seemed to have realized their mistakes (দু'জনেই তাদের ভুল বুঝতে পারলো বলে মনে হলো), and calmed (কাম্‌ড—শান্ত) down. And, we also settled down peacefully to cover the rest of the journey.

www.pathagar.com

The Rainbow is it

কথাটা কাজলই তুললো। আসলে বোরহান স্যারের সঙ্গে কোনো কথা পাড়ার সাহস কাজলই রাখে। অজিতের বাবা তাঁর Nissan জীপটা দিয়েছিলেন। ইংরেজি ২য় পত্র শেষ হলে বিকেলে সবাই পতেঙ্গায় সমুদ্র-পাড়ে হাওয়া খেতে গেল। বলা বাহুল্য, ছেলেরা বোরহান স্যারকেও সঙ্গে নিল। কাজল লং ভিউ-তে দেখলো, অনেক দূরের দিগন্তে (দিগন্ত—horizon) একটা জাহাজের অবয়ব স্পষ্ট হচ্ছে। সেদিকে চোখ রেখেই সে বললো, স্যার, ইব্রাহীমের বাক্যটা আপনার মনে আছে?

কী?

সে বলেছিলো স্যার, The boats carried Ilish fish in large numbers caught in the sea during the night, and they were transported to the lorries waiting outside **in big wicker baskets**— যা শুনে মনে হয় ট্রাকগুলো যেন ঝাঁকার ভিতরে অপেক্ষা করছিলো।

বোরহান স্যার মৃদু হাসলেন। বললেন, বাক্যের এ-ধরনের কনফিউশানকে ব্যাকরণের ভাষায় বলে misplaced modifier, আসলে ইব্রাহীমের বলা উচিত ছিলো..... **transported in big wicker baskets to the lorries....** তবে ইব্রাহীমের ভুলটা মারাত্মক ভুল নয়। কেননা, তার চিন্তায় মাছ ট্রাকে উঠছে সেটি মোদ্দা কথা ছিলো, কীভাবে উঠছে সেটি নয়। তবুও খেয়াল রাখবে, ইংরেজি বাক্য সাজানোর সময়—My father bought a car **yesterday** যেন হয়, My father yesterday bought a car যেন না হয়।

কাজল আবার বললো, স্যার, ঐ একই বাক্যের and they were নিয়েও আমি সন্তুষ্ট নই। এখানে they বলতে যদিও ইব্রাহীম 'মাছ'কে বোঝাচ্ছে, কিন্তু মনে হয় the boats-এরই সর্বনাম বুঝি they.

www.pathagar.com

বোরহান স্যার আবারও মৃদু হাসলেন। সমুদ্রের ওপর দিয়ে বয়ে আসা বৈশাখের উন্মাতাল হাওয়া, দিগন্তজোড়া আকাশে পাগলা মেঘের অনবরত ছোটাছুটি, হাওয়ার তোড়ে কথা ভেসে যাওয়া, আর কাজলের ইংরেজি ভাষা নিয়ে নানা সূক্ষ্ম প্রশ্ন—সব মিলিয়ে তাঁর মনের মধ্যে এক বিচিত্র অনুভূতি হলো। জীবনানন্দ দাশের সেই বিখ্যাত কবিতার লাইনগুলোকে ঘুরিয়ে তিনি একটু নিজের অনুভূতির সঙ্গে মেলালেন : অর্থ নয়, কীর্তি নয়, সচ্ছলতা নয়, গৃহ নয়—কিছুই নয়, একজন শিক্ষকের জীবনে কী আছে ছাত্রের অপার ভালোবাসা ছাড়া। তাঁর চোখ ভিজে উঠলো—কাজল, অজিত, হাবলু, ডেভিড, চন্দন, বিপুল, ইব্রাহীম এবং আরও অনেকে, এরা সবাই কতো সম্ভাবনায় পরিপূর্ণ, কী তীব্র প্রাণাবেগ তাদের, কী অসীম কৌতূহল জানার এবং শেখার—এরা সবাই একদিন যোগ্য হবে, প্রতিষ্ঠিত হবে, দেশকে চালাবে—সেদিন তাঁর বুক গর্বে ভরে উঠবে। নিজের মধ্যেই যেন হারিয়ে গিয়েছিলেন, পরক্ষণে কাজলের 'স্যার' সম্বোধনে তিনি সংবিৎ ফিরে পেলেন। বললেন, হ্যাঁ, কী যেন বলছিলে they নিয়ে। ও হ্যাঁ, যদি দেখ যে সর্বনাম বিভ্রান্তি বাড়াচ্ছে, তখন 'বিশেষ্য' ব্যবহার করাই উচিত। যেমন, এখানে ইব্রাহীম and they were না বলে, and the fish were বলতে পারতো। তবে, আরও ভালো হতো সে যদি শুধু which were বলতো।

ডেভিড বললো, স্যার article 'A'-এর exact উচ্চারণ কী?

বোরহান স্যার বললেন, অ্যা।

আবার কী একটু চিন্তা করে পরক্ষণে বললেন, তবে, তোমরা 'অ্যা' এমনভাবে উচ্চারণ কোরো না যাতে কৃত্রিমতা ধরা পড়ে। শোনো, কিছু শব্দ আছে যেমন 'কলেজ' 'ভিলেজ' যেগুলোর শুদ্ধ উচ্চারণ 'কলিজ', 'ভিলিজ'; তবে এগুলোর বাঙালি জিভে প্রচলন হয়নি, তাই নতুনভাবে উচ্চারণ করলে কৃত্রিম শোনাতে পারে। এ-ব্যাপারে সতর্ক থাকবে তোমরা।

কে একজন যেন একটা ফুটবল এনেছিলো। শুরু হয়ে গেল বীচ ফুটবল (beach football).

অজিতের পকেটে ছিলো হুইশল। স্যারকে দিয়ে বললো, Sir, you **be** the referee.

সবাইকে চমকে দিয়ে বোরহান স্যার বললেন, No, I'll also play.

মুহূর্তের মধ্যে খেলা খুব জমে উঠলো। বল বারবার পানিতে গিয়ে পড়ছিলো, বারবারই ঢেউ সেটিকে ফিরিয়ে দিচ্ছিলো। কিন্তু, বালিতে ফুটবল খেলা কি চাট্টিখানি কথা! অল্পক্ষণের মধ্যেই কাজল হাঁপাতে হাঁপাতে বললো, O, it's so difficult to play football on the sand. My tongue is hanging out like a dog's.

www.pathagar.com

হাবলুর বরাবরই গাঁট্টাগোট্টা শরীর। বেশি খাওয়ার একটা সুলক্ষণ। বল বরাবরই তার পায়ের আয়ত্তে। কিন্তু কাজলের ইংরেজি শুনে হাবলু পায়ের নিচে বলটাকে থামিয়ে দু'হাত কোমরে দিয়ে ম্যারাডোনার মতো পোজ (pose—ঠিক উচ্চারণ, পোউজ) নিয়ে দাঁড়ালো।

বললো, এটা কী তুলনা দিলি কাজলা—not a pleasant (তৃপ্তিকর) comparision (তুলনা)।

পরমুহূর্তেই সে সামনে দেখতে পেলো বোরহান স্যারকে। ট্রাউজার গোটানো হাঁটু পর্যন্ত। তার নিচে লোমশ একজোড়া শুকনো পা, কাদাবালি মাখা। স্যারের চশমা বুক পকেটে। স্যারের মতলব বুঝতে হাবলুর দেরি হলো না। তার পা থেকে স্যার বল কেড়ে নিতে চান। সে কি তা হতে দেবে, না দেবে না—এক মুহূর্ত মাত্র প্রশ্নটা নিয়ে সে ধাঁধা খেল, তার পরই সিদ্ধান্ত নিল, না I am also a player now, and not violating the rules of the game I mustn't allow him to take away the ball from under my foot.

হাবলু ডান দিকে একটু ডজ (dodge—হঠাৎ করে একদিকে সরে যাওয়া) দিল, স্যার নিজের বাম দিকে ঘুরলেন, তখন হাবলু নিজের বাম দিকে বল নিয়ে বেরিয়ে এলো। কিন্তু, ব্যাপারটা সেখানে থামলো না। বোরহান স্যার বুঝতে পারেননি যে তাঁর মেঘে মেঘে অনেক বেলা হয়ে গেছে। হাবলুর ক্ষিপ্র ডজে তিনি টাল সামলাতে না পেরে বালির ওপর হুমড়ি খেয়ে পড়ে গেলেন। তাঁর চশমাটা পকেট থেকে ছিটকে দু'হাত দূরে পড়ে গেল।

ছেলেরা সবাই 'O my God' বলে একত্রে দৌড়ে এলো। হাবলু মুহূর্তের মধ্যে বোরহান স্যারকে সটান আবার মাটির ওপর দাঁড় করিয়ে দিল। বললো, Sir, are you hurt?

www.pathagar.com

ছেলেরা যতোটা অপ্রস্তুত হয়েছে, বোরহান স্যার কিন্তু ততোটা হননি। তিনি চশমাটা চোখে আঁটতে আঁটতে বললেন, No. no, it's nothing—a fall here and there is nothing, it's all part of the game.

কিন্তু অজিতের চোখে বোরহান স্যারের পতনটা যেন স্লো মোশন (slow motion—ধীর গতি)-এ ধরা পড়ে রইলো। (এরপর, সে যতোবার এ দৃশ্যটার কথা মনে করেছে, ততোবারই তার চোখ দিয়ে পানি এসেছে।)

খেলা আর চললো না। জটলার মধ্য থেকে হঠাৎ ডেভিড বললো, Look, what a beautiful sight it is!

সবাই বললো, O God, really it's the greatest sight we've seen for many months!

বৈশাখের আগল-পাগল মেঘ আকাশ মুড়ে রাখলেও, কখন যে আকাশের এক কোনায় একটি রংধনু ফুটেছে কেউ বুঝতে পারেনি। বোরহান স্যারের কল্যাণে ছাত্ররা সবাই জানে কবি ওয়ার্ডসওয়ার্থের সেই বিখ্যাত লাইনটা : My heart leaps up when I behold a rainbow in the sky.

অজিত চিন্তা করে বললো, There are seven colours **to** a rainbow না There are seven colours **in** a rainbow?

বোরহান স্যার বললেন, দুটোই হয়। To-ও হয়, In-ও হয়। তারপর বললেন, রংধনু কেন দৃশ্যমান হয়, জানো কেউ?

অজিত বললো, The arch (আর্চ—খিলান বা ধনুকাকৃতি) of the rainbow forms usually after rain when the clouds reflect (রিফ্লেক্ট—প্রতিফলন) the sunlight that falls on them.

হাবলু বললো, That's quite scientific. কিন্তু স্যার, রংধনুতে যে নানা রঙের খেলা হয় তা ইংরেজিতে কী হবে?

বোরহান স্যারকে বলতে হলো না, কাজল, অজিত আর ইব্রাহীম ব্যগ্র হয়ে উঠলো। বোরহান স্যার কাজলের দিকে তাকালেন। কাজল বললো, There is a dense, intense **interplay** of several colours in a rainbow. It's often a very beautiful sight. Too poetic.

অজিতের ড্রাইভার এসে কখন পেছনে দাঁড়িয়েছে কেউ জানে না। তাকে দেখে বোরহান স্যার বললেন, Boys, let's go home.

www.pathagar.com

চন্দনের রাগ

খেলাটা জমলো। কোরবানির আগে আগেই এস. এস. সি. পরীক্ষা শেষ হয়েছে। হাবলুদের সবাই বোরহান স্যারকে জানালো, পরীক্ষা তারা খুব ভালো দিয়েছে। খুব গরমের মধ্যেও ছেলেরা জীবনের প্রথম পাবলিক ইগজামিনেইশান ভালোভাবে দিয়েছে, বোরহান স্যার তাই খুশি। কোরবানির দিন তিনি সবাইকে বাসায় ডাকলেন— Come on in the afternoon.

কাজল এসেছে ব্যাডমিন্টনের কিট্ (Kit বা bag)-সহ। সে এখন থেকে সন্ধ্যায় জিমনিশিয়ামে খেলবে। অজিত অবাক হয়ে জিজ্ঞেস করলো, Hi, what's the matter, you'll play badminton in this sweltering heat (Sweltering— সোয়েলটারিং— খুব গরম। A sweltering hot day.)

কাজল গদগদ হয়ে বললো, Why not. You need to sweat.....sweat out your extra fat. (Sweat— সোয়েট— ঘাম, to sweat out— ঘাম বের হওয়া।)

বোরহান স্যার কাজলের কথা শুনে একটু হাসলেন। বললেন, ঘেমে অতিরিক্ত চর্বি বড়দের বের করতে হয়, কাজল।

কাজল বললো, I've read about it in The Reader's Digest, Sir.

কাজলের রিডারস ডাইজেস্ট পড়ার কথা শুনে অজিতের মুখ পাথরের মতো শক্ত হয়ে উঠলো। Stony face, সে নিজেকে নিজে বললো, I shouldn't be jealous, from now on I should also read The Reader's Digest.

বোরহান স্যারের ভাড়া বাড়িটা পাঁচ তলায়। ফুরফুরে হাওয়া এ-জানালা দিয়ে ঢুকছে ও-জানালা দিয়ে বের হচ্ছে। বোরহান স্যারের স্ত্রী পরম যত্ন নিয়ে ছেলেদেরকে গোশতের নানারকম রান্না খাওয়াচ্ছেন। সাথে পরোটা, নানরুটি, পনির, কোক আর অরেঞ্জ জুস। হাবলু কোনোদিকে তেমন নজরটজর দিচ্ছিলো না। পেঁয়াজের কুচির সঙ্গে সস্ মিশিয়ে কাবাব আর পনির দিয়ে সে একরকম

www.pathagar.com

একটা খাবার নিজেই তৈরি করে একান্ত মনে গিলে যাচ্ছিলো। মাঝে মাঝে নানরুটির ঝাঁকি থেকে এক টুকরো শুকনো রুটি ছিঁড়ে গালে পুরে দিচ্ছিলো। কোকের গ্লাসে চুমুক দিতেও সে ভুলছিলো না। হাবলুর খাওয়ার বাতিকের কথা বোরহান স্যারের স্ত্রীরও জানা। তিনি তাই খানিকটা পরপর গোশতের পেয়ালাটা, নানরুটির ঝাঁকিটা হাবলুর দিকে এগিয়ে দিচ্ছিলেন। (পরোটা— porota ; নানরুটি— pancakes ; সস্— sauce ; পনির— cheese; পেয়াজের কুঁচি— onion slice, কাবাব— kebab)।

বিপুলটা বরাবরের দুষ্টু। হাবলুকে বিরক্ত করতে তার খুব মন গেল। বললো, Sir, Auntie is being partial (পক্ষপাতিত্ব দেখানো)।

বিপুলের মন্তব্য শুনে হাবলু হঠাৎ সজাগ হলো যে সবাই তার খাওয়া লক্ষ করছিলো এতক্ষণ। হঠাৎ তার লজ্জা পেল। ফর্সা কান দুটো আরক্তিম হয়ে উঠলো। P.G. Wodehouse-এর *Leave It To Psmith* থেকে ধার করা ইংরেজিতে বললো, Bipul, you're mounting a campaign against me! [বিপুল, তুমি আমার বিরুদ্ধে একটা আন্দোলন গড়ে তুলছো। Mount (n)— চূড়া (v)— ওঠা, যেমন— ঘোড়ায় চড়ার ইংরেজি হলো to mount a horse, একটি নাটক স্টেজ করানো to mount a play (on the stage), আর হাবলুর to mount a campaign (ক্যাম্পেন)-এর বাংলা হচ্ছে আন্দোলন গড়ে তোলা। ক্যাম্পেন অর্থ আন্দোলন।]

কাজল বিপুলকে বললো, Don't disturb Hablu. He's doing justice to his reputation as a glutton. [reputation— রেপিউটেইশান— সুনাম, এখানে বক্রার্থে ; glutton (গ্লাটন)— পেটুক।]

ইব্রাহীম বললো, Yes, Hablu is living up to his name. (to live up to অর্থ খ্যাতি বা সুনাম অনুযায়ী কাজ করা। এখানে অবশ্য বক্রার্থে।)

অজিত বললো, স্যার, সবাই খাওয়া— দাওয়া শেষে ইংরেজি নিয়ে একটা খেলা খেললে হয় না?

চন্দন, বিপুল, ইব্রাহীম সাথে সাথে বললো, Oh, Mr. Killjoy you want to spoil our Eid. (Killjoy— যে আনন্দ নষ্ট করে।)

কিন্তু, কাজল, ডেভিড আর হাবলু সায় দিল। বললো, What's the harm in having a game on English?

কাজল বললো, What kind of game should it be, Sir?

বোরহান স্যার বললেন, তোমরাই বলো।

অজিত বললো, এখন আমরা যেভাবে আছি, নড়াচড়া করছি, বা কিছু একটা করছি তার ইংরেজি বানানের চেষ্টা করি।

www.pathagar.com

কাজল বললো, হ্যাঁ স্যার, যেমন আন্টি এখন চা দিয়ে গেলেন—তার ইংরেজি..... অজিত কাজলের কথা শেষ হবার আগেই বললো, কেন, Auntie has just **brought in tea for us.**

কাজল বললো, হাবলু চেয়ারে পা ফাঁক করে বসেছে।

অজিত বললো, Hablu is sitting in the chair **with his legs apart**.....

বোরহান স্যার বললেন, Good.

হাবলু বললো, দুধের সরের ইংরেজি?

ডেভিড বললো, the skin of milk.

কাজল বললো, That's alright. কিন্তু দুধের সরের দানা হলে, তখন gobbets of milk হবে।

ছাত্রদের ইংরেজি শুনে বোরহান স্যারের বুক গর্বে, আবেগে স্ফীত হয়ে উঠছিলো। কিন্তু he controlled (বা smothered—স্মাদারড, নিয়ন্ত্রণ বা নিষ্পেষণ) all his feelings.

বিপুল বললো, চন্দন কী করছে?

কাজল বললো, He's pulling at his hair. He looks distracted. (Distracted—অপ্রকৃতিস্থ, অস্বাভাবিক, এখানে হতভম্ভ।)

চন্দন এমনিতে খুব সহজ ধরনের ছেলে। কোনো বিষয়ে তার রাগ নেই। বন্ধুরা তার অল্প ইংরেজি-জ্ঞান নিয়ে তাকে কতো ঠাট্টা করে, কিন্তু সে থাকে

www.pathagar.com

নির্বিকার। আজ কিন্তু তার হঠাৎ আঁতে লাগলো। বললো, Don't you trifle with me like this! [আমার সঙ্গে (trifle with—ট্রাইফল) মশকরা কোরো না।] One day I'll learn better English than any of you here.

কাজল ফিশফিশিয়ে অজিতকে বললো, Look, his voice is choked with anger. [Choke—চোউক, উত্তেজনায়, রাগে, বা কান্নায় গলার স্বর রুদ্ধ হয়ে আসা। যেমন, anger has choked his words ; his voice was choking with sobs (sobs—সব্‌স, ফুঁপিয়ে কান্না)]।

চন্দনের এই হঠাৎ রেগে যাওয়ায় ঈদের পার্টিতে যেন ঠাণ্ডা পানি পড়লো। কেবল হাবলু খুব বেশি গরুর গোশত খাওয়াতে জবজব করে ঘামতে লাগলো। সে নিজের মনে বললো, Sweat is streaming down my neck. I must go out to have some fresh air.

কাজল তার ব্যাডমিন্টন কিট্‌টা কাঁধে ঝুলিয়ে বোরহান স্যার আর তাঁর স্ত্রীকে আদবের সঙ্গে বললো, Sir, I must leave now, I'm already late for the games.

www.pathagar.com

Adventure on a Rainy Day

ঝুপঝুপ বৃষ্টি। তবুও কলিং বেল পেয়ে কাজলের চাচা দরোজা খুললেন। পিঠে haversack (হ্যাভারস্যাক—ভ্রমণের সময় পিঠে বহনযোগ্য খাবার ও কাপড়ের ব্যাগ। Rucksack, Backpack-ও বলা হয়।) নিয়ে দুটো তরুণ বয়সী ছেলে দাঁড়ানো। ভিজে চুপসে আছে।

কী, তোমরা হঠাৎ এই বৃষ্টির মধ্যে কোত্থেকে!

হাবলু আর কাজল। বেড়াতে এসেছে কাজলের চাচার বাসায়। বিয়ের পর-পরই কাজলের বাউণ্ডুলে চাচা ঘর-সংসারে মন দিয়েছেন। নয় মাস হয়েছে তিনি একটা হিমায়িত মাছের কারখানায় প্রশাসন অধিকর্তা হিসেবে চাকরি নিয়ে কর্ণফুলী নদীর ওপারে কারখানার দেয়া কোয়ার্টারে থাকছেন।

কাজল বললো, Uncle Assalaamalekum, call us inside, we're drenched (ড্রেঞ্চট—কাকভেজা হওয়া) to the skin.

O sure, sure come on in. I was only wondering (ভেবে কূল পাচ্ছি না) why you two dare-devils (দুঃসাহসী) chose such an inauspicious (ইনঅসপিশস—অমঙ্গলজনক) day to visit us.

কাজল আর হাবলু ঘরে ঢোকার সাথে সাথে কাজলের সুন্দরী চাচি শুকনো তোয়ালে-হাতে দৌড়ে এলেন। মৃদু ভর্ৎসনা করে বললেন, এতদিন পরে এই বুঝি তোমাদের বেড়াতে আসা!

কাজল বলো, It's all Sailor`s idea (মনে আছে তো, কাজল হাবলুর নাবিক-হওয়ার-স্বপ্নের কথা জেনে তাকে ঠাট্টাচ্ছলে Sailor ডাকে।) The thought of playing at tourists struck (strike-struck-struck) him and he had to come. In no way could I tell him to wait until the rain was over. (Play at—খেলাচ্ছলে বা হালকাভাবে কোনোকিছু করা। এখানে অনুকরণ অর্থে। হাবলু আর কাজল পর্যটকদের মতো দুর্যোগপূর্ণ আবহাওয়ায় নদী পার হয়ে চলে এসেছে। 'In no way', 'not only', 'never' 'seldom', 'rarely', 'barely' এ-জাতীয় negative preposi-

www.pathagar.com

tional clause বা adverbials দিয়ে বাক্য শুরু হলে auxiliary প্রায়শই subject এর আগে বসে। যেমন : **In no way should** (aux) **you** (sub) treat me like a child. **Not only does** (aux) **he** (sub) play cricket, but (he) also plays badminton (লক্ষ করো, সচরাচর যে-বাক্যে not only থাকে সে-বাক্যে but also-ও থাকে, যেমন : he speaks **not only** French, **but also** writes it well.) Never/Seldom/ Rarely//Barely **does** (aux) **he** (sub) go to school without doing his homework.)।

হাবলুর নিজের ভেজা শার্টটা খুলতে গিয়ে বললো, My wet shirt is clung (cling-clung-clung— লেগে থাকা) to my body like a leech (লীচ্— জোঁক, জোঁকের মতো আমার ভেজা শার্টটা গায়ে লেগে আছে)।

দুপুরে খাওয়াদাওয়ার পর সবাই সোফায় আরাম করে বসলো। বাইরে বৃষ্টির এতটুকুও ক্লান্তি নেই। ঝুপঝুপ শব্দে আচ্ছন্ন হয়ে রইলো চারদিক। জানলার পর্দার ফাঁক দিয়ে বৃষ্টির রূপ হাবলু মুগ্ধ হয়ে দেখছিলো। মাইলখানেক দূরেই পতেঙ্গাতে কর্ণফুলী মিশেছে বঙ্গোপসাগরে। সাগরের ওপর বৃষ্টি পড়ার রূপটা কেমন! হাবলুর নাবিক-মন উদ্বেলিত হয়ে উঠলো।

কাজলের চাচা বললেন, তোমরা কি রবীন্দ্রনাথ ঠাকুরের সেই কবিতাটি পড়নি : নীল নবঘনে আষাঢ় গগনে তিল ঠাঁই আর নাহি রে/ওগো আজ তোরা যাসনে ঘরের বাহিরে?

কাজলের চাচি বললেন, সেটা তুমি বলছো, কিন্তু সে একই কবি গান ধরেছেন : মন মোর মেঘের সঙ্গী/উড়ে চলে দিগ্ দিগন্তের পানে।

হাবলু এক পর্যায়ে কৌতূহলী হয়ে বললো, Uncle, you still have all your books on the shelf. How nice !

কাজলের চাচী যোগ করলেন, বই পড়ার নেশাটা এখানে এসে আরও বেড়ে গেছে।

হাবলু বই দেখার ছল করে জানলার পাশে এসে দাঁড়ালো। পর্দাটা আরেকটু ফাঁক করে সে মন্ত্রমুগ্ধের মতো বৃষ্টি দেখতে লাগলো। What a fantastic sight! (আহ্ কী অপরূপ দৃশ্য!) সে বৃষ্টির (ঘনবৃষ্টি— dense rain, thick rain) এ বিপুল আয়োজনে বুঝতে পারলো, সাগর-নদীর কূল— ছাপানো বৃষ্টি হচ্ছে। মেঘের রং কি ashen blue (ছাইরঙা নীল)? সে ভাবলো। দূরের নারিকেল গাছগুলো আরও জীবন্ত সবুজ হয়ে যেন দাঁড়িয়ে আছে— The coconut trees stood thick and green.

কাজল তার বিমুগ্ধচিত্তের বন্ধুকে বললো, Sailor, does the rain show any sign of stopping?

www.pathagar.com

হাবলু বন্ধুর কথার জবাবে বললো, It's not going to **let up** soon, but, people have come out with umbrellas and raincoats (let up- কমে যাওয়া— বন্ধ হওয়া)।

কাজল বললো, I **wish** the rain would stop for a moment so we could go out to the beach.

[Wish দিয়ে নেতিবাচক বা ঘটনার-বিপরীতে উক্তিপ্রদান বোঝায়। এ-অর্থে wish-এর পর সবসময় simple past (**played, wrote**). past perfect (**had played, had written**) এবং modal simple (**would play, would write**) এসব হয়। এবার দ্যাখো : I **wish** you **came.** (simple past) (এটা বর্তমান কালের কথা। অর্থ, আমি চাই তুমি আসো, কিন্তু তুমি যে আসবে না আমি নিশ্চিত।) I **wish** you **had come** (past perfect) (এটা অতীতের একটা কাজ, যা হয়নি। অর্থ : আমি ইচ্ছা করেছিলাম যে তুমি আসো, কিন্তু তুমি আসোনি।) আর I **wish** you **would come** (modal simple) এটা, ভবিষ্যতের কথা। অর্থ, তুমি আগামী কোনো এক সময়ে এলে ভালো হয়, কিন্তু তুমি হয়তো আসবে না।)]

হাবলু কাজলকে বললো, Why don't we step out into the rain. It's raining in larger sheets (sheet—শীট-এর নানা অর্থ। Hornby দ্যাখো। এখানে বিপুল অর্থে।) now, it's coming from the opening of the harbour (হার্বার—বন্দর বা পোতাশ্রয়। হাবলু বলতে চাইছে, বৃষ্টি বন্দরের দিক থেকে আসছে।)

কাজল বললো, Can you see the harbour, can you see the opposite shore?

হাবলু বললো, No way (কখনোই না), it's (it is=বৃষ্টি) so dense (ঘন), everything is blurred (ব্লার্ড—blurred—ঝাপসা, অস্পষ্ট হয়ে আসা) ; আবার ঘুরিয়ে বললো, Everything looks so blurred from here.

কাজলের চাচা বললেন, Let's sit down to afternoon tea first, then we'll go out—rain or shine (rain or shine—বৃষ্টি অথবা রোদ).

হাবলু সেদিন রাত্রে ডাইরিতে লিখলো :

June 27th, 1995 : In the evening after the rain had stopped, Kajal, his uncle, and I strolled (স্ট্রোল—বেড়ানোর উদ্দেশ্যে হাঁটা, স্ট্রোলড—অতীতকাল) towards the harbour. There were still heavy clouds in the sky, some of them sun-glinted. (Glint—চকচক করা। sun-glinted clouds—রৌদ্রাভ মেঘ। মেঘের প্রান্তে রোদের আভাকে

www.pathagar.com

বলা হয়—silver-lining বা silver-lined clouds). The bungalows (প্রচলিত উচ্চারণ, বাংলো) of the factory were neatly arranged along a terrace. The pathways were rain-soaked (বৃষ্টিভেজা), clean and the red-bricks took on (take on—নেয়া) an extra glint. I could hear the sea raging (rage—বিক্ষুব্ধ, রাগ), perhaps it was not very far, and I thought I only needed a boat to sail. O God, when will my dream of becoming a sailor come true!

www.pathagar.com

নাফ নদীর ডাকে

হাবলু আর কাজল এখন কক্সবাজারে। না, কক্সবাজার নয়। Further south, আরও দক্ষিণে। টেকনাফের দু'মাইল আগে, পিডিবি রেস্ট হাউজের সামনে। (South : দিক বলতে যদি নির্দেশনা বা পথ বোঝায় তা হলে ইংরেজি ছোট অক্ষর দিয়ে south, north, east, west লিখতে হয়। কিন্তু ভূগোলের দিক বোঝালে capital অক্ষর এবং নাম-বিশেষ্য (proper noun) হলেও capital অক্ষর দিয়ে South, North, East, West লিখতে হয়। যেমন : West Bank.)

অপূর্ব দৃশ্য। নাফ নদী মিলেছে বঙ্গোপসাগরের সঙ্গে। ওপারে মায়ানমারের তটদেশ (coast) এবং নীলাভ আরাকান পর্বতশ্রেণী। কিন্তু প্রচণ্ড বৃষ্টি। বাংলোর বারান্দা থেকে হাবলু আর কাজল কিছু দেখতে পাচ্ছিলো না। Through this thick screen of rain I cannot make out anything on the other side of the river. You spoke of hills, where're they now! (Make out– একটি phrasal verb, এর অনেক অর্থ। এদের একটা হচ্ছে, কষ্ট করে দেখা। Longman-এর Dictionary দ্যাখো, পৃষ্ঠা ৬৩৪।)

হাবলু বললো, Look, how the sky is shining with a silvery glow (রুপোর মতো চকচকে)।

কাজল বললো, I often wonder why the sky puts on such an extra glow when it rains!

হাবলু বললো, That's a geographical question we must put for Ajit to answer. By the way when's he joining us? (By the way একটা prepositional phrase : অর্থ, কথা প্রসঙ্গে নতুন কিছু মনে আসা।)

কাজল বললো, I've no idea. He has been busy taking up a few courses in Computers..... that much I know.

www.pathagar.com

Since our Uncle (কাজলের চাচা) is still in bed, let's go across the road to take a quick dip (ডুব) in the river.

হাবলুর কথা শুনে কাজল বললো, Sailor, you're at it again. The Captain Cook in you has woken up. Okay, alright, let's go. (**To be at** something-এর অর্থ কোনোকিছুতে ভালো করা বা মজা পাওয়া। যেমন, he's good **at** English. বা he's good **at** learning English. কাজল এখানে sailor হাবলুর সমুদ্রপ্রীতির দিকে ইঙ্গিত করছে। The Captain Cook **in** you—অর্থাৎ প্রখ্যাত নাবিক ক্যাপ্টেন কুকের প্রতি হাবলুর সমীহের কারণে, তাঁর কিছু আদর্শ হাবলুর মধ্যে সৃষ্টি হচ্ছে।)

হাবলু আর কাজল ঝমঝম এ-বৃষ্টির মধ্যেই গায়ের শার্ট খুলে stripped (strip অর্থ নগ্ন হওয়া) to the waist (কোমর পর্যন্ত নগ্ন; Waist ওয়েস্ট—কোমর) হয়ে দৌড়ে নদীর ধারে গেল। তার পরে কিন্তু থমকে গেল। নদীর পাড়ে বিরাট বিরাট পাথরের চাঁই সারিবদ্ধভাবে রাখা, রাস্তা যাতে ভেঙে না পড়ে সেজন্য। তারা পা-ই রাখতে পারছিলো না জুত করে।

Oh, most horrible. Sailor, these greasy stones have all lined the bank, I don't know where to put my feet. (greasy—চর্বি, মবিল, কাদাযুক্ত।)

হাবলু 'ভয় পাসনে' এ-জাতীয় কিছু বলতে যাচ্ছিলো, কিন্তু তার আগেই সে পিছলা খেয়ে ঝপাং করে একেবারে কোমর-পানির (waist-deep) মধ্যে পড়ে গেল। কিন্তু, বাংলাদেশের এ-নদীটি (নাফ নদী) দেশের অন্যান্য নদীর চেয়ে মেজাজে সম্পূর্ণ আলাদা। বাংলাদেশ মায়ানমারের সীমান্ত রচনা করেছে যেমন এ-নদীটি, তেমনি এর পানির রং, ঢেউয়ের প্রাবল্য, মোহনার বিস্তার, সর্বোপরি সম্পূর্ণ লোকালয় বিবর্জিত প্রকৃতির নিভৃতে এর যে-অবস্থান—সবকিছু মিলিয়ে এর যে বৈশিষ্ট্য তা প্রথমে জাগায় ভয়। পানিতে পড়ামাত্রই, হাবলুর মধ্যে ভয়টা আতঙ্কে রূপ নিল। Fear shot (shoot-shot-shot) through him like an arrow from his toe to crown. (toe to crown—পা থেকে মাথা পর্যন্ত।)

হাবলু কী ভয় পেল! এক মুহূর্ত মাত্র। He firmly footed himself on one of the less slippery stones (foot ক্রিয়াপদ এখানে)। Swept his eyes over the vast span of waters, felt a strange sensation pulsating near his heart, but then he steadied himself, called Captain Cook to his mind a few times. (বিস্তীর্ণ জলরাশি বোঝাতে water না বলে waters ব্যবহার করা হয়। Pulsating—Pulse বা নাড়ি থেকে শব্দটার উৎপত্তি। এখানে স্পন্দিত। steady—ধীর, স্থির, steadied—স্থির হওয়া)

www.pathagar.com

কাজলকে হাবলুর কাছে মনে হচ্ছিলো একটা অপরিচিত ছেলে (an unknown boy, a strange boy, an unfamiliar figure. ইত্যাদি)।

কাজল তার দিকে হাত নেড়ে জোরে জোরে কী যেন বলছিলো, কিন্তু বৃষ্টি আর বাতাসের তোড়ে সে কিছুই বুঝতে পারছিলো না। কাজলের দিক থেকে মুখ সরিয়ে সে একবার সামনে তাকালো—as soon as he did so, the same strange sensation came to him again, and he felt himself to be more a part of the nature around than a friend of Kajal's. সমুদ্র-নদী-পাহাড় আর আকাশ একাকার হয়ে এই বৃষ্টির মধ্যে হাবলু নামক এক কিশোর-নাবিকের মনে এমন একটা নাচের মাতন শুরু করলো (a dancing wave, an ecstatic rhythm) যে, তার মনে হলো what's the harm staying in the water a little more! I am a sailor, aren't I (are not)? (ইংরেজিতে কথোপকথনের সময় you are a player, **aren't you,** he is a palyer, **isn't he** হলেও, উত্তম পুরুষে I am a player, am n't না হয়ে হবে I am a player, **aren't I**?)

হাবলু নিজের মনে-মনে বললো, I must taste the water. Let me **scoop up** armful of water (scoop up—কোনোকিছু ছোট আকারে তোলা বা নেওয়া। এখানে আঁজলা ভরে জল নেওয়া।)।

তারপর সে একটা ডুব দিল। ডুব দিয়ে এমন ভয় খেলো যে, ঝট করে আবার ভেসে উঠলো। কাজল তাকে পরে বললো, **No sooner had** you dipped into the river, **than** you **shot up** again fast above the water like a fish.

www.pathagar.com

ডুব দিয়ে হাবলু খামছি মেরে পাথরের তলা থেকে মুঠোভর্তি কাদা নিল। নিজে নিজে বললো, Let me daub my face, chest and arms with mud. (daub—ডব—কাদা, রং, হলুদ ইত্যাদি গায়ে মাখা। [daub-daubed-daubed.])

হাবলু ধীরে ধীরে waded across to the water's edge. (wade—অল্প পানির মধ্যে হাঁটা।)

কাজল একটা শক্ত পাথরের ওপর বসে বন্ধুর দিকে হাত বাড়িয়ে দিল। হাবলু নিজেই অবশ্য উঠে এলো—leapt out of water by himself.

কাজল বললো, Hi, Sailor, I thought I was going to lose you.

হাবলু কিছু বললো না। কাজলের পাশে বসে সামনের প্রকৃতির দিকে চেয়ে রইলো।

কাজল বললো, Sailor, your legs are smeared with mud, but don't wash them here, you'll fall again. Let the rain do it. (smear—স্মীয়ার—কাদা লেপা, কাদালিপ্ত।)

দু'বন্ধু তন্ময় হয়ে (entranced) ঝুপঝুপ বৃষ্টির মধ্যে পাথরের ওপর বসে নাফ নদীর অপূর্ব ভয়ংকর সৌন্দর্য (fearful beauty) দেখতে লাগলো। পেছনে যে কখন ছাতা-হাতে কাজলের চাচা এসে দাঁড়িয়েছেন তারা বুঝতেই পারলো না। কাজলের চাচা বললেন, Enough is enough boys, let's go home.

www.pathagar.com

Three Cheers For

Three cheers for Ajit.
Hip, hip, hurray,
Three cheers for Kajal.
Hip, hip, hurray.
Three cheers for Hablu.
Hip, hip, hurray.

অজিতদের বাসায় আজ বিরাট উৎসব। সে তাদের স্কুলে প্রথম হয়েছে আর বোর্ডে হয়েছে দ্বিতীয়। কাজলও মেধা-তালিকায় আছে, সপ্তম। আর হাবলু, ইব্রাহীম, ডেভিড ৪টা করে লেটারসহ স্টার মার্ক পেয়েছে। কেবল চন্দনটা প্রথম বিভাগ পেয়েছে। কিন্তু তার খুশিই যেন সবচেয়ে বেশি। সে-ই এতক্ষণ চিৎকার করে স্লোগান তুলছিলো। তার ভারী কণ্ঠস্বরে অজিতদের ড্রয়িংরুম গমগম করছিলো। এখন সে বললো, Three cheers for Chandan. সবাই সমস্বরে বললো, Hip. hip. hurray.

অজিতের বাবা এ-সময় ঘরের মধ্যে উঁকি দিয়ে বললেন, Boys, your teacher is coming.

বলতে-না-বলতেই সহাস্যে পর্দা সরিয়ে ঢুকলেন বোরহান স্যার। সারামুখে তৃপ্তির হাসি। চন্দন এবার ধরলো, Three cheers for Borhan Sir. তখন সবাই গলা সপ্তমে চড়িয়ে বললো, Hip, hip, hurray. সহাস্যে হাত নেড়ে ছাত্রদের অভিবাদন গ্রহণ করে বোরহান স্যার তাঁর জন্য নির্দিষ্ট সোফাটিতে বসলেন। বললেন, All credit is yours. [All এবং most একলা হলে singular verb হবে, যেমন—all **is** well that **ends** well—যার শেষ ভালো তার সব ভালো। most **is** bad news (বেশিরভাগই খারাপ খবর); আবার uncountable noun-এর সঙ্গেও is হবে। যেমন : All the news **is** bad; Most of the news **is** bad. Countable noun-এর বেলায় Noun-টা plural হবে বিধায় verb 'are' হবে। যেমন : **All** the **mangoes are** rotten ; Most of the **boys are** present, এখানে Mangoes এবং boys

www.pathagar.com

বহুবচন বিশেষ্য, plural noun. আরও লক্ষণীয় যে, All-এর পর নাউন আনলে 'of' না হলেও চলে, কিন্তু most-এর পর 'of' দিতে হয়।]

চন্দন আবারও হাত উঁচিয়ে ভরাট গলায় বললো, Three cheers for Hablu's getting the highest marks in English.

বোরহান স্যারসহ সবাই জোগালো— Hip, hip, hurray.

বোরহান স্যার অবাক হয়ে বললেন, Is that so, Hablu!

কাজলই বললো, O, sure Sir, he secured 91 in 1st Paper and 89 in 2nd Paper.

বোরহান স্যার চোখ বিস্ফারিত করে বললেন, My God, what high marks!

কাজল বললো, Sir, he has proved that reading literature is a sure way to improve one's language.

বোরহান স্যার বললেন, That's right, but Kajal, your English is no less good.

হাবলু বললো, Yes, Sir, his English is by far the best. I mean his spoken English.

চন্দন আবার বললো, Three cheers for Kajal's spoken English.

অন্যরা সবাই চেঁচিয়ে উঠলো, Hip, hip, hurray.

বোরহান স্যার বললেন, তোমরা তো সবাই ভালোভাবে এস এস সি পাশ করলে, এবার কে কী পড়বে ঠিক করেছো?

অজিত বললো, We can't decide until we complete our H.S.C.

কাজল বললো, But, Sir, I've already decided. I'll (উচ্চারণ, 'আইল') study M.B.A. (Master of Business Administration) in future.

বোরহান স্যার বললেন, Good.

কাজল বললো, David and Ibrahim want to become doctors. They have each secured 95% in biology.

বোরহান স্যার কৌতুক করে বললেন, Okay, David and Ibrahim, tell me where our femur bone (বা thigh bone) is located.

ডেভিড আর ইব্রাহীম একসঙ্গে বললো, হ্যাঁ, উরুর বড় হাড়টাকেই ফীমার বোন বলে।

www.pathagar.com

অজিত বললো, স্যার, Our human body is very interesting, It's like a big factory inside.

কাজল বললো, Not only big, but also complex (জটিল)।

চন্দন বললো, Sir, the other day I was reading an issue of *Ripley`s Believe It or Not* where it is said that man is the only animal that lies on its back. (*রিপ্লের বিলিভ ইট অর নট* একটি পৃথিবী-বিখ্যাত অসম্ভব এবং আজগুবি কিন্তু সত্য তথ্যভিত্তিক বিজ্ঞান সিরিজ। পরে, এ-সিরিজের ওপর নির্ভর করে চলচ্চিত্র সিরিজও তৈরি হয়।)

বোরহান স্যার বললেন, Very interesting information, মানুষই একমাত্র প্রাণী যে কিনা নিজের পিঠের ওপর শোয়!

অজিত বললো, স্যার, হোমো স্যাপিয়েন্স কাদের বলা হয়?

বোরহান স্যার বললেন, Homo sapiens is a Latin phrase. It means the human race. The type of human being now alive on the Earth is the homo sapiens. It is opposed to the earlier types.

স্যার, আধুনিক মানুষের বয়স কতো? অজিতই আবার জিজ্ঞেস করলো।

বোরহান স্যার একটু হেসে দিলেন। ঠোঁটের কোণে মুচকি হেসে (কাজলের ভাষায় : That all-winning famous smile) বললেন, আমি তো এ-বিষয়ে খুব জানি না, তবে কোথাও পড়েছি, আধুনিক মানুষের বয়স ৩০,০০০ বছর।

www.pathagar.com

বোরহান স্যারের এ-তথ্যে ছাত্রদের মধ্যে একটু গুঞ্জন উঠলো। ডেভিড কিছুদিন আগে র‍্যাকুয়েল ওয়েলস অভিনীত, *One Million Years B.C.* নামক ডাইনোসর ও প্রাচীন মানুষের মধ্যে যুদ্ধ-সংবলিত ছবিটি দেখেছে। ওয়ান মিলিয়ন মানেই তো দশ লক্ষ। কাজেই! আবার অজিত জানে, পৃথিবীর প্রাচীন সাহিত্যের অন্যতম নিদর্শন গ্রীক মহাকবি হোমার রচিত মহাকাব্য *Iliad* (ইলয়ড) লেখা হয় খ্রিস্টপূর্ব আট শত বছরে। সে-হিসেবে স্যারের তথ্যই সঠিক। বোরহান স্যার বললেন, Look students, since we are human beings, we have to know a lot about ourselves. You know, there's a subject called Anthropology (অ্যানথ্রোপলজি—নৃতত্ত্ব) that deals with the ancient history of the human race.

অজিত চট করে বললো, Sir, I'll study anthropology.

সবাই হাততালি দিয়ে উঠলো।

বোরহান স্যার বললেন, Good, but Hablu you're very silent. What would you choose?

হাবলু বললো, I'll study in Marine Academy, Sir. সবাই আবারও হাততালি দিল। (পতেঙ্গায় কর্ণফুলীর মোহনায় নয়নাভিরাম এ-প্রতিষ্ঠানটি অবস্থিত)

চন্দন আবার বললো, Three cheers for everybody.

সবাই সমস্বরে বললো, Hip hip, hurray.

www.pathagar.com

বোরহান স্যারের বিদায়

হাবলুরা সবাই এস. এস. সি. পাশ করার পর বোরহান স্যার তাদের আর সরাসরি শিক্ষক রইলেন না। বোরহান স্যার মনে-মনে খানিকটা lonely (লোনলি—একাকী) বোধ করলেন। তিনি মনে করেছিলেন ছেলেরা তাঁকে মিস্ (miss—অভাব বোধ করা) করবে। কিন্তু কলেজে ঢুকে নতুন জীবনের উন্মাদনায় ছেলেরা বোরহান স্যারকে ভুলেই রইলো। বোরহান স্যার মনে-মনে শেক্সপীয়ারের একটা কবিতার প্রথম কয়েক লাইন আওড়ালেন :

Crabbed Age and Youth
Cannot live together
Youth is full of pleasance,
Age is full of care.

তিনি সার্কিট হাউজের সামনের রাস্তায় খানিকটা পায়চারি করলেন। শিশু পার্ক হবার পর এ-জায়গাটাতে এত লোকের সমাগম হয়, বেড়ানোর আনন্দ আর থাকে না। কাজীর দেউড়ির মোড় অবধি এসে তিনি একটু ভাবনায় পড়লেন, ঠিক বাসায় ফিরতে ইচ্ছে করছে না, আবার কোন দিকে যাবেন তাও ঠিক করতে পারছেন না। ঠিক এ-সময় সামনে পড়লো তাঁর অনেক দিনের পরিচিত বাদামওয়ালা। বাদামওয়ালার চুল সব পেকে শাদা, চেহারা আরও মিশমিশে কালো হয়ে গেছে, একটু ঝুঁকেও দাঁড়িয়েছে। তিনি বাদামওয়ালার কাছে এগিয়ে এসে বললেন, কী, তুমি এখনও এখানে বাদাম বিক্রি করো!

বাদামওয়ালা তাঁকে চিনতে পেরে সালাম দিল। বললো, স্যার, কেমন আছেন, অনেকদিন তো দেখি না।

বোরহান স্যার ক্লান্ত গলায় বললেন, কই আর আসা হয়, সময় পাই না। তোমার ব্যবসা কেমন যাচ্ছে?

তা, ভালো স্যার, বাদামওয়ালা বিনীতভাবে বললো।

বোরহান স্যার তার কাছ থেকে দু'টাকার বাদাম কিনলেন।

www.pathagar.com

বাদাম চিবুতে চিবুতে তিনি আলমাস সিনেমার পাশ দিয়ে ব্যাটারি গলিতে ঢুকলেন। হলের সামনে বিরাট ফ্রেমে *Big Bad Mama* নামে একটি ইংরেজি ছবির ব্যানার টাঙানো দেখলেন। তিনি শুনেছেন এবং পত্র-পত্রিকায় পড়েছেন, ইদানীং সিনেমা হলগুলোতে নাকি ইংরেজি সিনেমায় খুব কুরুচিপূর্ণ দৃশ্য দেখানো হয়। তাঁর মনে পড়লো, আলমাস সিনেমা যখন প্রথম উদ্বোধন করা হয়, সে প্রায় সাতাশ আটাশ বছর আগে, তখন বোরহান স্যার ক্লাস টেনের ছাত্র। পাকিস্তান আমলে তখন ইয়াহিয়ার সামরিক শাসন চলছে। ছাত্রদেরকে রাজনীতি থেকে সরিয়ে রাখার জন্য পাকিস্তান সরকার বিনোদনের মাধ্যমগুলোয় ছাত্রদের জন্য কনসেশন টিকেটের প্রবর্তন করে। এ-সুযোগ গ্রহণ করে বোরহান স্যার তখন বহু সিনেমা দেখেন, যার অধিকাংশই ইংরেজি। আলমাস সিনেমার উদ্বোধন হয় বিখ্যাত ছায়াছবি *ক্লিওপেট্রা* দিয়ে। ক্লিওপেট্রার চরিত্রের অভিনয় করেন এলিজাবেথ টেলর, আর মার্ক অ্যান্টনির ভূমিকায় রিচার্ড বার্টন। বোরহান স্যাররা কয়েক বন্ধু মিলে আলমাসের প্রথম শো দেখার টিকেট কিনে ফেলেন। কিন্তু, বাসা থেকে আপত্তি উঠলো। ক্লাস টেনের ছাত্র ইংরেজি বই দেখবে কেন? তাও আবার *ক্লিওপেট্রা*! বোরহান স্যারের এক ফুফাতো ভাই সরকারের বড় চাকুরে ছিলেন। তিনি তখন কী একটা সরকারি কাজে চাটগাঁ অবস্থান করছিলেন। পরিবারের উঠতি বয়সের একটি ছেলের *ক্লিওপেট্রা* ছবি দেখতে চাওয়ার প্রসঙ্গটি তাঁর কানে উঠলো। তিনি ধীর কণ্ঠে বললেন, ক্লিওপেট্রা তো ঐতিহাসিক চরিত্র, তার ওপর নির্মিত ছবি খারাপ হবে কেন? আর খারাপ-ভালো নির্ভর করছে নিজের ওপর।

তারপর তিনি বোরহান স্যারের বাবাকে উদ্দেশ করে বললেন, ফুফা, জানেন তো, মহাকবি শেক্সপীয়ার *হ্যামলেট* নাটকে কী বলেছেন?

তাঁর বাবা বললেন, কী?

তাঁর ফুফাতো ভাই টকটকে ফর্সা মুখে হাসি ফুটিয়ে বললেন, Nothing is good or bad, but thinking makes it so.

তার মানে, তাঁর বাবা বললেন, ভালো খারাপ বস্তুর ওপর নির্ভর করে না, আমরা যেভাবে চিন্তা করি, তার ওপর নির্ভর করে!

তাঁর বাবা ছিলেন রসিক প্রকৃতির। তাই হেসে আবার বললেন, শেক্সপীয়ার সাহেব এ-যুগে জন্মালে বুঝতেন!

ক্লান্ত পায়ে বাসায় ফিরে বোরহান স্যার টিভি'র সামনে সোফায় বসলেন। দেয়ালে টাঙানো তাঁর প্রবাসী ভাইয়ের বিদেশী স্ত্রীসহ হাস্যোজ্জ্বল ছবি। সম্ভবত সুইডেন বা স্পেনে তোলা। বোরহান স্যার কেমন যেন আনমনা হয়ে রইলেন, টিভি'র পর্দার দিকে তাঁর মোটেও মন গেল না। বারবার মনে হচ্ছিলো যেন

www.pathagar.com

কোথাও তাঁর জীবনের ছন্দ কেটে গেছে। এতদিন তিনি শিক্ষকতা করেছেন। ছেলেদেরকে, তাঁর মনে হচ্ছে, তিনি কিছুই শেখাতে পারেননি। এ-সময়

বাইরের দরোজায় কে যেন কড়া নাড়লো। তাঁর স্ত্রী গেলেন সাড়া দিতে। পরক্ষণে তাঁর স্ত্রীর পেছনে হইচই করতে করতে হাবলুরা ঢুকলো। সবার হাতে হরেকরকম জিনিস। কেউবা বেলুন, কেউবা মিষ্টি, কেউবা ড্রিংকস্, কেউবা মোড়ক বাঁধা উপহার সামগ্রী নিয়ে হাজির। কী ব্যপার!

Sir, we'll celebrate your birthday now.

কাজলের পরনে জিনসের প্যান্ট, ওয়ান গ্রুপ হাওয়াই শার্ট, চোখে রোদ-চশমা আর কাঁধে ক্যামেরা। তাঁর এ চমৎকার সুদর্শন ছাত্রের দিকে তাকিয়ে বোরহান স্যার বুদ্ধিহীন লোকের মতো বললেন, But, today is not my birthday.

So what! We'll celebrate it today. কাজলের দৃপ্ত গলা শোনা গেল।

আচ্ছা কাণ্ড তো, বলে হাসতে হাসতে বোরহান স্যারের স্ত্রী স্বামীর পাশে এসে বসলেন। সঙ্গে সঙ্গে কাজলের ক্যামেরার ফ্লাশ ঝলসে উঠলো। হাবলু আর চন্দন জমজম মিষ্টি ঘর থেকে অর্ডার দেয়া মোটামুটি সাইজের কেকটা বোরহান স্যারের সামনে রাখলো। ইব্রাহীম পকেট থেকে মোমবাতি বের করার সময় ফিক করে হেসে বললো, How old are you, Sir?

www.pathagar.com

বোরহান স্যার হা হা করে হঠাৎ হেসে উঠলেন। হাসি কোনোমতে থামিয়ে বললেন, One hundred!

Sir, you look older than that!

ডেভিডের কৌতুকে বোরহান স্যারসহ সবাই আরেক দফা হেসে উঠলেন। বোরহান স্যারের স্ত্রী মৃদু ধমকের সঙ্গে বললেন, যা, আসল বয়সটা বলো-না!

অজিত ঐদিক থেকে চেঁচিয়ে বললো, Sir, don't disclose your age right now. We'll find it out by asking you twenty questions.

That's fine. বোরহান স্যার বললেন।

বিপুল বললো, স্যারের বয়স রাখ তো, আয়, আগে গান ধর।

সবগুলো ছেলে মিলে সুর করে ধরলো, হ্যাপি বার্থডে টু য়্যু, হ্যাপি বার্থডে টু য়্যু।

গানশেষে বোরহান স্যার ফুঁ দিয়ে মোমবাতি নেভালেন, কেক কাটলেন, ছেলেদের সঙ্গে পরম আমোদ করে খেলেন। ঘণ্টাখানেক পরে ছেলেরা চলে গেলে বিপুল শূন্যতার মধ্যেও বোরহান স্যার একটা আনন্দবোধ নিয়ে তন্ময় হয়ে বসে রইলেন।

www.pathagar.com

কোন্‌টি শুদ্ধ Make him to go নাকি Make him go? আর শব্দটা যদি Make না হয়ে Get হয় তা হলে ? ভাষা নিয়ে এরকম সংশয় বা বিভ্রান্তির শিকার আমাদের প্রায়শ হতে হয়। শুধু যে তরুণ শিক্ষার্থীরাই এর ভুক্তভোগী তা নয়, অনেক সময় বয়েসী অভিজ্ঞদেরও দ্বিধায় পড়তে হয়। তারপর ধরা যাক Run Down the street ও Run down the govt. দু'জায়গায় Run down কথাটার অর্থ কি এক? কোথায় তা idiom আর কোথায় phrasal verb, আমরা কি জানি?

এমনকি মাতৃভাষাও শুদ্ধ ও সুন্দরভাবে বলতে-লিখতে হলে সে-ভাষার নিয়মকানুন-গুলো ভালোভাবে জানা দরকার। আর শত হলেও ইংরেজি তো আমাদের জন্য একটি বিদেশী ভাষা বৈ নয়। ফলে সহজাতভাবে এ-ভাষার নিয়মরীতিগুলো আয়ত্ত করার প্রশ্নই ওঠে না। তবে কি ব্যাকরণ ও অভিধান মুখস্থ করে সেটা সম্ভব? নিশ্চয় নয়। কারণ এর একটা প্রায়োগিক দিক আছে, যা নিয়ত অনুশীলন ও চর্চাসাপেক্ষ। অন্য সব শিক্ষার মতো ভাষাশিক্ষার ব্যাপারটাও যত সহজ, আকর্ষণীয় ও আনন্দদায়ক হতে পারে ততই তা হবে কার্যকর ও ফলপ্রসূ। *গল্পে গল্পে ইংরেজি শেখা* বইয়ে অনেকটা গল্প বা খেলাচ্ছলে আসলে সে-কাজটিই করা হয়েছে। লেখকের বিদ্যাবত্তার সঙ্গে সৃজনী-প্রতিভা মিলে বইটিকে এক অনন্য বৈশিষ্ট্য দান করেছে। বাজার-প্রচলিত আর পাঁচটা ভাষাশিক্ষার বইয়ের সঙ্গে এখানেই এর তফাত।

www.pathagar.com

লেখক ড. মোহীত উল আলম চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক। তাঁর জন্ম ১৯৫২ সালে, চট্টগ্রামে। সৃজনশীলতার নানা ক্ষেত্রে তাঁর পদচারণা কৃতিত্বের স্বাক্ষরবাহী। এ পর্যন্ত তাঁর দুটি কাব্যগ্রন্থ ও একটি ইংরেজিসহ মোট তিনটি গল্পগ্রন্থ প্রকাশিত হয়েছে। পত্রপত্রিকায় সাহিত্য-শিক্ষা-সমাজ-সংস্কৃতি বিষয়ে নিয়মিত চিন্তাশীল প্রবন্ধাদি লিখে থাকেন। এছাড়া বিশেষভাবে শিক্ষার্থীদের উপজোগী বই রচনার ক্ষেত্রেও তিনি অভিনবত্বের পরিচয় দিয়েছেন।

প্রথাগত ব্যাকরণের ধারার বাইরে, ভাষা যে যোগাযোগের একটি প্রধান মাধ্যম এই কনসেপ্টের ওপর ভিত্তি করে লেখা বর্তমান বইটিতে লেখকের সকৌতুক, প্রাণময় ভঙ্গি ভাষায় আপাত-জটিল ও খটখটে দিকগুলোকেও সহজবোধ্য ও আকর্ষণীয় করে তুলেছে। মূলত কিশোর ছাত্রছাত্রীদের জন্য লেখা হলেও, বড়রাও এ-বইটি পড়ে আনন্দ পাবেন, ভাষার অনেক নিয়মকানুন শিখতে, অন্তত ঝালিয়ে নিতে পারবেন বলে আমাদের ধারণা। বাংলাদেশে তো বটেই, বাংলা ভাষায়ও ইংরেজি শিক্ষার এরকম বই আর লেখা হয়েছে বলে মনে হয় না।

অল্পদিনে বইটির তৃতীয় সংস্করণ প্রকাশ সর্বস্তরের পাঠকদের কাছে এর বিপুল সমাদরের প্রমাণ দেয়।

প্রচ্ছদ : [illegible]
www.pathagar.com

www.pathagar.com